ন চ তেভ্যো ভয়ং তেঽস্তি ব্রাহ্মণো হ্যসি বেদবিৎ ।
দূতকর্ম্মনিযুক্তশ্চ স্থবিরশ্চ বিশেষতঃ ॥১৬॥
স ভবান্ পুষ্যযোগেন মুহূর্ত্তেন জয়েন চ ।
কৌরবেয়ান্ প্রয়াত্বাশু কৌন্তেয়স্যার্থসিদ্ধয়ে ॥১৭॥

বৈশম্পায়ন উবাচ ।

তথানুশিষ্টঃ প্রযযৌ দ্রুপদেন মহাত্মনা ।
পুরোধা বৃত্তসম্পন্নো নগরং নাগসাহ্বয়ম্ ॥১৮॥
শিষ্যৈঃ পরিবৃতো বিদ্বান্ নীতিশাস্ত্রার্থকোবিদঃ ।
পাণ্ডবানাং হিতার্থায় কৌরবান্ প্রতি জগ্মিবান্ ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি সঞ্জয়যানে পুরোহিতযানং নাম ষষ্ঠোঽধ্যায়ঃ ॥৬॥

ভারতকৌমুদী

স ইতি। তেষু কৃপালুষু বৃদ্ধেষু ভীষ্মাদিষু। এষাং বৃদ্ধানাম্, মনাংসি, বিভেৎস্যতি দুর্য্যোধনাদিব্যবহারপ্রতিকূলানি করিষ্যতি ॥১৪—১৫॥

নেতি। ব্রাহ্মণ-দূত-স্থবিরাণাং বধাদিনিষেধাদিত্যাশয়ঃ ॥১৬॥

স ইতি। জয়েন জয়সূচকেন। অর্থস্য প্রয়োজনস্য সিদ্ধয়ে ॥১৭॥

তথেতি। অনুশিষ্ট উপদিষ্টঃ। পুরোধাঃ পুরোহিতঃ, বৃত্তসম্পন্নঃ স্বধর্ম্মযুক্তঃ ॥১৮॥

আপনি ধার্ম্মিক। সুতরাং আপনি সেই দয়ালু বৃদ্ধগণের নিকটে ধর্ম্মসঙ্গত ব্যবহার করিতে থাকিয়া, পাণ্ডবগণের সর্ব্বপ্রকার কষ্টের বিষয় কীর্ত্তন করিয়া করিয়া এবং তাঁহাদের পূর্ব্বপুরুষগণের অনুষ্ঠিত কৌলিক ধর্ম্ম বলিতে থাকিয়া তাঁহাদের মনে ভেদ জন্মাইতে পারিবেন; এবিষয়ে আমার কোন সন্দেহ নাই ॥১৪—১৫॥

তা'র পর আপনি বেদজ্ঞ ব্রাহ্মণ এবং দূতকার্য্যে নিযুক্ত, বিশেষতঃ বৃদ্ধ। অতএব আপনার দুর্য্যোধনপ্রভৃতি হইতে কোন ভয় নাই ॥১৬॥

অতএব আপনি এই পুষ্যানক্ষত্রের যোগবশতঃ জয়সূচক মুহূর্ত্তে যুধিষ্ঠিরের প্রয়োজনসিদ্ধির জন্য কৌরবগণের নিকটে সত্বর গমন করুন' ॥১৭॥

বৈশম্পায়ন বলিলেন—মহাত্মা দ্রুপদরাজা সেইরূপ উপদেশ দিলে, স্বধর্ম্মনিষ্ঠ পুরোহিত হস্তিনানগরে প্রস্থান করিলেন ॥১৮॥

(১৯) শ্লোকঃ পি নাস্তি।

সপ্তমোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

পুরোহিতং তে প্রস্থাপ্য নগরং নাগসাহ্বয়ম্।
দূতান্ প্রস্থাপয়ামাসুঃ পার্থিবেভ্যস্ততস্ততঃ ॥১॥
প্রস্থাপ্য দূতানন্যত্র দ্বারকাং পুরুষর্ষভঃ।
স্বয়ং জগাম কৌরব্যঃ কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ ॥২॥
গতে দ্বারবতীং কৃষ্ণে বলদেবে চ মাধবে।
সহ বৃষ্ণ্যন্ধকৈঃ সর্ব্বৈর্ভোজৈশ্চ শতশস্তদা ॥৩॥
সর্ব্বমাগময়ামাস পাণ্ডবানাং বিচেষ্টিতম্।
ধৃতরাষ্ট্রাত্মজো রাজা গূঢ়ৈঃ প্রণিহিতৈশ্চরৈঃ ॥৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

উক্তমেবার্থং কিঞ্চিদ্বিশেষবোধনায় পুনরাহ শিষ্যৈরিতি। জগিবান্ গতবান্ ॥১৯॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি সমাপ্তো ষষ্ঠোঽধ্যায়ঃ ॥০॥

পুরোহিতমিতি। তে দ্রুপদাদয়ঃ। নাগসাহ্বয়ং হস্তিনম্। ততস্ততঃ তত্র তত্র ॥১॥
প্রস্থাপ্যেতি। স্বয়ং জগাম, সহায়াপেক্ষয়া কৃষ্ণস্য ভক্তিত্বাদিতি ভাবঃ ॥২॥
গত ইতি। মাধবে মধুবংশীয়ে। আগময়ামাস অবগতবান্ ॥৩—৪॥

বিদ্বান্ ও নীতিশাস্ত্রনিপুণ সেই ব্রাহ্মণ শিষ্যগণে পরিবেষ্টিত হইয়া পাণ্ডবগণের হিতের জন্য কৌরবগণের নিকটে গমন করিলেন ॥১৯॥

বৈশম্পায়ন বলিলেন—তাঁহারা পুরোহিতকে হস্তিনানগরে প্রেরণ করিয়া সেই সেই দেশে রাজাদের নিকটেও দূত প্রেরণ করিলেন ॥১॥

কুরুবংশীয় পুরুষশ্রেষ্ঠ কুন্তীনন্দন অর্জ্জুন অন্যান্যস্থানে দূত প্রেরণ করিয়া দ্বারকানগরে নিজে গমন করিলেন ॥২॥

এদিকে মধুবংশীয় কৃষ্ণ ও বলরাম সমস্ত বৃষ্ণি ও অন্ধকবংশীয়গণ এবং শত শত ভোজবংশীয়গণের সহিত দ্বারকানগরে চলিয়া গেলে, তদবধি রাজা দুর্য্যো-

(৩)···মাধবৈঃ···পি। (৪)···দূতৈঃ প্রণিহিতৈঃ···পি।

স শ্রুত্বা মাধবং যাতং সদশ্বৈরনিলোপমৈঃ।
বলেন নাতিমহতা দ্বারকামভ্যয়াৎ পুরীম্ ॥৫॥
তমেব দিবসঞ্চাপি কৌন্তেয়ঃ পাণ্ডুনন্দনঃ।
আনর্ত্তনগরীং রম্যাং জগামাশু ধনঞ্জয়ঃ ॥৬॥
তৌ যাত্বা পুরুষব্যাঘ্রৌ দ্বারকাং কুরুনন্দনৌ।
সুপ্তং দদৃশতুঃ কৃষ্ণং শয়নঞ্চাভিজগ্মতুঃ ॥৭॥
ততঃ শয়ানে গোবিন্দে প্রবিবেশ সুযোধনঃ।
উচ্ছীর্ষতশ্চ কৃষ্ণস্য নিষসাদ বরাসনে ॥৮॥
ততঃ কিরীটী তস্যানু প্রবিবেশ মহামনাঃ।
পশ্চাচ্চৈব স কৃষ্ণস্য প্রহ্বোঽতিষ্ঠৎ কৃতাঞ্জলিঃ ॥৯॥

ভারতকৌমুদী

স ইতি। স ধৃতরাষ্ট্রাত্মজো রাজা। অনিলোপমৈর্বায়ুতুল্যবেগৈঃ ॥৫॥

তমিতি। তমেব দিবসং প্রাপ্যেতি শেষঃ। আনর্ত্তনগরীং দ্বারকাম্ ॥৬॥

তাবিতি। দদৃশতুঃ দ্বারপালাজ্জ্ঞাতবন্তৌ। শয়নং শয়নগৃহম্, অভিজগ্মতুঃ গন্তুমীষতুঃ। পরশ্লোকানুসারাদেবং ব্যাখ্যা ॥৭॥

তত ইতি। উদ্গতং শীর্ষং যস্মিন্ তদুচ্ছীর্ষমুপধানং ততস্তৎসমীপে ॥৮॥

তত ইতি। তস্য সুযোধনস্য অনু পশ্চাৎ। পশ্চাচ্চরণান্তে, প্রহ্বোঽবনতঃ ॥৯॥

ধন পূর্ব্বপ্রেরিত গুপ্তচরদ্বারা পাণ্ডবগণের সমস্ত ব্যবহারই জানিতে পারিয়াছিলেন ॥৩—৪॥

তাই কৃষ্ণ চলিয়া গিয়াছেন শুনিয়া রাজা দুর্য্যোধন অনধিক সৈন্যের সহিত বায়ুতুল্যবেগশালী উৎকৃষ্ট অশ্বে আরোহণ করিয়া দ্বারকানগরে গমন করিলেন ॥৫॥

কুন্তীনন্দন পাণ্ডব অর্জ্জুনও সেই দিনই সত্বর মনোহর দ্বারকানগরে গমন করিলেন ॥৬॥

পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন ও দুর্য্যোধন দ্বারকায় যাইয়া দ্বারপালের নিকট জানিলেন যে, কৃষ্ণ নিদ্রিত আছেন। তখন তাঁহারা সেই শয়নগৃহেই যাইতে চাহিলেন ॥৭॥

তাহার পর কৃষ্ণ নিদ্রিত থাকা অবস্থাতেই দুর্য্যোধন প্রবেশ করিলেন এবং তিনি কৃষ্ণের বালিসের নিকটে একখানি উৎকৃষ্ট আসনে উপবেশন করিলেন ॥৮॥

(৫)…মাধবং যান্তম্…বা ব রা নি। (৭)…শয়ানঞ্চাভিজগ্মতুঃ—বা ব রা নি। (৮) 'দুর্য্যোধনস্তু প্রথমং বাসুদেবমুপাশ্রয়ৎ' ইতি প্রথমার্দ্ধপাঠঃ নি।…তচ্ছীর্ষতশ্চ…পি। (৯)…পশ্চার্দ্ধে তু…পি।

প্রতিবুদ্ধঃ স বার্ষ্ণেয়ো দদর্শাগ্রে কিরীটিনম্ ।
সিংহাসনগতং পশ্চাৎ পরিবৃত্য চ দৃষ্টবান্ ॥১০॥
স তয়োঃ স্বাগতং কৃত্বা যথাবৎ প্রতিপূজ্য তৌ ।
তদাগমনজং হেতুং পপ্রচ্ছ মধুসূদনঃ ॥১১॥
ততো দুর্য্যোধনঃ কৃষ্ণমুবাচ প্রহসন্নিব ।
বিগ্রহেঽস্মিন্ ভবান্ সাহ্যং মম দাতুমিহার্হসি ॥১২॥
সমং হি ভবতঃ সখ্যং ময়ি চৈবার্জ্জুনেঽপি চ ।
তথা সাম্বন্ধকং তুল্যমস্মাকং ত্বয়ি মাধব ! ॥১৩॥
অহঞ্চাভিগতঃ পূর্বং ত্বামদ্য মধুসূদন ! ।
পূর্বঞ্চাভিগতং সন্তো ভজন্তে পূর্ব্বসারিণঃ ॥১৪॥

ভারতকৌমুদী

প্রতীতি। প্রতিবুদ্ধো জাগরিতঃ। বার্ষ্ণেয়ঃ কৃষ্ণঃ। সিংহাসনগতং দুর্য্যোধনম্ ॥১০॥
স ইতি। স্বাগতং স্বাগতপ্রশ্নম্। তৌ অর্জ্জুনদুর্য্যোধনৌ ॥১১॥
তত ইতি। বিগ্রহে যুদ্ধে। সাহ্যং সাহায্যম্। সাহায্যার্থে সাহ্যশব্দো মুনিপ্রযুক্তঃ ॥১২॥
সমমিতি। সাম্বন্ধকং সম্বন্ধনিবন্ধনমাত্মীয়ত্বম্। স সম্বন্ধশ্চ প্রাগুক্তঃ ॥১৩॥
অহমিতি। পূর্ব্বান্ পূর্ব্বপুরুষান্ প্রাচীনান্ বা সরন্তি অনুসরন্তীতি তে ॥১৪॥

দুর্য্যোধনের পরে মহামনা অর্জ্জুন সেখানে প্রবেশ করিলেন এবং তিনি কৃষ্ণের চরণপ্রান্তে অবনত ও কৃতাঞ্জলি হইয়া রহিলেন ॥৯॥

তাহার পর কৃষ্ণ জাগরিত হইয়া প্রথমে অর্জ্জুনকে দর্শন করিলেন, পরে মুখ ফিরাইয়া সিংহাসনস্থিত দুর্য্যোধনকে দেখিতে পাইলেন ॥১০॥

তখন কৃষ্ণ তাঁহাদের নিকট স্বাগতপ্রশ্ন ও তাঁহাদের যথাযথ পূজা করিয়া তাঁহাদের আগমনের কারণ জিজ্ঞাসা করিলেন ॥১১॥

তখন দুর্য্যোধন হাসিতে হাসিতেই যেন কৃষ্ণকে বলিলেন—'কৃষ্ণ! এই যুদ্ধে আপনি আমার সাহায্য করুন ॥১২॥

মাধব! আমাতে ও অর্জ্জুনে আপনার সখ্য সমান এবং আপনার সঙ্গে আমাদের সম্বন্ধও সমান বটে ॥১৩॥

তথাপি মধুসূদন! আমি আজ আপনার নিকট আগে আসিয়াছি। পূর্ব্ব-পুরুষানুসারী সজ্জনেরা প্রথমাগত লোকের পক্ষই আশ্রয় করিয়া থাকেন ॥১৪॥

(১০) দ্বিতীয়ার্দ্ধং বা ব রা পি নাস্তি। (১৩)...মম চৈবার্জ্জুনেঽপি চ...বা ব রা নি।

ত্বঞ্চ শ্রেষ্ঠতমো লোকে সতামদ্য জনার্দ্দন ! ।
সততং সম্মতশ্চৈব সদ্বৃত্তমনুপালয় ॥১৫॥

কৃষ্ণ উবাচ।

ভবানভিগতঃ পূর্ব্বমত্র মে নাস্তি সংশয়ঃ।
দৃষ্টস্তু প্রথমং রাজন্ ! ময়া পার্থো ধনঞ্জয়ঃ ॥১৬॥
তব পূর্ব্বাভিগমনাৎ পূর্ব্বঞ্চাপ্যস্য দর্শনাৎ।
সাহায্যমুভয়োরেব করিষ্যামি সুযোধন ! ॥১৭॥
প্রবারণন্তু বালানাং পূর্ব্বং কার্য্যমিতি শ্রুতিঃ।
তস্মাৎ প্রবারণং পূর্ব্বমর্হঃ পার্থো ধনঞ্জয়ঃ ॥১৮॥
মৎসংহননতুল্যানাং গোপানামর্ব্বুদং মহৎ।
নারায়ণা ইতি খ্যাতাঃ সর্ব্বে সংগ্রামযোধিনঃ ॥১৯॥

ভারতকৌমুদী

ত্বমিতি। সম্মতো লোকপ্রিয়ঃ, সদ্বৃত্তং সৎপক্ষাবলম্বনাৎ সতামাচারম্ ॥১৫॥

ভবানিতি। অত্র মে সংশয়ো নাস্তি, ভবদ্বাক্যবিশ্বাসাদেবেত্যাশয়ঃ ॥১৬॥

তবেতি। অস্য অর্জ্জুনস্য। উভয়োঃ তব চ অর্জ্জুনস্য চ ॥১৭॥

প্রেতি। পূর্ব্বম্, বালানাম্ অল্পবয়স্কানাম্, প্রবারণম্ অভীষ্টদানম্, কার্য্যং কর্ত্তব্যমিতি শ্রুতিরস্তি। তস্মাৎ পার্থো ধনঞ্জয় এব পূর্ব্বং প্রবারণম্ অর্হঃ প্রাপ্তুং যোগ্যঃ, ত্বদপেক্ষয়াল্পবয়স্কত্বাদিতি ভাবঃ। "কাম্যদানং প্রবারণম্" ইতি বিশ্বঃ ॥১৮॥

মদিতি। মৎসংহননতুল্যানাং মৎকায়সমানানাং মত্তুল্যবলানামিত্যর্থঃ ॥১৯॥

কৃষ্ণ ! আপনি এখন জগতে সজ্জনের মধ্যে শ্রেষ্ঠতম এবং সর্ব্বদাই লোকপ্রিয়। অতএব সদাচার রক্ষা করুন' ॥১৫॥

কৃষ্ণ বলিলেন—'রাজা ! আপনি যে পূর্ব্বে আসিয়াছেন, এবিষয়ে আমার কোন সন্দেহ নাই; কিন্তু আমি পূর্ব্বে অর্জ্জুনকে দেখিয়াছি ॥১৬॥

অতএব পূর্ব্বে আপনার আগমনবশতঃ এবং পূর্ব্বে ইঁহার দর্শনবশতঃ, আমি আপনাদের দুই জনেরই সাহায্য করিব ॥১৭॥

তবে প্রথমে অল্পবয়স্কদের অভীষ্টদান করা কর্ত্তব্য, ইহা আমার শুনা আছে। সুতরাং অর্জ্জুনই প্রথমে অভীষ্ট লাভ করিবার যোগ্য ॥১৮॥

আমারই তুল্য বলবান্ দশ কোটি বিশাল গোপসৈন্য আমার রহিয়াছে; 'নারায়ণ'—নামে বিখ্যাত সেই সকল গোপসৈন্য যুদ্ধে সুনিপুণ ॥১৯॥

---

(১৫)···সদ্বৃত্তমনুপালয়ন্—পি।

তে বা যুধি দুরাধর্ষা ভবন্ত্বেকস্য সৈনিকাঃ।
অযুধ্যমানঃ সংগ্রামে ন্যস্তশস্ত্রোঽহমেকতঃ ॥২০॥
আভ্যামন্যতরং পার্থ! যত্তে হৃদ্যতরং মতম্।
তদ্‌বৃণীতাং ভবানগ্রে প্রবার্য্যস্ত্বং হি ধর্ম্মতঃ ॥২১॥
এতদ্বিদিত্বা কৌন্তেয়! বিচার্য্য চ পুনঃ পুনঃ।
তান্ বা বরয় সাহায্যে মাং সাচিব্যেঽথবা পুনঃ ॥২২॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তস্তু কৃষ্ণেন কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ।
অযুধ্যমানং সংগ্রামে বরয়ামাস কেশবম্ ॥২৩॥
নারায়ণমমিত্রঘ্নং কামাজ্জাতমজং নৃষু।
সর্ব্বক্ষত্রস্য পুরতো দেবদানবয়োরপি ॥২৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ত ইতি। ন্যস্তশস্ত্রো নিরস্ত্রঃ। একতঃ, মন্ত্রণামাত্রদানাদিত্যভিপ্রায়ঃ ॥২০॥
আভ্যামিতি। আভ্যাম্ অনয়োঃ। প্রবার্য্যঃ কাম্যদানপাত্রীকর্ত্তব্যঃ ॥২১॥
এতদিতি। এতৎ মমাযুধ্যমানত্বং ন্যস্তশস্ত্রত্বঞ্চ। সাচিব্যে মন্ত্রণামাত্রদানে ॥২২॥
এবমিতি। কেশবং কৃষ্ণম্। কামাৎ অসুরনাশাভিলাষাৎ নৃষু জাতম্ ॥২৩—২৪॥

ভারতভাবদীপঃ

পুরোহিতমিতি ॥১—৩॥ আগময়ামাস জ্ঞাতবান্ ॥৪—১৭॥ প্রবারণম্ ঈপ্সিতপ্রদানম্। "কাম্যদানং প্রবারণম্" ইতি বিশ্বঃ। পূর্ব্বমর্হঃ স্বত্তঃ কনিষ্ঠত্বাদিত্যর্থঃ ॥১৮--২৪॥ অপহ্নুতং রক্তং কৃতম্ ॥২৫—৪১॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তমোঽধ্যায়ঃ ॥৭॥

যুদ্ধদুর্দ্ধর্ষ সেই নারায়ণী সেনা একদিকে থা'ক্ এবং যুদ্ধে নিরস্ত্র ও অযুধ্যমান থাকিব এই ভাবের আমি একদিকে থাকি ॥২০॥

অর্জ্জুন! এই দু'য়ের মধ্যে তোমার যেটা বিশেষ অভীষ্ট, তুমি সেইটা গ্রহণ কর। কারণ, ধর্ম্ম অনুসারে প্রথমে তোমার অভীষ্ট দান করাই কর্ত্তব্য ॥২১॥

অর্জ্জুন! ইহা বুঝিয়া এবং বার বার বিবেচনা করিয়া যুদ্ধে সাহায্যের জন্য হয় সেই নারায়ণী সেনা গ্রহণ কর, না হয় মন্ত্রণালাভের জন্য আমাকে গ্রহণ কর' ॥২২॥

বৈশম্পায়ন বলিলেন—কৃষ্ণ এইরূপ বলিলে, কুন্তীনন্দন অর্জ্জুন যুদ্ধে

(২১)···যত্তে কৃত্যকরং মহৎ···পি। (২২) অয়ং শ্লোকঃ পি বা ব রা নাস্তি।

দুর্য্যোধনস্তু তৎ সৈন্যং সর্ব্বমাবরয়ত্তদা।
সহস্রাণাং সহস্রন্তু যোধানাং প্রাপ্য ভারত!।
কৃষ্ণঞ্চাপহৃতং মত্বা সংপ্রাপ পরমাং মুদম্ ॥২৫॥
দুর্য্যোধনস্তু তৎ সৈন্যং সর্বমাদায় পার্থিবঃ।
ততোঽভ্যয়াদ্ভীমবলো রৌহিণেয়ং মহাবলম্ ॥২৬॥
সর্বঞ্চাগমনে হেতুং স তস্মৈ সংন্যবেদয়ৎ।
প্রত্যুবাচ ততঃ শৌরির্ধার্ত্তরাষ্ট্রমিদং বচঃ ॥২৭॥

বলদেব উবাচ।

বিদিতং তে নরব্যাঘ্র! সর্ব্বং ভবিতুমর্হতি।
যন্ময়োক্তং বিরাটস্য পুরা বৈবাহিকে তদা ॥২৮॥
নিগৃহ্যোক্তো হৃষীকেশস্ত্বদর্থং কুরুনন্দন!।
ময়া সাম্বন্ধকং তুল্যমিতি রাজন্! পুনঃ পুনঃ ॥২৯॥

ভারতকৌমুদী

দুর্য্যোধন ইতি। অপহৃতং মত্বা, তৎসৈন্যহরণেনৈবেতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥

দুর্য্যোধন ইতি। আদায় আদানানুমতিং প্রাপ্য। রৌহিণেয়ং বলরামম্ ॥২৬॥

সর্ব্বমিতি। স দুর্য্যোধনঃ, তস্মৈ রৌহিণেয়ায়। শৌরির্বলদেবঃ ॥২৭॥

বিদিতমিতি। বিরাটস্য রাজ্ঞঃ পুরে, বৈবাহিকে উত্তরাবিবাহোৎসবান্তে ॥২৮॥

অযোধিভাবে কৃষ্ণকেই গ্রহণ করিলেন; যে কৃষ্ণ—শত্রুহন্তা স্বয়ং নারায়ণ এবং জন্মবিহীন হইয়াও নিজের ইচ্ছানুসারে দেবগণ, দানবগণ এবং সকল ক্ষত্রিয়ের সম্মুখে মনুষ্যমধ্যে জন্ম গ্রহণ করিয়াছিলেন ॥২৩—২৪॥

ভরতনন্দন! দুর্য্যোধন তখন সেই সমস্ত নারায়ণী সেনাই গ্রহণ করিলেন এবং সহস্র যোদ্ধারও সহস্রগুণ সেই সৈন্য লাভ করিয়া কৃষ্ণকেও যেন লাভ করিলেন মনে করিয়া পরম আনন্দ অনুভব করিলেন ॥২৫॥

তাহার পর মহাবল রাজা দুর্য্যোধন সেই সমস্ত সৈন্য পাইবার অনুমতি পাইয়া মহাবল বলরামের নিকট গমন করিলেন ॥২৬॥

তখন দুর্য্যোধন বলরামের নিকট নিজের আগমনের সকল কারণ জানাইলেন। তাহার পর বলরাম দুর্য্যোধনকে এই কথা বলিলেন ॥২৭॥

বলরাম বলিলেন—'নরশ্রেষ্ঠ! আমি পূর্ব্বে বিরাটনগরে উত্তরার বিবাহের পরে যাহা বলিয়াছিলাম, সে সমস্ত আপনার জানা থাকিতে পারে ॥২৮॥

(২৫)···কৃষ্ণঞ্চাপহৃতং জ্ঞাত্বা···বা ব রা নি। (২৯)···সম্বন্ধকং তুল্যম্···বা ব রা নি।

ন চ তদ্বাক্যমুক্তং বৈ কেশবঃ প্রত্যপদ্যত ।
ন চাহমুৎসহে কৃষ্ণং বিনা স্থাতুমপি ক্ষণম্ ॥৩০॥
নাহং সহায়ঃ পার্থস্য নাপি দুর্য্যোধনস্য বৈ ।
ইতি মে নিশ্চিতা বুদ্ধির্বাসুদেবমবেক্ষ্য বৈ ॥৩১॥
জাতোঽসি ভারতে বংশে সর্ব্বপার্থিবপূজিতে ।
গচ্ছ যুধ্যস্ব ধর্ম্মেণ ক্ষাত্রেণ পুরুষর্ষভ ! ॥৩২॥

বৈশম্পায়ন উবাচ ।

ইত্যেবমুক্তস্তু তদা পরিষ্বজ্য হলায়ুধম্ ।
কৃষ্ণঞ্চাপহৃতং মত্বা যুদ্ধান্মেনে জিতং জয়ম্ ॥৩৩॥
সোঽভ্যয়াৎ কৃতবর্ম্মাণং ধৃতরাষ্ট্রসুতো নৃপঃ ।
কৃতবর্ম্মা দদৌ তস্য সেনামক্ষৌহিণীং তদা ॥৩৪॥

ভারতকৌমুদী

নিগৃহ্যেতি । নিগৃহ্য অভিভূয় । নিরপেক্ষৈরেবাস্মাভিঃ স্থাতব্যমিতি ভাবঃ ॥২৯॥
নেতি । প্রত্যপদ্যত অগৃহ্লাৎ, আত্মনঃ সৈন্যেন চ পক্ষদ্বয়স্যৈব গ্রহণাৎ ॥৩০॥
নেতি । বাসুদেবমবেক্ষ্য উক্তনিয়মেন তস্যোভয়পক্ষগ্রহণমবেক্ষ্য ॥৩১॥
জাত ইতি । এতেনাত্মনো নিরপেক্ষতা সর্ব্বথা সূচিতা ॥৩২॥
ইতীতি । সৈন্যগ্রহণেনৈব কৃষ্ণাপহরণমিতি ভাবঃ । জিতমায়ত্তীকৃতম্ ॥৩৩॥
স ইতি । অক্ষৌহিণীং তৎপরিমিতাম্ । তদ্বিবরণন্তু আদিপর্ব্বণ্যেবোক্তম্ ॥৩৪॥

কুরুনন্দন রাজা ! আপনার জন্যই আমি বাধা দিয়া কৃষ্ণকে বার বার এই কথা বলিয়াছিলাম যে, উভয়পক্ষেই আমাদের সমান সম্বন্ধ ॥২৯॥

কিন্তু কৃষ্ণ আমার সে কথা গ্রাহ্য করিল না। সুতরাং আমি কৃষ্ণকে ছাড়িয়া ক্ষণকালও থাকিতে পারি না ॥৩০॥

তা'র পর কৃষ্ণের ব্যবহার দেখিয়া আমি এইরূপ বুদ্ধিই স্থির করিয়াছি যে, আমি অর্জ্জুনেরও সহায় হইব না, দুর্য্যোধনেরও সহায় হইব না ॥৩১॥

অতএব পুরুষশ্রেষ্ঠ ! আপনি, সকল রাজার সম্মানিত ভরতবংশে জন্মিয়াছেন। সুতরাং যান, যাইয়া ক্ষত্রিয় ধর্ম্ম অনুসারে যুদ্ধ করুন' ॥৩২॥

বৈশম্পায়ন বলিলেন—বলরাম এইরূপ বলিলে, দুর্য্যোধন তখন বলরামকে আলিঙ্গন করিয়া, কৃষ্ণকে তিনিই নিয়াছেন এইরূপ ধারণা করিয়া, যুদ্ধে জয় করিয়াছেন বলিয়া মনে করিলেন ॥৩৩॥

(৩১)…বাসুদেবমুদীক্ষতঃ—পি । (৩২)…ক্ষাত্রেণ ভরতর্ষভ ! পি । (৩৩)…কৃষ্ণঞ্চাপি মহাবাহুমামন্ত্র্য ভরতর্ষভ !—নি ।

স তেন সর্বসৈন্যেন ভীমেন কুরুনন্দনঃ।
বৃতঃ পরিযযৌ হৃষ্টঃ সুহৃদঃ সংপ্রহর্ষয়ন্ ॥৩৫॥
ততঃ পীতাম্বরধরো জগৎস্রষ্টা জনার্দ্দনঃ।
গতে দুর্য্যোধনে কৃষ্ণঃ কিরীটিনমথাব্রবীৎ।
অযুধ্যমানঃ কাং বুদ্ধিমাস্থায়াহং বৃতস্ত্বয়া ॥৩৬॥

অর্জ্জুন উবাচ।

ভবান্ সমর্থস্তান্ সর্ব্বান্ নিহন্তুং নাত্র সংশয়ঃ।
নিহন্তুমহমপ্যেকঃ সমর্থঃ পুরুষর্ষভ! ॥৩৭॥
ভবাংস্তু কীর্ত্তিমাল্লোঁকে তদ্‌যশস্ত্বাং গমিষ্যতি।
যশসাঞ্চাহমপ্যর্থী তস্মাদসি ময়া বৃতঃ ॥৩৮॥
সারথ্যন্তু ত্বয়া কার্য্যমিতি মে মানসং সদা।
চিররাত্রেপ্সিতং কর্ম্ম তদ্ভবান্ কর্ত্তুমর্হতি ॥৩৯॥

ভারতকৌমুদী

স ইতি। স কুরুনন্দনঃ। সংপ্রহর্ষয়ন্ আনন্দয়ন্নিতি ভাবঃ ॥৩৫॥
তত ইতি। কাং কাং বুদ্ধিম্ আস্থায় আশ্রিত্য অযুধ্যমানঃ অহং বৃতঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩৬॥
ভবানিতি। এতেন উভয়শ্লোকেন সামর্থ্যপ্রতিপাদনাৎ সখ্যং প্রতিপাদিতম্ ॥৩৭॥
ভবানিতি। তৎ বিপক্ষনিহননজনিতম্। তস্মাৎ সামর্থ্যাৎ ॥৩৮॥

তাহার পর রাজা দুর্য্যোধন কৃতবর্ম্মার নিকট গেলেন; কৃতবর্ম্মা তখন তাঁহাকে এক অক্ষৌহিণী সৈন্য দান করিলেন ॥৩৪॥

তখন কুরুনন্দন দুর্য্যোধন ভয়ঙ্কর সেই সকল সৈন্যে পরিবেষ্টিত ও আনন্দিত হইয়া বন্ধুবর্গকে আনন্দিত করিতে থাকিয়া গমন করিলেন ॥৩৫॥

দুর্য্যোধন চলিয়া গেলে, তাহার পর পীতবসনধারী, জগৎসৃষ্টিকর্ত্তা ও জনার্দ্দন কৃষ্ণ অর্জ্জুনকে বলিলেন—'অর্জ্জুন! আমি যুদ্ধ করিব না বলিয়াছি, তথাপি তুমি কোন্ বুদ্ধি অবলম্বন করিয়া আমাকে বরণ করিলে?' ॥৩৬॥

অর্জ্জুন বলিলেন—'পুরুষশ্রেষ্ঠ! আপনি সেই সমস্ত শত্রুকেই সংহার করিতে সমর্থ, এবিষয়ে কোন সন্দেহ নাই এবং একাকী আমিও সে বিষয়ে সমর্থ ॥৩৭॥

তা'র পর জগতে আপনি নিয়ত কীর্ত্তিমান্। সুতরাং সে যশ আপনার উপরেই গমন করিবে; আবার আমিও যশের প্রার্থী। সেই কারণে আমি আপনাকে বরণ করিলাম ॥৩৮॥

(৩৯)...চিররাত্রেপ্সিতং কামম্...বা ব রা নি।

বাসুদেব উবাচ।

উপপন্নমিদং পার্থ! যৎ স্পর্দ্ধসি ময়া সহ।
সারথ্যং তে করিষ্যামি কামঃ সম্পদ্যতাং তব ॥৪০॥

বৈশম্পায়ন উবাচ।

এবং প্রমুদিতঃ পার্থঃ কৃষ্ণেন সহিতস্তদা।
বৃতো দাশার্হপ্রবরৈঃ পুনরায়াদ্‌যুধিষ্ঠিরম্ ॥৪১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে কৃষ্ণসারথ্যস্বীকারো নাম সপ্তমোঽধ্যায়ঃ ॥০॥

——:o:——

অষ্টমোঽধ্যায়ঃ।

——:o:——

বৈশম্পায়ন উবাচ।

শল্যঃ শ্রুত্বা তু দূতানাং সৈন্যেন মহতা বৃতঃ।
অভ্যয়াৎ পাণ্ডবান্ রাজন্! সহ পুত্রৈর্মহারথৈঃ ॥১॥

ভারতকৌমুদী

তথাত্বেঽপি কিং ফলমিত্যাহ সারথ্যমিতি। চিররাত্রেপ্সিতং চিরাভিলষিতম্। "চিরায় চিররাত্রায় চিরস্যাদ্যাশ্চিরার্থকাঃ" ইত্যমরঃ ॥৩৯॥

উপেতি। উপপন্নং যুক্তিযুক্তম্। স্পর্দ্ধসি বলেন ॥৪০॥

এবমিতি। দাশার্হপ্রবরৈঃ দাশার্হবংশশ্রেষ্ঠৈঃ সাত্যকিপ্রভৃতিভিঃ ॥৪১॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে সপ্তমোঽধ্যায়ঃ ॥০॥

——:o:——

তবে আপনি আমার সারথ্য করিবেন, ইহা আমার চিরদিনের মনের অভীষ্ট বিষয়। সুতরাং তাহা আপনি স্বীকার করুন' ॥৩৯॥

কৃষ্ণ বলিলেন—'অর্জ্জুন! তুমি যে আমার সহিত স্পর্দ্ধা করিয়া থাক, সে পক্ষে একথা যুক্তিযুক্ত বটে। সুতরাং আমি তোমার সারথ্য করিব; তোমার অভীষ্ট পূর্ণ হউক' ॥৪০॥

বৈশম্পায়ন বলিলেন—এইভাবে অর্জ্জুন তখন আনন্দিত ও দাশার্হশ্রেষ্ঠগণে পরিবেষ্টিত হইয়া কৃষ্ণের সহিত পুনরায় যুধিষ্ঠিরের নিকটে আগমন করিলেন ॥৪১॥

তস্য সেনানিবেশোঽভূদধ্যর্দ্ধমিব যোজনম্।
তথাহি বিপুলাং সেনাং বিভর্ত্তি স নরর্ষভঃ ॥২॥
অক্ষৌহিণীপতী রাজন্! মহাবীর্য্যপরাক্রমঃ।
বিচিত্রকবচাঃ শূরা বিচিত্রধ্বজকার্ম্মুকাঃ ॥৩॥
বিচিত্রাভরণাঃ সর্ব্বে বিচিত্রধ্বজবাহনাঃ।
বিচিত্রস্রগ্ধরাঃ সর্ব্বে বিচিত্রাম্বরভূষণাঃ ॥৪॥
স্বদেশবেশাভরণা বীরাঃ শতসহস্রশঃ।
তস্য সেনাপ্রণেতারো বভূবুঃ ক্ষত্রিয়র্ষভাঃ ॥৫॥ (বিশেষকম্)
ব্যথয়ন্নিব ভূতানি কম্পয়ন্নিব মেদিনীম্।
শনৈর্বিশ্রাময়ন্ সেনাং স যযৌ যত্র পাণ্ডবাঃ ॥৬॥

ভারতকৌমুদী

শল্য ইতি। শ্রুত্বা পাণ্ডবাহ্বানমিতি শেষঃ, দূতানামন্তিকে ॥১॥

তস্যেতি। অধ্যর্দ্ধম্ অর্দ্ধাদধিকম্। বিভর্ত্তি পুষ্ণাতি স্ম ॥২॥

অক্ষৌহিণীতি। অক্ষৌহিণীনাং পতিঃ শল্য এব। বিচিত্রাঃ স্রজো মালা ধরন্তীতি তে। সেনায়াঃ প্রণেতারঃ পতয়ঃ। আর্ষবাক্যে পুনরুক্তিঃ সোঢ়ব্যা ॥৩—৫॥

ব্যথয়ন্নিতি। ভূতানি প্রাণিনঃ। স শল্যঃ। পাণ্ডবা আসন্ ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! শল্যরাজা দূতগণের নিকট পাণ্ডবগণের আহ্বান শুনিয়া বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া মহারথ পুত্রগণের সহিত, পাণ্ডবগণের উদ্দেশে প্রস্থান করিলেন ॥১॥

পথে অর্দ্ধযোজনেরও অধিক স্থান ব্যাপিয়া ব্যাপিয়াই যেন তাঁহার সৈন্য-নিবেশ হইতে লাগিল। কারণ, নরশ্রেষ্ঠ শল্য প্রচুর সৈন্য পোষণ করিতেন ॥২॥

রাজা! মহাবল ও মহাপরাক্রমশালী শল্য বহু অক্ষৌহিণী সৈন্যের অধিপতি ছিলেন; আর শত শত ও সহস্র সহস্র বীর ক্ষত্রিয়শ্রেষ্ঠেরা তাঁহার সেনাপতি ছিলেন। তাঁহাদের সকলেরই কবচ, ধ্বজ, ধনু, আভরণ, বাহন, মাল্য, বসন ও ভূষণ সকল বিচিত্র ছিল এবং তাঁহারা স্বদেশীয় বেশ-ভূষায়ই অলঙ্কৃত ছিলেন ॥৩—৫॥

শল্যরাজা প্রাণিগণকে যেন ব্যথিত করিতে থাকিয়া, পৃথিবীকে যেন কম্পিত করিতে প্রবৃত্ত হইয়া এবং সৈন্যগণকে মধ্যে মধ্যে বিশ্রাম করাইয়া, যেখানে পাণ্ডবেরা ছিলেন, সেই দিকে ধীরে ধীরে গমন করিতে লাগিলেন ॥৬॥

(৬)…যেন পাণ্ডবাঃ—পি,…যেন পাণ্ডবঃ—বা ব ব্রা।

ততো দুর্য্যোধনঃ শ্রুত্বা মহাসেনং মহারথম্ ।
উপায়ান্তমভিদ্রুত্য স্বয়মানর্চ্চ ভারত ! ॥৭॥
কারয়ামাস পূজার্থং তস্য দুর্য্যোধনঃ সভাঃ ।
রমণীয়েষু দেশেষু রত্নচিত্রাঃ স্বলঙ্কৃতাঃ ॥৮॥
শিল্পিভির্বিবিধৈশ্চৈব ক্রীড়াস্তত্র প্রযোজিতাঃ ।
তত্র মাল্যানি মাংসানি ভক্ষ্যং পেয়ঞ্চ সৎকৃতম্ ॥৯॥
কূপাশ্চ বিবিধাকারা মনোহর্ষবিবর্দ্ধনাঃ ।
বাপ্যশ্চ বিবিধাকারা ঔদনানি গৃহাণি চ ॥১০॥
স তাঃ সভাঃ সমাসাদ্য পূজ্যমানো যথামরঃ ।
দুর্য্যোধনস্য সচিবৈর্দ্দেশে দেশে সমন্ততঃ ॥১১॥
আজগাম সভামন্যাং দেবাবসথবর্চ্চসম্ ।
স তত্র বিষয়ৈর্যুক্তঃ কল্যাণৈরতিমানুষৈঃ ॥১২॥

ভারতকৌমুদী

তত ইতি। মহারথং শল্যম্। অভিদ্রুত্য দ্রুতং গত্বা, আনর্চ্চ পূজয়ামাস ॥৭॥
কারয়ামাসেতি। কারয়ামাস পূর্বমেবেত্যাশয়ঃ। সভাঃ সভামণ্ডপানি ॥৮॥
শিল্পিভিরিতি। প্রযোজিতা আয়োজ্য রক্ষিতাঃ। সংকৃতং সংকারায় স্থাপিতম্ ॥৯॥
কূপা ইতি। বাপ্যো দীর্ঘিকাঃ। ঔদনানি অন্নসম্বন্ধীনি ॥১০॥
স ইতি। স শল্যঃ। পূজ্যমানঃ অভবদিতি শেষঃ ॥১১॥
আজগামেতি। দেবাসথবর্চ্চসং দেবগৃহকান্তিম্। বিষয়ৈর্নৃত্যগীতাদিভিঃ ॥১২॥

ভরতনন্দন! মহারথ শল্যরাজা বিশাল সৈন্য লইয়া আসিতেছেন ইহা শুনিয়া দুর্য্যোধন নিজেই দ্রুত যাইয়া তাঁহার সংবর্দ্ধনা করিলেন ॥৭॥

দুর্য্যোধন পূর্বেই শল্যরাজার সংবর্দ্ধনার জন্য সুন্দর সুন্দর স্থানে রত্নখচিত ও সুসজ্জিত সভামণ্ডপ নির্ম্মাণ করাইয়া রাখিয়াছিলেন ॥৮॥

নানাবিধ শিল্পী দ্বারা সেই সেই স্থানে বহুবিধ ক্রীড়ার আয়োজন করাইয়া রাখিয়াছিলেন এবং শল্যের সংবর্দ্ধনার জন্য মাল্য, মাংস, খাদ্য ও পেয় সকল স্থাপিত করিয়াছিলেন ॥৯॥

এবং দুর্য্যোধন মনের আনন্দবর্দ্ধক নানাকৃতির কূপ, বিবিধাকারের দীর্ঘিকা ও পাকগৃহ সকল নির্ম্মাণ করাইয়া রাখিয়াছিলেন ॥১০॥

শল্যরাজা পথে স্থানে স্থানে সেই সেই সভামণ্ডপে উপস্থিত হইবামাত্র দুর্য্যোধনের লোকেরা দেবতার ন্যায় তাঁহার পূজা করিতে লাগিল ॥১১॥

(১০)…ঔদকানি গৃহাণি চ—বা ব রা নি। (১২)…স তত্র বিবিধৈর্যুক্তঃ…পি

মেনেঽভ্যধিকমাত্মানমবমেনে পুরন্দরম্।
পপ্রচ্ছ স ততঃ প্রেষ্যান্ প্রহৃষ্টঃ ক্ষত্রিয়র্ষভঃ ॥১৩॥
যুধিষ্ঠিরস্য পুরুষাঃ কেঽত্র চক্রুঃ সভা ইমাঃ।
আনীয়ন্তাং সভাকারাঃ প্রদেয়ার্হা হি মে মতাঃ ॥১৪॥
প্রসাদমেষাং দাস্যামি কুন্তীপুত্রোঽনুমন্যতাম্।
দুর্য্যোধনায় তৎ সর্ব্বং কথয়ন্তি স্ম বিস্মিতাঃ ॥১৫॥
সংপ্রহৃষ্টো যদা শল্যো বিদিৎসুরপি জীবিতম্।
গূঢ়ো দুর্য্যোধনস্তত্র দর্শয়ামাস মাতুলম্ ॥১৬॥

ভারতকৌমুদী

মেন ইতি। অভ্যধিকং রাজান্তরাপেক্ষয়া শ্রেষ্ঠম্। প্রেষ্যান্ তত্রত্যান্ ভৃত্যান্ ॥১৩॥

যুধীতি। প্রদেয়ার্হাঃ পারিতোষিকদানযোগ্যাঃ। যুধিষ্ঠিরস্যৈবায়ং সংকার ইতি বিভাব্যোক্তম্ ॥১৪॥

প্রসাদমিতি। প্রসাদং প্রসাদনিবন্ধনং পারিতোষিকম্। বিস্মিতাঃ তদীয়ভৃত্যাঃ ॥১৫॥

সমিতি। বিদিৎসুঃ বিশেষেণ দাতুমিচ্ছুঃ। গূঢ়ঃ গুপ্তঃ স্থিতঃ। মাতুলং শল্যম্ ॥১৬॥

ক্রমে শল্যরাজা দেবালয়ের ন্যায় অন্যান্য সভামণ্ডপে আসিতে লাগিলেন; সেই সকল স্থানেও মঙ্গলময় অলৌকিক বিষয় সকল ভোগ করিতে থাকিলেন ॥১২॥

তখন ক্ষত্রিয়শ্রেষ্ঠ শল্যরাজা আপনাকে শ্রেষ্ঠ বলিয়া মনে করিলেন এবং দেবরাজকে অবজ্ঞা করিলেন; তৎপরে তিনি তত্রত্য ভৃত্যদিগকে জিজ্ঞাসা করিলেন ॥১৩॥

‘যুধিষ্ঠিরের কোন্ লোকেরা এখানে এই সভামণ্ডপগুলি নির্ম্মাণ করিয়াছে? তাহাদিগকে আনয়ন কর, তাহারা পারিতোষিকদানের যোগ্য বলিয়া আমার ধারণা হইয়াছে’ ॥১৪॥

অতএব আমি উহাদিগকে পারিতোষিক দান করিব; এবিষয়ে যুধিষ্ঠিরও অনুমতি করুন’। তৎপরে দুর্য্যোধনের ভৃত্যেরা বিস্মিত হইয়া যাইয়া সে সমস্ত কথাই দুর্য্যোধনকে বলিল ॥১৫॥

শল্য যখন অত্যন্ত সন্তুষ্ট হইয়া নিজের জীবনও দান করিবার ইচ্ছা করিলেন, তখন গুপ্ত অবস্থায় অবস্থিত দুর্য্যোধন শল্যের সহিত সাক্ষাৎ করিলেন ॥১৬॥

(১৬)...দিদিৎসুরপি জীবিতম্...বা ব রা নি।

তং দৃষ্ট্বা মদ্ররাজস্তু জ্ঞাত্বা যত্নঞ্চ তস্য তম্‌ ।
পরিষ্বজ্যাব্রবীৎ প্রীত ইষ্টোঽর্থো গৃহ্যতামিতি ॥১৭॥

দুর্য্যোধন উবাচ ।

সত্যবাগ্‌ভব কল্যাণবরো বৈ মম দীয়তাম্‌ ।
সর্বসেনাপ্রণেতা মে ভবান্‌ ভবিতুমর্হতি ॥১৮॥

বৈশম্পায়ন উবাচ ।

কৃতমিত্যব্রবীচ্ছল্যঃ কিমন্যৎ ক্রিয়তামিতি ।
কৃতমিত্যেব গান্ধারিঃ প্রত্যুবাচ পুনঃ পুনঃ ॥১৯॥

শল্য উবাচ ।

গচ্ছ দুর্য্যোধন ! পুরং স্বকমেব নরর্ষভ ! ।
অহং গমিষ্যে দ্রষ্টুং বৈ যুধিষ্ঠিরমরিন্দমম্‌ ॥২০॥
দৃষ্ট্বা যুধিষ্ঠিরং রাজন্‌ ! ক্ষিপ্রমেষ্যে নরাধিপ ! ।
অবশ্যঞ্চাপি দ্রষ্টব্যঃ পাণ্ডবঃ পুরুষর্ষভঃ ॥২১॥

ভারতকৌমুদী

তমিতি। তস্য দুর্য্যোধনস্য। পরিষ্বজ্য আলিঙ্গ্য ॥১৭॥

সত্যেতি। কল্যাণবরঃ কল্যাণজনকঃ অভীষ্টবিষয়ঃ। প্রণেতা নায়কঃ ॥১৮॥

কৃতমিতি। কৃতং তদ্বরদানমিতি শেষঃ। ক্রিয়তাং ময়েত্যর্থঃ। কৃতং সর্বমভীষ্টম্‌। গান্ধার্য্যা অপত্যমিতি গান্ধারিঃ "বাহ্বাদেশ্চ বিধীয়তে" ইতি ইণ্‌ ॥১৯॥

গচ্ছেতি। স্বকং স্বকীয়ম্‌ ॥২০॥

শল্য দুর্য্যোধনকে দেখিয়া এবং সেই সমস্ত যত্নই তাঁহার ইহা জানিয়া, আনন্দিত হইয়া তাঁহাকে আলিঙ্গন করিয়া বলিলেন—'বৎস ! তুমি অভীষ্ট বিষয় গ্রহণ কর' ॥১৭॥

তখন দুর্য্যোধন বলিলেন—'মাতুল ! আপনার বাক্য সত্য হউক, আপনি আমাকে মঙ্গলজনক বর দান করুন, আপনি আমার সমস্ত সৈন্যের নায়ক হউন' ॥১৮॥

বৈশম্পায়ন বলিলেন—তখন শল্য কহিলেন—'আমি তোমাকে সেই বরই দান করিলাম, অন্য কি করিব বল'। পরে দুর্য্যোধন বার বার বলিলেন যে, 'আপনি ইহাতে আমার সকলই করিয়াছেন' ॥১৯॥

শল্য বলিলেন—'নরশ্রেষ্ঠ দুর্য্যোধন ! তুমি আপন রাজধানীতেই গমন কর; কিন্তু আমি অরিন্দম যুধিষ্ঠিরের সহিত দেখা করিতে যাইব ॥২০॥

(১৮)···সর্ব্বসেনাপ্রণেতা বৈ···বা ব রা নি।

দুর্য্যোধন উবাচ।

ক্ষিপ্রমাগম্যতাং রাজন্! পাণ্ডবং বীক্ষ্য পার্থিব!।
ত্বয্যধীনাঃ স্ম রাজেন্দ্র! বরদানং স্মরস্ব নঃ ॥২২॥

শল্য উবাচ।

ক্ষিপ্রমেষ্যামি ভদ্রং তে গচ্ছ ত্বং স্বপুরং নৃপ!।
পরিষ্বজ্য তথান্যোন্যং শল্যদুর্য্যোধনাবুভৌ ॥২৩॥
স তথা শল্যমামন্ত্র্য পুনরায়াৎ স্বকং পুরম্।
শল্যো জগাম কৌন্তেয়ানাখ্যাতুং কর্ম্ম তস্য তৎ ॥২৪॥
উপপ্লব্যং স গত্বা তু স্কন্ধাবারং প্রবিশ্য চ।
পাণ্ডবানথ তান্ সর্বান্ শল্যস্তত্র দদর্শ হ ॥২৫॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। দ্রষ্টব্যঃ, মাতুলত্বসম্বন্ধাৎ তদাহ্বানাচ্চেতি ভাবঃ ॥২১॥
ক্ষিপ্রমিতি। স্ম ইতি বিসর্গলোপ আর্ষঃ। স্মরস্ব, তৎপক্ষে ন গচ্ছেতি ভাবঃ ॥২২॥
ক্ষিপ্রমিতি। পরিষ্বজ্য কিয়ন্তং কালং স্থিতাবিতি শেষঃ ॥২৩॥
স ইতি। স দুর্য্যোধনঃ। তৎ দুর্য্যোধনায় বরদানরূপম্ ॥২৪॥
উপেতি। উপপ্লব্যং তদাখ্যং বিরাটস্যৈব নগরান্তরম্। স্কন্ধাবারং পটমণ্ডপম্ ॥২৫॥

ভারতভাবদীপঃ

শল্য ইতি ॥১—৫॥ যেন যত্র দেশে, তত্র যযৌ ॥৬—১৫॥ দিদিৎসুঃ দদ দানেঽস্য রূপম্ ॥১৬—২২॥ গচ্ছস্ব প্রাপ্নুহি, স্বপুরং স্বরাজ্যম্ ॥২৩—২৪॥ উপপ্লব্যং বিরাটনগরস্য প্রদেশ-

নরনাথ রাজা! আমি যুধিষ্ঠিরের সহিত দেখা করিয়া সত্বরই আসিব। কারণ, পুরুষশ্রেষ্ঠ যুধিষ্ঠিরের সহিত দেখা করা আমার অবশ্য কর্ত্তব্য' ॥২১॥

দুর্য্যোধন বলিলেন—'পৃথিবীনাথ রাজা! আপনি পাণ্ডবদের সহিত সাক্ষাৎ করিয়া সত্বর আসিবেন। কারণ, রাজশ্রেষ্ঠ! আমরা আপনার অধীন হইয়াছি; বিশেষতঃ আপনি আমাকে যে বর দিয়াছেন, তাহা স্মরণ করিবেন' ॥২২॥

শল্য বলিলেন—'রাজা! আমি সত্বরই আসিব; তোমার মঙ্গল হউক; তুমি আপন রাজধানীতে চলিয়া যাও'। তাহার পর শল্য ও দুর্য্যোধন পরস্পর আলিঙ্গন করিলেন ॥২৩॥

পরে দুর্য্যোধন শল্যের অনুমতি লইয়া আবার নিজের রাজধানীতে চলিয়া আসিলেন এবং শল্যও তাঁহার সেই কার্য্য বলিবার জন্য পাণ্ডবগণের নিকট গমন করিলেন ॥২৪॥

সমেত্য চ মহাবাহুঃ শল্যঃ পাণ্ডুসুতৈস্তদা।
পাদ্যমর্ঘ্যঞ্চ গাঞ্চৈব প্রত্যগৃহ্লাদ্‌যথাবিধি ॥২৬॥
ততঃ কুশলপূর্বং স মদ্ররাজোঽরিসূদনঃ।
প্রীত্যা পরময়া যুক্তঃ সমাশ্লিষ্যদ্‌যুধিষ্ঠিরম্ ॥২৭॥
তথা ভীমার্জ্জুনৌ হৃষ্টৌ স্বস্রীয়ৌ চ যমাবুভৌ।
আসনে চোপবিষ্টস্তু শল্যঃ পার্থমুবাচ হ ॥২৮॥
কুশলং রাজশার্দ্দূল! কচ্চিত্তে কুরুনন্দন!।
অরণ্যবাসাদ্দিষ্ট্যাসি বিমুক্তো জয়তাং বর! ॥২৯॥
সুদুষ্করং কৃতং রাজন্! নির্জনে বসতা বনে।
ভ্রাতৃভিঃ সহ রাজেন্দ্র! কৃষ্ণয়া চানয়া সহ ॥৩০॥

ভারতকৌমুদী

সমিতি। সমেত্য মিলিত্বা। প্রত্যগৃহ্লাৎ পাণ্ডুসুতেভ্য এব ॥২৬॥
তত ইতি। কুশলপূর্বং কুশলপ্রশ্নপূর্বকম্ ॥২৭॥
তথেতি। তথা সমাশ্লিষ্যদিত্যর্থঃ। স্বস্রীয়ৌ ভগিনীপুত্রৌ, যমৌ নকুলসহদেবৌ ॥২৮॥
কুশলমিতি। কচ্চিৎ বেদিতুমিচ্ছামীত্যর্থঃ। দিষ্ট্যা ভাগ্যেন ॥২৯॥
সুদুষ্করমিতি। কার্য্যমিতি শেষঃ। কৃষ্ণয়া দ্রৌপদ্যা ॥৩০॥

তাহার পর শল্য উপপ্লব্যনগরে যাইয়া পটমণ্ডপে (তাঁবুতে) প্রবেশ করিয়া সেখানে পাণ্ডবদের সকলকেই দর্শন করিলেন ॥২৫॥

তখন মহাবাহু শল্য পাণ্ডবগণের সহিত মিলিত হইয়া তাঁহাদের নিকট হইতে যথাবিধানে পাদ্য, অর্ঘ্য ও গো গ্রহণ করিলেন ॥২৬॥

তৎপরে শত্রুসূদন মদ্ররাজ শল্য মঙ্গল জিজ্ঞাসা করিয়া পরম আনন্দিত হইয়া যুধিষ্ঠিরকে আলিঙ্গন করিলেন ॥২৭॥

পরে আনন্দিতচিত্ত ভীম, অর্জ্জুন এবং ভগিনীপুত্র নকুল ও সহদেবকে আলিঙ্গন করিয়া শল্য উপযুক্ত আসনে উপবেশনপূর্ব্বক যুধিষ্ঠিরকে বলিলেন—॥২৮॥

'কুরুনন্দন! রাজশ্রেষ্ঠ! বিজয়িপ্রধান! তোমার মঙ্গল ত? তুমি ভাগ্যবশতই বনবাস হইতে মুক্তিলাভ করিয়াছ ॥২৯॥

রাজা! রাজশ্রেষ্ঠ! ভ্রাতৃগণ এবং এই দ্রৌপদীর সহিত নির্জন বনে বাস করিয়া তুমি অতিদুষ্কর কার্য্য করিয়াছ ॥৩০॥

(২৭)···সমাশ্লিষ্য যুধিষ্ঠিরম্—পি।

অজ্ঞাতবাসং ঘোরঞ্চ বসতা দুষ্করং কৃতম্।
দুঃখমেব কুতঃ সৌখ্যং রাজ্যভ্রষ্টস্য ভারত! ॥৩১॥
দুঃখস্যৈতস্য মহতো ধার্ত্তরাষ্ট্রকৃতস্য বৈ।
অবাপ্স্যসি সুখং রাজন্! হত্বা শত্রূন্ পরন্তপ! ॥৩২॥
বিদিতং তে মহারাজ! লোকতন্ত্রং নরাধিপ!।
তস্মাল্লোভকৃতং কিঞ্চিত্তব তাত! ন বিদ্যতে ॥৩৩॥
রাজর্ষীণাং পুরাণানাং মার্গমন্বিচ্ছ ভারত!।
দানে তপসি সত্যে চ ভব তাত! যুধিষ্ঠির! ॥৩৪॥
ক্ষমা দমশ্চ সত্যঞ্চ অহিংসা চ যুধিষ্ঠির!।
অদ্ভুতশ্চ পুনর্লোকস্ত্বয়ি রাজন্! প্রতিষ্ঠিতঃ ॥৩৫॥
মৃদুর্বদান্যো ব্রহ্মণ্যো দাতা ধর্ম্মপরায়ণঃ।
ধর্ম্মাস্তে বিদিতা রাজন্! বহবো লোকসাক্ষিকাঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

অজ্ঞাতেতি। ন জ্ঞাতো বাসো যস্মিন্ কর্ম্মণি তদ্যথা তথা ॥৩১॥
দুঃখস্যেতি। এতস্য দুঃখস্য অবসানে ইতি শেষঃ ॥৩২॥
বিদিতমিতি। লোকতন্ত্রং সজ্জনৈতিকর্ত্তব্যতা সাধুজনব্যবহার ইত্যর্থঃ ॥৩৩॥
রাজেতি। অন্বিচ্ছ অনুগন্তুমিচ্ছ। ভব নিরত ইতি শেষঃ ॥৩৪॥
ক্ষমেতি। দম ইন্দ্রিয়দমনম্। লোকঃ পারলৌকিকং স্থানম্ ॥৩৫॥

এবং ভরতনন্দন! তুমি দারুণ অজ্ঞাতবাস করিয়াও অতিদুষ্কর কার্য্য করিয়াছ। কারণ, রাজ্যভ্রষ্টলোকের কেবল দুঃখই ভোগ করিতে হয়, সুখ আর কোথায়? ॥৩১॥

পরন্তপ! রাজা! দুর্য্যোধনকৃত এই গুরুতর দুঃখের অবসানে তুমি শত্রুগণকে সংহার করিয়া অবশ্যই সুখলাভ করিবে ॥৩২॥

নরনাথ! মহারাজ! তোমার সজ্জনব্যবহার জানা আছে। সেই জন্যই বৎস! তোমার লোভকৃত কোন আচরণ নাই ॥৩৩॥

ভরতনন্দন! বৎস! যুধিষ্ঠির! তুমি প্রাচীন রাজর্ষিগণের পথ অনুসরণ করিবার ইচ্ছা কর এবং দান, তপস্যা ও সত্যে নিরত হও ॥৩৪॥

রাজা! যুধিষ্ঠির! ক্ষমা, ইন্দ্রিয়দমন, সত্য, অহিংসা এবং আশ্চর্য্য লোক তোমাতে প্রতিষ্ঠিত আছে ॥৩৫॥

(৩৩)…তস্মাল্লোভকৃতং রাজন্;…পি। (৩৬)…লোকসাক্ষিণঃ—পি।

সর্ব্বং জগদিদং তাত ! বিদিতং তে পরন্তপ ! ।
দিষ্ট্যা কৃচ্ছ্রমিদং রাজন্ ! পারিতং ভরতর্ষভ ! ॥৩৭॥
দিষ্ট্যা পশ্যামি রাজেন্দ্র ! ধর্ম্মাত্মানং সহানুগম্ ।
নিস্তীর্ণং দুষ্করং রাজংস্ত্বাং ধর্ম্মনিরতং বিভো ! ॥৩৮॥

বৈশম্পায়ন উবাচ ।

ততোঽস্যাকথয়দ্রাজা দুর্য্যোধনসমাগমম্ ।
তচ্চ শুশ্রূষিতং সর্ব্বং বরদানঞ্চ ভারত ! ॥৩৯॥

যুধিষ্ঠির উবাচ ।

সুকৃতং তে কৃতং রাজন্ ! প্রহৃষ্টেনান্তরাত্মনা ।
দুর্য্যোধনস্য যদ্বীর ! ত্বয়া বাচা প্রতিশ্রুতম্ ॥৪০॥

ভারতকৌমুদী

মৃদুরিতি । বদান্যো মধুরবাক্, ব্রহ্মণ্যো বেদহিতকরঃ । লোকসাক্ষিকা লৌকিকাঃ ॥৩৬॥
সর্বমিতি । ইদং বনবাসাজ্ঞাতবাসাত্মকম্, পারিতং সমাপিতম্ ॥৩৭॥
দিষ্ট্যেতি । অনুগৈর্দারভ্রাতৃভিঃ সহেতি তম্ । দুষ্করং বনবাসাদিব্রতম্ ॥৩৮॥
তত ইতি । অস্য যুধিষ্ঠিরস্যান্তিকে, রাজা শল্যঃ । শুশ্রূষিতং পরিচর্য্যা ॥৩৯॥
স্বিতি । সুকৃতং সুষ্ঠু কার্য্যম্, তে ত্বয়া । যৎ পক্ষবর্ত্তিত্বম্ ॥৪০॥

ভারতভাবদীপঃ

বিশেষম্, স্কন্ধাবারং সেনানিবেশস্থানম্ ॥২৫—২৭॥ কৃষ্ণাবিতি ভীমোঽপি কৃষ্ণ এবাসাদিতি গম্যতে । হৃষ্টাবিতি পাঠঃ সুগমঃ ॥২৮—৩২॥ "তন্ত্রং প্রধানে সিদ্ধান্তে" ইত্যমরঃ ॥৩৩—৩৫॥ বদান্যঃ মঞ্জুলবাক্ । "বদান্যো বল্গুবাগপী" ইত্যমরঃ ॥৩৬॥ পারিতং নিস্তীর্ণম্ ॥৩৭—৪৬॥

রাজা ! তুমি কোমলস্বভাব, মধুরভাষী, বেদহিতৈষী, দাতা এবং ধর্ম্মপরায়ণ ; বিশেষতঃ বহুতর লৌকিক নিয়ম তোমার জানা আছে ॥৩৬॥

এবং বৎস ! ভরতশ্রেষ্ঠ ! পরন্তপ ! রাজা ! এই জগতের সকল বিষয়ই তুমি জান ; আর ভাগ্যবশতই তুমি এই কষ্ট হইতে উত্তীর্ণ হইয়াছ ॥৩৭॥

প্রভাবশালী রাজশ্রেষ্ঠ রাজা ! তুমি ধর্ম্মাত্মা ও ধর্ম্মনিরত বলিয়াই দুষ্কর ব্রত হইতে উত্তীর্ণ হইয়াছ এবং সেই জন্যই নিজভাগ্যবশতঃ অনুচরবর্গের সহিত তোমাকে আমি দেখিতে পাইলাম' ॥৩৮॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতনন্দন ! তাহার পর শল্যরাজা দুর্য্যোধনের সহিত সম্মেলন, তাঁহার সমস্ত পরিচর্য্যার বিষয় এবং তাঁহাকে বরদানের বিষয় যুধিষ্ঠিরের নিকট কহিলেন ॥৩৯॥

(৩৭)···তারিতং ভরতর্ষভ !—পি । (৩৮)···নিস্তীর্য্য···পি,···ধর্ম্মনিচয়ং প্রভো !—বা ব রা নি । (৩৯)···রাজন্ !···পি ।

একস্ত্বিচ্ছামি ভদ্রং তে ক্রিয়মাণং মহীপতে !।
রাজন্নকর্ত্তব্যমপি কর্ত্তুমর্হসি সত্তম ! ॥৪১॥
মম ত্ববেক্ষয়া বীর ! শৃণু বিজ্ঞাপয়ামি তে।
ভবানিহ মহারাজ ! বাসুদেবসমো যুধি ॥৪২॥ (যুগ্মকম্)
কর্ণার্জ্জুনাভ্যাং সংপ্রাপ্তে দ্বৈরথে রাজসত্তম !।
কর্ণস্য ভবতা কার্য্যং সারথ্যং নাত্র সংশয়ঃ ॥৪৩॥
তত্র পাল্যোঽর্জ্জুনো রাজন্ ! যদি মে প্রিয়মিচ্ছসি।
তেজোবধশ্চ তে কার্য্যঃ সৌতেরস্মজ্জয়াবহঃ।
অকর্ত্তব্যমপি হ্যেতৎ কর্ত্তুমর্হসি মাতুল ! ॥৪৪॥

শল্য উবাচ।

শৃণু পাণ্ডব ! ভদ্রং তে যদ্‌ব্রবীষি দুরাত্মনঃ।
তেজোবধনিমিত্তং মাং সূতপুত্রস্য সম্মুখে ॥৪৫॥

ভারতকৌমুদী

একমিতি। ভদ্রম্ অস্মন্মঙ্গলম্, তে ত্বয়া। অকর্ত্তব্যমপি মম অবেক্ষয়া হিতচিকীর্ষয়া তু তৎ কর্ত্তুমর্হসীতি সম্বন্ধঃ। বাসুদেবসমঃ কৃষ্ণতুল্যঃ ॥৪১—৪২॥

কর্ণেতি। সংপ্রাপ্তে লব্ধে, দ্বৈরথে যুদ্ধে ! সারথ্যযুক্তিং পরস্তাদ্বক্ষ্যতি ॥৪৩॥

তত্রেতি। তেজোবধো দর্পক্ষয়ঃ। সৌতেঃ কর্ণস্য। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৪॥

শৃণ্বিতি। যদ্‌ব্রবীষি তত্র ভদ্রং শৃণ্বিত্যন্বয়ঃ ॥৪৫॥

তখন যুধিষ্ঠির বলিলেন—'বীর ! রাজা ! আপনি দুর্য্যোধনের নিকটে সন্তুষ্টচিত্তে কথাদ্বারা যে প্রতিশ্রুতি দিয়াছেন, তাহা ভালই করিয়াছেন ॥৪০॥

কিন্তু সাধুশ্রেষ্ঠ রাজা ! আমি ইচ্ছা করি যে, আপনি আমার একটী মঙ্গল করেন ; রাজা ! তাহা আপনার অকর্ত্তব্য হইলেও আমার হিত করিবার ইচ্ছায় তাহা আপনি করিতে পারেন। শুনুন, আপনার নিকট নিবেদন করিতেছি—মহারাজ ! আপনি এই জগতে যুদ্ধে কৃষ্ণেরই তুল্য ॥৪১—৪২॥

রাজশ্রেষ্ঠ ! কর্ণ ও অর্জ্জুনের দ্বৈরথযুদ্ধ উপস্থিত হইলে, আপনি তখন কর্ণের সারথির কার্য্য করিবেন ; এবিষয়ে কোন সন্দেহ নাই ॥৪৩॥

রাজা ! তখন আপনার অর্জ্জুনকে রক্ষা করিতে হইবে। সুতরাং আপনি যদি আমার প্রিয়কার্য্য করিবার ইচ্ছা করেন, তবে আপনি আমাদের জয়জনক কর্ণের তেজোনাশ করিবেন। মাতুল ! ইহা আপনার অকর্ত্তব্য হইলেও করিবেন' ॥৪৪॥

(৪৪)···যদি মৎপ্রিয়ম্···বা ব রা নি। (৪৫)···মহাত্মনঃ···সূতপুত্রস্য সঙ্গমে—বা ব রা নি।

অহং তস্য ভবিষ্যামি সংগ্রামে সারথির্ধ্রুবম্ ।
বাসুদেবেন হি সমং নিত্যং মাং স হি মন্যতে ॥৪৬॥
তস্যাহং কুরুশার্দ্দূল ! প্রতীপমহিতং বচঃ ।
ধ্রুবং সংকথয়িষ্যামি যোদ্ধুকামস্য সংযুগে ॥৪৭॥
যথা স হৃতদর্পশ্চ হৃততেজাশ্চ পাণ্ডব ! ।
ভবিষ্যতি সুখং হন্তুং সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৪৮॥
এবমেতৎ করিষ্যামি যথা তাত ! ত্বমাত্থ মাম্ ।
যচ্চান্যদপি শক্ষ্যামি তৎ করিষ্যামি তে প্রিয়ম্ ॥৪৯॥
যচ্চ দুঃখং ত্বয়া প্রাপ্তং দ্যূতে বৈ কৃষ্ণয়া সহ ।
পরুষাণি চ বাক্যানি সূতপুত্রকৃতানি বৈ ॥৫০॥
জটাসুরাৎ পরিক্লেশঃ কীচকাচ্চ মহাদ্যুতে ! ।
দ্রৌপদ্যাধিগতং সর্বং দময়ন্ত্যা যথাঽশুভম্ ॥৫১॥

ভারতকৌমুদী

অহমিতি। বাসুদেবস্য অর্জ্জুনসারথ্যেন তত্তুল্যস্যৈব মম সারথ্যৌচিত্যাদিতি ভাবঃ ॥৪৬॥
তস্যেতি। তস্য কর্ণস্য। প্রতীপং প্রতিকূলম্। সংযুগে যুদ্ধে ॥৪৭॥
যথেতি। সুখমনায়াসং যথা স্যাত্তথা, হন্তুং যোগ্য ইতি শেষঃ ॥৪৮॥
এবমিতি। এতৎ কর্ণস্য তেজোহননম্। আত্থ ব্রবীষি ॥৪৯॥
যদিতি। কৃষ্ণয়া দ্রৌপদ্যা। বাক্যানি শ্রুতানি। দময়ন্ত্যা ইব দ্রৌপদ্যা, জটাসুরাৎ

শল্য বলিলেন—'পাণ্ডুনন্দন ! দুরাত্মা কর্ণের সম্মুখে তাহার তেজোনাশের জন্য তুমি আমাকে যাহা বলিলে, সে বিষয়ে মঙ্গলের কথা শ্রবণ কর ॥৪৫॥

আমি নিশ্চয়ই যুদ্ধে কর্ণের সারথি হইব। কারণ, কর্ণ সর্ব্বদাই আমাকে কৃষ্ণের তুল্য মনে করে ॥৪৬॥

অতএব কৌরবশ্রেষ্ঠ ! নিশ্চয়ই আমি যুদ্ধে যুদ্ধাভিলাষী কর্ণের প্রতিকূল ও অহিতকর বাক্য বলিব ॥৪৭॥

পাণ্ডুনন্দন ! যাহাতে কর্ণ হৃতদর্প ও হৃততেজা হইয়া অনায়াসে অর্জ্জুনের হস্তে বধের যোগ্য হইবে ; ইহা আমি তোমাকে সত্য বলিতেছি ॥৪৮॥

বৎস ! তুমি আমাকে যাহা বলিলে, আমি এইরূপই ইহা করিব এবং অন্যও যাহা করিতে পারিব, সেরূপ তোমার প্রিয়কার্য্য করিব ॥৪৯॥

মহাতেজা যুধিষ্ঠির ! দ্যূতক্রীড়ার সময়ে দ্রৌপদীর সহিত তুমি যে দুঃখ ভোগ করিয়াছিলে এবং কর্ণের যে সকল নিষ্ঠুর বাক্য শুনিয়াছিলে, আর

(৪৭) অস্যাহম্...পি। (৪৮)...সুখো হন্তুম্...পি। (৪৯)...শক্যামি...পি।

সর্ব্বং দুঃখমিদং বীর ! সুখোদর্কং ভবিষ্যতি।
নাত্র মন্যুস্ত্বয়া কার্য্যো বিধির্হি বলবত্তরঃ ॥৫২॥ (বিশেষকম্)
দুঃখানি হি মহাত্মানঃ প্রাপ্নুবন্তি যুধিষ্ঠির ! ।
দেবৈরপি হি দুঃখানি প্রাপ্তানি জগতীপতে ! ॥৫৩॥
ইন্দ্রেণ শ্রূয়তে রাজন্ ! সভার্য্যেণ মহাত্মনা।
অনুভূতং মহদ্‌দুঃখং দেবরাজেন ভারত ! ॥৫৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে শল্যবাক্যে অষ্টমোঽধ্যায়ঃ ॥০॥

———○———

ভারতকৌমুদী

সঃ পরিক্লেশঃ, কীচকাচ্চ যথা সর্ব্বমশুভং দুঃখমপিগতং প্রাপ্তম্। সুখমেব উদর্কঃ উত্তরফলং যস্য তৎ। মন্যুর্দৈন্যম্। বিধির্দৈবম্ ॥৫০—৫২॥

দুঃখানীতি। মহাত্মানো নলাদয়ঃ ॥৫৩॥

ইন্দ্রেণেতি। শ্রূয়তে ঋষিভ্যঃ বৃদ্ধেভ্যশ্চেতি শেষঃ ॥৫৪॥

ইতি মহামহোপাধ্যায় শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে অষ্টমোঽধ্যায়ঃ ॥০॥

———○———

ভারতভাবদীপঃ

প্রতীপং প্রসঙ্গপ্রতিকূলম্, অহিতং পরিণামহিতকরম্ ॥৪৭—৫১॥ মন্যুর্দৈন্যম্ ॥৫২—৫৪॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টমোঽধ্যায়ঃ ॥৮॥

———○———

দময়ন্তীর ন্যায় দ্রৌপদীও জটাসুর হইতে যে ক্লেশ পাইয়াছিলেন এবং কীচক হইতে যে সকল দুঃখ ভোগ করিয়াছিলেন, এই সমস্ত দুঃখেরই পরিণামে সুখ হইবে। অতএব এবিষয়ে তুমি দৈন্য করিও না। কারণ, দৈবই প্রবল ॥৫০—৫২॥

রাজা যুধিষ্ঠির ! মহাত্মারাও দুঃখ ভোগ করিয়া থাকেন এবং দেবতারাও দুঃখ পাইয়াছেন ॥৫৩॥

রাজা ! ভরতনন্দন ! শুনিতে পাই—মহাত্মা দেবরাজ ইন্দ্রও নিজ ভার্য্যার সহিত গুরুতর দুঃখ ভোগ করিয়াছিলেন ॥৫৪॥

———○———

(৫৩) দুঃখানি তে মহাত্মানঃ…পি।

নবমোঽধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

কথমিন্দ্রেণ রাজেন্দ্র! সভার্য্যেণ মহাত্মনা।
দুঃখং প্রাপ্তং পরং ঘোরমেতদিচ্ছামি বেদিতুম্ ॥১॥

শল্য উবাচ।

শৃণু রাজন্! যথাবৃত্তমিতিহাসং পুরাতনম্।
সভার্য্যেণ যথা প্রাপ্তং দুঃখমিন্দ্রেণ ভারত! ॥২॥
ত্বষ্টা প্রজাপতির্হ্যাসীদ্দেবশ্রেষ্ঠো মহাতপাঃ।
স পুত্রং বৈ ত্রিশিরসমিন্দ্রদ্রোহাৎ কিলাসৃজৎ ॥৩॥
ঐন্দ্রং স প্রার্থয়ৎ স্থানং বিশ্বরূপো মহাদ্যুতিঃ।
তৈস্ত্রিভির্বদনৈর্ঘোরৈঃ সূর্য্যেন্দুজ্বলনোপমৈঃ ॥৪॥
বেদানেকেন সোঽধীতে সুরামেকেন চাপিবৎ।
একেন চ দিশঃ সর্ব্বাঃ পিবন্নিব নিরীক্ষতে ॥৫॥

ভারতকৌমুদী

কথমিতি। পরম্ অত্যন্তম্। বেদিতুং শ্রোতুম্ ॥১॥

শৃণ্বিতি। যথাবৃত্তং যথাজাতম্। ইতিহাসপদস্য বৃত্তান্তমাত্রপরত্বাৎ পুরাতনপদোপপত্তিঃ ॥২॥

ত্বষ্টেতি। ত্বষ্টা নাম। স ত্বষ্টা, ত্রীণি শিরাংসি যস্য তম্ ॥৩॥

ঐন্দ্রমিতি। বিশ্বরূপঃ কামরূপীত্যর্থঃ। ত্রিভির্বদনৈর্বিশিষ্টঃ ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—'রাজশ্রেষ্ঠ! মহাত্মা ইন্দ্র ভার্য্যার সহিত কি প্রকারে অতিদারুণ দুঃখ ভোগ করিয়াছিলেন, ইহা আমি শুনিতে ইচ্ছা করি' ॥১॥

শল্য বলিলেন—'ভরতনন্দন রাজা! ইন্দ্র ভার্য্যার সহিত যে প্রকারে দুঃখ ভোগ করিয়াছিলেন, সেই প্রাচীন ইতিহাস তুমি যথাযথভাবে শ্রবণ কর ॥২॥

দেবশ্রেষ্ঠ ও মহাতপা 'ত্বষ্টা'—নামে এক প্রজাপতি ছিলেন। তিনি ইন্দ্রের প্রতি বিদ্বেষবশতঃ ত্রিশিরা একটী পুত্র উৎপাদন করিয়াছিলেন ॥৩॥

সেই পুত্র ইন্দ্রের পদ প্রার্থনা করিত, সে কামরূপী ও মহাতেজা ছিল এবং চন্দ্র, সূর্য্য ও অগ্নির ন্যায় তাহার তিন খানা মুখ ছিল ॥৪॥

(২) শৃণু রাজন্! পুরাবৃত্তম্…বা ব রা নি। (৫)…একেনৈব দিশঃ সর্ব্বাঃ…পি।

স তপস্বী মৃদুর্দ্দান্তো ধর্ম্মে তপসি চোদ্যতঃ।
তপোঽতপ্যন্মহত্তীব্রং সুদুশ্চরমরিন্দম ! ॥৬॥
তস্য দৃষ্ট্বা তপোবীর্য্যং সত্যঞ্চামিততেজসঃ।
বিষাদমগমচ্ছক্র ইন্দ্রোঽয়ং মা ভবেদিতি ॥৭॥
কথং সজ্জেচ্চ ভোগেষু ন চ তপ্যেন্মহত্তপঃ।
বিবর্দ্ধমানস্ত্রিশিরাঃ সর্বং ত্রিভুবনং গ্রসেৎ ॥৮॥
ইতি সঞ্চিন্ত্য বহুধা বুদ্ধিমান্ ভরতর্ষভ !।
আজ্ঞাপয়ৎ সোঽপ্সরসস্ত্বষ্টৃপুত্রপ্রলোভনে ॥৯॥
যথা স সজ্জেত্ত্রিশিরাঃ কামভোগেষু বৈ ভৃশম্।
ক্ষিপ্রং কুরুত গচ্ছধ্বং প্রলোভয়ত মা চিরম্ ॥১০॥

ভারতকৌমুদী

বেদানিতি। একেন বদনেন। সুরামপিবদিত্যনেনাস্য অসুরত্বমপি সূচিতম্ ॥৫॥
স ইতি। দান্ত ইন্দ্রিয়দমনশীলঃ। উদ্যতঃ প্রবৃত্তঃ ॥৬॥
তস্যেতি। বিষাদমুদ্বেগম্, শক্র ইন্দ্রঃ ॥৭॥
কথমিতি। বিবর্দ্ধমানো বয়োবাহুল্যেন বিশেষপুষ্টিং লভমানঃ ॥৮॥
ইতীতি। স শক্রঃ। ত্বষ্টৃপুত্রস্য তস্য ত্রিশিরসঃ প্রলোভনে ॥৯॥
যথেতি। সজ্জেৎ আসক্তো ভবেৎ। মা চিরং ন বিলম্বধ্বম্ ॥১০॥

সে, একমুখদ্বারা বেদ অধ্যয়ন করিত, অপর মুখদ্বারা সুরাপান করিত এবং অন্য মুখদ্বারা সকল দিক্ই যেন গ্রাস করিতে থাকিয়া নিরীক্ষণ করিত ॥৫॥

অরিন্দম রাজা ! ক্রমে সে, তপস্বী, কোমলস্বভাব, জিতেন্দ্রিয় এবং ধর্ম্মে ও তপস্যায় প্রবৃত্ত হইয়া অতিদুষ্কর ও অতিতীব্র তপস্যা করিতে লাগিল ॥৬॥

ক্রমে ইন্দ্র সেই অমিততেজার তপোবল ও সত্যপরায়ণতা দেখিয়া 'এ ইন্দ্র হইয়া না পড়ে' এইরূপে উদ্বিগ্ন হইয়া পড়িলেন ॥৭॥

'ত্রিশিরা কি প্রকারে ভোগে আসক্ত হইবে, কি প্রকারেই বা তপস্যা করিবে না ; কিন্তু সে বিশেষ বৃদ্ধি পাইলে সমগ্র ত্রিভুবনই গ্রাস করিবে' ॥৮॥

ভরতশ্রেষ্ঠ ! বুদ্ধিমান্ ইন্দ্র এই প্রকার বহুতর চিন্তা করিয়া সেই ত্রিশিরার প্রলোভনের জন্য অপ্সরাদিগকে আদেশ করিলেন—॥৯॥

'অপ্সরোগণ ! ত্রিশিরা যাহাতে কামভোগে অত্যন্ত আসক্ত হয়, তোমরা সত্বর তাহা কর, যাও, যাইয়া তাহাকে প্রলুব্ধ কর, বিলম্ব করিও না ॥১০॥

(৬)…তপস্তস্য মহত্তীব্রম্…বা ব রা ন। (৮)…সর্ব্বং হি ভুবনম্…বা ব রা নি। (১০)…কামলোভেষু…পি।

শৃঙ্গারবেষাঃ সুশ্রোণ্যো হারৈর্যুক্তা মনোহরৈঃ।
হাবভাবসমাযুক্তাঃ সর্ব্বাঃ সৌন্দর্য্যশোভিতাঃ।
প্রলোভয়ত ভদ্রং বঃ শময়ধ্বং ভয়ং মম ॥১১॥
অস্বস্থং হ্যাত্মনাত্মানং লক্ষয়ামি বরাঙ্গনাঃ!।
ভয়মেতন্মহাঘোরং ক্ষিপ্রং নাশয়তাবলাঃ! ॥১২॥

অপ্সরস ঊচুঃ।

তথা যত্নং করিষ্যামঃ শক্র! তস্য প্রলোভনে।
যথা নাবাপ্স্যসি ভয়ং তস্মাদ্বলনিষূদন! ॥১৩॥
নির্দ্দহন্নিব চক্ষুর্ভ্যাং যোঽসাবাস্তে তপোনিধিঃ।
তং প্রলোভয়িতুং দেব! গচ্ছামঃ সহিতা বয়ম্।
যতিষ্যামো বশে কর্ত্তুং ব্যপনেতুঞ্চ তে ভয়ম্ ॥১৪॥

ভারতকৌমুদী

শৃঙ্গারেতি। সুশ্রোণ্যঃ সুন্দরনিতম্বাঃ। "নির্ব্বিকারাত্মকে চিত্তে ভাবঃ প্রথমবিক্রিয়া।" "ভাব এবাল্পসংলক্ষ্যবিকারো হাব উচ্যতে।" ইতি সাহিত্যদর্পণঃ। তাভ্যাং তচ্চেষ্টাভ্যাং সমাযুক্তা যূয়ম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

অস্বস্থমিতি। মহাঘোরং নিতান্তাধিকম্। অধিকার্থে ঘোরশব্দপ্রয়োগ উত্তররামচরিতেঽপি। যথা—"ঘোরং লোকে বিততমযশঃ ..." ইতি ॥১২॥

তথেতি। শক্র! হে ইন্দ্র!। বলনিষূদন! হে বলাসুরনাশক! ॥১৩॥

নির্দ্দহন্নিতি। সহিতাঃ সম্মিলিতাঃ। ব্যপনেতুং নাশয়িতুম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

তোমরা সকলেই সুনিতম্বা ও সর্ব্বাঙ্গসুন্দরী। সুতরাং তোমরা শৃঙ্গারোপযোগী বেষ ও মনোহর হার ধারণ করিয়া এবং হাব-ভাব-সমাযুক্ত হইয়া যাইয়া তাহাকে প্রলুব্ধ কর এবং আমার ভয় দূর কর; তোমাদের মঙ্গল হউক ॥১১॥

উত্তমরমণীগণ! আমি নিজেই নিজেকে অসুস্থ বলিয়া লক্ষ্য করিতেছি। অতএব অবলাগণ! তোমরা সত্বর আমার এই গুরুতর ভয় নিবারণ কর' ॥১২॥

অপ্সরোগণ বলিল—'দেবরাজ! বলনিষূদন! আপনি যাহাতে ত্রিশিরা হইতে ভয় না পান, সেই ভাবেই আমরা তাঁহার প্রলোভনের চেষ্টা করিব ॥১৩॥

দেব! ঐ যে তপোনিধি নয়নযুগলদ্বারা দগ্ধ করতই যেন অবস্থান করিতেছেন, উঁহাকে প্রলুব্ধ করিবার জন্য আমরা মিলিত হইয়া যাইব এবং উঁহাকে বশীভূত করিবার জন্য এবং আপনার ভয় দূর করিবার জন্য চেষ্টা করিব' ॥১৪॥

(১১)...হাবহাস্য...পি। (১২) অস্বস্থম্...ভয়ং তন্মে...বা ব রা নি।

শল্য উবাচ।

ইন্দ্রেণ তাস্ত্বনুজ্ঞাতা জগ্মুস্ত্রিশিরসোঽন্তিকম্।
তত্র তা বিবিধৈর্ভাবৈর্লোভয়ন্ত্যো বরাঙ্গনাঃ ॥১৫॥
নৃত্যং সংদর্শয়ামাসুস্তথৈবাঙ্গেষু সৌষ্ঠবম্।
নাভ্যগচ্ছৎ প্রহর্ষং তাঃ স পশ্যন্ সুমহাতপাঃ ॥১৬॥
ইন্দ্রিয়াণি বশে কৃত্বা পূর্ণসাগরসন্নিভঃ।
তাস্তু যত্নং পরং কৃত্বা পুনঃ শক্রমুপস্থিতাঃ ॥১৭॥ (বিশেষকম্)
কৃতাঞ্জলিপুটাঃ সর্ব্বা দেবরাজমথাব্রুবন্।
ন স শক্যঃ সুদুর্দ্ধর্ষো ধৈর্য্যাচ্চালয়িতুং বিভো ! ॥১৮॥
যত্তে কার্য্যং মহাভাগ ! ক্রিয়তাং তদনন্তরম্।
সম্পূজ্যাপ্সরসঃ শক্রো বিসৃজ্য চ মহামতিঃ ॥১৯॥
চিন্তয়ামাস তস্যৈব বধোপায়ং মহাত্মনঃ।
স তূষ্ণীং চিন্তয়ন্ বীরো দেবরাজঃ প্রতাপবান্ ॥২০॥

ভারতকৌমুদী

ইন্দ্রেণেতি। ত্রিশিরসস্ত্বষ্টৃপুত্রস্য। সৌষ্ঠবং নৈপুণ্যম্। প্রহর্ষমানন্দম্। পূর্ণসাগরসন্নিভঃ অক্ষুব্ধ ইত্যর্থঃ। যত্নং প্রলোভনচেষ্টাম্ ॥১৫—১৭॥

কৃতেতি। সর্ব্বা অপ্সরসঃ। স ত্রিশিরাঃ ॥১৮॥

শল্য বলিলেন—'ইন্দ্রের অনুমতিক্রমে সেই অপ্সরারা ত্রিশিরার নিকট গমন করিল এবং তাহারা নানাপ্রকারে প্রলুব্ধ করিতে থাকিয়া নৃত্য ও অঙ্গচালননৈপুণ্য দেখাইল। কিন্তু অতিমহাতপা ত্রিশিরা তাহাদিগকে দেখিয়াও আনন্দ লাভ করিল না; বরং ইন্দ্রিয়গুলিকে বশীভূত করিয়া পূর্ণ সমুদ্রের ন্যায় অক্ষুব্ধই রহিল। সুতরাং অপ্সরারা প্রলোভনের জন্য বিশেষ চেষ্টা করিয়া পুনরায় ইন্দ্রের নিকট উপস্থিত হইল ॥১৫—১৭॥

তাহার পর অপ্সরারা সকলে কৃতাঞ্জলি হইয়া দেবরাজকে বলিল—'প্রভু! আমরা অতিদুর্দ্ধর্ষ ত্রিশিরাকে ধৈর্য্য হইতে বিচলিত করিতে পারিলাম না ॥১৮॥

অতএব মহাভাগ! এখন আপনার যাহা কর্ত্তব্য, তাহা আপনি করুন'। তদনন্তর মহামতি ইন্দ্র অপ্সরাদিগকে সম্মানিত করিয়া এবং বিদায় দিয়া, সেই মহাত্মা ত্রিশিরারই বধের উপায় চিন্তা করিতে লাগিলেন। ক্রমে বীর, প্রতাপ-

(১৬) নিত্যং সংদর্শয়ামাসুঃ…বা ব রা, নৃত্তং সংদর্শয়ামাসুঃ…নি। (১৭)…পূর্ব্বসাগর…বা ব রা। (১৮)…চালয়িতুং প্রভো!—বা ব রা নি। (২০)…বধোপায়ং মহামতিঃ…বা ব রা নি।

বিনিশ্চিতমতির্ধীমান্ বধে ত্রিশিরসোঽভবৎ ।
বজ্রমস্য ক্ষিপাম্যদ্য স ক্ষিপ্রং ন ভবিষ্যতি ॥২১॥ (বিশেষকম্)
শক্রঃ প্রবৃদ্ধো নোপেক্ষ্যো দুর্ব্বলোঽপি বলীয়সা ।
শাস্ত্রবুদ্ধ্যা বিনিশ্চিত্য কৃত্বা বুদ্ধিং বধে দৃঢ়াম্ ॥২২॥
অথ বৈশ্বানরনিভং ঘোররূপং ভয়াবহম্ ।
মুমোচ বজ্রং সংক্রুদ্ধঃ শক্রস্ত্রিশিরসং প্রতি ॥২৩॥ (যুগ্মকম্)
স পপাত ততস্তেন বজ্রেণ দৃঢ়মাহতঃ ।
পর্বতস্যেব শিখরং প্রণুন্নং ধরণীতলে ॥২৪॥
তং তু বজ্রহতং দৃষ্ট্বা শয়ানমচলোপমম্ ।
ন শর্ম্ম লেভে দেবেন্দ্রো দীপিতস্তস্য তেজসা ॥২৫॥

ভারতকৌমুদী

যদিতি। কার্য্যং কর্ত্তব্যমস্তি। সম্পূজ্য সম্মান্য। তস্য ত্রিশিরসঃ। অস্য ত্রিশিরস উপরি। স ত্রিশিরাঃ, ক্ষিপ্রং ন ভবিষ্যতি ন স্থাস্যতি বিনঙ্ক্ষ্যতীত্যর্থঃ ॥১৯—২১॥

শক্ররিতি। প্রবৃদ্ধঃ প্রকর্ষেণ বর্দ্ধমানঃ। বৈশ্বানরনিভমগ্নিতুল্যম্ ॥২২—২৩॥

স ইতি। শিখরং শৃঙ্গম্, প্রণুন্নং বজ্রেণৈব ছিন্নম্ ॥২৪॥

তমিতি। শর্ম্ম সুখম্। দীপিত আলোকিতঃ ॥২৫॥

শালী ও বুদ্ধিমান্ দেবরাজ নীরবে চিন্তা করিতে থাকিয়া ত্রিশিরার বধবিষয়ে এইরূপ বুদ্ধি স্থির করিলেন যে, 'আমি অদ্যই ত্রিশিরার উপরে বজ্রক্ষেপ করিব; তাহা হইলেই সে সত্বর বিনষ্ট হইবে' ॥১৯—২১॥

'দুর্ব্বল শত্রুও বৃদ্ধি পাইতে লাগিলে, প্রবল ব্যক্তি সেই শত্রুকে উপেক্ষা করিবেন না' এই নীতিশাস্ত্রজ্ঞান অনুসারে ইন্দ্র ত্রিশিরার বধে দৃঢ় বুদ্ধি করিয়া অত্যন্তক্রুদ্ধ হইয়া ত্রিশিরার প্রতি অগ্নিতুল্য ভয়ঙ্করমূর্ত্তি ও ভয়জনক বজ্র নিক্ষেপ করিলেন ॥২২—২৩॥

তাহার পর ত্রিশিরা সেই বজ্রদ্বারা গুরুতর আহত হইয়া ছিন্ন পর্ব্বতশৃঙ্গের ন্যায় ভূতলে পতিত হইল ॥২৪॥

কিন্তু ত্রিশিরা বজ্রহত হইয়া ভূতলে পর্ব্বতের ন্যায় শয়িত রহিয়াছে, ইহা দেখিয়াও, তাহার তেজে আলোকিত হইয়া দেবরাজ শান্তি লাভ করিতে পারিলেন না ॥২৫॥

(২৪)···হতস্তেন···মেদিনীতলে—বা ব,রা নি।

হতোঽপি দীপ্ততেজাঃ স জীবন্নিব হি দৃশ্যতে।
ঘাতিতস্য শিরাংস্যাজৌ জীবন্তীবাদ্ভুতানি বৈ ॥২৬॥
ততোঽতিভীতরূপস্তু শক্র আস্তে বিচারয়ন্।
অথাজগাম পরশুং স্কন্ধেনাদায় বর্দ্ধকিঃ ॥২৭॥
তদরণ্যং মহারাজ ! যত্রাস্তেঽসৌ নিপাতিতঃ।
স ভীতস্তত্র তক্ষাণং ঘটমানং শচীপতিঃ ॥২৮॥
অপশ্যদব্রবীচ্চৈনং সত্বরং পাকশাসনঃ।
ক্ষিপ্রং ছিন্ধি শিরাংস্যস্য কুরুষ্ব বচনং মম ॥২৯॥ (বিশেষকম্)

তক্ষোবাচ।

মহাস্কন্ধো ভৃশং হ্যেষ পরশুর্ন ভবিষ্যতি।
কর্ত্তুঞ্চাহং ন শক্যামি কর্ম্ম সদ্ভিবিগর্হিতম্ ॥৩০॥

ভারতকৌমুদী

হত ইতি। আজৌ যুদ্ধে, জীবন্তীব উদ্দীপনশক্তানীব ॥২৬॥

তত ইতি। আস্তে তিষ্ঠতি স্ম। বর্দ্ধকিঃ কশ্চিৎ তক্ষা। ঘটমানম্ অকস্মাদাগতম্। পাকশাসন ইন্দ্রঃ। অস্য ত্রিশিরসঃ ॥২৭—২৯॥

ভারতভাবদীপঃ

কথমিতি ॥১—১০॥ হাবঃ শৃঙ্গারচেষ্টা, ভাবাঃ চিত্তবিকারাঃ তৈর্যথাযোগ্যৈর্যুক্তাঃ ॥১১—১৫॥ সৌষ্ঠবং সৌন্দর্য্যং প্রহর্ষং লব্ধা ভোগেনেতি শেষঃ ॥১৬—২৬॥ বর্দ্ধকিঃ তক্ষা ॥২৭—২৯॥ ন

কারণ, উজ্জ্বলতেজা ত্রিশিরা নিহত হইয়াও জীবিতের তুল্যই দৃষ্টিগোচর হইতেছিল এবং নিহত ত্রিশিরার মস্তকগুলিও জীবিত ব্যক্তির মস্তকের ন্যায়ই অদ্ভুত দেখা যাইতেছিল ॥২৬॥

তাহাতে অত্যন্তভীত হইয়া দেবরাজ মনে মনে বিতর্ক করিতে থাকিয়া অবস্থান করিতে লাগিলেন। মহারাজ ! তাহার পর একজন বর্দ্ধকি (কাঠের মিস্ত্রি) স্কন্ধে একখানা কুঠার লইয়া—যেখানে ঐ ত্রিশিরা নিপাতিত ছিল, সেই বনে আগমন করিল। তখন ভীত শচীপতি ইন্দ্র অকস্মাৎ উপস্থিত সেই বর্দ্ধকিকে দেখিলেন এবং তৎক্ষণাৎ তাহাকে বলিলেন—'তুমি সত্বর উহার মস্তকগুলি ছেদন কর, আমার বাক্য রক্ষা কর' ॥২৭—২৯॥

বর্দ্ধকি বলিল—'ইহার গলদেশ অত্যন্তদৃঢ়। সুতরাং আমার এই কুঠার

(২৭) ততোঽতিভীতগাত্রস্তু···বা ব রা নি। (৩০) ···ন শক্ষ্যামি···বা ব রা নি।

ইন্দ্র উবাচ।

মা ভৈস্ত্বং শীঘ্রমেতদ্বৈ কুরুষ্ব বচনং মম।
মৎপ্রসাদাদ্ধি তে শস্ত্রং বজ্রকল্পং ভবিষ্যতি ॥৩১॥

তক্ষোবাচ।

কং ভবন্তমহং বিদ্যাং ঘোরকর্ম্মাণমদ্য বৈ।
এতদিচ্ছাম্যহং শ্রোতুং তত্ত্বেন কথয়স্ব মে ॥৩২॥

ইন্দ্র উবাচ।

অহমিন্দ্রো দেবরাজস্তক্ষন্! বিদিতমস্তু তে।
কুরুষ্বৈতদ্‌যথোক্তং মে তক্ষন্! মাত্র বিচারয় ॥৩৩॥

তক্ষোবাচ।

ক্রূরেণ নাপত্রপসে কথং শক্রেহ কর্ম্মণা।
ঋষিপুত্রমিমং হত্বা ব্রহ্মহত্যাভয়ং ন তে ॥৩৪॥

ভারতকৌমুদী

মহেতি। মহাস্কন্ধো দৃঢ়গলঃ। ন ভবিষ্যতি ছেদনসমর্থ ইতি শেষঃ ॥৩০॥
মেতি। বজ্রকল্পং দৃঢ়ম্। অতএবাস্য ছেদনসমর্থমপি ভবিষ্যতীতি ভাবঃ ॥৩১॥
কমিতি। বিদ্যাং জানীয়াম্। তত্ত্বেন যাথার্থ্যেন ॥৩২॥
অহমিতি। মে ময়া যথা উক্তম্, এতৎ তথা কুরুষ্ব ॥৩৩॥
ক্রূরেণেতি। ক্রূরেণ নিষ্ঠুরেণ, অপত্রপসে লজ্জসে ॥৩৪॥

ইহা ছেদন করিতে সমর্থ হইবে না। বিশেষতঃ, আমিও এই সজ্জনবিগর্হিত কার্য্য করিতে পারিব না' ॥৩০॥

ইন্দ্র বলিলেন—'বর্দ্ধকি! তুমি ভয় করিও না; সত্বর আমার এই কথা রাখ। আমার অনুগ্রহে তোমার অস্ত্র বজ্রতুল্য হইবে' ॥৩১॥

বর্দ্ধকি বলিল—'এই দারুণকর্ম্মা আপনি কে? ইহা আমি শুনিতে ইচ্ছা করি; আপনি আমার নিকট যথার্থ বলুন' ॥৩২॥

ইন্দ্র বলিলেন—'বর্দ্ধকি! তুমি জানিয়া রাখ যে, আমি দেবরাজ ইন্দ্র। অতএব আমি যেমন বলিয়াছি, তেমন কার্য্য কর; এবিষয়ে কোন বিচার করিও না' ॥৩৩॥

বর্দ্ধকি বলিল—'দেবরাজ! আপনি এই নিষ্ঠুরকার্য্যদ্বারা কেন লজ্জিত হইতেছেন না? এই ঋষিপুত্রকে হত্যা করিয়া আপনার কি ব্রহ্মহত্যার ভয়ও হয় নাই?' ॥৩৪॥

ইন্দ্র উবাচ।

পশ্চাদ্ধর্ম্মং চরিষ্যামি পাবনার্থং সুদুশ্চরম্।
শত্রুরেষ মহাবীর্য্যো বজ্রেণ নিহতো ময়া ॥৩৫॥
অদ্যাপি চাহমুদ্বিগ্নস্তক্ষন্নস্মাদ্বিভেমি বৈ।
ক্ষিপ্রং ছিন্ধি শিরাংসি ত্বং করিষ্যেঽহনুগ্রহং তব ॥৩৬॥
শিরঃ পশোস্তে দাস্যন্তি ভাগং যজ্ঞেষু মানবাঃ।
এষ তেঽনুগ্রহস্তক্ষন্! ক্ষিপ্রং কুরু মম প্রিয়ম্ ॥৩৭॥

শল্য উবাচ।

এতচ্ছ্রুত্বা তু তক্ষা স মহেন্দ্রবচনাত্তদা।
শিরাংস্যথ ত্রিশিরসঃ কুঠারেণাচ্ছিনত্তদা ॥৩৮॥
নিকৃত্তেষু ততস্তেষু নিষ্ক্রামন্নণ্ডজাস্ত্বথ।
কপিঞ্জলাস্তিত্তিরাশ্চ কলাবঙ্কাশ্চ সংঘশঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

পশ্চাদিতি। পাবনার্থম্ আত্মনঃ শোধনার্থম্ এতৎপাপক্ষয়ার্থমিত্যর্থঃ ॥৩৫॥
অদ্যেতি। হে তক্ষন্! বর্দ্ধকে! অস্মাৎ ত্রিশিরসঃ ॥৩৬॥
শির ইতি। মানবা যজ্ঞেষু পশোঃ শিরস্তে ভাগং দাস্যন্তি ॥৩৭॥
এতদিতি। স তক্ষা বর্দ্ধকিঃ। শিরাংসি ত্রীণ্যেব ॥৩৮॥
নিকৃত্তেষ্বিতি। নিকৃত্তেষু ছিন্নেষু। নিষ্ক্রামন্ নিরক্রামন্, অণ্ডজাঃ পক্ষিণঃ ॥৩৯॥

ইন্দ্র বলিলেন—'আমি পরে আত্মশোধনের জন্য অতিদুষ্কর ধর্ম্ম আচরণ করিব। এই মহাবল অসুর আমার শত্রু; তাই আমি উহাকে বজ্রদ্বারা নিহত করিয়াছি ॥৩৫॥

বর্দ্ধকি! আমি এখনও উদ্বিগ্ন রহিয়াছি এবং উহার ভয় করিতেছি। অতএব সত্বর তুমি উহার মস্তকগুলি ছেদন কর, আমি তোমার প্রতি অনুগ্রহ করিব ॥৩৬॥

বর্দ্ধকি! মানুষেরা যজ্ঞ করিবার সময়ে পশুর মস্তকই তোমাকে তোমার ভাগস্বরূপ দান করিবে। ইহাই তোমার প্রতি আমার অনুগ্রহ। অতএব তুমি সত্বর আমার প্রিয়কার্য্য কর' ॥৩৭॥

শল্য বলিলেন—'তখন সেই বর্দ্ধকি এই কথা শুনিয়া ইন্দ্রের বচন অনুসারে তখনই কুঠারদ্বারা ত্রিশিরার মস্তকগুলি ছেদন করিল ॥৩৮॥

(৩৫)…সুদুস্তরম্…পি। (৩৬)…তক্ষংস্তস্মাৎ…পি। (৩৯)… নিষ্ক্রামন্তি শিরঃস্বথ…পি,…কলবিঙ্কাশ্চ সর্ব্বশঃ—বা ব রা নি।

যেন বেদানধীতে স্ম পিবতে সোমমেব চ।
তস্মাদ্বক্ত্রাদ্বিনিশ্চেরুঃ ক্ষিপ্রং তস্য কপিঞ্জলাঃ ॥৪০॥
যেন সর্বা দিশো রাজন্! পিবন্নিব নিরীক্ষতে।
তস্মাদ্বক্ত্রাদ্বিনিশ্চেরুস্তিত্তিরাস্তস্য পাণ্ডব! ॥৪১॥
যৎ সুরাপন্তু তস্যাসীদ্বক্ত্রং ত্রিশিরসস্তদা।
কলবিঙ্কা বিনিষ্পেতুঃ শ্যেনাশ্চ ভরতর্ষভ! ॥৪২॥
ততস্তেষু নিকৃত্তেষু বিজ্বরো মঘবানথ।
জগাম ত্রিদিবং হৃষ্টস্তক্ষাপি স্বগৃহং যযৌ।
মেনে কৃতার্থমাত্মানং হত্বা শত্রুং সুরারিহা ॥৪৩॥
ত্বষ্টা প্রজাপতিঃ শ্রুত্বা শক্রেণাথ হতং সুতম্।
ক্রোধসংরক্তনয়ন ইদং বচনমব্রবীৎ ॥৪৪॥

ভারতকৌমুদী

যেনেতি। যেন বক্ত্রেণ, অধীতে স্ম স ত্রিশিরাঃ, সোমং রসম্ ॥৪০॥

যেনেতি। নিরীক্ষতে স্ম। তস্য ত্রিশিরসঃ ॥৪১॥

যদিতি। সুরাপং সুরাপানকারি। বিনিষ্পেতুঃ নির্জগ্মুঃ ॥৪২॥

তত ইতি। তেষু শিরঃসু, নিকৃত্তেষু ছিন্নেষু, বিজ্বরো নিঃসন্তাপো নিরুদ্বেগ ইত্যর্থঃ। তক্ষা স বর্দ্ধকিঃ। সুরারিহা অসুরহন্তা ইন্দ্রঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৩॥

ত্বষ্টেতি। শক্রেণ ইন্দ্রেণ, হতং নিষ্পন্নং ত্রিশিরসম্ ॥৪৪॥

সেই মস্তকগুলি ছিন্ন হইলে, সেগুলি হইতে চাতক, তিত্তিরি এবং চড়ুই পক্ষী সকল দলে দলে নির্গত হইল ॥৩৯॥

ত্রিশিরা যে মুখদ্বারা বেদপাঠ ও সোমপান করিত, তাহার সেই মুখ হইতে সত্বরই চাতকপক্ষী সকল নির্গত হইল ॥৪০॥

রাজা! পাণ্ডুনন্দন! ত্রিশিরা যে মুখদ্বারা সকল দিকই যেন পান করিতে থাকিয়া নিরীক্ষণ করিত, তাহার সেই মুখ হইতে তিত্তিরিপক্ষী সকল বহির্গত হইল ॥৪১॥

আর ভরতশ্রেষ্ঠ! সেই ত্রিশিরার যে মুখখানা সুরাপান করিত, সেই মুখ হইতে তখন চড়ুই ও শ্যেনপক্ষী সকল নির্গত হইল ॥৪২॥

সেই মস্তকগুলি ছিন্ন হইলে, ইন্দ্র নিরুদ্বেগ ও আনন্দিত হইয়া স্বর্গে চলিয়া গেলেন; বর্দ্ধকিও আপন ভবনে গমন করিল। তৎকালে ইন্দ্র শত্রুবধ করিয়া আপনাকে কৃতার্থ মনে করিয়াছিলেন ॥৪৩॥

(৪০)···বক্ত্রাদ্বিনিষ্পেতুঃ···পি। (৪১)···বিনিষ্পেতুস্তিত্তিরাঃ···পি।

ত্বষ্টোবাচ।

তপ্যমানং তপো নিত্যং ক্ষান্তং দান্তং জিতেন্দ্রিয়ম্।
বিনাপরাধেন যতঃ পুত্রং হিংসিতবান্ মম।
তস্মাচ্ছক্রবিনাশায় বৃত্রমুৎপাদয়াম্যহম্ ॥৪৫॥
লোকাঃ পশ্যন্তু মে বীর্য্যং তপসশ্চ বলং মহৎ।
স চ পশ্যতু দেবেন্দ্রো দুরাত্মা পাপচেতনঃ ॥৪৬॥
উপস্পৃশ্য ততঃ ক্রুদ্ধস্তপস্বী সুমহাযশাঃ।
অগ্নৌ হুত্বা সমুৎপাদ্য ঘোরং বৃত্রমুবাচ হ ॥৪৭॥
ইন্দ্রশত্রো! বিবর্দ্ধস্ব প্রভাবাত্তপসো মম।
সোঽবর্দ্ধত দিবং স্তব্ধ্বা সূর্য্যবৈশ্বানরোপমঃ ॥৪৮॥
কিং করোমীতি চোবাচ কালসূর্য্য ইবোদিতঃ।
শক্রং জহীতি চাপ্যুক্তো জগাম ত্রিদিবং ততঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

তপেতি। ক্ষান্তং ক্ষমাযুক্তম্, দান্তং মনোদমনান্বিতম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৫॥
লোকা ইতি। বীর্য্যং মনসো বলম্। পাপচেতনঃ পাপান্বিতচিত্তঃ ॥৪৬॥
উপেতি। উপস্পৃশ্য আচম্য, "উপস্পর্শস্ত্বাচমনম্" ইত্যমরঃ ॥৪৭॥
ইন্দ্রেতি। হে ইন্দ্রশত্রো! বৃত্র!। স্তব্ধ্বা আক্রম্য ॥৪৮॥

এদিকে ইন্দ্র আপন পুত্র ত্রিশিরাকে বধ করিয়াছেন, ইহা শুনিয়া ত্বষ্টা প্রজাপতি ক্রোধে আরক্তনয়ন হইয়া এই কথা বলিলেন ॥৪৪॥

ত্বষ্টা বলিলেন—'আমার পুত্র ত্রিশিরা তপস্যা করিতেছিল এবং সর্ব্বদাই ক্ষমাশীল, চিত্তদমনকারী ও জিতেন্দ্রিয় ছিল; এই অবস্থায় ইন্দ্র যখন বিনা অপরাধে তাহাকে বধ করিয়াছে; তখন ইন্দ্রবধের জন্য আমি 'বৃত্র'-নামক পুত্র উৎপাদন করিব ॥৪৫॥

জগতের লোক আমার মনের বল ও তপস্যার গুরুতর বল দর্শন করুক এবং দুরাত্মা ও পাপচিত্ত ইন্দ্রও দেখুক' ॥৪৬॥

তাহার পর তপস্বী ও মহাযশা ত্বষ্টা প্রজাপতি ক্রুদ্ধ হইয়া আচমনপূর্ব্বক অগ্নিতে আহুতি দিয়া ভয়ঙ্কর বৃত্রাসুরকে উৎপাদন করিয়া তাহাকে বলিলেন—॥৪৭॥

'ইন্দ্রশত্রু! তুমি আমার তপস্যার প্রভাবে বৃদ্ধি লাভ কর'। তখন অগ্নি ও সূর্য্যের তুল্য তেজস্বী বৃত্রাসুর আকাশ আক্রমণ করিয়া বৃদ্ধি পাইল ॥৪৮॥

(৪৫)…অনপরাধিনং যস্মাৎ…তস্মাচ্ছক্রবধার্থায়…পি।

তেতো যুদ্ধং সমভবদ্‌বৃত্রবাসবয়োর্মহৎ ।
সংক্রুদ্ধয়োর্মহাঘোরং প্রসক্তং কুরুসত্তম ! ॥৫০॥
ততো জগ্রাহ দেবেন্দ্রং বৃত্রো বীরঃ শতক্রতুম্ ।
অপাবৃত্যাক্ষিপদ্বক্ত্রে শক্রং কোপসমন্বিতঃ ॥৫১॥
গ্রস্তে বৃত্রেণ শক্রে তু সংভ্রান্তাস্ত্রিদশেশ্বরাঃ ।
অসৃজংস্তে মহাসত্ত্বা জৃম্ভিকাং বৃত্রনাশিনীম্ ॥৫২॥
বিজৃম্ভমাণস্য ততো বৃত্রস্যাস্যাদপাবৃতাৎ ।
স্বান্যঙ্গান্যভিসংক্ষিপ্য নিষ্ক্রান্তো বলনাশনঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

কিমিতি। উবাচ স বৃত্র ইত্যনুবৃত্তিঃ, উক্তঃ ত্বষ্ট্রা ॥৪৯॥

তত ইতি। প্রসক্তং প্রবৃত্তম্। কুরুসত্তম! যুধিষ্ঠির! ॥৫০॥

তত ইতি। অপাবৃত্য ব্যাদায় ॥৫১॥

গ্রস্ত ইতি। শক্রে বৃত্রেণ গ্রস্তে সতি তু, মহাসত্ত্বা মহাপ্রভাবাঃ, তে ত্রিদশেশ্বরাঃ, সম্ভ্রান্তা উদ্বেগেন ব্যস্তচিত্তাঃ সন্তঃ, বৃত্রনাশিনীং তৎপ্রভাবনাশিনীং জৃম্ভিকামসৃজন্ ॥৫২॥

ভারতভাবদীপঃ

ভবিষ্যতি নঙ্ক্ষ্যতি ॥৩০—৪৬॥ উপস্পৃশ্য আচম্য ॥৪৭—৫১॥ অপাবৃত্য মুখং সম্প্রসার্য্য ॥৫২—৫৯॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবমোঽধ্যায়ঃ ॥৯॥

এবং প্রলয়কালের সূর্য্যের ন্যায় উদিত সেই বৃত্রাসুর বলিল—'আমি কি করিব'। ত্বষ্টা বলিলেন—'ইন্দ্রকে বধ কর'। তাহার পর বৃত্রাসুর স্বর্গে গমন করিল ॥৪৯॥

কৌরবশ্রেষ্ঠ! তাহার পর অত্যন্তক্রুদ্ধ ইন্দ্র ও বৃত্রাসুরের অতিভয়ঙ্কর ও গুরুতর যুদ্ধ হইতে লাগিল ॥৫০॥

তখন মহাবীর বৃত্রাসুর ক্রুদ্ধ হইয়া দেবরাজ শতক্রতু ইন্দ্রকে ধরিল এবং মুখব্যাদানপূর্ব্বক তাহার ভিতরে ইন্দ্রকে নিক্ষেপ করিল ॥৫১॥

বৃত্রাসুর ইন্দ্রকে গ্রাস করিলে, মহাপ্রভাবশালী প্রধান দেবতারা উদ্বেগে অস্থির হইয়া বৃত্রের প্রভাবনাশক জৃম্ভণ (হাইতোলা) সৃষ্টি করিলেন ॥৫২॥

তখন বৃত্রাসুর জৃম্ভণ করিতে (হাই তুলিতে) থাকায় যেই তাহার মুখ প্রসারিত হইল, অমনি ইন্দ্র আপন অঙ্গ সকল সঙ্কুচিত করিয়া তাহার মুখ হইতে নির্গত হইলেন ॥৫৩॥

---

(৫০)…বৃত্রবাসবয়োস্তদা…পি।

ততঃ প্রভৃতি লোকেষু জৃম্ভিকা প্রাণসংশ্রিতা।
জহৃষুশ্চ সুরাঃ সর্ব্বে দৃষ্ট্বা শক্রং বিনিঃসৃতম্ ॥৫৪॥
ততঃ প্রববৃতে যুদ্ধং বৃত্রবাসবয়োঃ পুনঃ।
সংরব্ধয়োস্তদা ঘোরং সুচিরং ভরতর্ষভ ! ॥৫৫॥
যদা ব্যবর্দ্ধত রণে বৃত্রো বলসমন্বিতঃ।
ত্বষ্টুস্তেজোবলাবিদ্ধস্তদা শক্রো ন্যবর্ত্তত ॥৫৬॥
নিবৃত্তে চ তদা দেবা বিষাদমগমন্ পরম্।
সমেত্য সহ শক্রেণ ত্বষ্টুস্তেজোবিমোহিতাঃ ॥৫৭॥
অমন্ত্রয়ন্ত তে সর্ব্বে মুনিভিঃ সহ ভারত !।
কিং কার্য্যমিতি বৈ রাজন্ ! বিচিন্ত্য ভয়মোহিতাঃ ॥৫৮॥

ভারতকৌমুদী

বিজৃম্ভেতি। আস্যান্মুখাৎ, অপাবৃতাৎ প্রসারিতাৎ। অভিসংক্ষিপ্য সঙ্কোচ্য ॥৫৩॥
তত ইতি। জৃম্ভিকা জৃম্ভণম্, প্রাণসংশ্রিতা লোকানাং প্রাণবায়ুবলম্বিনী ॥৫৪॥
তত ইতি। সংরব্ধয়োঃ অতীবক্রুদ্ধয়োঃ ॥৫৫॥
যদেতি। ত্বষ্টুঃ প্রজাপতেঃ তেজোবলেন আবিদ্ধ আবিষ্টঃ ॥৫৬॥
নিবৃত্ত ইতি। শক্রে নিবৃত্তে চ সতি। সমেত্য মিলিত্বা ॥৫৭॥
অমন্ত্রয়ন্তেতি। তে দেবাঃ। কার্য্যম্ ইদানীং কর্ত্তব্যম্ ॥৫৮॥

তদবধি জগতে জৃম্ভিকা (হাইতোলা) প্রাণবায়ু অবলম্বন করিয়া রহিয়াছে। তাহার পর দেবতারা সকলে ইন্দ্রকে নির্গত দেখিয়া আনন্দিত হইলেন ॥৫৪॥

দর্পাবিষ্টশ্চ দুষ্টাত্মা মামুবাচ শতক্রতো ! ॥১৫॥
উপতিষ্ঠেতি মাং ক্রূরঃ কালঞ্চ কৃতবান্ মম ।
যদি ন ত্রাস্যসি বিভো ! করিষ্যতি স মাং বশে ॥১৬॥
এতেন চাহং সংপ্রাপ্তা দ্রুতং শক্র ! তবান্তিকম্ ।
জহি রৌদ্রং মহাবাহো ! নহুষং পাপনিশ্চয়ম্ ॥১৭॥
প্রকাশয় স্বমাত্মানং দৈত্যদানবসূদনম্ ।
তেজঃ সমাপ্নুহি বিভো ! দেবরাজ্যং প্রশাধি চ ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি
সঞ্জয়যানে ইন্দ্রাণীন্দ্রসংবাদে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

কিমিতি। সম্প্রাপ্তা আগতা, বিজ্ঞাতশ্চ ত্বয়া। বিচেষ্টিতং ব্যবহারম্ ॥১৪॥
কথনপ্রকারমাহ ইন্দ্রত্বমিতি। বীর্য্যসমন্বিতো নহুষঃ ॥১৫॥
কিমুবাচেত্যাহ উপেতি। উপতিষ্ঠ ভজ, মাং নহুষম্। কালং সঙ্গমকালনির্দ্দেশম্ ॥১৬॥
এতেনেতি। এতেন হেতুনা, সংপ্রাপ্তা আগতা। রৌদ্রং ভয়ঙ্করম্ ॥১৭॥

'দেবি! তুমি কি জন্য আসিয়াছ? কি প্রকারেই বা তুমি আমাকে জানিলে?'। তাহার পর শচীদেবী নহুষের ব্যবহারের কথা বলিলেন—॥১৪॥

'দেবরাজ! বলবান্ ও দুরাত্মা নহুষ ত্রিভুবনের রাজত্ব লাভ করিয়া দর্পিত হইয়া আমাকে বলিয়াছে—॥১৫॥

'ইন্দ্রাণি! তুমি আমাকে ভজন কর' এবং ক্রূরস্বভাব নহুষ আমার সঙ্গমকালের নির্দ্দেশও করিয়াছে। অতএব প্রভু! আপনি যদি আমাকে রক্ষা না করেন, তবে নহুষ আমাকে বশীভূত করিবে ॥১৬॥

দেবরাজ! এই জন্যই আমি আপনার নিকট দ্রুত আসিয়াছি। অতএব মহাবাহু! আপনি, ভয়ঙ্করপ্রকৃতি ও পাপমতি নহুষকে সংহার করুন ॥১৭॥

প্রভু! আপনি দৈত্যদানবনাশক আপন মূর্ত্তি প্রকাশ করুন, (পূর্ব্বের ন্যায়) তেজ ধারণ করুন এবং দেবরাজ্য শাসন করুন' ॥১৮॥

---

(১৬) উপতিষ্ঠেতি স ক্রূরঃ···বা ব রা নি। (১৭)···সংত্রস্তা প্রাপ্তা শক্র!···পি। (১৮) প্রকাশয়াত্মনাত্মানং দৈত্যদানবসূদন!·· বা ব রা, প্রকাশয়স্ব চাত্মানং দৈত্যদানবসূদন!···নি।

পঞ্চদশোঽধ্যায়ঃ।

শল্য উবাচ।

এবমুক্তঃ স ভগবান্ শচ্যা তাং পুনরব্রবীৎ।
বিক্রমস্য ন কালোঽয়ং নহুষো বলবত্তরঃ ॥১॥
বিবর্দ্ধিতশ্চ ঋষিভির্হব্যৈঃ কব্যৈশ্চ ভাবিনি!।
নীতিমত্র বিধাস্যামি দেবি! তাং কর্ত্তুমর্হসি ॥২॥
গুহ্যঞ্চৈতত্ত্বয়া কার্য্যং নাখ্যাতব্যং শুভে! কচিৎ।
গত্বা নহুষমেকান্তে ব্রবীহি তনুমধ্যমে! ॥৩॥

ভারতকৌমুদী

প্রেতি। স্বং স্বকীয়ম্, আত্মানং শরীরম্। তেজো বলম্ ॥১৮॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি সঞ্জয়যানে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥

এবমিতি। ভগবান্ ইন্দ্রঃ। তাং শচীম্। বলবত্তরো মদপেক্ষয়া ॥১॥

বীতি। দেবেভ্যো দেয়ানি দ্রব্যাণি হব্যানি, পিতৃভ্যো দেয়ানি চ কব্যানি তৈঃ ॥২॥

গুহ্যমিতি। গুহ্যং গুপ্তম্। একান্তে নির্জনে। হে তনুমধ্যমে! কৃশমধ্যে! ॥৩॥

ভারতভাবদীপঃ

অথেতি ॥১—৪॥ প্রহিতাং প্রস্থিতাম্ ॥৫—১৫॥ ত্রাস্যসি পালয়িষ্যসি, তদ্ভাব আর্ষঃ ॥১৬—১৮॥

ইতি উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥১৪॥

শল্য বলিলেন 'শচী এইরূপ বলিলে, ইন্দ্র পুনরায় তাঁহাকে বলিলেন—'এটা বিক্রম প্রকাশ করিবার সময় নহে। কারণ, নহুষ আমা অপেক্ষা বলবান্ ॥১॥

ভাবিনি! বিশেষতঃ ঋষিরা হব্য ও কব্য দিয়া নহুষকে বাড়াইয়াছেন। অতএব এ বিষয়ে আমি একটা কৌশল করিব; দেবি! তুমি তাহাই কর ॥২॥

কল্যাণি! তুমি গোপনে এই কার্য্য করিবে, কোথাও বলিবে না। কৃশমধ্যে! তুমি যাইয়া নির্জনে নহুষকে বল—॥৩॥

---

(১)···শচ্যা পুনরথাব্রবীৎ···পি। (২)···হব্যকব্যৈশ্চ ভামিনি!···নি।

ঋষিযানেন দিব্যেন মামুপৈহি জগৎপতে ! ।
এবং তব বশে প্রীতা ভবিষ্যামীতি তং বদ ॥৪॥
ইত্যুক্তা দেবরাজেন পত্নী সা কমলেক্ষণা ।
এবমস্ত্বিত্যথোক্ত্বা তু জগাম নহুষং প্রতি ॥৫॥
নহুষস্তাং ততো দৃষ্ট্বা সস্মিতো বাক্যমব্রবীৎ ।
স্বাগতং তে বরারোহে ! কিং করোমি শুচিস্মিতে ! ॥৬॥
ভক্তং মাং ভজ কল্যাণি ! কিমিচ্ছসি মনস্বিনি ! ।
তব কল্যাণি ! যৎ কার্য্যং তৎ করিষ্যে সুমধ্যমে ! ॥৭॥
ন চ ব্রীড়া ত্বয়া কার্য্যা সুশ্রোণি ! ময়ি বিশ্বসেঃ ।
সত্যেন বৈ শপে দেবি ! করিষ্যে বচনং তব ॥৮॥

ভারতকৌমুদী

ঋষীতি। ঋষিভির্বাহ্যং যানম্ ঋষিযানং তেন, দিব্যেন অলৌকিকেন ॥৪॥
ইতীতি। পত্নী দেবরাজস্যৈব, সা শচী ॥৫॥
নহুষ ইতি। সস্মিতঃ সমৃদুহাসঃ। স্বাগতং সুখেনাগমনং কিম্ ॥৬॥
ভক্তমিতি। ভক্তং ত্বদনুরক্তম্। হে মনস্বিনি! প্রশস্তচিত্তে! ॥৭॥
নেতি। ব্রীড়া লজ্জা। শপে শপথং করোমি ॥৮॥

'জগৎপতি! আপনি অলৌকিক ঋষিযানে আরোহণ করিয়া আমার নিকট আসুন। এইরূপ করিলেই আমি আনন্দিত হইয়া আপনার বশীভূত হইব' এইভাবেই নহুষকে বলিবে' ॥৪॥

দেবরাজ এই কথা বলিলে, পদ্মনয়না শচীদেবী 'এইরূপই হউক' এই কথা বলিয়া নহুষের নিকট চলিয়া গেলেন ॥৫॥

তাহার পর নহুষ তাঁহাকে দেখিয়া মৃদু হাস্য করিয়া এই কথা বলিল—'সুনিতম্বে! তোমার শুভাগমন ত? শুচিস্মিতে! আমি তোমার কি করিব' ॥৬॥

কল্যাণি! আমি তোমার ভক্ত; সুতরাং তুমি আমাকে ভজন কর; মনস্বিনি! তুমি কি ইচ্ছা করিতেছ? কল্যাণি! সুমধ্যমে! তোমার যে কার্য্য আছে, আমি তাহা করিব ॥৭॥

সুনিতম্বে! তুমি লজ্জা করিবে না, আমার উপরে বিশ্বাস করিবে। দেবি! আমি সত্য করিয়া শপথ করিতেছি—তোমার বাক্য রক্ষা করিব' ॥৮॥

(৬)···বিস্মিতো বাক্যমব্রবীৎ···পি।

ইন্দ্রাণ্যুবাচ।

যো মে কৃতস্ত্বয়া কালস্তমাকাঙ্ক্ষে জগৎপতে!।
ততস্ত্বমেব মে ভর্ত্তা ভবিষ্যসি সুরাধিপ! ॥৯॥
কার্য্যঞ্চ হৃদি মে যত্তদ্দেবরাজাবধারয়।
বক্ষ্যামি যদি মে রাজন্! প্রিয়মেতৎ করিষ্যসি ॥১০॥
বাক্যং প্রণয়সংযুক্তং ততঃ স্যাং বশগা তব।
ইন্দ্রস্য বাজিনো বাহা হস্তিনোঽথ রথাস্তথা ॥১১॥ (যুগ্মকম্)
ইচ্ছাম্যহমিহাপূর্ব্বং বাহনং তে সুরাধিপ!।
যন্ন বিষ্ণোর্ন রুদ্রস্য ন সুরাণাং ন রক্ষসাম্ ॥১২॥
বহন্তু ত্বাং মহাভাগা ঋষয়ঃ সঙ্গতা বিভো!।
সর্ব্বে শিবিকয়া রাজন্নেতদ্ধি মম রোচতে ॥১৩॥

ভারতকৌমুদী

য ইতি। কালঃ সঙ্গমকালনির্দ্দেশঃ ॥৯॥

কার্য্যমিতি। অবধারয় আকর্ণয়। এতৎ প্রণয়সংযুক্তং মে প্রিয়ং বাক্যং যদি করিষ্যসি, ততস্তদা তব বশগা স্যাম্। বাহা বাহনান্যাসন্ ॥১০—১১॥

ইচ্ছামীতি। অপূর্ব্বং পূর্ব্বমবিদ্যমানম্। যন্ন বর্ত্ততে ॥১২॥

কিং তদপূর্ব্বং বাহনমিত্যাহ বহন্ত্বিতি। সঙ্গতা মিলিতাঃ। এতৎ ঋষিবাহনম্ ॥১৩॥

শচী বলিলেন—'দেবরাজ! জগৎপতি! আপনি আমার বিষয়ে যে কাল নির্দ্দিষ্ট করিয়াছেন, আমি তাহার কামনা করি। তাহার পর আপনিই আমার ভর্ত্তা হইবেন ॥৯॥

দেবরাজ! আমার মনে যে কার্য্য রহিয়াছে, তাহা আমি বলিব, আপনি শ্রবণ করুন। রাজা! আপনি যদি আমার এই প্রণয়যুক্ত প্রীতিকর বাক্য রক্ষা করেন, তবে আমি আপনার বশবর্ত্তিনী হইব। দেখুন—হস্তী, অশ্ব ও রথ ইন্দ্রের বাহন ছিল ॥১০—১১॥

দেবরাজ! আমি এখন আপনার অপূর্ব (পূর্বে যাহা কেহ করে নাই, এমন) বাহন ইচ্ছা করি; যাহা বিষ্ণুর বা শিবের, কিংবা অন্যান্য দেবতার বা রাক্ষসদের নাই ॥১২॥

প্রভু! রাজা! মহাত্মা ঋষিরা সকলে মিলিত হইয়া শিবিকায় (ডুলিতে) করিয়া আপনাকে বহন করুন, ইহাই আমার ইচ্ছা ॥১৩॥

---

(১৩) বহন্তু ত্বাং মহাভীমাঃ···পি।

নাসুরেষু ন দেবেষু তুল্যো ভবিতুমর্হসি।
সর্ব্বেষাং তেজ আদৎসে স্বেন বীর্য্যেণ দর্শনাৎ।
ন তে প্রমুখতঃ স্থাতুং কশ্চিচ্ছক্নোতি বীর্য্যবান্ ॥১৪॥

শল্য উবাচ।

এবমুক্তস্তু নহুষঃ প্রাহৃষ্যত তদা কিল।
উবাচ বচনঞ্চাপি সুরেন্দ্রস্তামনিন্দিতাম্ ॥১৫॥

নহুষ উবাচ।

অপূর্ব্বং বাহনমিদং ত্বয়োক্তং বরবর্ণিনি!।
দৃঢ়ং মে রুচিতং দেবি! ত্বদ্বশোঽস্মি বরাননে! ॥১৬॥
নহ্যল্পবীর্য্যো ভবতি যো বাহান্ কুরুতে মুনীন্।
অহং তপস্বী বলবান্ ভূতভব্যভবৎপ্রভুঃ ॥১৭॥
ময়ি ক্রুদ্ধে জগন্ন স্যান্ময়ি সর্ব্বং প্রতিষ্ঠিতম্।
দেবদানবগন্ধর্বাঃ কিন্নরোরগরাক্ষসাঃ ॥১৮॥

ভারতকৌমুদী

ঋষিবাহনে কিং কারণমিত্যাহ নেতি। ষষ্ঠ্যর্থে সপ্তমীদ্বয়ম্। যদি ঋষয়ো মে শাপং দাস্যন্তীত্যাহ সর্বেষামিতি। প্রমুখতঃ সম্মুখে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

এবমিতি। সুরেন্দ্রো দেবরাজীভূতো নহুষ ইতি সম্বন্ধঃ ॥১৫॥

অপূর্ব্বমিতি। অপূর্বং পূর্ব্বং কেনাপ্যকৃতম্। রুচিতম্ অভিপ্রেতম্ ॥১৬॥

নহীতি। ভূতভব্যভবৎপ্রভুঃ অতীতানাগতবর্ত্তমানসর্বকার্য্যনিয়ন্তা ॥১৭॥

ময়ীতি। ন স্যাৎ ন তিষ্ঠেৎ। দেবাদয়োঽপি প্রতিষ্ঠিতা ইত্যর্থঃ ॥১৮॥

কারণ, আপনি অসুরদের বা দেবতাদের সমান হইতে পারেন না। তা'র পর আপনি দর্শনমাত্রেই আপন প্রভাবে সকলেরই তেজ গ্রহণ করিয়া থাকেন। সুতরাং কোন বলবান্‌ই আপনার সম্মুখে থাকিতে পারেন না' ॥১৪॥

শল্য বলিলেন—শচী এইরূপ বলিলে, দেবরাজ নহুষ তখন অত্যন্ত আনন্দিত হইল এবং আনন্দিতা শচীকে এই কথা বলিল ॥১৫॥

নহুষ বলিল—'বরবর্ণিনি! তুমি এটা অপূর্ব্ব বাহনের কথাই বলিয়াছ, আমারও এটা অত্যন্ত অভিপ্রেত হইয়াছে। সুতরাং দেবি! বরাননে! আমি তোমার বশীভূত হইলাম ॥১৬॥

যে লোক অল্পবীর্য্য হয়, সে লোক মুনিগণকে বাহন করিতে পারে না। কিন্তু আমি তপস্বী, বলবান্ এবং ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানের নিয়ন্তা ॥১৭॥

আমি ক্রুদ্ধ হইলে জগৎটাই থাকে না এবং আমাতেই সকল রহিয়াছে;

ন মে ক্রুদ্ধস্য পর্য্যাপ্তাঃ সর্বে লোকাঃ শুচিস্মিতে !।
চক্ষুষা যং প্রপশ্যামি তস্য তেজো হরাম্যহম্ ॥১৯॥
অহমিন্দ্রোঽস্মি দেবানাং লোকানাঞ্চ মহেশ্বরঃ।
ময়ি হব্যঞ্চ কব্যঞ্চ লোকাশ্চৈব সনাতনাঃ।
তস্মাত্তে বচনং দেবি ! করিষ্যামি ন সংশয়ঃ ॥২০॥
সপ্তর্ষয়ো মাং বক্ষ্যন্তি সর্ব্বে ব্রহ্মর্ষয়স্তথা।
পশ্য মাহাত্ম্যমস্মাকমৃদ্ধিঞ্চ বরবর্ণিনি ! ॥২১॥

শল্য উবাচ।

এবমুক্ত্বা তু তাং দেবীং বিসৃজ্য চ বরাননাম্।
অথ সঞ্চিন্ত্য নহুষো বলবীর্য্যেণ ভারত ! ॥২২॥
বিসৃজ্য সুপ্রতীকঞ্চ নাগমৈরাবতং তথা।
হংসযুক্তং বিমানঞ্চ হরিযুক্তং তথা রথম্ ॥২৩॥

ভারতকৌমুদী

নেতি। পর্য্যাপ্তা নিরোধে সমর্থাঃ ॥১৯॥

অহমিতি। "হব্যকব্যে দৈবপৈত্রে" ইত্যমরঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥

সপ্তেতি। বক্ষ্যন্তি শিবিকয়া বহন্তো গন্তব্যদেশং নেষ্যন্তি। ঋদ্ধিমৈশ্বর্য্যম্ ॥২১॥

এবমিতি। তাং শচীম্। বলবীর্য্যেণ বলবিক্রমানুসারেণ সঞ্চিন্ত্য। সুপ্রতীকং তদাখ্যম্

এমন কি দেব, দানব, গন্ধর্ব, কিন্নর, নাগ এবং রাক্ষসগণও আমাতেই রহিয়াছে ॥১৮॥

শুভ্রহাসিনি! আমি ক্রুদ্ধ হইলে, সমগ্র জগৎও আমাকে রোধ করিতে সমর্থ হয় না। কারণ, আমি যাহার প্রতি দৃষ্টিপাত করি, তাহারই তেজ হরণ করিয়া থাকি ॥১৯॥

আমি দেবগণের ইন্দ্র, আমি সমস্ত লোকের মহেশ্বর এবং আমাতেই হব্য, কব্য ও সনাতন লোকপ্রবাহ রহিয়াছে। অতএব দেবি! আমি তোমার বাক্য রক্ষা করিব, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২০॥

সপ্তর্ষিরা ও ব্রহ্মর্ষিরা সকলেই আমাকে বহন করিবেন। বরবর্ণিনি! তুমি আমার মাহাত্ম্য ও সমৃদ্ধি দেখ' ॥২১॥

শল্য বলিলেন—ভরতনন্দন! ব্রাহ্মণগণের অহিতৈষী, বলবান্, মদমত্ত,

(২০) পূর্ব্বপাদচতুষ্টয়ং পি বা ব রা নাস্তি। (২১)…পশ্য মাহাত্ম্যযোগং মে ঋদ্ধিঞ্চ… বা ব রা নি। (২২) অথেত্যারভ্য মহামুনীনিত্যন্তঃ পাঠঃ পি_বা ব রা নাস্তি।

স তু দর্পেণ মহতা পরিভূয় মহামুনীন্।
বিমানে যোজয়িত্বা চ ঋষীন্ নিয়মমাস্থিতান্ ॥২৪॥
অব্রহ্মণ্যো বলোপেতো মত্তো মদবলেন চ।
কামবৃত্তঃ স দুষ্টাত্মা বাহয়ামাস তানৃষীন্ ॥২৫॥ (কলাপকম্)
নহুষেণ বিসৃষ্টা চ বৃহস্পতিমথাব্রবীৎ।
সময়োঽল্পাবশেষো মে নহুষেণেহ যঃ কৃতঃ ॥২৬॥
শক্রং মৃগয় শীঘ্রং ত্বং ভক্তায়াঃ কুরু মে দয়াম্।
বাঢ়মিত্যেব ভগবান্ বৃহস্পতিরুবাচ তাম্ ॥২৭॥
ন ভেতব্যং ত্বয়া দেবি! নহুষাদ্দুষ্টচেতসঃ।
ন হ্যসৌ স্থাস্যতি চিরং গত এষ নরাধমঃ ॥২৮॥
অধর্ম্মজ্ঞো মহর্ষীণাং বাহনাচ্চ হতঃ শুভে!।
ইষ্টিঞ্চাহং করিষ্যামি বিনাশায়াস্য দুর্ম্মতেঃ ॥২৯॥

ভারতকৌমুদী

ঐরাবতঞ্চ নাগং হস্তিনম্। হরিযুক্তং সদশ্বযুক্তং রথঞ্চ বিসৃজ্য বিহায়। নিয়মমুপবাসাদিম্, আস্থিতান্ আশ্রিতান্। অব্রহ্মণ্যো ব্রাহ্মণানামহিতঃ ॥২২—২৫॥

নহুষেণেতি। বিসৃষ্টা শচী চ। সময়ঃ সঙ্গমায় নির্দ্দিষ্টঃ কালঃ ॥২৬॥

শক্রমিতি। মৃগয় অন্বিষ্য। বাঢ়ং ধ্রুবমেব মৃগয়ামীত্যর্থঃ ॥২৭॥

নেতি। গতো মৃত এবেত্যর্থঃ, আত্মন এব দুরাচারাদিতি ভাবঃ ॥২৮॥

কামাকুলচিত্ত ও দুরাত্মা সেই নহুষ এইরূপ বলিয়া, বরাননা শচীদেবীকে বিদায় দিয়া, নিজের বলবিক্রম অনুসারে চিন্তা করিয়া, সুপ্রতীক ও ঐরাবতহস্তী, হংসযুক্ত বিমান এবং উৎকৃষ্ট ঘোটকযুক্ত রথ পরিত্যাগ করিয়া, গুরুতর দর্পে মহর্ষিদিগকে অপমানিত করিয়া, উপবাসাদিনিয়মাবলম্বী সেই মহর্ষিদিগকে বিমানে যোজিত করিয়া, তাঁহাদের দ্বারা তাহা বহন করাইতে লাগিল ॥২২--২৫॥

এদিকে নহুষ বিদায় দিলে পর শচীদেবী যাইয়া বৃহস্পতিকে বলিলেন—'নহুষ যে সময় নির্দ্দিষ্ট করিয়াছিল, তাহার ত অল্পমাত্র অবশিষ্ট আছে ॥২৬॥

অতএব আপনি সত্বর ইন্দ্রের অন্বেষণ করুন; আমি আপনার ভক্তা, আমার প্রতি দয়া করুন'। তখন ভগবান্ বৃহস্পতি তাঁহাকে বলিলেন—'অবশ্যই অন্বেষণ করিব ॥২৭॥

দেবি! আপনি দুরাত্মা নহুষের ভয় করিবেন না। কারণ, ও চিরকাল থাকিবে না, সে নরাধম ত গিয়াছে ॥২৮॥

---

(২৮)···ন হ্যেষ স্থাস্যতি···বা ব রা নি।

শক্রঞ্চাধিগমিষ্যামি মা ভৈস্ত্বং ভদ্রমস্তু তে।
ততঃ প্রজ্বাল্য বিধিবজ্জুহাব পরমং হবিঃ ॥৩০॥
বৃহস্পতির্মহাতেজা দেবরাজোপলব্ধয়ে।
হুত্বাগ্নিং সোঽব্রবীদ্রাজন্! শক্রমন্বিষ্যতামিতি ॥৩১॥
তস্মাচ্চ ভগবান্ দেবঃ স্বয়মেব হুতাশনঃ।
স্ত্রীবেশমদ্ভুতং কৃত্বা তত্রৈবান্তরধীয়ত ॥৩২॥
স দিশঃ প্রদিশশ্চৈব পর্ব্বতাংশ্চ বনানি চ।
পৃথিবীঞ্চান্তরীক্ষঞ্চ বিচিত্যাথ মনোগতিঃ।
নিমেষান্তরমাত্রেণ বৃহস্পতিমুপাগমৎ ॥৩৩॥

ভারতকৌমুদী

অধর্ম্মেতি। হতো হতায়ুষ্কঃ। ইষ্টিং যজ্ঞম্ ॥২৯॥
শক্রমিতি। অধিগমিষ্যামি যজ্ঞপ্রভাবাদেব লপ্স্যে। প্রজ্বাল্য অগ্নিম্ ॥৩০॥
বৃহস্পতিরিতি। হে রাজন্! যুধিষ্ঠির! অন্বিষ্যতাং মার্গয়তু ॥৩১॥
তস্মাদিতি। ভগবান্ অণিমাদ্যৈশ্বর্য্যবান্, অতএব স্ত্রীবেশকরণাদিকম্ ॥৩২॥
স ইতি। প্রদিশো বিদিশঃ। বিচিত্য অন্বিষ্য। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—২১॥ মাং বক্ষ্যন্তি মম বহনং করিষ্যন্তি ॥২২—৩১॥ অন্বিষ্যতাম্ অনুগচ্ছতু ভবান্, ইষ গত্যাবিত্যস্য বিবাদে রূপম্ ॥৩২—৩৭॥
ইতি উদযোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥১৫॥

কল্যাণি! নহুষ একে পাপিষ্ঠ, তাহাতে আবার মহর্ষিগণকে বাহন করায় উহার আয়ুঃশেষ হইয়াছে এবং আমিও ঐ দুর্ম্মতির বিনাশের জন্য যজ্ঞ কবিব ॥২৯॥

এবং ঐ যজ্ঞের ফলে ইন্দ্রকে লাভ করিব। অতএব আপনি ভয় করিবেন না, আপনার মঙ্গল হইবে।' তাহার পর বৃহস্পতি অগ্নি প্রজ্বালিত করিয়া তাহাতে যথাবিধানে উত্তম হবি দ্বারা হোম করিলেন ॥৩০॥

রাজা! মহাতেজা বৃহস্পতি ইন্দ্রকে পাইবার জন্য হোম করিয়া অগ্নিকে বলিলেন—'অগ্নিদেব! আপনি ইন্দ্রের অন্বেষণ করুন' ॥৩১॥

বৃহস্পতির সেই অনুরোধে ভগবান্ অগ্নিদেব নিজেই অদ্ভুত স্ত্রীবেশ ধারণ করিয়া সেই স্থানেই অন্তর্হিত হইলেন ॥৩২॥

তাহার পর মনের ন্যায় দ্রুতগামী অগ্নিদেব দিক্, বিদিক্, পর্ব্বত, বন,

(৩১)…শক্র অন্বিষ্যতামিতি—নি।

অগ্নিরুবাচ।

বৃহস্পতে! ন পশ্যামি দেবরাজমিহ কচিৎ।
আপঃ শেষাঃ সদা চাপঃ প্রবেষ্টুং নোৎসহাম্যহম্ ॥৩৪॥
ন মে তত্র গতির্ব্রহ্মন্! কিমন্যৎ করবাণি তে।
তমব্রবীদ্দেবগুরুরপো বিশ মহাদ্যুতে! ॥৩৫॥

অগ্নিরুবাচ।

নাপঃ প্রবেষ্টুং শক্ষ্যামি ক্ষয়ো মেঽত্র ভবিষ্যতি।
শরণং ত্বাং প্রপন্নোঽস্মি স্বস্তি তেঽস্তু মহামতে! ॥৩৬॥
অদ্ভ্যোঽগ্নির্ব্রহ্মতঃ ক্ষত্রমশ্মনো লোহমুত্থিতম্।
তেষাং সর্ব্বত্রগং তেজঃ স্বাসু যোনিষু শাম্যতি ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে বৃহস্পত্যগ্নিসংবাদে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

বৃহস্পত ইতি। আপো জলানি, শেষা অন্বেষণে অবশিষ্টাঃ। অপো জলানি। নোৎসহামি নোৎসহে ন শক্নোমি, নির্বাণাবশ্যম্ভাবাদিতি ভাবঃ ॥৩৪॥

নেতি। তত্র অপ্সু। অপো জলানি, বিশ, আত্মনো মহাপ্রভাবাদেবেতি ভাবঃ ॥৩৫॥

নেতি। অত্র অপ্সু প্রবেশে। স্বস্তি মঙ্গলম্ ॥৩৬॥

অদ্ভ্য ইতি। অদ্ভ্যো জলাদগ্নিঃ; ব্রহ্মতো ব্রাহ্মণাৎ, ক্ষত্রং ক্ষত্রিয়ঃ; অশ্মনঃ পাষাণাৎ,

পৃথিবী ও আকাশ অন্বেষণ করিয়া নিমেষকালমধ্যেই আবার বৃহস্পতির নিকট আসিলেন ॥৩৩॥

অগ্নি বলিলেন—'বৃহস্পতি! আমি এই জগতে কোথাও দেবরাজকে দেখিতে পাইলাম না। এখন অন্বেষণ করিতে মাত্র জল অবশিষ্ট আছে; কিন্তু আমি সর্ব্বদাই জলে প্রবেশ করিতে সমর্থ হই না ॥৩৪॥

ব্রাহ্মণ! জলে আমার গমন সম্ভবপর হয় না। অতএব আমি আপনার আর কি করিব—(বলুন)'। তখন বৃহস্পতি পুনরায় অগ্নিকে বলিলেন—'মহাতেজা! আপনি জলেই প্রবেশ করুন' ॥৩৫॥

অগ্নি বলিলেন—'মহামতি বৃহস্পতি! আমি জলে প্রবেশ করিতে পারিব না। কারণ, তাহাতে আমার বিনাশ হইবে। সুতরাং আমি আপনার শরণাগত হইলাম, আপনার মঙ্গল হউক ॥৩৬॥

(৩৬) আপঃ প্রবেষ্টুং শক্নোমি···পি,···তেঽস্তু মহাদ্যুতে!—বা ব রা নি।

ষোড়শোঽধ্যায়ঃ।

——::——

বৃহস্পতিরুবাচ।

ত্বমগ্নে ! সর্বদেবানাং মুখং ত্বমসি হব্যবাট্।
ত্বমন্তঃ সর্বভূতানাং গূঢ়শ্চরসি সাক্ষিবৎ ॥১॥
ত্বামাহুরেকং কবয়স্ত্বামাহুস্ত্রিবিধং পুনঃ।
ত্বয়া ত্যক্তং জগচ্চেদং সদ্যো নশ্যেদ্ধুতাশন ! ॥২॥
কৃত্বা তুভ্যং নমো বিপ্রাঃ স্বকর্ম্মবিজিতাং গতিম্।
গচ্ছন্তি সহ পত্নীভিঃ সুতৈরপি চ শাশ্বতীম্ ॥৩॥

ভারতকৌমুদী

লোহঞ্চ, উত্থিতমুৎপন্নম্। তেষামগ্নিক্ষত্রলোহানাং মধ্যে সর্বত্রগং তেজঃ অগ্নিঃ, স্বাসু যোনিষু কারণীভূতাসু অপ্সু, শাম্যতি নশ্যতি ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদযোগপর্ব্বণি সঞ্জয়যানে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥০॥

——০——

ত্বমিতি। "অগ্নির্বৈ দেবানাং মুখম্" ইতি শ্রুতেঃ। তত্র হেতুমাহ ত্বমিতি ॥১॥

ত্বামিতি। একং জঠরানলরূপেণ, ত্রিবিধং দক্ষিণাগ্নিগার্হপত্যাহবনীয়রূপেণ ॥২॥

কৃত্বেতি। নমঃপদমর্চ্চনামাত্রপরম্। শাশ্বতীং চিরন্তনীম্ ॥৩॥

(দেখুন—) জল হইতে অগ্নি, ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয় এবং পাষাণ হইতে লৌহ উৎপন্ন হইয়াছে। সেগুলির মধ্যে সর্ব্বত্রগামী অগ্নি আপন কারণ জলেই বিনষ্ট হইয়া থাকে' ॥৩৭॥

——:০:——

বৃহস্পতি বলিলেন—'অগ্নিদেব ! আপনি হব্যবাহী ; সুতরাং আপনিই সকল দেবতার মুখস্বরূপ এবং আপনি সাক্ষীর ন্যায় সকল প্রাণীর অন্তরে গুপ্ত অবস্থায় বিচরণ করিয়া থাকেন ॥১॥

হুতাশন ! জ্ঞানীরা আপনাকে এক, আবার ত্রিবিধ বলিয়া থাকেন। আর আপনি ত্যাগ করিলে, এই জগৎ তৎক্ষণাৎ বিনষ্ট হয় ॥২॥

দেব ! ব্রাহ্মণেরা আপনার অর্চ্চনা করিয়া পুত্র-কলত্রাদির সহিত স্বকর্ম্ম-বিজিত স্থায়ী স্বর্গ লাভ করিয়া থাকেন ॥৩॥

(৩)···স্বধর্ম্মবিজিতাম্···পি।

ত্বমেবাগ্নে ! হব্যবাহস্ত্বমেবং পরমং হবিঃ ।
যজন্তি সত্রৈস্ত্বামেব যজ্ঞৈশ্চ পরমাধ্বরে ॥৪॥
সৃষ্ট্বা লোকাংস্ত্রীনিহ হব্যবাহ ! প্রাপ্তে কালে পচসি পুনঃ সমিদ্ধঃ ।
ত্বং সর্ব্বস্য ভুবনস্য প্রসূতিস্ত্বমেবাগ্নে ! ভবসি পুনঃ প্রতিষ্ঠা ॥৫॥
ত্বামগ্নে ! জলদানাহুর্বিদ্যুতশ্চ মনীষিণঃ ।
দহন্তি সর্বভূতানি ত্বত্তো নিক্রম্য ভানবঃ ॥৬॥
ত্বয্যাপো নিহিতাঃ সর্বাস্ত্বয়ি সর্বমিদং জগৎ ।
ন তেঽস্ত্যবিদিতং কিঞ্চিত্ত্রিষু লোকেষু পাবক ! ॥৭॥
স্বযোনিং ভজতে সর্বো বিশস্বাপোঽবিশঙ্কিতঃ ।
অহং ত্বাং বর্দ্ধয়িষ্যামি ব্রাহ্মৈর্ম্মন্ত্রৈঃ সনাতনৈঃ ॥৮॥

ভারতকৌমুদী

ত্বমিতি। সত্রৈঃ "সপ্তদশাবরা ঋদ্ধিকামাঃ সত্রমুপাসীরন্‌" ইতি শ্রুত্যুক্তরূপৈঃ ॥৪॥

ব্রহ্মরূপেণ স্তৌতি সৃষ্ট্বেতি। পচসি সংহরসি, সমিদ্ধঃ অতীবদীপ্তঃ। প্রসূতিরুৎপত্তি-স্থানম্‌, প্রতিষ্ঠা লয়স্থানম্‌, সন্দংশপাতন্যায়াৎ স্থিতিস্থানঞ্চ ॥৫॥

ত্বামিতি। জলদানাহুঃ দ্রব্যান্তরসাহিত্যেন। ভানবঃ কিরণাঃ ॥৬॥

ত্বয়ীতি। আপো জলানি, নিহিতাঃ স্থিতাঃ, জগদপি স্থিতম্‌ ॥৭॥

স্বেতি। হে অগ্নে! সর্ব্ব এব পদার্থঃ, স্বযোনিং নিজকারণম্‌, ভজতে কদাচিদাশ্রয়তি; শব্দাদিঃ ক্ষিত্যাদিমিবেতি ভাবঃ। অতএব ত্বমবিশঙ্কিতঃ সন্নেব, অপো জলম্‌, বিশস্ব প্রবিশ। ক্ষয়সম্ভবেঽপি অহং সনাতনৈর্ব্রাহ্মৈর্ম্মন্ত্রৈস্ত্বাং বর্দ্ধয়িষ্যামি ॥৮॥

অগ্নিদেব! আপনিই হব্যবাহ, আপনিই পরম হবি এবং যাজ্ঞিকেরা মহা-যজ্ঞে সত্রপ্রভৃতি হোমদ্বারা আপনারই পূজা করিয়া থাকেন ॥৪॥

হব্যবাহ! আপনি এই ত্রিভুবন সৃষ্টি করিয়া আবার কাল উপস্থিত হইলে প্রদীপ্ত হইয়া সংহার করিয়া থাকেন। সুতরাং অগ্নিদেব! আপনিই এই সমগ্র জগতের উৎপত্তিস্থান আবার লয়স্থান হইয়া থাকেন ॥৫॥

অগ্নিদেব! জ্ঞানীরা আপনাকেই মেঘ ও বিদ্যুৎ বলিয়া থাকেন এবং কিরণ সকল আপনা হইতে নির্গত হইয়া সমস্ত পদার্থ দগ্ধ করে ॥৬॥

পাবক! সমস্ত জল আপনাতে রহিয়াছে, এমন কি এই সমগ্র জগৎটাই আপনাতে আছে এবং ত্রিভুবনেই আপনার অবিদিত কিছু নাই ॥৭॥

তা'র পর সকলেই আপন আপন কারণকে আশ্রয় করিয়া থাকে। অতএব

---

(৪)…সত্রৈস্ত্বামেব যজ্ঞৈশ্চ যজন্তি পরমাধ্বরে—পি। (৫) ত্বং সর্ব্বস্যাস্য জগতঃ…পি।
(৬)…বিদ্যুতশ্চ ত্বমেব হি…পি,…বহন্তি সর্ব্ব…নি।

এবং স্তুতো হব্যবাট্ স ভগবান্ কবিরুত্তমঃ।
বৃহস্পতিমথোবাচ প্রীতিমান্ বাক্যমুত্তমম্।
দর্শয়িষ্যামি তে শক্রং সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৯॥

শল্য উবাচ।

প্রবিশ্যাপস্ততো বহ্নিঃ সসমুদ্রাঃ সপল্বলাঃ।
আজগাম সরস্তত্র গূঢ়ো যত্র শতক্রতুঃ ॥১০॥
অথ তত্রাপি পদ্মানি বিচিন্বন্ ভরতর্ষভ !।
অন্বপশ্যৎ স দেবেন্দ্রং বিসমধ্যগতং স্থিতম্ ॥১১॥
আগত্য চ ততস্তূর্ণং তমাচষ্ট বৃহস্পতেঃ।
অণুমাত্রেণ বপুষা পদ্মতন্ত্বাশ্রিতং প্রভুম্ ॥১২॥

ভারতকৌমুদী

এবমিতি। হব্যবাট্ অগ্নিঃ। কবিরুদ্ভাবনকুশলঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥
প্রেতি। অপো জলানি। সপল্বলাঃ ক্ষুদ্রজলাশয়সহিতাঃ ॥১০॥
অথেতি। বিচিন্বন্ অন্বিষ্যন্। বিসমধ্যগতং মৃণালাভ্যন্তর্গতম্ ॥১১॥
আগত্যেতি। বৃহস্পতেঃ সমীপে। অণুমাত্রেণ অতিসূক্ষ্মেণ ॥১২॥

অগ্নিদেব ! আপনিও নিঃশঙ্কচিত্তে জলে প্রবেশ করুন। ক্ষয়সম্ভাবনা হইলে, আমিই সনাতন ব্রাহ্ম মন্ত্রদ্বারা আপনাকে বর্দ্ধিত করিব' ॥৮॥

বৃহস্পতি এইভাবে স্তব করিলে, শ্রেষ্ঠ উদ্ভাবনানিপুণ ও মাহাত্ম্যশালী সেই অগ্নিদেব আনন্দিত হইয়া বৃহস্পতিকে এই উত্তম বাক্য বলিলেন—'দেবগুরু ! আমি আপনাকে ইন্দ্রদর্শন করাইব, ইহা আমি আপনার নিকট সত্য বলিতেছি' ॥৯॥

শল্য বলিলেন—তাহার পর অগ্নিদেব সমুদ্র হইতে ক্ষুদ্র জলাশয়পর্য্যন্ত সমস্ত জলে প্রবেশ করিয়া (দেখিয়া) পরে সেই সরোবরে আসিলেন, যেখানে ইন্দ্র গুপ্তভাবে রহিয়াছিলেন ॥১০॥

ভরতশ্রেষ্ঠ ! তৎপরে অগ্নিদেব তত্রত্য সকল পদ্ম অন্বেষণ করিয়া একটী পদ্মের মৃণালসূত্রের অভ্যন্তরস্থিত ইন্দ্রকে দেখিতে পাইলেন ॥১১॥

তদনন্তর তিনি সে স্থান হইতে সত্বর আসিয়া বৃহস্পতির নিকট বলিলেন যে, দেবরাজ অতিসূক্ষ্মশরীরে পদ্মের মৃণালসূত্রের ভিতরে রহিয়াছেন ॥১২॥

(১০)···আসসাদ সরস্তচ্চ···বা ব রা নি। (১১)···অপশ্যৎ স তু দেবেন্দ্রং বিসমধ্যগতং তদা—বা ব রা নি। (১২)···তমাহ চ ··পি।

গত্বা দেবর্ষিগন্ধর্বৈঃ সহিতোঽথ বৃহস্পতিঃ।
পুরাণৈঃ কর্ম্মভির্দেবং তুষ্টাব বলসূদনম্ ॥১৩॥
মহাসুরো হতঃ শক্র! নমুচির্দারুণস্ত্বয়া।
শম্বরশ্চ বলশ্চৈব তথোভৌ ঘোরবিক্রমৌ ॥১৪॥
শতক্রতো! বিবর্দ্ধস্ব সর্বান্ শত্রূন্ নিসূদয়।
উত্তিষ্ঠ শক্র! সংপশ্য দেবর্ষীংশ্চ সমাগতান্ ॥১৫॥
মহেন্দ্র! দানবান্ হত্বা লোকাস্ত্রাতাস্ত্বয়া প্রভো!।
অপাং ফেনং সমাসাদ্য বিষ্ণুতেজোঽভিবৃংহিতম্।
ত্বয়া বৃত্রো হতঃ পূর্ব্বং দেবরাজ! জগৎপতে! ॥১৬॥
ত্বং সর্বভূতেষু বরেণ্য ইজ্যস্ত্বয়া সমং বিদ্যতে নেহ ভূতম্।
ত্বয়া ধার্য্যন্তে সর্ব্বভূতানি শক্র! ত্বং দেবানাং মহিমানং চকর্থ ॥১৭॥

ভারতকৌমুদী

গত্বেতি। পুরাণৈঃ প্রাচীনৈঃ। বলসূদনমিন্দ্রম্ ॥১৩॥
মহেতি। শম্বরশ্চ বলশ্চ এতাবুভৌ ঘোরবিক্রমৌ মহাসুরৌ, তথা হতৌ ॥১৪॥
শতেতি। বিবর্দ্ধস্ব পূর্ববদেব বর্দ্ধিতশরীরো ভব। নিসূদয় সংহর ॥১৫॥
মহেন্দ্রেতি। বিষ্ণুতেজসা অভিবৃংহিতং সর্বথা বর্দ্ধিতশক্তিকম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥
ত্বমিতি। বরেণ্যো বর্য্যঃ, ইজ্যঃ পূজ্যঃ, সমং তুল্যম্, ভূতং প্রাণী ॥১৭॥

তাহার পর বৃহস্পতি—দেবগণ, ঋষিগণ ও গন্ধর্ব্বগণের সহিত যাইয়া ইন্দ্রের পূর্ব্বকর্ম্মের উল্লেখ করিয়া তাঁহার স্তব করিতে লাগিলেন ॥১৩॥

'ইন্দ্র! আপনি ভীষণ মহাসুর নমুচিকে বধ করিয়াছেন এবং ভয়ঙ্কর-বিক্রমশালী শম্বর ও বলকে নিহত করিয়াছেন ॥১৪॥

দেবরাজ! আপনি দেহবৃদ্ধি করুন, সমস্ত শত্রু সংহার করুন। ইন্দ্র! আপনি উঠুন, সমাগত দেবগণ ও ঋষিগণকে দর্শন করুন ॥১৫॥

প্রভু মহেন্দ্র! আপনি দানবগণকে বধ করিয়া সমস্ত লোক রক্ষা করিয়াছিলেন এবং দেবরাজ! জগৎপতি! আপনি পূর্ব্বে বিষ্ণুর তেজে বর্দ্ধিতশক্তি জলের ফেন গ্রহণ করিয়া বৃত্রাসুরকে সংহার করিয়াছিলেন ॥১৬॥

ইন্দ্র! আপনি সমস্ত প্রাণীর মধ্যে শ্রেষ্ঠ এবং পূজনীয়, আপনার তুল্য কোন প্রাণীই জগতে নাই, আপনি সকল ভূতকে ধারণ করিতেছেন, আর আপনিই দেবগণের মহিমা জন্মাইয়াছেন ॥১৭॥

(১৫)…উত্তিষ্ঠ বজ্রিন্!…পি।

দেবান্ সম্পাহি লোকাংশ্চ মহেন্দ্র! বলমাপ্নুহি।
এবং সংস্তূয়মানশ্চ সোঽবর্দ্ধত শনৈঃ শনৈঃ ॥১৮॥
স্বঞ্চৈব বপুরাস্থায় বভূব স বলান্বিতঃ।
অব্রবীচ্চ গুরুং দেবো বৃহস্পতিমবস্থিতম্ ॥১৯॥
কিং কার্য্যমবশিষ্টং বো হতস্ত্বাষ্ট্রো মহাসুরঃ।
বৃত্রশ্চ সুমহাকায়ো যো বৈ লোকাননাশয়ৎ ॥২০॥

বৃহস্পতিরুবাচ।

মানুষো নহুষো রাজা দেবর্ষিগণতেজসা।
দেবরাজ্যমনুপ্রাপ্য সর্ব্বান্ নো বাধতে ভৃশম্ ॥২১॥

ইন্দ্র উবাচ।

কথঞ্চ নহুষো রাজ্যং দেবানাং প্রাপ দুর্লভম্।
তপসা কেন বা যুক্তঃ কিংবীর্য্যো বা বৃহস্পতে! ॥২২॥

ভারতকৌমুদী

দেবানিতি। সম্পাহি সম্যগ্রক্ষ। বলং স্বকীয়ামেব শক্তিম্ ॥১৮॥
স্বমিতি। স্বং স্বকীয়ম্। আস্থায় আশ্রিত্য ধৃত্বেত্যর্থঃ ॥১৯॥
কিমিতি। ত্বাষ্ট্রঃ ত্বষ্টুঃ প্রজাপতেঃ পুত্রঃ। অনাশয়ৎ নাশয়িতুমুদযচ্ছৎ ॥২০॥
মানুষ ইতি। দেবর্ষিগণস্য তেজসা বরপ্রভাবেণ। নঃ অস্মান্ ॥২১॥
কথমিতি। কেন কীদৃশেন। কিং কীদৃশং বীর্য্যং যস্য সঃ ॥২২॥

মহেন্দ্র! আপনি স্বকীয় শক্তি অবলম্বন করুন এবং দেবতাদিগকে ও লোকদিগকে রক্ষা করুন'। এইরূপ স্তব করিলে, ইন্দ্র ধীরে ধীরে বৃদ্ধি পাইলেন ॥১৮॥

আর তিনি স্বকীয় মূর্ত্তি ধারণ করিয়া পূর্ব্বের ন্যায় বলবান্ হইলেন এবং সম্মুখে অবস্থিত বৃহস্পতিকে বলিলেন—॥১৯॥

'দেবগুরু! আপনাদের কোন্ কার্য্য অবশিষ্ট রহিয়াছে? যে, সমস্ত লোক নষ্ট করিতে উদ্যত হইয়াছিল, সেই মহাসুর ও মহাদেহ ত্বষ্টৃপুত্র বৃত্রকে ত বধই করিয়াছি' ॥২০॥

বৃহস্পতি বলিলেন—'মানুষ নহুষরাজা দেবর্ষিগণের বরের প্রভাবে দেবরাজ্য লাভ করিয়া আমাদের সকলকেই অত্যন্ত পীড়ন করিতেছে' ॥২১॥

(১৮) পাহি সর্বাংশ্চ লোকাংশ্চ···বা ব রা নি। (২১)···দেবরাজ্যমনুপ্রাপ্তঃ···বা ব রা নি।

বৃহস্পতিরুবাচ।

দেবা ভীতাঃ শক্র! নাকাময়ন্ত ত্বয়া ত্যক্তং মহদৈন্দ্রং পদং তৎ।
তদা দেবাঃ পিতরোঽথর্ষয়শ্চ গন্ধর্বমুখ্যাশ্চ সমেত্য সর্বে ॥২৩॥
গত্বাঽব্রুবন্ নহুষং তত্র শক্র! ত্বং নো রাজা ভব ভুবনস্য গোপ্তা।
তানব্রবীন্নহুষো নাস্মি শক্ত আপ্যায়ধ্বং তপসা তেজসা মাম্ ॥২৪॥
(যুগ্মকম্)

এবমুক্তৈর্বর্দ্ধিতশ্চাপি দেবৈ রাজাঽভবন্নহুষো ঘোরবীর্য্যঃ।
ত্রৈলোক্যে চ প্রাপ্য রাজ্যং মহর্ষীন্ কৃত্বা বাহান্ যাতি লোকান্ দুরাত্মা ॥২৫॥
তেজোহরং দৃষ্টিবিষং সুঘোরং মা ত্বং পশ্যের্নহুষং বৈ কদাচিৎ।
দেবাশ্চ সর্ব্বে নহুষং ভয়ার্ত্তা ন পশ্যন্তি শক্ররূপাশ্চরন্তঃ ॥২৬॥

ভারতকৌমুদী

দেবা ইতি। ভীতা অসুরেভ্য ইতি শেষঃ। ঐন্দ্রং পদং দেবরাজ্যম্। সমেত্য মিলিত্বা। নঃ অস্মাকম্। গোপ্তা রক্ষিতা। আপ্যায়ধ্বং বর্দ্ধয়ত ॥২৩—২৪॥

এবমিতি। বর্দ্ধনপ্রকারস্তু প্রাগেবোক্তঃ। বাহান্ বাহনানি ॥২৫॥

তেজ ইতি। দৃষ্টিরেব বিষং যস্য তম্। মা ন ॥২৬॥

ইন্দ্র বলিলেন—'আর্য্য! বৃহস্পতি! নহুষ কি প্রকারে দুর্লভ দেবরাজ্য লাভ করিল? তাহার তপস্যা কিরূপ? বলই বা কিরূপ?' ॥২২॥

বৃহস্পতি বলিলেন—'দেবরাজ! দেবতারা অসুরভয়ে ভীত; সুতরাং তাঁহারা আপনার পরিত্যক্ত সেই প্রশস্ত ঐন্দ্রপদ গ্রহণ করিতে ইচ্ছা করেন নাই। তখন দেবতারা, পিতৃলোকেরা, ঋষিরা ও শ্রেষ্ঠ গন্ধর্বেরা সকলে মিলিত হইয়া যাইয়া নহুষকে বলিয়াছিলেন যে, 'আপনি আমাদের রাজা এবং জগতের রক্ষক হউন'। পরে নহুষ তাঁহাদিগকে বলিয়াছিল যে, 'আমি এ বিষয়ে সমর্থ হইব না। তবে, আপনারা আমাকে তপোবলে বর্দ্ধিত করুন' ॥২৩—২৪॥

নহুষ এইরূপ বলিলে, দেব ও দেবর্ষিরা নহুষকে তপোবলে বর্দ্ধিত করিয়াছিলেন। পরে নহুষ ভয়ঙ্করপরাক্রমশালী হইয়া স্বর্গের রাজা হইয়াছে। তাহার পর ত্রিভুবনের রাজত্ব পাইয়া এখন সেই দুরাত্মা মহর্ষিগণকে বাহন করিয়া নানাস্থানে যাতায়াত করিতেছে ॥২৫॥

নহুষের দৃষ্টিই বিষ; তাহা অপরের তেজ হরণ করে। সুতরাং দেবরাজ! আপনি কখনও সেই ভয়ঙ্করমূর্ত্তি নহুষকে দর্শন করিবেন না। ভয়ার্ত্ত দেবতারা

(২৩) দেবা ভীতাঃ শক্রমকাময়ন্ত…বা ব রা নি,…গন্ধর্ব্বসংঘাশ্চ…পি। (২৬)…নহুষং ভৃশার্ত্তা ন পশ্যন্তে গূঢ়রূপাশ্চরন্তঃ…বা ব রা নি।

শল্য উবাচ।

এবং বদত্যঙ্গিরসাং বরিষ্ঠে বৃহস্পতৌ লোকপালঃ কুবেরঃ।
বৈবস্বতশ্চৈব যমঃ পুরাণো দেবশ্চ সোমো বরুণশ্চাজগাম ॥২৭॥
তে বৈ সমাগম্য মহেন্দ্রমূচুর্দিষ্ট্যা ত্বাষ্ট্রো নিহতশ্চৈব বৃত্রঃ।
দিষ্ট্যা চ ত্বাং কুশলিনমক্ষতঞ্চ পশ্যামো বৈ নিহতারিঞ্চ শক্র! ॥২৮॥
স তান্ যথাবচ্চ হি লোকপালান্ সমেত্য বৈ প্রীতমনা মহেন্দ্রঃ।
উবাচ চৈতান্ প্রতিভাষ্য শক্রঃ সঞ্চোদয়িষ্যন্ নহুষস্যান্তরেণ ॥২৯॥
রাজা দেবানাং নহুষো ঘোররূপস্তত্র সাহ্যং দীয়তাং মে ভবদ্ভিঃ।
তে চাব্রুবন্ নহুষো ঘোররূপো দৃষ্টী বিষস্তস্য বিভীম ঈশ! ॥৩০॥

ভারতকৌমুদী

এবমিতি। অঙ্গিরসাম্ অঙ্গিরোবংশানাম্। পুরাণ ইতি চতুর্ণামেব বিশেষণম্ ॥২৭॥
ত ইতি। দিষ্ট্যা ভাগ্যেন, ত্বাষ্ট্রঃ ত্বষ্টুঃ প্রজাপতেঃ পুত্রঃ ॥২৮॥
স ইতি। সঞ্চোদয়িষ্যন্ প্রণোদয়িষ্যন্, অন্তরেণ অন্তরায় ভেদায়েত্যর্থঃ ॥২৯॥
রাজেতি। তত্র তস্য জয়ে, সাহ্যং সাহায্যম্। দৃষ্টী নয়নদ্বয়ম্, বিষ ইতি পুংস্ত্বমার্ষম্। তস্য তস্মাৎ, বিভীমঃ ভয়ং কুর্ম্মঃ, ঈশ! দেবেশ্বর! ॥৩০॥

ভারতভাবদীপঃ

স্বমিতি ॥১॥ একং জাঠরং ত্রিবিধম্, গার্হপত্যদক্ষিণাগ্ন্যাহবনীয়রূপেণ স্বয়ৈকেন ॥২॥ তুভ্যং ত্রিবিধায় ॥৩—৪॥ প্রসূতিঃ উৎপত্তিস্থানম্, প্রতিষ্ঠা লয়স্থানম্ ॥৫॥ হেতয়ো জ্বালাঃ ॥৬—২৮॥ নহুষস্যান্তরেণ অন্তরং ভেদঃ বুদ্ধিভেদার্থমিত্যর্থঃ ॥২৯—৩৪॥

ইতি উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে যোড়শোঽধ্যায়ঃ ॥১৬॥

সকলেও তাহার শত্রু বলিয়া তাহার প্রতি দৃষ্টিপাত করেন না, অথ চ স্বর্গে বিচরণ করেন' ॥২৬॥

শল্য বলিলেন—আঙ্গিরসশ্রেষ্ঠ বৃহস্পতি এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে প্রাচীন লোকপাল কুবের, সূর্য্যপুত্র যম, ওষধিপতি চন্দ্র এবং বরুণ সেই স্থানে আগমন করিলেন ॥২৭॥

তাঁহারা আসিয়া ইন্দ্রকে বলিলেন—'দেবরাজ! ভাগ্যবশতঃ ত্বষ্টা প্রজাপতির পুত্র বৃত্রাসুর নিহত হইয়াছে এবং ভাগ্যবশতই আমরা আপনাকে কুশলী, অক্ষতদেহ ও নিহতশত্রু অবস্থায় দেখিতেছি' ॥২৮॥

তখন ইন্দ্র আনন্দিত হইয়া সেই লোকপালগণের নিকটে যাইয়া যথানিয়মে সম্ভাষণ করিয়া, নহুষের সহিত ভেদ জন্মাইবার জন্য তাঁহাদিগকে বলিলেন--॥২৯॥

'বর্ত্তমান দেবরাজ নহুষ ভয়ঙ্করমূর্ত্তি; তাহার জয়ের সময়ে আপনারা আমার সাহায্য করিবেন'। তখন তাঁহারা বলিলেন—'দেবরাজ! নহুষ

ত্বঞ্চেন্দ্রাজানং নহুষং পরাজয়েস্ততো বয়ং ভাগমর্হাম শক্র ! ।
ইন্দ্রোঽব্রবীত্তবতু ভবানপাং পতির্যমঃ কুবেরশ্চ ময়াভিষেকম্ ।
সম্প্রাপ্নুবন্ত্বদ্য সহৈব দৈবতৈ রিপুং জয়াম তং নহুষং ঘোরদৃষ্টিম্ ॥৩১॥
ততঃ শক্রং জ্বলনোঽপ্যাহ ভাগং প্রয়চ্ছ মহ্যং তব সাহ্যং করিষ্যে ।
তমাহ শক্রো ভবিতাগ্নে ! তবাপি চন্দ্রাগ্ন্যোর্বৈ ভাগ একো মহাক্রতৌ ॥৩২॥

শল্য উবাচ ।

এবং সঞ্চিন্ত্য ভগবান্ মহেন্দ্রঃ পাকশাসনঃ ।
কুবেরং সর্ব্বযক্ষাণাং ধনানাঞ্চ প্রভুং তথা ॥৩৩॥
বৈবস্বতং পিতৃণাঞ্চ বরুণঞ্চাপ্যপাং তথা ।
আধিপত্যং দদৌ শক্রঃ সৎকৃত্য বরদস্তথা ॥৩৪॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি সঞ্জয়যানে ইন্দ্রবরুণাদিসংবাদে ষোড়শোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

ত্বমিতি। ভাগং সাহায্যকরণেন ফলাংশম্। ময়া করণেন। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥
তত ইতি। জ্বলনো বহ্নিঃ। সাহ্যং সাহায্যম্। চন্দ্রাগ্ন্যোর্মিলিতয়োঃ ॥৩২॥
এবমিতি। ভগবান্ বরদো মহেন্দ্রঃ পাকশাসনশ্চ শক্রঃ, এবং পূর্ব্বোক্তরূপেণ, সঞ্চিন্ত্য কুবেরাদীনাং তত্তদাধিপত্যে যোগ্যতাং বিভাব্য, প্রভুং কুবেরম্, সৎকৃত্য আদৃত্য, তস্মৈ সর্ব-

---

ভয়ঙ্করমূর্ত্তি এবং তাহার নয়নযুগলই বিষ; অতএব আমরা তাহার ভয় করি ॥৩০॥

তবে, দেবরাজ! আপনি যদি সেই রাজা নহুষকে পরাজয় করিবার জন্য প্রবৃত্ত হন, তাহা হইলে আমরা আপনার সাহায্য করিয়া ফলের ভাগ পাইবার অধিকারী হইব।' তখন ইন্দ্র বলিলেন—'বরুণ! আপনি জলের অধিপতি হইবেন, আর আমার উদ্‌যোগে যম এবং কুবেরও অভিষেক লাভ করিবেন। আমি অদ্যই দেবগণের সহিত মিলিত হইয়া সেই ঘোরদর্শন শত্রু নহুষকে জয় করিব' ॥৩১॥

তাহার পর অগ্নিও ইন্দ্রকে বলিলেন—'দেবরাজ! আমাকেও একটা ভাগ দিন, আমিও আপনার সাহায্য করিব'। তখন ইন্দ্র অগ্নিকে কহিলেন—অগ্নিদেব! মহাযজ্ঞে মিলিত চন্দ্র ও অগ্নির যে ভাগ আছে, তাহা আপনারও হইবে ॥৩২॥

---

(৩১)···সহাভিষেকম্···ক্ষিপ্রং জয়াম···পি।

সপ্তদশোঽধ্যায়ঃ।

শল্য উবাচ।

অথ সঞ্চিন্তয়ানস্য দেবরাজস্য ধীমতঃ।
নহুষস্য বধোপায়ং লোকপালৈঃ সদৈবতৈঃ ॥১॥
তপস্বী তত্র ভগবানগস্ত্যঃ প্রত্যদৃশ্যত।
সোঽব্রবীদর্চ্চ্য দেবেন্দ্রং দিষ্ট্যা বৈ বর্দ্ধতে ভবান্।
বিশ্বরূপবিনাশেন বৃত্রাসুরবধেন চ ॥২॥
দিষ্ট্যাদ্য নহুষো ভ্রষ্টো দেবরাজ্যাৎ পুরন্দর!।
দিষ্ট্যা হতারিং পশ্যামি ভবন্তং বলসূদন! ॥৩॥

ভারতকৌমুদী

দক্ষাণাং ধনানাঞ্চ আধিপত্যং দদৌ; বৈবস্বতং যমং সংকৃত্য তস্মৈ চ পিতৃণামাধিপত্যং দদৌ; তথা বরুণঞ্চ সংকৃত্য তস্মৈ অপাং জলানামাধিপত্যং দদৌ ॥৩৩—৩৪॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি সঞ্জয়যানে ষোড়শোঽধ্যায়ঃ ॥০॥

অথেতি। সঞ্চিন্তয়ানস্যেতি মকারাগমাভাব আর্ষঃ। অর্চ্চ্য পূজয়িত্বা। দিষ্ট্যা ভাগ্যেন। বিশ্বরূপস্য ত্রিশিরসো বিনাশেন। দ্বিতীয়ঃ শ্লোকঃ ষট্পাদঃ ॥১—২॥

শল্য বলিলেন—মাহাত্ম্যশালী, বরদাতা, মহৈশ্বর্য্যসম্পন্ন ও পাকাসুরহন্তা ইন্দ্র কুবেরপ্রভৃতির যোগ্যতাবিষয়ে চিন্তা করিয়া, প্রভু কুবেরের আদর দেখাইয়া তাঁহাকে সকল যক্ষ ও ধনের আধিপত্য দিলেন, যমের আদর করিয়া তাঁহাকে পিতৃলোকের আধিপত্য দান করিলেন এবং বরুণকে সম্মানিত করিয়া তাঁহাকে জলের আধিপত্য সমর্পণ করিলেন ॥৩৩—৩৪॥

শল্য বলিলেন—তাহার পর ধীমান্ দেবরাজ অন্যান্য লোকপাল দেবগণের সহিত মিলিত হইয়া নহুষের বধের উপায় চিন্তা করিতেছিলেন, এমন সময়ে সেখানে তপস্বী ভগবান্ অগস্ত্যমুনিকে দেখা গেল। তিনি আসিয়া দেবরাজের সংবর্দ্ধনা করিয়া বলিলেন—'দেবরাজ! ভাগ্যবশতঃ ত্রিশিরা ও বৃত্রাসুর নিহত হওয়ায় আপনার মঙ্গল হইয়াছে ॥১—২॥

(৩) দিষ্ট্যা চ নহুষঃ…পশ্যামঃ…পি।

ইন্দ্র উবাচ।

স্বাগতং তে মহর্ষেস্তু প্রীতোঽহং দর্শনাত্তব।
পাদ্যমাচমনীয়ঞ্চ গামর্ঘ্যঞ্চ প্রতীচ্ছ মে ॥৪॥

শল্য উবাচ।

পূজিতশ্চোপবিষ্টং তমাসনে মুনিসত্তমম্।
পর্য্যপৃচ্ছত দেবেশঃ প্রহৃষ্টো ব্রাহ্মণর্ষভম্ ॥৫॥
শ্রোতুমিচ্ছামি ভগবন্! কথ্যমানং দ্বিজোত্তম!।
পরিভ্রষ্টঃ কথং স্বর্গান্নহুষঃ পাপনিশ্চয়ঃ ॥৬॥

অগস্ত্য উবাচ।

শৃণু শক্র! প্রিয়ং বাক্যং যথা রাজা দুরাত্মবান্।
স্বর্গাদ্‌ভ্রষ্টো দুরাচারো নহুষো বলদর্পিতঃ ॥৭॥

ভারতকৌমুদী

দিষ্ট্যেতি। দেবরাজ্যাৎ দেবরাজত্বপদাৎ। হে বলসূদন! বলাসুরনাশক! ॥৩॥
স্বেতি। স্বাগতমিতি কাকুঃ সুখেনাগমনং কিমিত্যর্থঃ। প্রতীচ্ছ গৃহাণ ॥৪॥
পূজিতমিতি। নহুষো দেবরাজ্যাৎ ভ্রষ্ট ইত্যুক্ত্যা প্রস্তাবাৎ পর্য্যপৃচ্ছতেত্যাশয়ঃ ॥৫॥
শ্রোতুমিতি। কথ্যমানং ভবতেতি শেষঃ ॥৬॥
শৃন্বিতি। দুরাত্মবান্ পাপেন দুষ্টচিত্তঃ, নিন্দায়াং বক্তঃ ॥৭॥

পুরন্দর! বলসূদন! আজ ভাগ্যবশতঃ নহুষও স্বর্গ হইতে পরিভ্রষ্ট হইয়াছে। সুতরাং ভাগ্যবশতই আজ আপনাকে শত্রুবিহীন দেখিতেছি' ॥৩॥

ইন্দ্র বলিলেন—'মহর্ষি! আপনার সুখে আগমন হইয়াছে ত? আমি আপনার দর্শনে প্রীতি লাভ করিয়াছি। আপনি আমার নিকট হইতে পাদ্য, অর্ঘ্য, আচমনীয় ও গো গ্রহণ করুন' ॥৪॥

শল্য বলিলেন—তাহার পর মুনিশ্রেষ্ঠ অগস্ত্য পূজিত হইয়া আসনে উপবেশন করিলে, দেবরাজ আনন্দিত হইয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—॥৫॥

'ভগবন্! ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি বলুন, আমি শুনিতে ইচ্ছা করি—পাপমতি নহুষ কি প্রকারে স্বর্গ হইতে পরিভ্রষ্ট হইল?' ॥৬॥

অগস্ত্য বলিলেন—'দেবরাজ! দুরাত্মা, দুরাচার ও বলদর্পিত রাজা নহুষ যে ভাবে স্বর্গ হইতে পরিভ্রষ্ট হইয়াছে, সেই উপাখ্যান শ্রবণ করুন ॥৭॥

---

(৬) এতদিচ্ছামি…পি।

শ্রমার্ত্তাশ্চ বহন্তস্তং নহুষং পাপকারিণম্।
দেবর্ষয়ো মহাভাগাস্তথা ব্রহ্মর্ষয়োঽমলাঃ ॥৮॥
পপ্রচ্ছুর্নহুষং দেব! সংশয়ং জয়তাং বর!।
য ইমে ব্রহ্মণা প্রোক্তা মন্ত্রা বৈ প্রোক্ষণে গবাম্ ॥৯॥
এতে প্রমাণং ভবত উতাহো নেতি বাসব!।
নহুষো নেতি তানাহ তমসা মূঢ়চেতনঃ ॥১০॥ (বিশেষকম্)

ঋষয় ঊচুঃ।

অধর্ম্মে সংপ্রবৃত্তস্ত্বং ধর্ম্মং ন প্রতিপদ্যসে।
প্রমাণমেতদস্মাকং পূর্ব্বং প্রোক্তং মহর্ষিভিঃ ॥১১॥

ভারতকৌমুদী

শ্রমেতি। বহন্তঃ শিবিকয়া। সংশয়ং সংশয়বিষয়ং পপ্রচ্ছুঃ। সংশয়বিষয়মাহ য ইতি। ইমে "দেবাংশ্চ যাভির্যজতে" ইত্যাদয়ঃ। প্রমাণং প্রমাণত্বেন গ্রাহ্যা ইত্যর্থঃ। তমসা অজ্ঞানেন। সামান্যত এব গোবধে প্রায়শ্চিত্তশ্রবণাদিত্যাশয়ঃ ॥৮—১০॥

অধর্ম্ম ইতি। প্রতিপদ্যসে বুধ্যসে, সামান্যস্য বিশেষেতরপরত্বাজ্ঞানাৎ ॥১১॥

ভারতভাবদীপঃ

অথেতি ॥১॥ অর্চ্চ্য অভ্যর্চ্চ্য ॥২—৮॥ গবাং প্রোক্ষণে প্রোক্ষণোপাকরণমারণাদিসংস্কারে যে মন্ত্রাঃ "দেবাংশ্চ যাভির্যজতে দদাতি চ গাবঃ সোমস্য প্রথমস্য ভক্ষ" ইত্যাদয়ঃ যাভিঃ পশুভূতাভির্গোভিঃ, ভক্ষ ইতি ভক্ষণান্তযাগ উচ্যতে ॥৯॥ নহুষস্তু "ব্রাহ্মণাশ্চৈব গাবশ্চ কুলমেকং দ্বিধাকৃতম্। একত্র মন্ত্রাস্তিষ্ঠন্তি হবিরেকত্র তিষ্ঠতি।" ইতি শাস্ত্রপ্রামাণ্যাদ্‌ব্রাহ্মণবদ্‌গবামবধ্যত্বং মন্বানো বেদমপ্রমাণীচকার। বেদস্য ব্রাহ্মণানাং চাবমানাদধোগতিঃ প্রাপ্যত ইত্যাখ্যায়িকাতাৎপর্য্যম্ ॥১০—২২॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তদশোঽধ্যায়ঃ ॥১৭॥

দেব! বাসব! মহাত্মা ও নিষ্পাপ দেবর্ষিরা ও ব্রহ্মর্ষিরা পাপকারী সেই নহুষকে (শিবিকায় করিয়া) বহন করিতে করিতে পরিশ্রান্ত হইয়া একটা সন্দিগ্ধ বিষয় নহুষকে জিজ্ঞাসা করিয়াছিলেন যে, 'বিজয়িশ্রেষ্ঠ! গোপ্রোক্ষণে ব্রহ্মা এই যে মন্ত্রগুলি বলিয়াছেন, এই মন্ত্রগুলিকে আপনি প্রমাণ বলিয়া গ্রাহ্য করেন কি না?'। তাহাতে অজ্ঞানমুগ্ধচিত্ত নহুষ তাঁহাদিগকে বলিয়াছিল যে, 'আমি ও-গুলিকে প্রমাণ বলিয়া গ্রাহ্য করি না' ॥৮—১০॥

তখন ঋষিরা বলিয়াছিলেন যে, 'রাজা! আপনি অধর্ম্মে প্রবৃত্ত রহিয়াছেন কি না, তাই ধর্ম্ম বুঝিতে পারিতেছেন না। আমরা কিন্তু এই মন্ত্রগুলিকে

(৮) শ্রমার্ত্তাস্ত...পি।

অগস্ত্য উবাচ।

ততো বিবদমানঃ স মুনিভিঃ সহ বাসব!।
অথ মামস্পৃশন্মূর্দ্ধ্নি পাদেনাধর্ম্মপীড়িতঃ ॥১২॥
তেনাভূদ্ধততেজাশ্চ নিঃশ্রীকশ্চ মহীপতিঃ।
ততস্তং তমসাবিগ্নমবোচং ভয়পীড়িতম্ ॥১৩॥
যস্মাৎ পূর্বৈঃ কৃতং কর্ম্ম ব্রহ্মর্ষিভিরনুষ্ঠিতম্।
অদুষ্টং দূষয়সি বৈ যচ্চ মূর্দ্ধ্ন্যস্পৃশঃ পদা ॥১৪॥
যচ্চাপি ত্বমৃষীন্ মূঢ়! ব্রহ্মকল্পান্ দুরাসদান্।
বাহান্ কৃত্বা বাহয়সি তেন স্বর্গাদ্ধতপ্রভঃ।
ধ্বংস পাপ পরিভ্রষ্টঃ ক্ষীণপুণ্যো মহীতলে ॥১৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। মাং সম্মুখস্থমুনেজর্টাকুঞ্জান্তরে লুক্কায়িতমিতি ভাবঃ ॥১২॥

তেনেতি। তমসা অজ্ঞানেন আবিগ্নমাবিষ্টং কর্ত্তব্যবিমূঢ়মিত্যর্থঃ ॥১৩॥

যস্মাদিতি। পূর্বৈর্ব্রহ্মাদিভিঃ কৃতং প্রোক্তম্, ব্রহ্মর্ষিভিশ্চানুষ্ঠিতম্, অদুষ্টং কর্ম্ম গোপ্রোক্ষণাদিকম্। ব্রহ্মকল্পান্ হিরণ্যগর্ভতুল্যান্। বাহান্ বাহনানি। তেন পাপেন, স্বর্গাৎ পরিভ্রষ্টঃ সন্, ধ্বংস অধঃপত। পঞ্চদশঃ শ্লোকঃ ষট্‌পাদঃ ॥১৪—১৫॥

প্রমাণ বলিয়াই গ্রাহ্য করি। কেন না, পূর্ব্বেও মহর্ষিরা এগুলিকে প্রমাণ বলিয়া স্বীকার করিয়া গিয়াছেন' ॥১১॥

অগস্ত্য বলিলেন—'দেবরাজ! তাহার পর পাপপীড়িত নহুষ সেই বিষয়ে মুনিগণের সহিত বিবাদ করিতে থাকিয়া চরণদ্বারা আমার মস্তকস্পর্শ করিয়াছিল ॥১২॥

তাহাতেই নহুষের তেজ ও কান্তি নষ্ট হইয়াছিল এবং সে, কর্ত্তব্যমূঢ় ও ভীত হইয়া পড়িয়াছিল; তখন আমি তাহাকে বলিয়াছিলাম—॥১৩॥

'মূর্খ! পাপিষ্ঠ! ব্রহ্মা যাহা বলিয়াছেন এবং ব্রহ্মর্ষিরা যাহার অনুষ্ঠান করিয়াছেন, সেই নির্দ্দোষ কর্ম্মের উপরে তুমি যখন দোষ দিতেছ এবং চরণদ্বারা আমার মস্তক যখন স্পর্শ করিয়াছ, আর ব্রহ্মার তুল্য দুর্দ্ধর্ষ ঋষিগণকে তুমি যখন বাহন করিয়া তাঁহাদের দ্বারা শিবিকা বহন করাইতেছ, তখন তুমি কান্তিশূন্য, ক্ষীণপুণ্য ও স্বর্গ হইতে বিচ্যুত হইয়া ভূতলে পতিত হও ॥১৪—১৫॥

(১৩)…নিঃশ্রীকশ্চ শচীপতে…পি। (১৪)…কৃতং রাজন্…অদৃষ্টম্…বা ব রা নি।

দশ বর্ষসহস্রাণি সর্পরূপধরো মহান্।
বিচরিষ্যসি পূর্ণেষু পুনঃ স্বর্গমবাপ্স্যসি ॥১৬॥
দৃষ্ট্বা যুধিষ্ঠিরং নাম তব বংশসমুদ্ভবম্।
নিহতো ব্রহ্মশাপেন প্রপদ্যস্ব ত্রিপিষ্টপম্ ॥১৭॥
এবং ভ্রষ্টো দুরাত্মা স দেবরাজ্যাদরিন্দম !।
দিষ্ট্যা বর্দ্ধামহে শক্র ! হতো ব্রাহ্মণকণ্টকঃ ॥১৮॥
ত্রিপিষ্টপং প্রপদ্যস্ব পাহি লোকান্ শচীপতে !।
জিতেন্দ্রিয়ো জিতামিত্রঃ স্তূয়মানো মহর্ষিভিঃ ॥১৯॥

ভারতকৌমুদী

দশেতি। দশবর্ষসহস্রেষু পূর্ণেষু সংসু। নমু নহুষস্য দর্শনমাত্রেণৈব সর্বেষাং তেজোনাশ ইতি হি তং প্রতি মহর্ষীণাং বর আসীৎ। এবঞ্চ তেন দৃশ্যমান এবাগস্ত্যঃ কথং তং শশাপেতি চেদুচ্যতে—বৃহজ্জটাপুঞ্জকুঞ্জান্তরিতমস্তকঃ কশ্চিন্মুনিঃ শিবিকায়াঃ সম্মুখবর্ত্তিনং দক্ষিণং পাদং বহন্ ভৃশং শ্রাম্যন্ কিঞ্চিত্তস্থৌ; অগস্ত্যশ্চ ক্ষুদ্রাকৃতিঃ সন্ তজ্জটাকুঞ্জান্তরে লুক্কায়িত আসীৎ। অত্রান্তরে শিবিকাস্থো বিবদমানো নহুষঃ ক্ষিপ্রগমনার্থং দক্ষিণপাদেন 'সর্প সর্প' ইতি গত্যর্থক-সৃপধাতুনিষ্পন্নং পদমুক্ত্বা তন্মুনিমস্তকমস্পৃশৎ; তৎপাদস্পর্শশ্চ অগস্ত্যশিরস্যপি জাত ইত্যদৃশ্য-মানঃ স্থিত এবাগস্ত্যস্তং শশাপেতি। অদুষ্টকর্ম্মদূষণপাপেন অগস্ত্যশিরসি পাদস্পর্শাপরাধেন মুনীনাং বাহনত্বসম্পাদনেন চ শাপঃ, সর্প সর্প ইত্যভিধানাচ্চ শাপেন সর্পত্বসম্পাদনমিতি জ্ঞেয়ম্ ॥১৬॥

দৃষ্ট্বেতি। প্রপদ্যস্ব প্রাপ্নুয়াঃ, ত্রিপিষ্টপং স্বর্গম্। তচ্চ বনপর্ব্বণি বর্ণিতম্ ॥১৭॥

এবমিতি। দিষ্ট্যা ভাগ্যেন, বর্দ্ধামহে বয়ং সর্ব্ব এব ॥১৮॥

ত্রীতি। ত্রিপিষ্টপং স্বর্গম্, প্রপদ্যস্ব প্রাপ্নুহি। জিতামিত্রো জিতশত্রুঃ ॥১৯॥

সেখানে বিশাল-সর্প-দেহ ধারণ করিয়া দশ সহস্র বৎসর বিচরণ করিবে এবং সেই দশ সহস্র বৎসর পূর্ণ হইলে পুনরায় স্বর্গ লাভ করিবে ॥১৬॥

এই ব্রহ্মশাপে অভিভূত থাকিয়া তোমারই বংশসম্ভূত 'যুধিষ্ঠির—' নামক এক ব্যক্তিকে দেখিয়া পুনরায় স্বর্গে আগমন করিবে' ॥১৭॥

অরিন্দম দেবরাজ! এইভাবে সেই দুরাত্মা নহুষ স্বর্গ হইতে পরিভ্রষ্ট হইয়াছে। সুতরাং ব্রাহ্মণকণ্টক নিপাতিত হওয়ায় ভাগ্যবশতঃ আমাদের সকলেরই মঙ্গল হইয়াছে ॥১৮॥

শচীপতি! আপনি স্বর্গে চলুন; সেখানে যাইয়া, জিতেন্দ্রিয় হইয়া, শত্রু-গণকে জয় করিয়া, মহর্ষিদের স্তব শুনিতে থাকিয়া ত্রিভুবন পালন করুন' ॥১৯॥

---

(১৭) শ্লোকঃ পি বা ব রা নাস্তি। (১৮)…ব্রহ্মর্ষিকণ্টকঃ—নি।

শল্য উবাচ।

ততো দেবা ভৃশং তুষ্টা মহর্ষিগণসংবৃতাঃ।
পিতরশ্চৈব যক্ষাশ্চ ভুজগা রাক্ষসাস্তথা ॥২০॥
গন্ধর্বা দেবকন্যাশ্চ সর্বে চাপ্সরসাং গণাঃ।
সরাংসি সরিতঃ শৈলাঃ সাগরাশ্চ বিশাংপতে!!
উপাগম্যাব্রুবন্ সর্ব্বে দিষ্ট্যা বর্দ্ধসি শক্রহন্! ॥২১॥ (যুগ্মকম্)
হতশ্চ নহুষঃ পাপো দিষ্ট্যাগস্ত্যেন ধীমতা।
দিষ্ট্যা পাপসমাচারঃ কৃতঃ সর্পো মহীতলে ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে ইন্দ্রাগস্ত্যসংবাদে নহুষভ্রংশে সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥

অষ্টাদশোঽধ্যায়ঃ।

শল্য উবাচ।

ততঃ শক্রঃ স্তূয়মানো গন্ধর্ব্বাপ্সরসাং গণৈঃ।
ঐরাবতং সমারুহ্য দ্বিপেন্দ্রং লক্ষণৈর্যুতম্ ॥১॥

ভারতকৌমুদী

তত ইতি। ভৃশং তুষ্টাঃ, নহুষপতনাদিন্দ্রলাভাচ্চেতি ভাবঃ। সরঃপ্রভৃতীনামভিমানিন্যো দেবতা ইত্যর্থঃ। বর্দ্ধসি বর্দ্ধসে। একবিংশঃ শ্লোকঃ ষট্পাদঃ ॥২০—২১॥

হত ইতি। হতো নিপাতিতঃ। পাপসমাচারঃ, প্রাণিভক্ষণাদিতি ভাবঃ ॥২২॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥

শল্য বলিলেন—নরনাথ! তাহার পর মহর্ষিগণবেষ্টিত দেবগণ, পিতৃগণ, যক্ষগণ, নাগগণ, রাক্ষসগণ, গন্ধর্বগণ, দেবকন্যাগণ, অপ্সরোগণ এবং জলাশয়, নদী, পর্ব্বত ও সমুদ্রগণ ইঁহারা সকলে অত্যন্ত আনন্দিতচিত্তে উপস্থিত হইয়া বলিলেন—'শক্রহন্তা! ভাগ্যবশতঃ আপনার মঙ্গল হইয়াছে ॥২০—২১॥

ভাগ্যবশতই জ্ঞানী অগস্ত্য পাপাত্মা নহুষকে নিপাতিত করিয়াছেন এবং ভাগ্যবশতই তাহাকে ভূতলে পাপাচারী সর্প করিয়াছেন' ॥২২॥

---

(২১)···উপগম্যাব্রুবন্···পি। (১)···লক্ষণৈর্বৃতম্—পি।

অগস্ত্যশ্চ মহাতেজা মহর্ষিশ্চ বৃহস্পতিঃ।
যমশ্চ বরুণশ্চৈব কুবেরশ্চ ধনেশ্বরঃ ॥২॥
সর্ব্বৈর্দেবৈঃ পরিবৃতঃ শক্রো বলনিষূদনঃ।
গন্ধর্ব্বৈরপ্সরোভিশ্চ যাতস্ত্রিভুবনং বিভুঃ ॥৩॥ (বিশেষকম্)
স সমেত্য মহেন্দ্রাণ্যা দেবরাজ্যং শতক্রতুঃ।
মুদা পরময়া যুক্তঃ পালয়ামাস দেবরাট্ ॥৪॥
ততঃ স ভগবান্ দেবো হ্যঙ্গিরাঃ সমদৃশ্যত।
অথর্ব্ববেদমন্ত্রৈশ্চ দেবেন্দ্রং সমপূজয়ৎ ॥৫॥
ততস্তু ভগবানিন্দ্রঃ প্রহৃষ্টঃ সমপদ্যত।
বরঞ্চ প্রদদৌ তস্মৈ অথর্ব্বাঙ্গিরসে তদা ॥৬॥

ভারতকৌমুদী

তত ইতি। শক্নোতি শক্নন্ পরাজ্জেতুমিতি শক্রঃ, অপরঃ শক্রঃ শক্তিমানিত্যপৌনরুক্ত্যম্। মহাতেজা মহাতপঃপ্রভাবশালী। ত্রিভুবনং ত্রিভুবনোত্তমং স্বর্গম্ ॥১—৩॥

স ইতি। সমেত্য মিলিত্বা, মহেন্দ্রাণ্যা শচ্যা ॥৪॥

তত ইতি। দেবো দেববৎ প্রভাবশালী ॥৫॥

তত ইতি। সমপদ্যত সমজায়ত। অথর্ববিদঙ্গিরা অথর্বাঙ্গিরাস্তস্মৈ ॥৬॥

শল্য বলিলেন—তাহার পর শক্তিমান্, বলদৈত্যহন্তা ও প্রভাবশালী ইন্দ্র গন্ধর্বগণ ও অপ্সরোগণকর্তৃক স্তূয়মান হইয়া, সর্বলক্ষণসম্পন্ন মহাহস্তী ঐরাবতে আরোহণ করিয়া, মহাতেজা ও মহর্ষি অগস্ত্য, বৃহস্পতি, যম, বরুণ, ধনাধিপতি কুবের, অন্যান্য সকল দেবতা এবং গন্ধর্বগণ ও অপ্সরোগণে পরিবেষ্টিত হইয়া স্বর্গে গমন করিলেন ॥১—৩॥

তদনন্তর ইন্দ্র শচীদেবীর সহিত মিলিত হইয়া দেবরাজরূপে বিরাজ করিতে থাকিয়া পরম আনন্দে দেবরাজ্য পালন করিতে লাগিলেন ॥৪॥

তাহার পর একদা ঐশ্বর্য্যশালী ও দেবতার ন্যায় প্রভাবসম্পন্ন মহর্ষি অঙ্গিরাকে দেখা গেল এবং তিনি অথর্ববেদের মন্ত্রদ্বারা দেবরাজের পূজা করিলেন ॥৫॥

তাহাতে ভগবান্ ইন্দ্র সন্তুষ্ট হইলেন এবং তখনই সেই অথর্ববেদবিৎ অঙ্গিরাকে বরদান করিলেন ॥৬॥

(২) পাবকঃ সুমহাতেজাঃ···বা ব রা নি। (৩)···বৃত্রনিষূদনঃ···ত্রিভুবনং প্রভুঃ—বা ব রা নি। (৪)···দেবরাজঃ শতক্রতুঃ···বা ব রা নি। (৫)···ভগবাংস্তত্র অঙ্গিরাঃ···বা ব রা নি। (৬)·· সংহৃষ্টঃ সমপদ্যত···বা ব রা নি।

অথর্ব্বাঙ্গিরসো নাম বেদেঽস্মিন্ বৈ ভবিষ্যসি।
উদাহরণমেতদ্ধি যজ্ঞভাগঞ্চ লপ্স্যসে ॥৭॥
এবং সম্পূজ্য ভগবানথর্ব্বাঙ্গিরসং তদা।
ব্যসর্জ্জয়ন্মহারাজ! দেবরাজঃ শতক্রতুঃ ॥৮॥
সম্পূজ্য সর্ব্বাংস্ত্রিদশানৃষীংশ্চাপি তপোধনান্।
ইন্দ্রঃ প্রমুদিতো রাজন্! ধর্ম্মেণাপালয়ৎ প্রজাঃ ॥৯॥
এবং দুঃখমনুপ্রাপ্তমিন্দ্রেণ সহ ভার্য্যয়া।
অজ্ঞাতবাসশ্চ কৃতঃ শত্রূণাং বধকাঙ্ক্ষয়া ॥১০॥
নাত্র মন্যুস্ত্বয়া কার্য্যো যৎ ক্লিষ্টোঽসি মহাবনে।
দ্রৌপদ্যা সহ রাজেন্দ্র! ভ্রাতৃভিশ্চ মহাত্মভিঃ ॥১১॥

ভারতকৌমুদী

অথর্ব্বেতি। ত্বমস্মিন্ অথর্বাখ্যে বেদে অথর্বাঙ্গিরসো নাম ভবিষ্যসি। তত্র চ এতদ্ধি এতদ্বাক্যমেব, উদাহরণং প্রমাণতয়া উল্লেখ্যম্। যজ্ঞভাগঞ্চ লপ্স্যসে ॥৭॥

তস্মৈব ব্যাস আহ এবমিতি। ব্যসর্জ্জয়ৎ বিসৃষ্টবান্ ॥৮॥

সম্পূজ্যেতি। ত্রিদশান্ দেবান্। প্রমুদিতঃ, নহুষপাতাদিনা ॥৯॥

উপসংহরতি এবমিতি। অজ্ঞাতবাসশ্চ কৃতঃ, পদ্মমৃণালসূত্রাভ্যন্তরে ॥১০॥

আশ্বাসয়তি নেতি। মন্যুর্দৈন্যম্, কার্য্যঃ কর্ত্তব্যঃ ॥১১॥

'মহর্ষি! এই অথর্ববেদে আপনার নাম হইবে 'অথর্বাঙ্গিরস' এবং আমার এই বাক্যই তাহার উদাহরণ হইবে; আর আপনি যজ্ঞেও একটী ভাগ পাইবেন' ॥৭॥

মহারাজ! ভগবান্ দেবরাজ ইন্দ্র তখন এইভাবে অথর্ব্বাঙ্গিরসকে সম্মানিত করিয়া বিদায় দিলেন ॥৮॥

রাজা! তাহার পর ইন্দ্র সমস্ত দেবতা ও তপোধন ঋষিগণকে সম্মানিত করিয়া আনন্দিতচিত্তে ধর্ম্ম অনুসারে প্রজা পালন করিতে লাগিলেন ॥৯॥

ইন্দ্র আপন ভার্য্যার সহিত এইরূপ দুঃখ ভোগ করিয়াছিলেন এবং শত্রুগণকে সংহার করিবার ইচ্ছায় অজ্ঞাতবাসও করিয়াছিলেন ॥১০॥

অতএব রাজশ্রেষ্ঠ! তুমি—দ্রৌপদী ও মহাত্মা ভ্রাতাদের সহিত মহাবনে যে কষ্ট পাইয়াছ, সে বিষয়ে অনুতাপ করিও না ॥১১॥

(৭) অথর্বাঙ্গিরসং নাম বেদোঽস্মিন্ বৈ ভবিষ্যতি⋯পি, অথর্বাঙ্গিরসো নাম বেদোঽস্মিন্ ⋯রা,⋯অথর্ব্বাঙ্গিরসো নাম বেদেঽস্মিন্⋯ব, অথর্বাঙ্গিরসং নাম বেদেঽস্মিন্⋯নি।

এবং ত্বমপি রাজেন্দ্র! রাজ্যং প্রাপ্স্যসি ভারত!।
বৃত্রং হত্বা যথা প্রাপ্তঃ শক্রঃ কৌরবনন্দন! ॥১২॥
দুরাচারশ্চ নহুষো ব্রহ্মদ্বিট্ পাপচেতনঃ।
অগস্ত্যশাপাভিহতো বিনষ্টঃ শাশ্বতীঃ সমাঃ ॥১৩॥
এবং তব দুরাত্মানঃ শত্রবঃ শত্রুসূদন!।
ক্ষিপ্রং নাশং গমিষ্যন্তি কর্ণদুর্য্যোধনাদয়ঃ ॥১৪॥
ততঃ সাগরপর্য্যন্তাং ভোক্ষ্যসে পৃথিবীমিমাম্।
ভ্রাতৃভিঃ সহিতো বীর! দ্রৌপদ্যা চ সহানয়া ॥১৫॥
উপাখ্যানমিদং শক্র-বিজয়ং বেদসম্মিতম্।
রাজ্ঞা ব্যূঢ়েষ্বনীকেষু শ্রোতব্যং জয়মিচ্ছতা ॥১৬॥
তস্মাৎ সংশ্রাবয়ামি ত্বাং বিজয়ং জয়তাং বর!।
সংস্তূয়মানা বর্দ্ধন্তে মহাত্মানো যুধিষ্ঠির! ॥১৭॥

ভারতকৌমুদী

সম্ভাবয়তি এবমিতি। বৃত্রং ত্বষ্টুঃ পুত্রং বৃত্রাসুরম্ ॥১২॥

দুরিতি। ব্রহ্মদ্বিট্ ব্রাহ্মণদ্বেষী। বিনষ্টঃ স্বর্গাৎ ভ্রষ্টঃ, শাশ্বতীঃ সমা দীর্ঘকালমিত্যর্থঃ। দৃষ্টান্তপ্রদর্শনার্থমিদমুক্তমিতি বোধ্যম্ ॥১৩॥

এবমিতি। এবং নহুষবদিত্যর্থঃ ॥১৪॥

তত ইতি। সম্ভাব্যমানবিষয়োক্তিরিয়ম্ ॥১৫॥

উপেতি। ব্যূঢ়েষু ব্যূহভাবেন সন্নিবেশিতেষু, অনীকেষু বিপক্ষসৈন্যেষু ॥১৬॥

ভরতবংশীয়! কৌরবনন্দন! রাজশ্রেষ্ঠ! ইন্দ্র যেমন বৃত্রাসুরকে বধ করিয়া রাজ্য লাভ করিয়াছিলেন, সেইরূপ তুমিও শত্রুবধ করিয়া রাজ্য লাভ করিবে ॥১২॥

দুরাচার, ব্রাহ্মণদ্বেষী ও পাপাত্মা নহুষ মহর্ষি অগস্ত্যের অভিসম্পাতে দীর্ঘকালের জন্য স্বর্গ হইতে বিচ্যুত হইয়াছিল ॥১৩॥

শত্রুমর্দ্দন! তোমার শত্রু দুরাত্মা কর্ণ এবং দুর্য্যোধনপ্রভৃতিও এই নহুষের মতই সত্বর বিনষ্ট হইবে ॥১৪॥

বীর! তাহার পর তুমি, ভ্রাতৃগণ ও এই দ্রৌপদীর সহিত মিলিত হইয়া সমুদ্রপর্য্যন্ত এই সমগ্র পৃথিবী ভোগ করিবে ॥১৫॥

বিপক্ষসৈন্য ব্যূহভাবে সন্নিবেশিত হইলে, জয়াভিলাষী রাজা বেদতুল্য এই 'শক্রবিজয়'-নামক উপাখ্যান অবশ্য শ্রবণ করিবেন ॥১৬॥

(১২)…বৃত্রহন্তা…পি। (১৫)…মেদিনীমিমাম্… বা ব রা নি।

ক্ষত্রিয়াণামভাবোঽয়ং যুধিষ্ঠির ! মহাত্মনাম্ ।
দুর্য্যোধনাপরাধেন ভীমার্জ্জুনবলেন চ ॥১৮॥
আখ্যানমিন্দ্রবিজয়ং য ইদং নিয়তঃ পঠেৎ ।
ধূতপাপ্মা জিতস্বর্গঃ পরত্রেহ চ মোদতে ॥১৯॥
ন চারিজং ভয়ং তস্য নাপুত্রো বা ভবেন্নরঃ ।
নাপদং প্রাপ্নুয়াৎ কাঞ্চিদ্দীর্ঘমায়ুশ্চ বিন্দতি ।
সর্ব্বত্র জয়মাপ্নোতি ন কদাচিৎ পরাজয়ম্ ॥২০॥
বৈশম্পায়ন উবাচ ।
এবমাশ্বাসিতো রাজা শল্যেন ভরতর্ষভ ! ।
পূজয়ামাস বিধিবচ্ছল্যং ধর্ম্মভৃতাং বরঃ ॥২১॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। বিজয়ং শক্রবিজয়ং নামোক্তমুপাখ্যানম্। যেন হি মহাত্মানো দেবা ঋষয়শ্চ, সংস্তূয়মানা উপাখ্যানেনাপীতি ভাবঃ, বর্দ্ধন্তে শ্রোত্রাদীন্ বর্দ্ধয়ন্তি ॥১৭॥

ক্ষত্রিয়াণামিতি। অয়মভাবো ধ্বংস উপস্থিত ইতি শেষঃ ॥১৮॥

আখ্যানমিতি। ইন্দ্রবিজয়ং নাম। ধূতপাপ্মা নাশিতপাপঃ ॥১৯॥

নেতি। অরিজং শত্রুজাতম্। বিন্দতি লভতে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥

এবমিতি। রাজা যুধিষ্ঠিরঃ। ভরতর্ষভেতি জনমেজয়সম্বোধনম্ ॥২১॥

বিজয়িশ্রেষ্ঠ যুধিষ্ঠির ! সেই জন্যই আমি তোমাকে এই 'শক্রবিজয়' উপাখ্যান শ্রবণ করাইলাম। কারণ, মহাত্মা দেবতাদের স্তব করিলে, তাঁহারা উন্নতি বিধান করিয়া থাকেন ॥১৭॥

যুধিষ্ঠির ! দুর্য্যোধনের অপরাধে এবং ভীম ও অর্জ্জুনের বলে মহাত্মা ক্ষত্রিয়গণের এই ধ্বংস উপস্থিত হইয়াছে ॥১৮॥

যে লোক সংযত হইয়া এই ইন্দ্রবিজয় উপাখ্যান পাঠ করে, সে লোক নিষ্পাপ ও স্বর্গবিজয়ী হইয়া ইহলোকে ও পরলোকে আনন্দ লাভ করে ॥১৯॥

আর তাহার শত্রুর ভয় থাকে না, পুত্রের অভাব হয় না, কিংবা কোন বিপদ্ আসে না এবং সে দীর্ঘ আয়ু ও সর্বত্র জয় লাভ করে; কিন্তু কখনও পরাজিত হয় না' ॥২০॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতশ্রেষ্ঠ রাজা জনমেজয় ! শল্য এইভাবে ধার্ম্মিকশ্রেষ্ঠ যুধিষ্ঠিরকে আশ্বস্ত করিলে, যুধিষ্ঠির যথাবিধানে শল্যের পূজা করিলেন ॥২১॥

(১৮) ইতঃ পরম্ 'সংগ্রামে সংক্ষয়ো ঘোরো ভবিষ্যত্যচিরাদিব' ইতি পাদদ্বয়মধিকং—নি।

শ্রুত্বা তু শল্যবচনং কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
প্রত্যুবাচ মহাবাহুর্মদ্ররাজমিদং বচঃ ॥২২॥
ভবান্ কর্ণস্য সারথ্যং করিষ্যতি ন সংশয়ঃ।
তত্র তেজোবধঃ কার্য্যঃ কর্ণস্যার্জ্জুনসংস্তবৈঃ ॥২৩॥

শল্য উবাচ।

এবমেতৎ করিষ্যামি যথা মাং সম্প্রভাষসে।
যচ্চান্যদপি শক্ষ্যামি তৎ করিষ্যাম্যহং তব ॥২৪॥

বৈশম্পায়ন উবাচ।

ততস্ত্বামন্ত্র্য কৌন্তেয়ান্ শল্যো মদ্রাধিপস্তদা।
জগাম সবলঃ শ্রীমান্ দুর্য্যোধনমরিন্দম ! ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি সঞ্জয়যানে শল্যগমনে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। কুন্তীপুত্র ইতি যুধিষ্ঠিরান্তরব্যাবৃত্ত্যর্থম্ ॥২২॥

ভবানিতি। তেজোবধঃ তেজোনাশঃ, অর্জ্জুনস্য সংস্তবৈর্বীরত্বপ্রশংসাভিঃ ॥২৩॥

এবমিতি। অন্যৎ জয়লাভানুকূল্যম্, কর্ত্তুমিতি শেষঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৬॥ অথর্ব্বাঙ্গিরসো নামেতি যতোঽঙ্গিরা অথর্ব্ববেদমন্ত্রৈরিন্দ্রং তুষ্টাব ততোঽথর্ব্বাঙ্গিরসো নামাভবৎ, অস্মিন্ বেদেঽথর্ব্ববেদে, অথর্ব্ববেদস্য ঋষিরিত্যর্থঃ। উদাহরণং বাক্যমেতৎ, অথর্ব্ববেদরূপং যস্য বাক্যং স ঋষিরিতি পরিভাষাবচনাৎ ॥৭—২২॥ শক্রতেজসো বধো যেন তাদৃশোঽর্জ্জুনসংস্তবঃ ॥২৩—২৫॥

ইতি উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥১৮॥

এবং কুন্তীনন্দন মহাবাহু যুধিষ্ঠির শল্যের কথা শুনিয়া তাঁহাকে এই কথা বলিলেন—॥২২॥

'আপনি কর্ণের সারথ্য করিবেন, এবিষয়ে কোন সন্দেহ নাই। সুতরাং তখন আপনি অর্জ্জুনের প্রশংসাদ্বারা কর্ণের তেজ নষ্ট করিবেন' ॥২৩॥

শল্য বলিলেন—'তুমি আমাকে যেরূপ বলিলে, আমি এইভাবেই ইহা করিব এবং তোমার অন্য যে আনুকূল্য করিতে পারিব, তাহাও আমি করিব' ॥২৪॥

(২৩)···অর্জ্জুনসংস্তবঃ—পি বা ব রা।

ঊনবিংশোঽধ্যায়ঃ।

———ঃঃ———

বৈশম্পায়ন উবাচ।

যুযুধানস্ততো বীরঃ সাত্বতানাং মহারথঃ।
মহতা চতুরঙ্গেণ বলেনাগাদ্যুধিষ্ঠিরম্ ॥১॥
তস্য যোধা মহাবীর্য্যা নানাদেশসমাগতাঃ।
নানাপ্রহরণা বীরাঃ শোভয়াঞ্চক্রিরে বলম্ ॥২॥
পরশ্বধৈর্ভিন্দিপালৈঃ শূলতোমরমুদ্গরৈঃ।
পরিঘৈর্যষ্টিভিঃ প্রাসৈঃ করবালৈশ্চ নির্ম্মলৈঃ ॥৩॥
খড়্গকার্ম্মুকনির্য্যূহৈঃ শরৈশ্চ বিবিধৈরপি।
তৈলধৌতৈঃ প্রকাশদ্ভিস্তদশোভত বৈ বলম্ ॥৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। সবলঃ সসৈন্যঃ, শ্রীমান্ রাজোচিতকান্তিযুক্তঃ ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি সঞ্জয়যানে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥

———০———

যুযুধান ইতি। যুযুধানঃ সাত্যকিঃ, সাত্বতানাং সাত্বতবংশীয়ানাং মধ্যে ॥১॥

তস্যেতি। নানাপ্রহরণা বহুবিধাস্ত্রধারিণঃ। বলং তৎ সৈন্যম্ ॥২॥

অথ কানি তানি নানাপ্রহরণানীত্যাহ পরেতি। পরশ্বধাদীনি তদানীন্তনাস্ত্রাণি। তৈলধৌতৈঃ মলপাতনিরাকরণার্থং তৈললিপ্তৈঃ, প্রকাশদ্ভিরুজ্জ্বলৈঃ ॥৩—৪॥

বৈশম্পায়ন বলিলেন—অরিন্দম! জনমেজয়! তাহার পর রাজশ্রীসম্পন্ন মদ্ররাজ শল্য পাণ্ডবগণের নিকট বিদায় লইয়া সৈন্যগণের সহিত দুর্য্যোধনের নিকট চলিয়া গেলেন ॥২৫॥

———ঃ০ঃ———

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর যাদবগণের মধ্যে মহারথ ও বীর সাত্যকি বিশাল চতুরঙ্গ সৈন্যের সহিত যুধিষ্ঠিরের নিকট আগমন করিলেন ॥১॥

নানাদেশ হইতে আগত, মহাবলসম্পন্ন ও বীর সাত্যকির যোদ্ধারা নানাবিধ অস্ত্র ধারণ করিয়া সেই সৈন্যের শোভা জন্মাইতেছিল ॥২॥

তৈলমার্জিত ও উজ্জ্বল পরশু, ভিন্দিপাল, শূল, তোমর, মুদ্গর, পরিঘ, যষ্টি,

---

(৩)···ভিণ্ডিপালৈঃ···নি,···পরিঘৈশ্চ ষ্টিভিঃ···পি,···যষ্টিভিঃ পাশৈঃ···ব। ব রা নি।

তস্য মেঘপ্রকাশস্য সৌবর্ণৈঃ শোভিতস্য চ।
বভূব রূপং সৈন্যস্য মেঘস্যেব সবিদ্যুতঃ ॥৫॥
অক্ষৌহিণী তু সা সেনা তদা যৌধিষ্ঠিরং বলম্।
প্রবিশ্যান্তর্দধে রাজন্! সাগরং কুনদী যথা ॥৬॥
তথৈবাক্ষৌহিণীং গৃহ্য চেদীনামৃষভো বলী।
ধৃষ্টকেতুরুপাগচ্ছৎ পাণ্ডবানমিতৌজসঃ ॥৭॥
মাগধশ্চ জয়ৎসেনো জারাসন্ধির্মহাবলঃ।
অক্ষৌহিণ্যৈব সৈন্যস্য ধর্ম্মরাজমুপাগমৎ ॥৮॥
তথৈব পাণ্ড্যো রাজেন্দ্র! সাগরানূপবাসিভিঃ।
বৃতো বহুবিধৈর্যোধৈর্ধর্ম্মরাজমুপাগমৎ ॥৯॥

ভারতকৌমুদী

তস্যেতি। সৌবর্ণৈঃ সুবর্ণময়পরিচ্ছদৈঃ। অতএব সবিদ্যুত ইতি বিশেষণম্ ॥৫॥
অক্ষৌহিণীতি। অক্ষৌহিণী তৎপরিমিতা। কুনদী ক্ষুদ্রনদী ॥৬॥
তথেতি। গৃহ্য গৃহীত্বা, ঋষভঃ শ্রেষ্ঠঃ, ধৃষ্টকেতুর্নাম শিশুপালপুত্রঃ ॥৭॥
মাগধ ইতি। মাগধো মগধাধিপতিঃ, জারাসন্ধির্জরাসন্ধপুত্রঃ ॥৮॥
তথেতি। সাগরানূপবাসিভিঃ সমুদ্রতীরবাসিভিঃ ॥৯॥

প্রাস, নির্ম্মল তরবারি, খড়্গ, ধনু, নির্য্যূহ ও নানাবিধ বাণদ্বারা সেই সৈন্য শোভা পাইতে লাগিল ॥৩—৪॥

বিদ্যুৎসমন্বিত মেঘের যেমন রূপ হয়, তেমন মেঘবর্ণ ও স্বর্ণপরিচ্ছদ-শোভিত সেই সৈন্যের রূপ দৃষ্টিগোচর হইতে লাগিল ॥৫॥

রাজা! ক্ষুদ্রনদী যেমন সমুদ্রমধ্যে প্রবেশ করিয়া লীন হইয়া যায়, সেইরূপ সেই অক্ষৌহিণীপরিমিত সৈন্য আসিয়া তখন যুধিষ্ঠিরের সৈন্যের মধ্যে প্রবেশ করিয়া লীন হইয়া গেল ॥৬॥

চেদিশ্রেষ্ঠ ও বলবান্ ধৃষ্টকেতুও সেইরূপ এক অক্ষৌহিণী সৈন্য লইয়া অমিততেজা পাণ্ডবগণের নিকট আগমন করিলেন ॥৭॥

জরাসন্ধের পুত্র মগধদেশের রাজা মহাবল জয়ৎসেন এক অক্ষৌহিণী সৈন্যের সহিত যুধিষ্ঠিরের নিকট উপস্থিত হইলেন ॥৮॥

রাজশ্রেষ্ঠ! সেইরূপই পাণ্ড্যরাজা সমুদ্রতীরবাসী নানাবিধ যোদ্ধৃগণে পরিবেষ্টিত হইয়া ধর্ম্মরাজের নিকট আগমন করিলেন ॥৯॥

(৮)···সৈন্যেন ··পি। (৯)···যুধিষ্ঠিরমুপাগমৎ—বা ব রা নি।

তস্য সৈন্যমতীবাসীত্তস্মিন্ বলসমাগমে।
প্রেক্ষণীয়তরং রাজন্! সুবেশং বলবত্তদা ॥১০॥
কেকয়াশ্চ নরব্যাঘ্রাঃ সোদরাঃ পঞ্চ পার্থিবাঃ।
সংহর্ষয়ন্তঃ কৌন্তেয়ানক্ষৌহিণ্যা সমাগতাঃ ॥১১॥
দ্রুপদস্যাপ্যভূৎ সেনা নানাদেশসমাগতৈঃ।
শোভিতা পুরুষৈঃ শূরৈঃ পুত্রৈশ্চাস্য মহারথৈঃ ॥১২॥
তথৈব রাজা মৎস্যানাং বিরাটো বাহিনীপতিঃ।
পার্ব্বতীয়ৈর্মহীপালৈঃ সহিতঃ পাণ্ডবানয়াৎ ॥১৩॥
ইতশ্চেতশ্চ পাণ্ডূনাং সমাজগ্মুর্মহাত্মনাম্।
অক্ষৌহিণ্যস্তু সপ্তৈতা বিবিধধ্বজসঙ্কুলাঃ।
যুযুৎসমানাঃ কুরুভিঃ পাণ্ডবান্ সমহর্ষয়ন্ ॥১৪॥

ভারতকৌমুদী

তস্যেতি। তস্য ধর্ম্মরাজস্য। অতীব প্রেক্ষণীয়তরমিতি সম্বন্ধঃ ॥১০॥

কেকয়া ইতি। কেকয়াঃ কেকয়দেশীয়াঃ। পার্থিবাঃ পার্থিববংশীয়াঃ ॥১১॥

দ্রুপদস্যেতি। সেনা অক্ষৌহিণীপরিমিতা। পুত্রৈর্ধৃষ্টদ্যুম্নাদিভিঃ ॥১২॥

তথেতি। মহীপালৈঃ সৈন্যভূতৈঃ। অয়াৎ স্বনগরাদগচ্ছৎ ॥১৩॥

ইত ইতি। পাণ্ডূনাং পাণ্ডবানামন্তিকে। সমাজগ্মুঃ সৈনিকা ইতি শেষঃ। সঙ্কলয়তি সপ্তেতি। তথা চ সাত্যকেরেকা, ধৃষ্টকেতোরেকা, জয়ৎসেনস্যৈকা, কেকয়ানামেকা, দ্রুপদস্যৈকা, বিরাটস্য চৈকেতি ষড়ক্ষৌহিণ্যঃ, পাণ্ড্যরাজস্য সৈনিকা আহ্বানাদিতস্তত আগতাশ্চ সৈনিকা একাক্ষৌহিণীপরিমিতা ইতি মিলিত্বা পাণ্ডবানাং সপ্তাক্ষৌহিণ্যঃ সৈন্যা আসন্। যুযুৎসমানা যোদ্ধুমিচ্ছন্তঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

রাজা! তখন সেই সকল সৈন্য আগমন করায় সুবেশ ও বলবান্ যুধিষ্ঠিরের সৈন্য অত্যন্ত সুদৃশ্য হইল ॥১০॥

কেকয়দেশীয় নরশ্রেষ্ঠ রাজবংশীয় পঞ্চ সহোদর পাণ্ডবগণকে আনন্দিত করিয়া এক অক্ষৌহিণী সৈন্যের সহিত আগমন করিলেন ॥১১॥

নানাদেশ হইতে সমাগত বীর পুরুষগণ এবং দ্রুপদের মহারথ পুত্রগণদ্বারা দ্রুপদের সেনাও শোভা পাইতে লাগিল ॥১২॥

সেইরূপই মৎস্যদেশের রাজা সেনাপতি বিরাট পার্ব্বত্য রাজগণের সহিত পাণ্ডবগণের নিকট উপস্থিত হইলেন ॥১৩॥

(১১) শ্লোকঃ পি বা ব রা অত্র নাস্তি। (১৩)…পাণ্ডবানিয়াৎ—পি বা ব রা। (১৪) …সপ্তৈব…বা ব রা নি।

তথৈব ধার্ত্তরাষ্ট্রস্য হর্ষং সমভিবর্দ্ধয়ন্।
ভগদত্তো মহীপালঃ সেনামক্ষৌহিণীং দদৌ ॥১৫॥
তস্য চীনৈঃ কিরাতৈশ্চ কাঞ্চনৈরিব সংবৃতম্।
বভৌ বলমনাধৃষ্যং কর্ণিকারবনং যথা ॥১৬॥
তথা ভূরিশ্রবাঃ শূরঃ শল্যশ্চ কুরুনন্দন!।
দুর্য্যোধনমুপায়াতাবক্ষৌহিণ্যা পৃথক্ পৃথক্ ॥১৭॥
কৃতবর্ম্মা চ হার্দ্দিক্যো ভোজান্ধকবলৈঃ সহ।
অক্ষৌহিণ্যৈব সেনায়া দুর্য্যোধনমুপাগমৎ ॥১৮॥
তস্য তৈঃ পুরুষব্যাঘ্রৈর্বনমালাধরৈর্বলম্।
অশোভত যথা মত্তৈর্বনং প্রক্রীড়িতৈর্গজৈঃ ॥১৯॥

ভারতকৌমুদী

তথেতি। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য। দদৌ ধার্ত্তরাষ্ট্রায়ৈব ॥১৫॥
তস্যেতি। কাঞ্চনৈরিবেতি চীনকিরাতানাং পীতবর্ণত্বাদিতি ভাবঃ ॥১৬॥
তথেতি। পৃথক্ পৃথক্ অক্ষৌহিণ্যা একৈকয়া অক্ষৌহিণ্যেত্যর্থঃ ॥১৭॥
কৃতেতি। হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ। অক্ষৌহিণ্যা একয়া ॥১৮॥

আর নানাদেশ হইতে বহুতর সৈন্য মহাত্মা পাণ্ডবগণের নিকট আগমন করিল। ইহাতে পাণ্ডবপক্ষে সাত অক্ষৌহিণী সৈন্য হইল; তাহারা নানাবিধ ধ্বজে ব্যাপ্ত ছিল এবং কৌরবগণের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া পাণ্ডবগণকে আনন্দিত করিতেছিল ॥১৪॥

সেইরূপই ভগদত্তরাজা আসিয়া দুর্য্যোধনের আনন্দবর্দ্ধন করতঃ তাঁহাকে এক অক্ষৌহিণী সৈন্য দান করিলেন ॥১৫॥

স্বর্ণবর্ণ চীন ও কিরাতসৈন্য পরিবেষ্টিত ভগদত্তের সেই দুর্দ্ধর্ষ সৈন্য স্থলপদ্মবনের ন্যায় শোভা পাইতে লাগিল ॥১৬॥

কুরুনন্দন! বীর ভূরিশ্রবা ও শল্য এক এক অক্ষৌহিণী সৈন্যের সহিত দুর্য্যোধনের নিকটে আগমন করিলেন ॥১৭॥

হৃদিকনন্দন কৃতবর্ম্মা ভোজ ও অন্ধকসৈন্যের সহিত এক অক্ষৌহিণী সৈন্য লইয়া দুর্য্যোধনের নিকট উপস্থিত হইলেন ॥১৮॥

বনমালাধারী সেই পুরুষশ্রেষ্ঠগণদ্বারা কৃতবর্ম্মার সৈন্য, ক্রীড়াকারী মত্ত হস্তিগণদ্বারা বনের ন্যায় শোভা পাইতে লাগিল ॥১৯॥

(১৮)…ভোজান্ধকুকুরৈঃ সহ…বা ব রা নি।

জয়দ্রথমুখাশ্চান্যে সিন্ধুসৌবীরবাসিনঃ।
আজগ্মুঃ পৃথিবীপালাঃ কম্পয়ন্ত ইবাচলান্ ॥২০॥
তেষামক্ষৌহিণী সেনা বহুলা বিবভৌ তদা।
বিধূয়মানো বাতেন বহুরূপ ইবাম্বুদঃ ॥২১॥
সুদক্ষিণশ্চ কাম্বোজো যবনৈশ্চ শকৈস্তথা।
উপাজগাম কৌরব্যমক্ষৌহিণ্যা বিশাংপতে! ॥২২॥
তস্য সেনাসমাবায়ঃ শলভানামিবাবভৌ।
স চ সংপ্রাপ্য কৌরব্যং তত্রৈবান্তর্দধে তদা ॥২৩॥
তথা মাহিষ্মতীবাসী নীলো নীলায়ুধৈঃ সহ।
মহীপালো মহাবীর্য্যৈর্দক্ষিণাপথবাসিভিঃ ॥২৪॥

ভারতকৌমুদী

তস্যেতি। বনমালাধরৈঃ বনপুষ্পমালাধারিভিঃ। প্রক্রীড়িতৈরিতি কর্ত্তরি ক্তঃ ॥১৯॥
জয়দ্রথেতি। সিন্ধুসৌবীরনামকৌ দেশবিশেষৌ ॥২০॥
তেষামিতি। বহুলা বহুবিধবেশা। অম্বুদো মেঘঃ ॥২১॥
স্বিতি। সুদক্ষিণো নাম, কাম্বোজস্তদ্দেশাধিপতিঃ। অক্ষৌহিণ্যা সহ ॥২২॥
তস্যেতি। সেনানাং সমাবায়ঃ সমূহঃ, শলভানাং সমবায় ইব ॥২৩॥
তথেতি। মাহিষ্মতী নাম নগরী, নীলো নাম রাজা, আগচ্ছদিতি শেষঃ ॥২৪॥

সিন্ধু ও সৌবীরদেশবাসী জয়দ্রথপ্রভৃতি রাজারা পর্ব্বতগুলিকে কাঁপাইতে থাকিয়াই যেন দুর্য্যোধনের নিকট আগমন করিলেন ॥২০॥

তখন তাঁহাদের সেই নানাবিধবেশধারী এক অক্ষৌহিণীপরিমিত সৈন্য, বায়ুসঞ্চালিত বহুবিধরূপযুক্ত মেঘের ন্যায় শোভা পাইতে লাগিল ॥২১॥

নরনাথ! কাম্বোজদেশের রাজা সুদক্ষিণ, শক ও যবনদেশীয় রাজাদের সহিত মিলিত হইয়া এক অক্ষৌহিণী সৈন্য লইয়া দুর্য্যোধনের নিকট আগমন করিলেন ॥২২॥

তাঁহার সৈন্যসমূহ পতঙ্গসমূহের ন্যায় শোভা পাইতে লাগিল এবং সেই সৈন্যসমূহ দুর্য্যোধনের নিকট উপস্থিত হইয়া তাঁহারই সৈন্যের ভিতরে লীন হইয়া গেল ॥২৩॥

মাহিষ্মতীনগরীর রাজা নীল, মহাবীর ও নীলবর্ণ অস্ত্রধারী দাক্ষিণাত্য-সৈন্যের সহিত আগমন করিলেন ॥২৪॥

মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

উদ্যোগপর্ব্ব

দ্বিতীয়খণ্ডম্

দর্শনাচার্য্য

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়েন

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যকস্নুরিবর্ত্মস্থসিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতঞ্চ

১৩৪১ বঙ্গাব্দে

গ্রাহকপক্ষে মূল্যং ১৲ সাধারণপক্ষে মূল্যং ১।০

আবন্ত্যৌ চ মহীপালৌ মহাবলসুসংবৃতৌ।
পৃথগক্ষৌহিণীভ্যাং তাবভিযাতৌ সুযোধনম্ ॥২৫॥
ততস্ততস্তু সর্ব্বেষাং ভূমিপানাং মহাত্মনাম্।
তিস্রোঽন্যাঃ সমবর্ত্তন্ত বাহিন্যো ভরতর্ষভ ! ॥২৬॥
এবমেকাদশাবৃত্তাঃ সেনা দুর্য্যোধনস্য তাঃ।
যুযুৎসমানাঃ কৌন্তেয়ান্ নানাধ্বজসমাকুলাঃ ॥২৭॥
ন হাস্তিনপুরে রাজন্নবকাশোঽভবদ্ভদা।
রাজ্ঞাং স্ববলমুখ্যানাং প্রাধান্যেনাপি ভারত ! ॥২৮॥
ততঃ পঞ্চনদঞ্চৈব কৃৎস্নঞ্চ কুরুজাঙ্গলম্।
তথা রোহিতকারণ্যং মরুভূমিশ্চ কেবলা ॥২৯॥

ভারতকৌমুদী

আবন্ত্যাবিতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ বিন্দানুবিন্দৌ নাম ॥২৫॥

তত ইতি। তিস্রঃ অক্ষৌহিণ্যঃ। বাহিন্যঃ সেনাঃ। দুর্য্যোধনস্য স্বকীয়াস্তত্র ন গণিতাঃ; তাশ্চ পরস্তাদ্বক্ষ্যন্তে ॥২৬॥

এবমিতি। একাদশ অক্ষৌহিণ্যঃ, আবৃত্তা আগতাঃ। তথা চ ভগদত্তস্যৈকা, ভূরিশ্রবস একা, শল্যস্যৈকা, কৃতবর্ম্মণ একা, জয়দ্রথস্যৈকা, সুদক্ষিণস্যৈকা, আবন্ত্যস্য বিন্দস্যৈকা, অনুবিন্দস্য চৈকেতি অষ্টাবক্ষৌহিণ্যঃ; নীলাদীনাং তত্তদ্ভূমিপানাং তিস্র ইতি সমুদায়েন একাদশাক্ষৌহিণ্যো দুর্য্যোধনস্য ॥২৭॥

নেতি। অবকাশঃ অবস্থিতিস্থানম্। স্ববলমুখ্যানাং নিজসৈন্যশ্রেষ্ঠানাম্ ॥২৮॥

অবন্তিদেশের রাজা বিন্দ ও অনুবিন্দ মহাসৈন্যে পরিবেষ্টিত হইয়া এক এক অক্ষৌহিণী সৈন্য লইয়া দুর্য্যোধনের নিকট উপস্থিত হইলেন ॥২৫॥

আর ভরতশ্রেষ্ঠ ! সেই সেই দেশ হইতে আহূত সকল মহাত্মা রাজার অন্য তিন অক্ষৌহিণী সৈন্য আসিয়া সমবেত হইল ॥২৬॥

এইভাবে দুর্য্যোধনের এগার অক্ষৌহিণী সৈন্য সংগৃহীত হইল এবং নানাবিধধ্বজধারী সেই সৈন্যেরা পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিবার জন্য উৎসুক রহিল ॥২৭॥

ভরতনন্দন ! রাজা ! তখন অন্য সৈন্যের কথা দূরে থাকুক, আপন সেনাপ্রধান রাজাদেরও প্রধানতঃ হস্তিনাপুরে থাকিবার জায়গা হইল না ॥২৮॥

---

(২৫) শ্লোকাৎ পরম্ 'কেকয়াশ্চ নরব্যাঘ্রাঃ' ইত্যাদিপ্রাগুক্তঃ শ্লোকঃ সন্নিবেশিতঃ পি বা ব রা। তচ্চাযুক্তং কেকয়ানাং মাত্রেয়সম্বন্ধিত্বেন পাণ্ডবপক্ষীয়ত্বাৎ।

অহিচ্ছত্রং কালকূটং গঙ্গাকূলঞ্চ ভারত ! ।
বারণং বাটধানঞ্চ যামুনশ্চৈব পর্ব্বতঃ ॥৩০॥
এষ দেশঃ সুবিস্তীর্ণঃ প্রভূতধনধান্যবান্ ।
বভূব কৌরবেয়াণাং বলেন সুসমাকুলঃ ॥৩১॥ (বিশেষকম্)
তত্র সৈন্যং তথা যুক্তং দদর্শ স পুরোহিতঃ ।
যঃ স পাঞ্চালরাজেন প্রেষিতঃ কৌরবান্ প্রতি ॥৩২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে পুরোহিতসৈন্যদর্শনে ঊনাবংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

তত্ত ইতি। পঞ্চনদাদিনামকং তত্তৎ স্থানম্। গঙ্গায়াঃ কূলং তীরম্। যামুনো যমুনা-প্রদেশস্থঃ। সুসমাকুলঃ অতীবব্যাপ্তঃ ॥২৯—৩১॥

তত্রেতি। যুক্তং পাণ্ডবৈঃ সহ যোদ্ধুমুদ্যুক্তম্। পাঞ্চালরাজেন দ্রুপদেন ॥৩২॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে ঊনবিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

যুযুধান ইতি। যুযুধানঃ সাত্যকিঃ ॥১—১৭॥ বনমালা আপাদলম্বিনী মালা ॥১৮—২২॥ সমাবায়ঃ সমূহঃ ॥২৩—২৪॥ আবন্ত্যৌ বিন্দানুবিন্দৌ ॥২৫—২৯॥ অহিচ্ছত্রাদয়ঃ প্রদেশ বিশেষাঃ ॥৩০—৩২

ইতি উদযোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনবিংশোঽধ্যায়ঃ ॥১৯॥

ভরতনন্দন ! তাহার পর পঞ্চনদ, সমগ্র কুরুজাঙ্গল, রোহিতকারণ্য, সমস্ত মরুভূমি, অহিচ্ছত্র, কালকূট, গঙ্গাতীর, বারণ, বাটধান এবং যামুনপর্বত, এই প্রচুরধনধান্যশালী বিস্তৃত দেশই কৌরবসৈন্যে পরিব্যাপ্ত হইল ॥২৯—৩১॥

তখন পাঞ্চালরাজ দ্রুপদ সেই যে পুরোহিতকে কৌরবগণের নিকটে পাঠাইয়াছিলেন, সেই পুরোহিত সেখানে সেই সৈন্যগণকে সেইরূপ উদ্‌যোগী দেখিলেন ॥৩২॥

---

(৩০) অহিচ্ছত্রা কালকূটা গদাকূটঞ্চ ভারত ! । বরণা বাটধানঞ্চ···পি।

বিংশোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

স চ কৌরব্যমাসাদ্য দ্রুপদস্য পুরোহিতঃ।
সৎকৃতো ধৃতরাষ্ট্রেণ ভীষ্মেণ বিদুরেণ চ ॥১॥
সর্বং কুশলমুক্ত্বাদৌ পৃষ্ট্বা চৈবমনাময়ম্।
সর্বসৈন্যপ্রণেতৄণাং মধ্যে বাক্যমুবাচ হ ॥২॥ (যুগ্মকম্)
সর্বৈর্ভবদ্ভির্বিদিতো রাজধর্ম্মঃ সনাতনঃ।
বাক্যোপাদানহেতোস্তু বক্ষ্যামি বিদিতে সতি ॥৩॥
ধৃতরাষ্ট্রশ্চ পাণ্ডুশ্চ সুতাবেকস্য বিশ্রুতৌ।
তয়োঃ সমানং দ্রবিণং পৈতৃকং নাত্র সংশয়ঃ ॥৪॥
ধৃতরাষ্ট্রস্য যে পুত্রাঃ প্রাপ্তং তৈঃ পৈতৃকং বসু।
পাণ্ডুপুত্রাঃ কথং নাম ন প্রাপ্তাঃ পৈতৃকং বসু ॥৫॥

ভারতকৌমুদী

স ইতি। কৌরব্যং কৌরবসভাম্। সংকৃতঃ পাদবন্দনাদিনা আদৃতঃ। সর্বসৈন্যপ্রণেতৄণাম্ আসীনানাং সকলসেনাপতীনাম্ ॥১—২॥

সর্বৈরিতি। বাক্যোপাদানহেতোঃ আলোচনাপ্রসক্তিনিমিত্তম্ ॥৩॥

ধৃতেতি। একস্য বিচিত্রবীর্য্যস্য। দ্রবিণং ধনম্ ॥৪॥

ধৃতেতি। প্রাপ্তম্, ধৃতরাষ্ট্রস্য জন্মান্ধতয়া অনধিকারিত্বাদিতি ভাবঃ। পাণ্ডোর্মৃতত্বয়া তৎপুত্রাণাং তদ্ধনস্য প্রাপ্তিসম্ভবেঽপীত্যাশয়ঃ। বসু ধনম্ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—দ্রুপদরাজার সেই পুরোহিত কৌরবসভায় উপস্থিত হইলে ধৃতরাষ্ট্র, ভীষ্ম ও বিদুর তাঁহার উপযুক্ত সংবর্দ্ধনা করিলেন। তাহার পর তিনি প্রথমে আপনাদের সমস্ত মঙ্গলের কথা বলিয়া এবং উঁহাদের অনাময়-প্রশ্ন করিয়া সকল সেনাপতিগণের মধ্যে এই কথা বলিলেন—॥১—২॥

'আপনাদের সকলেরই সনাতন রাজধর্ম্ম জানা আছে; তাহা জানা থাকিলেও আলোচনাপ্রসঙ্গের জন্য আমি তাহা বলিব ॥৩॥

ধৃতরাষ্ট্র ও পাণ্ডু একজনের পুত্র বলিয়াই প্রসিদ্ধ। সুতরাং পৈতৃক ধনও তাঁহাদের সমান; এবিষয়ে কোন সন্দেহ নাই ॥৪॥

---

(২) সর্বং কৌশল্যম্...বা ব রা, সর্বকৌশল্যম্...নি...।

এবং গতে পাণ্ডবেয়ৈর্বিদিতং বঃ পুরা যথা।
ন প্রাপ্তং পৈতৃকং দ্রব্যং ধার্ত্তরাষ্ট্রেণ সংবৃতম্ ॥৬॥
প্রাণান্তিকৈরপ্যুপায়ৈঃ প্রযতদ্ভিরনেকধা।
শেষবন্তো ন শকিতা নেতুং বৈ যমসাদনম্ ॥৭॥
পুনশ্চ বর্দ্ধিতং রাজ্যং স্ববলেন মহাত্মভিঃ।
ছদ্মনাপহৃতং ক্ষুদ্রৈর্ধার্ত্তরাষ্ট্রৈঃ সসৌবলৈঃ ॥৮॥
তদপ্যনুমতং কর্ম্ম যথা যুক্তমনেন বৈ।
বাসিতাশ্চ মহারণ্যে বর্ষাণীহ ত্রয়োদশ ॥৯॥

ভারতকৌমুদী

এবমিতি। এবং গতে উক্তবিধসমাননিয়মে স্থিতেঽপি। সংবৃতং রুদ্ধম্ ॥৬॥

প্রাণেতি। অনেকধা, প্রাণান্তিকৈঃ প্রাণান্তকরৈঃ, উপায়ৈর্বিষদানাদিভিঃ, প্রযতদ্ভিঃ যমসাদনপ্রেরণায় প্রযতমানৈরপি দুর্য্যোধনাদিভিঃ, শেষবন্ত আয়ুঃশেষশালিনঃ পাণ্ডবাঃ, যমসাদনং যমালয়ং নেতুং ন শকিতা ন শক্যাঃ ॥৭॥

পুনরিতি। বর্দ্ধিতং রাজসূয়কালে। মহাত্মভিঃ পাণ্ডবৈঃ। ক্ষুদ্রৈর্নীচাশয়ৈঃ ॥৮॥

তদিতি। তৎ ছদ্মনাপহরণম্, যথা যুক্তং ন্যায্যমিব, অনেন ধৃতরাষ্ট্রেণ ॥৯॥

এক্ষেত্রে যাঁহারা ধৃতরাষ্ট্রের পুত্র, তাঁহারা পৈতৃক ধন পাইলেন; কিন্তু পাণ্ডুর পুত্রেরা পৈতৃক ধন পাইলেন না কেন? ॥৫॥

আপনাদের জানা আছে যে, উক্তবিধ নিয়ম থাকা সত্ত্বেও পাণ্ডবেরা পৈতৃক ধন পান নাই। কেন না, দুর্য্যোধন তাহা হস্তগত করিয়া রাখিয়াছেন ॥৬॥

তা'র পর ধৃতরাষ্ট্রের পুত্রেরা বহুপ্রকারে প্রাণনাশক উপায় দ্বারা পাণ্ডবগণকে যমালয়ে পাঠাইবার চেষ্টা করিয়াও তাঁহাদের আয়ুর শেষ ছিল বলিয়া তাঁহাদিগকে যমালয়ে পাঠাইতে পারেন নাই ॥৭॥

মহাত্মা পাণ্ডবেরা আপনাদের বাহুবলে রাজ্য বর্দ্ধিত করিয়াছিলেন; কিন্তু ক্ষুদ্রহৃদয় ধার্ত্তরাষ্ট্রেরা শকুনির সহিত মিলিত হইয়া ছলক্রমে তাহা হরণ করিয়াছেন ॥৮॥

তা'র পর রাজা ধৃতরাষ্ট্র ন্যায়সঙ্গত কার্য্যের ন্যায় সেই দুষ্কার্য্যেরও অনুমোদনই করিয়াছেন এবং পাণ্ডবগণকে তের বৎসরপর্য্যন্ত বনবাস করাইয়াছেন ॥৯॥

---

(৬) বনং গতে···ধৃতরাষ্ট্রেণ যদ্ধৃতম্—নি। (৭)···নয়িতুং যমসাদনম্—পি। (৯)··· বর্ষাণাঞ্চ ত্রয়োদশ—পি।

সভায়াং ক্লেশিতৈর্বীরৈঃ সহভার্য্যৈস্তথা ভৃশম্ ।
অরণ্যে বিবিধাঃ ক্লেশাঃ সংপ্রাপ্তাস্তৈঃ সুদারুণাঃ ॥১০॥
তথা বিরাটনগরে যোন্যন্তরগতৈরিব ।
সংপ্রাপ্তঃ পরমক্লেশো যথা পাপৈর্মহাত্মভিঃ ॥১১॥
তে সর্ব্বে পৃষ্ঠতঃ কৃত্বা তৎ সর্ব্বং পূর্ব্বকিল্বিষম্ ।
সাম্নৈব কুরুভিঃ সার্দ্ধমিচ্ছন্তি কুরুপুঙ্গবাঃ ॥১২॥
তেষাঞ্চ বৃত্তমাজ্ঞায় বৃত্তং দুর্য্যোধনস্য চ ।
অনুনেতুমিহার্হন্তি ধৃতরাষ্ট্রং সুহৃজ্জনাঃ ॥১৩॥
ন হি তে বিগ্রহং বীরাঃ কুর্ব্বন্তি কুরুভিঃ সহ ।
অবিনাশেন লোকস্য কাঙ্ক্ষন্তে পাণ্ডবাঃ স্বকম্ ॥১৪॥

ভারতকৌমুদী

সভায়ামিতি। ভার্য্যয়া দ্রৌপদ্যা সহেতি সহভার্য্যাস্তৈঃ। তৈঃ পাণ্ডবৈঃ ॥১০॥
তথেতি। যোন্যন্তরগতৈরিব অতীবাজ্ঞাতৈরিত্যর্থঃ। পাপৈর্যথা পাপাত্মভিরিব ॥১১॥
ত ইতি। পৃষ্ঠতঃ কৃত্বা বিস্মৃত্যেত্যর্থঃ। পূর্ব্বকিল্বিষং পূর্ব্বকষ্টম্ ॥১২॥
তেষামিতি। তেষাং পাণ্ডবানাম্, বৃত্তং চরিত্রম্। অনুনেতুমনুনয়েন সন্ধিং কারয়িতুম্। সুহৃজ্জনা ভীষ্মাদয়ঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

স ইতি ॥১—২॥ বাক্যেতি ভবন্তিঃ কিঞ্চিদ্বক্তব্যমতো হেতোরিত্যর্থঃ ॥৩—৬॥ শেষবন্তঃ আয়ুঃশেষযুক্তাঃ ॥৭—১০॥ যোন্যন্তরগতৈরিবেতি তৈর্দ্দত্তান্ ক্লেশান্ জন্মান্তরব্যবহিতানিব ন স্মরন্তীত্যর্থঃ ॥১১—২১॥

ইতি উদযোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে বিংশোঽধ্যায়ঃ ॥২০॥

দ্যূতসভায় ভার্য্যার সহিত সেই বীরগণকে অত্যন্ত কষ্ট দিয়াছেন; পরে আবার তাঁহারা বনে অতিদারুণ নানাবিধ কষ্ট ভোগ করিয়াছেন ॥১০॥

এবং তাঁহারা মহাত্মা হইয়াও পাপাত্মাদেরই তুল্য মাতার উদরগত হইয়াই যেন বিরাটরাজার রাজধানীতে গুরুতর ক্লেশ অনুভব করিয়াছেন ॥১১॥

কিন্তু এখন সেই কুরুশ্রেষ্ঠেরা সকলেই সেই সকল পূর্ব্ব কষ্ট বিস্মৃত হইয়া কৌরবগণের সহিত সৌহার্দ্দই ইচ্ছা করেন ॥১২॥

সুতরাং বন্ধুবর্গেরা এখন পাণ্ডবগণের আচরণ এবং দুর্য্যোধনের আচরণ বুঝিয়া সন্ধির জন্য রাজা ধৃতরাষ্ট্রের অনুনয় করিতে পারেন ॥১৩॥

---

(১১)···প্রাপ্তঃ পরমসংক্লেশঃ···বা ব রা নি। (১২) তে সর্ব্বম্···তৎ পূর্ব্বং কর্ম্ম কিল্বিষম্। সাম্নৈব কুরুভিঃ সন্ধিম্···বা ব রা নি। (১৩) ধার্ত্তরাষ্ট্রম্···বা ব রা নি।

যশ্চাপি ধার্ত্তরাষ্ট্রস্য হেতুঃ স্যাদ্বিগ্রহং প্রতি।
স চ হেতুর্ন মন্তব্যো বলীয়াংসস্তথা হি তে ॥১৫॥
অক্ষৌহিণ্যশ্চ সপ্তৈব ধর্ম্মপুত্রস্য সঙ্গতাঃ।
যুযুৎসমানাঃ কুরুভিঃ প্রতীক্ষন্তেঽস্য শাসনম্ ॥১৬॥
অপরে পুরুষব্যাঘ্রাঃ সহস্রাক্ষৌহিণীসমাঃ।
সাত্যকির্ভীমসেনশ্চ যমৌ চ সুমহাবলৌ ॥১৭॥
একাদশৈতাঃ পৃতনা একতশ্চ সমাগতাঃ।
একতশ্চ মহাবাহুর্বহুরূপো ধনঞ্জয়ঃ ॥১৮॥
যথা কিরীটী সর্ব্বাভ্যঃ সেনাভ্যো ব্যতিরিচ্যতে।
এবমেব মহাবাহুর্বাসুদেবো মহাদ্যুতিঃ ॥১৯॥

ভারতকৌমুদী

নেতি। কুর্ব্বন্তি কর্ত্তুমিচ্ছন্তি। স্বকং স্বকীয়ং রাজ্যাদিকম্ ॥১৪॥

য ইতি। যঃ শক্ত্যতিশয়ঃ। ন মন্তব্যঃ সমীচীনতয়া নাঙ্গীকার্য্যঃ। তে পাণ্ডবাঃ ॥১৫॥

ননু পাণ্ডবানাং বলীয়স্ত্বং কুতঃ, ২ৈবলমেব নাস্তীত্যাহ অক্ষৌহিণ্য ইতি। সঙ্গতা আগত্য মিলিতাঃ। যুযুৎসমানা যোদ্ধুমিচ্ছন্তঃ। অস্য ধর্ম্মপুত্রস্য, শাসনমাদেশম্ ॥১৬॥

পাণ্ডবানাং সংখ্যাল্পত্বেঽপি বলাধিক্যমাহ অপর ইতি। যমৌ নকুলসহদেবৌ ॥১৭॥

অর্জ্জুনস্য সর্ব্বাধিক্যমাহ একাদশেতি। একাদশ অক্ষৌহিণ্যঃ, পৃতনাঃ সেনাঃ ॥১৮॥

যথেতি। ব্যতিরিচ্যতে অধিকো ভবতি। মহাদ্যুতির্মহাতেজাঃ ॥১৯॥

কারণ, সেই বীরেরা কৌরবগণের সহিত বিবাদ করিবার ইচ্ছা করেন না, কিন্তু লোকক্ষয় না করিয়া আপনাদের প্রাপ্যই পাইতে ইচ্ছা করেন ॥১৪॥

তা'র পর যুদ্ধবিষয়ে দুর্য্যোধনের মনে যে ভরসা আছে, তাহা আপনাদের স্বীকার করা উচিত নহে। কারণ, পাণ্ডবেরাই প্রবলতর ॥১৫॥

যুধিষ্ঠিরের পক্ষে সাত অক্ষৌহিণী সৈন্যই সমবেত হইয়াছে এবং তাহারা কৌরবদের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া যুধিষ্ঠিরের আদেশের প্রতীক্ষা করিতেছে ॥১৬॥

তা'র পর সাত্যকি, ভীমসেন এবং অতিমহাবল নকুল ও সহদেব, অপর এই পুরুষশ্রেষ্ঠ চারিজন সহস্র অক্ষৌহিণীর তুল্য ॥১৭॥

এবং একদিকে এই এগার অক্ষৌহিণী সৈন্য সমবেত হইয়াছে; আর অপর দিকে মহাবাহু ও বহুরূপী অর্জ্জুন রহিয়াছেন ॥১৮॥

(১৬) অক্ষৌহিণ্যস্ত···পি। (১৮)···একতস্ত সমাগতাঃ···পি।

বহুলত্বঞ্চ সেনানাং বিক্রমঞ্চ কিরীটিনঃ।
বুদ্ধিমত্ত্বঞ্চ কৃষ্ণস্য বুদ্ধ্বা যুধ্যেত কো নরঃ ॥২০॥
তে ভবন্তো যথাধর্ম্মং যথাসময়মেব চ।
প্রযচ্ছন্তু প্রদাতব্যং মা বঃ কালোঽত্যগাদয়ম্ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে পুরোহিতবাক্যে বিংশোঽধ্যায়ঃ ॥০॥

একবিংশোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

তস্য তদ্বচনং শ্রুত্বা প্রজ্ঞাবৃদ্ধো মহাদ্যুতিঃ।
সংপূজ্যৈনং যথাকালং ভীষ্মো বচনমব্রবীৎ ॥১॥

ভারতকৌমুদী

বহুলত্বমিতি। বহুলত্বং প্রাচুর্য্যম্। যুধ্যেত যোদ্ধুং শক্নুয়াৎ ॥২০॥

ত ইতি। প্রদাতব্যং পাণ্ডবেভ্যো দেয়ং রাজ্যাদিকম্। মা অত্যগাৎ নাতিক্রামেৎ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে বিংশোঽধ্যায়ঃ ॥০॥

তস্যেতি। তস্য দ্রুপদপুরোহিতস্য। সম্পূজ্য প্রণম্য, এনং দ্রুপদপুরোহিতম্ ॥১॥

এক অর্জ্জুন যেমন সকল সৈন্য হইতে অতিরিক্ত, তেমন মহাবাহু ও মহাতেজা এক কৃষ্ণও সর্বাপেক্ষা অতিরিক্ত ॥১৯॥

সৈন্যবাহুল্য, অর্জ্জুনের বিক্রম এবং কৃষ্ণের বুদ্ধিমত্তা বুঝিয়া কোন্ লোক পাণ্ডবদের সহিত যুদ্ধ করিতে পারে? ॥২০॥

সুতরাং আপনারা ধর্ম্ম ও সময় অনুসারে পাণ্ডবদিগকে দেয় অংশ দান করুন; আপনাদের যেন এই সময়টা অতীত হয় না' ॥২১॥

বৈশম্পায়ন বলিলেন—জ্ঞানবৃদ্ধ ও মহাতেজা ভীষ্ম দ্রুপদ পুরোহিতের সেই সকল কথা শুনিয়া তাঁহার সম্মান করিয়া সময়োচিত এই কথা বলিলেন—॥১॥

দিষ্ট্যা কুশলিনঃ সর্ব্বে সহ দামোদরেণ তে।
দিষ্ট্যা সহায়বন্তশ্চ দিষ্ট্যা ধর্ম্মে চ তে রতাঃ ॥২॥
দিষ্ট্যা চ সন্ধিকামাস্তে ভ্রাতরঃ কুরুনন্দনাঃ।
দিষ্ট্যা ন যুদ্ধমনসঃ পাণ্ডবাঃ সহ বান্ধবৈঃ ॥৩॥
ভবতা সত্যমুক্তন্তু সর্ব্বমেতন্ন সংশয়ঃ।
অতিতীক্ষ্ণন্তু তে বাক্যং ব্রাহ্মণ্যাদিতি মে মতিঃ ॥৪॥
অসংশয়ং ক্লেশিতাস্তে বনে চেহ চ পাণ্ডবাঃ।
প্রাপ্তাশ্চ ধর্ম্মতঃ সর্ব্বং পিতুর্ধনমসংশয়ম্ ॥৫॥
কিরীটী বলবান্ পার্থঃ কৃতাস্ত্রশ্চ মহারথঃ।
কো হি পাণ্ডুসুতং যুদ্ধে বিষহেত ধনঞ্জয়ম্ ॥৬॥

ভারতকৌমুদী

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। দামোদরেণ কৃষ্ণেন, তে পাণ্ডবাঃ ॥২॥

দিষ্ট্যেতি। বহুযাতনাভোগেন যুদ্ধকামনাসম্ভবেঽপীতি ভাবঃ ॥৩॥

ভবতেতি। অতিতীক্ষ্ণম্, সমক্ষমেব "ছদ্মনাপহৃতং ক্ষুদ্রৈর্ধার্ত্তরাষ্ট্রৈঃ সসৌবলৈঃ" ইত্যাদ্যভিধানাদিতি ভাবঃ। ব্রাহ্মণ্যাৎ আত্মনো ব্রাহ্মণত্বসাহসাৎ ॥৪॥

অসংশয়মিতি। ইহ চ নগরে দ্যূতসভায়াম্। প্রাপ্তাঃ প্রাপ্তুং যোগ্যাঃ ॥৫॥

কিরীটীতি। কো হি বিষহেত, বিরাটোত্তরগোগ্রহ এব তৎপ্রমাণমিত্যাশয়ঃ ॥৬॥

'ভাগ্যবশতই পাণ্ডবেরা সকলে কৃষ্ণের সহিত কুশলে আছে, ভাগ্যবশতই সহায় লাভ করিয়াছে এবং ভাগ্যবশতই ধর্ম্মে নিরত রহিয়াছে ॥২॥

আর, বন্ধুবর্গের সহিত কৌরবনন্দন সেই পাণ্ডবেরা পাঁচ ভাই ভাগ্যবশতই সন্ধিকামী হইয়াছে এবং ভাগ্যবশতই যুদ্ধকামনা করিতেছে না ॥৩॥

আমার ধারণা এই যে, আপনি এই সমস্ত কথাই সত্য বলিয়াছেন, এবিষয়ে কোন সন্দেহ নাই। তবে, ব্রাহ্মণ বলিয়াই আপনার বাক্যগুলি অত্যন্ত তীক্ষ্ণ হইয়াছে ॥৪॥

সে যাহা হউক, সেই পাণ্ডবগণকে যে এই নগরে ও বনে অত্যন্ত কষ্ট দেওয়া হইয়াছে, এবিষয়ে কোন সন্দেহ নাই এবং তাহারা যে ধর্ম্ম অনুসারে পিতার সমস্ত ধন পাইবার যোগ্য, এবিষয়েও কোন সন্দেহ নাই ॥৫॥

তা'র পর পৃথানন্দন অর্জ্জুন বলবান্, শিক্ষিতাস্ত্র ও মহারথ। সুতরাং কোন্ ব্যক্তি যুদ্ধে সেই পাণ্ডুনন্দন অর্জ্জুনকে সহ্য করিতে পারে? ॥৬॥

---

(৩)…ন যুদ্ধমনসঃ সহ দামোদরেণ চ—পি।

অপি বজ্রধরঃ সাক্ষাৎ কিমুতান্যে ধনুর্দ্ধরাঃ।
ত্রয়াণামপি লোকানাং সমর্থ ইতি মে মতিঃ ॥৭॥
ভীষ্মে ব্রুবতি তদ্বাক্যং ধৃষ্টমাক্ষিপ্য মন্যুনা।
দুর্য্যোধনং সমালোক্য কর্ণো বচনমব্রবীৎ ॥৮॥
ন তত্রাবিদিতং ব্রহ্মন্! লোকে ভূতেন কেনচিৎ।
পুনরুক্তেন কিং তেন ভাষিতেন পুনঃ পুনঃ ॥৯॥
দুর্য্যোধনার্থং শকুনির্দ্যূতে নির্জ্জিতবান্ পুরা।
সময়েন গতোঽরণ্যং পাণ্ডুপুত্রো যুধিষ্ঠিরঃ ॥১০॥
স তং সময়মাশ্রিত্য রাজ্যং নেচ্ছতি পৈতৃকম্।
বলমাশ্রিত্য মৎস্যানাং পাঞ্চালানাঞ্চ মূর্খবৎ ॥১১॥

ভারতকৌমুদী

অপীতি। সাক্ষাদ্বজ্রধরোঽপি ন বিষহেতেতি শেষঃ। সমর্থো ধ্বংস ইত্যর্থঃ ॥৭॥
ভীষ্ম ইতি। ধৃষ্টং প্রগল্ভং যথা স্যাত্তথা, আক্ষিপ্য আচ্ছিদ্য বাধিত্বেত্যর্থঃ ॥৮॥
নেতি। তত্র দ্যূতবিষয়ে, অবিদিতং কিঞ্চিদিতি শেষঃ। ভূতেন প্রাণিনা ॥৯॥
দুর্য্যোধনেতি। সময়েন দ্বাদশবর্ষবনবাসাদিশপথেন ॥১০॥

ভারতভাবদীপঃ

তস্যেতি ॥১—৭॥ ধৃষ্টং ধর্ষণানুগং যথা স্যাত্তথা আক্ষিপ্য তিরস্কৃত্য ॥৮॥ তত্র পাণ্ডব-পক্ষে ॥৯—১০॥ তং সময়ং কালং তচ্চ সম্বৎসরাণাং ত্রয়োদশবর্ষে জ্ঞাতৈঃ পুনর্বনে বস্তব্য-মিত্যেবংরূপং বা। "সময়" ইত্যুপক্রম্য "সঙ্কেতে কালভাষয়োঃ" ইতি মেদিনী। আশ্রিত্য

সাক্ষাৎ ইন্দ্রও পারেন না, তাহাতে অন্য ধনুর্দ্ধরদের কথা আর কি বলিব। সুতরাং অর্জ্জুন ত্রিভুবন ধ্বংস করিতেই সমর্থ হয় ইহাই আমার ধারণা ॥৭॥

ভীষ্ম সেইরূপ কথা বলিতে থাকিলে, কর্ণ ক্রোধবশতঃ প্রগল্ভতার সহিত তাঁহার বাক্যে বাধা দিয়া দুর্য্যোধনের দিকে দৃষ্টিপাত করিয়া এই কথা বলিলেন—॥৮॥

"ব্রাহ্মণ! সেই দ্যূতসভায় যাহা ঘটিয়াছিল. তাহা জগতে কোন প্রাণীরই অবিদিত নাই। সুতরাং বার বার সে বিষয় বলিয়া পুনরুক্তিদোষ করিবার প্রয়োজন কি? ॥৯॥

পূর্ব্বে শকুনি দুর্য্যোধনের জন্যই দ্যূতক্রীড়ায় যুধিষ্ঠিরকে জয় করিয়াছিলেন; পাণ্ডুপুত্র যুধিষ্ঠিরও প্রতিজ্ঞা অনুসারেই বনে গিয়াছিলেন ॥১০॥

(৭)…অন্যে ধনুর্ভৃতঃ…বা ব রা নি। (৮)…মন্যমান্…পি। (৯) ন তত্র বিদিতং ব্রহ্মন্!…পি। (১১)…পাঞ্চালানাঞ্চ পার্থিবঃ—পি।

দুর্য্যোধনো ভয়াদ্বিদ্বন্ ! ন দদ্যাৎ পাদমন্ততঃ ।
ধর্ম্মতস্তু মহীং কৃৎস্নাং প্রদদ্যাচ্ছত্রবেঽপি চ ॥১২॥
যদি কঙ্ক্ষন্তি তে রাজ্যং পিতৃপৈতামহং পুনঃ ।
যথাপ্রতিজ্ঞং কালং তং চরন্তু বনমাশ্রিতাঃ ॥১৩॥
ততো দুর্য্যোধনস্যাঙ্কে বর্ত্তন্তামকুতোভয়াঃ ।
অধার্ম্মিকীস্তু মা বুদ্ধিং মৌর্খ্যাৎ কুর্ব্বন্তু কেবলাৎ ॥১৪॥
অথ তে ধর্ম্মমুৎসৃজ্য যুদ্ধমিচ্ছন্তি পাণ্ডবাঃ ।
আসাদ্যেমান্ কুরুশ্রেষ্ঠান্ স্মরিষ্যন্তি বচো মম ॥১৫॥

ভারতকৌমুদী

স ইতি। সময়ং প্রতিজ্ঞাতত্রয়োদশবর্ষান্তর্গতকালম্। নেচ্ছতি অভিলষিতুং নার্হতি। এতচ্চ সাবনগণনয়োক্তম্। তচ্চ বিরাটপর্ব্বণি "পঞ্চমে পঞ্চমে বর্ষে" ইত্যাদৌ টীকায়ামস্মাভি-র্বিস্তরেণোক্তং দ্রষ্টব্যম্। ইদানীমপি প্রতিজ্ঞাতকালাবশেষোঽস্তীতি ভাবঃ ॥১১॥

দুর্য্যোধন ইতি। পাদং পাদপরিমিতমপি স্থানম্ ॥১২॥

যদীতি। তে পাণ্ডবাঃ। তমবশিষ্টম্ ॥১৩॥

তত ইতি। অঙ্কে ক্রোড়ে। এতেন পরস্তাৎ দুর্য্যোধনস্য প্রজা এব স্যুরিতি সূচিতম্ ॥১৪॥

অথেতি। ধর্ম্মং তৎপ্রতিজ্ঞাপালনজনিতমিতি ভাবঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

নির্ব্বাহ্য, পৈতৃকং রাজ্যাংশং নেচ্ছতি কিন্তু তদতিক্রমেণৈব পৈতৃকমিচ্ছতীত্যর্থঃ ॥১১॥ পাদং চতুর্থাংশমপি কিমুতার্দ্ধমিত্যর্থঃ ॥১২—২১॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একবিংশোঽধ্যায়ঃ ॥২১॥

কিন্তু যুধিষ্ঠির মৎস্যগণ ও পাঞ্চালগণের শক্তি অবলম্বন করিয়া মূর্খের ন্যায় সেই সময়ের মধ্যেই পৈতৃক রাজ্যলাভের ইচ্ছা করিতে পারেন না ॥১১॥

জ্ঞানি-ব্রাহ্মণ ! এদিকে দুর্য্যোধনও ভয়ে অন্ততঃ একপাদপরিমিত স্থানও দিবেন না ; কিন্তু ধর্ম্ম অনুসারে শত্রুকেও সমগ্র পৃথিবীই দান করিতে পারেন ॥১২॥

সুতরাং পাণ্ডবেরা যদি পুনরায় পৈতৃক রাজ্য লাভ করিবার ইচ্ছা করেন, তাহা হইলে প্রতিজ্ঞা অনুসারে আবার বনে যাইয়া অবশিষ্ট কাল বিচরণ করুন ॥১৩॥

তাহার পর আসিয়া দুর্য্যোধনের ক্রোড়ে অকুতোভয়ে বাস করুন ; কিন্তু কেবল মূর্খতাবশতঃ অধর্ম্মবুদ্ধি যেন করেন না ॥১৪॥

ভীষ্ম উবাচ।

কিন্নু রাধেয় ! বাচা তে কর্ম্ম তৎ স্মর্ত্তুমর্হসি।
এক এব যদা পার্থঃ ষড়্‌রথান্ জিতবান্ যুধি ॥১৬॥
ন চেদেবং করিষ্যামো যদয়ং ব্রাহ্মণোঽব্রবীৎ।
ধ্রুবং যুধি হতাস্তেন ভক্ষয়িষ্যাম পাংসুকান্ ॥১৭॥

বৈশম্পায়ন উবাচ।

ধৃতরাষ্ট্রস্ততো ভীষ্মমনুমান্য প্রসাদ্য চ।
অবভর্ৎস্য চ রাধেয়মিদং বচনমব্রবীৎ ॥১৮॥
অস্মদ্ধিতং বাক্যমিদং ভীষ্মঃ শান্তনবোঽব্রবীৎ।
পাণ্ডবানাং হিতঞ্চৈব সর্ব্বস্য জগতস্তথা ॥১৯॥

ভারতকৌমুদী

কিম্মিতি। হে রাধেয় ! তে বাচা ঈদৃশগর্ববাক্যেন কিন্নু ফলম্। পার্থোঽর্জ্জুনঃ, যদা উত্তরগোগ্রহজয়কালে এক এব যুধি ষট্ রথান্ ভীষ্মদ্রোণকৃপাশ্বত্থামকর্ণদুর্য্যোধনসম্বন্ধিনঃ, জিতবান্, তৎ তৎকালীনম্, কর্ম্ম পার্থস্য বিক্রমম্, স্মর্ত্তুমর্হসি ॥১৬॥

নেতি। ব্রাহ্মণো দ্রুপদপুরোহিতঃ। ভক্ষয়িষ্যাম ইতি বিসর্গলোপ আর্ষঃ ॥১৭॥

ধৃতেতি। অনুমান্য ভীষ্মবাক্যমনুমোদ্য। অবভর্ৎস্য তিরস্কৃত্য ॥১৮॥

অস্মদিতি। হিতং হিতকরম্, ইদং প্রাগুক্তম্ ॥১৯॥

পক্ষান্তরে সেই পাণ্ডবেরা যদি ধর্ম্ম ত্যাগ করিয়া যুদ্ধই ইচ্ছা করেন, তবে এই কৌরবশ্রেষ্ঠগণের নিকটে উপস্থিত হইয়া আমার কথা স্মরণ করিবেন' ॥১৫॥

ভীষ্ম বলিলেন—'রাধানন্দন ! তোমার এই গর্ববাক্যে ফল কি ? অর্জ্জুন একাই যখন ছয়জন রথীকে যুদ্ধে জয় করিয়াছিল, সেই সময়ের তাহার সেই কার্য্যগুলি স্মরণ কর ॥১৬॥

সুতরাং এই ব্রাহ্মণ যাহা বলিলেন, আমরা যদি তাহা না করি, তবে নিশ্চয়ই আমরা সকলে যুদ্ধে অর্জ্জুনকর্ত্তৃক নিহত হইয়া ভূতলের ধূলি ভক্ষণ করিব' ॥১৭॥

বৈশম্পায়ন কহিলেন—তাহার পর ধৃতরাষ্ট্র ভীষ্মের কথায় অনুমোদনপূর্ব্বক তাঁহাকে প্রসন্ন করিয়া এবং কর্ণকে তিরস্কার করিয়া এই কথা বলিলেন—॥১৮॥

'শান্তনুনন্দন ভীষ্ম আমাদের হিতকর, পাণ্ডবদের হিতকর এবং সমগ্র জগতেরই হিতকর এই কথাগুলি বলিয়াছেন ॥১৯॥

(১৬)...কর্ণ ! তৎ...বা ব রা নি। ইতঃ পরম্ 'বহুশো জীয়মানস্য কর্ম্ম দৃষ্টং তদৈব তে' ইতি পাদদ্বয়মধিকং বা ব রা নি।

চিন্তয়িত্বা তু পার্থেভ্যঃ প্রেষয়িষ্যামি সঞ্জয়ম্ ।
স ভবান্ প্রতিযাত্বত্র পাণ্ডবানেব মা চিরম্ ॥২০॥
স তং সৎকৃত্য কৌরব্যঃ প্রেষয়ামাস পাণ্ডবান্ ।
সভামধ্যে সমাহূয় সঞ্জয়ং বাক্যমব্রবীৎ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে পুরোহিতপ্রস্থানে একবিংশোঽধ্যায়ঃ ॥০॥

দ্বাবিংশোঽধ্যায়ঃ ।

ধৃতরাষ্ট্র উবাচ ।

প্রাপ্তানাহুঃ সঞ্জয় ! পাণ্ডুপুত্রানুপপ্লব্যে তান্ বিজানীহি গত্বা ।
অজাতশত্রুঞ্চ সভাজয়েথা দিষ্ট্যা বনাদ্‌গ্রামমুপস্থিতস্ত্বম্ ॥১॥

ভারতকৌমুদী

চিন্তেতি। ভবান্ দ্রুপদপুরোহিতঃ। মা চিরং কুরু ন বিলম্বস্ব ॥২০॥

স ইতি। তং ব্রাহ্মণম্, কৌরব্যো ধৃতরাষ্ট্রঃ। পাণ্ডবান্ প্রতি ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদযোগপর্ব্বণি সঞ্জয়যানে একবিংশোঽধ্যায়ঃ ॥০॥

—(:০:)—

প্রাপ্তানিতি। হে সঞ্জয় ! পাণ্ডুপুত্রান্, উপপ্লব্যে তদাখ্যে বিরাটনগরে, প্রাপ্তান্ অবস্থিতান্, আহুর্লোকা ইতি শেষঃ। অতএব ত্বং গত্বা, তান্ বিজানীহি। অজাতশত্রুং যুধিষ্ঠিরঞ্চ, সভাজয়েথা অভিনন্দয়েথাঃ, দিষ্ট্যা ভাগ্যেন ত্বং বনাদ্‌গ্রামমুপস্থিতঃ ॥১॥

অতএব ব্রাহ্মণ ! আমি একটু চিন্তা করিয়া সঞ্জয়কে পাণ্ডবদের নিকটে পাঠাইব। সুতরাং আপনি অদ্যই পাণ্ডবদের নিকটে ফিরিয়া যান, বিলম্ব করিবেন না' ॥২০॥

তাহার পর ধৃতরাষ্ট্র সেই ব্রাহ্মণের সংবর্দ্ধনা করিয়া তাঁহাকে পাণ্ডবদের নিকটে প্রেরণ করিলেন এবং সঞ্জয়কে সভামধ্যে ডাকিয়া আনিয়া তাঁহাকে এই কথা বলিলেন ॥২১॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! লোকে বলে যে, পাণ্ডবেরা উপপ্লব্যনগরে

সর্ব্বান্ বদেঃ সঞ্জয় ! স্বস্তিমন্তঃ কৃচ্ছ্রং বাসমতদর্হা নিরুষ্য ।
তেষাং শান্তির্বিদ্যতেঽস্মাসু শীঘ্রং মিথ্যাপেতানামুপকারিণাং সতাম্ ॥২॥
নাহং ক্বচিৎ সঞ্জয় ! পাণ্ডবানাং মিথ্যাবৃত্তিং কাঞ্চন জাত্বপশ্যম্ ।
সর্বাং শ্রিয়ং হ্যাত্মবীর্য্যেণ লব্ধাং পর্য্যাকার্ষুঃ পাণ্ডবা মহ্যমেব ॥৩॥
দোষং হ্যেষাং নাধ্যগচ্ছং পরীচ্ছন্ সূক্ষ্মং কঞ্চিদ্‌যেন গর্হেয় পার্থান্ ।
ধর্ম্মার্থাভ্যাং কর্ম্ম কুর্বন্তি নিত্যং সুখপ্রিয়ে নানুরুধ্যন্তি কামাৎ ॥৪॥

ভারতকৌমুদী

সর্ব্বানিতি । হে সঞ্জয় ! অতদর্হাঃ কৃচ্ছ্রবাসাযোগ্যা অপি যূয়ম্, বনাদৌ কৃচ্ছ্রং কষ্টকরং বাসং নিরুষ্য বিধায়, স্বস্তিমন্তঃ কুশলিন এব স্থ ইতি সর্ব্বান্ পাণ্ডবান্ বদেঃ । মিথ্যাপেতানাং মিথ্যারহিতানাম্, ঘোষযাত্রায়াং দুর্য্যোধনাদীনামুদ্ধরণাৎ অস্মাসু উপকারিণাম্, অতএব সতাম্, তেষাং পাণ্ডবানাম্, শীঘ্রমেব সন্ধিনা শান্তির্বিদ্যতে ভবিষ্যতীতি ভবিষ্যৎসামীপ্যে বর্ত্তমানা ॥২॥

পাণ্ডবানাং মিথ্যাপেতত্বং সত্বঞ্চ প্রতিপাদয়তি নেতি । হে সঞ্জয় ! অহম্, জাতু কদাচিদপি, ক্বচিৎ কস্মিংশ্চিদ্বিষয়েঽপি চ, পাণ্ডবানাং কাঞ্চন কাঞ্চিদপি, মিথ্যাবৃত্তিং মিথ্যাব্যবহারম্, নাপশ্যম্ । কিন্তু পাণ্ডবাঃ, রাজসূয়কালে আত্মবীর্য্যেণ লব্ধাং সর্ব্বাং শ্রিয়ং সম্পদম্, মহ্যমেব, পর্য্যাকার্ষুঃ দ্যূতক্রীড়াকালে সমর্পিতবন্তঃ ॥৩॥

দোষমিতি । সূক্ষ্মং পরীচ্ছন্ পরীক্ষমাণোঽপ্যহম্, এষাং পাণ্ডবানাং কঞ্চিদপি দোষম্,

ভারতভাবদীপঃ

প্রাপ্তানিতি । দিষ্ট্যা ভাগ্যেন আনহ্য সন্নদ্ধা ভূত্বা স্থানং স্থিতিমুপস্থিতঃ প্রাপ্ত ইতি, সভাজয়েথাঃ পূজয়েথাঃ ॥১॥ স্বস্তিমন্তো বয়মিতি সর্ব্বান্ বদেঃ, কৃচ্ছ্রং নিরুষ্যাপি তেষাং শান্তিরক্রোধোঽস্মাসু বিদ্যতে, মিথ্যাপেতানাং নিষ্কপটানাম্ ॥২॥ মহ্যং পর্য্যাকার্ষুঃ মদর্থং পরিত আনীতবন্তঃ ॥৩॥ ধর্ম্মার্থাভ্যাং ধর্ম্মার্থম্ অর্থার্থঞ্চ সুখং প্রীতিঃ প্রিয়ং পুত্রাদি তদন্ত-

আসিয়া বাস করিতেছে । অতএব তুমি সেখানে যাইয়া তাহাদের সংবাদ জান এবং এই বলিয়া যুধিষ্ঠিরকে অভিনন্দিত করিও যে, ভাগ্যবশতই আপনি বন হইতে গ্রামে আসিতে পারিয়াছেন ॥১॥

সঞ্জয় ! তাহাদের সকলকেই বলিবে যে, আপনারা কষ্টে বাস করার অযোগ্য হইয়াও সেইরূপে বাস করিয়া কুশলেই আছেন । দেখ সঞ্জয় ! মিথ্যাব্যবহারশূন্য, আমাদের উপকারী ও সাধুপ্রকৃতি পাণ্ডবগণের শীঘ্রই শান্তি হইবে ॥২॥

সঞ্জয় ! আমি কখনও কোন বিষয়েও পাণ্ডবগণের কোনও মিথ্যা ব্যবহার দেখি নাই । পাণ্ডবেরা আপন বাহুবললব্ধ সমস্ত সম্পত্তিই আমাকে সমর্পণ করিয়াছিল ॥৩॥

---

(৩)···লব্ধা।···পি। (৪)···পরীক্ষ্ন্নিত্যং কিঞ্চিৎ···পি।

ঘর্ম্মং শীতং ক্ষুৎপিপাসে তথৈব নিদ্রাং তন্দ্রীং ক্রোধহর্ষৌ প্রমাদম্।
ধৃত্যা চৈব প্রজ্ঞয়া চাভিভূয় ধর্ম্মার্থযোগাৎ প্রযতন্তি পার্থাঃ ॥৫॥
ত্যজন্তি মিত্রেষু ধনানি কালে ন সংবাসাজ্জীর্য্যতি তেষু মৈত্রী।
যথার্হমানার্থকরা হি পার্থাস্তেষাং দ্বেষ্টা নাস্ত্যাজমীঢ়স্য পক্ষে ॥৬॥
অন্যত্র পাপাদ্বিষমান্মন্দবুদ্ধের্দুর্য্যোধনাৎ ক্ষুদ্রতরাচ্চ কর্ণাৎ।
তেষাং হীমৌ হীনসুখপ্রিয়াণাং মহাত্মনাং বর্দ্ধয়তো হি তেজঃ ॥৭॥
(যুগ্মকম্)

ভারতকৌমুদী

নাধ্যগচ্ছং ন প্রাপ্তবান্। যেন পার্থান্ গর্হেয় নিন্দেয়ম্। যেন হি পাণ্ডবাঃ, নিত্যমেব, ধর্ম্মার্থাভ্যাং ধর্ম্মার্থম্ অর্থার্থঞ্চ কর্ম্ম কুর্বন্তি; কিন্তু কামাৎ সুখপ্রিয়ে ন অনুরুধ্যন্তি কর্ত্তুমীহন্তে ॥৪॥

ঘর্ম্মমিতি। পার্থাঃ পাণ্ডবাঃ, ধৃত্যা ধৈর্য্যেণ, প্রজ্ঞয়া বুদ্ধ্যা চ, ঘর্ম্মং গ্রীষ্মম্, শীতম্, ক্ষুৎ-পিপাসে, তথৈব নিদ্রাম্, তন্দ্রীং তন্দ্রাম্, ক্রোধহর্ষৌ, প্রমাদমনবধানতাঞ্চ অভিভূয়, ধর্ম্মার্থ-যোগাৎ ধর্ম্মার্থয়োর্লাভমুদ্দিশ্য, প্রযতন্তি প্রযতন্তে ॥৫॥

ত্যজন্তীতি। পার্থাঃ কালে মিত্রেষু ধনানি ত্যজন্তি দদতি। অতএব তেষু মিত্রেষু মৈত্রী, সংবাসাৎ দীর্ঘপ্রবাসাদপি, ন জীর্য্যতি জীর্য্যতে। বিশেষতশ্চ যথার্হং যথাযোগ্যং মানমর্থঞ্চ কুর্ব্বন্তীতি তে তাদৃশা এব। অতএব আজমীঢ়স্য অজমীঢ়বংশস্য কৌরবগণস্য পক্ষে, পাপাৎ পাপমতেঃ, বিষমাৎ ক্রূরস্বভাবাৎ, মন্দবুদ্ধেশ্চ দুর্য্যোধনাৎ, ক্ষুদ্রতরাৎ কর্ণাচ্চ, অন্যত্র অন্যঃ কশ্চিদপি, তেষাং পাণ্ডবানাং দ্বেষ্টা নাস্তি। ইমৌ দুর্য্যোধনকর্ণৌ হি, হীনসুখপ্রিয়াণাং মহাত্মনাঞ্চ তেষাং পাণ্ডবানাং তেজো বর্দ্ধয়তো হি দুর্ব্যবহারেণ বর্দ্ধয়ত এব আঘাতেনেবাগ্নে-রিতি ভাবঃ ॥৬—৭॥

আমি সূক্ষ্মরূপে পরীক্ষা করিয়াও পাণ্ডবদের কোন দোষই দেখিতে পাই নাই, যাহাতে তাহাদের নিন্দা করিতে পারি। আর তাহারা সর্বদাই ধর্ম্ম ও অর্থের জন্যই কার্য্য করিয়া থাকে, কিন্তু কামবশতঃ সুখ ও প্রীতিকর বিষয়ের অনুসরণ করে না ॥৪॥

পাণ্ডবেরা ধৈর্য্য ও বুদ্ধির বলে শীত, গ্রীষ্ম, ক্ষুধা, পিপাসা, নিদ্রা, তন্দ্রা, ক্রোধ, হর্ষ এবং অনবধানতাকে অগ্রাহ্য করিয়া কেবল ধর্ম্ম ও অর্থের জন্যই যত্ন করিয়া থাকে ॥৫॥

পাণ্ডবেরা যথাসময়ে মিত্রদিগকে ধন দিয়া থাকে; তাহাতে তাহারা দীর্ঘ-কাল প্রবাসে থাকিলেও সে মিত্রদের মিত্রতা হ্রাস পায় না। বিশেষতঃ পাণ্ড-বেরা সকলেরই উপযুক্ত সম্মান ও কার্য্য সম্পাদন করিয়া থাকে। সুতরাং

(৫) ঘর্ম্মশীতে…পি।

উত্থানবীর্য্যঃ সুখমেধমানো দুর্য্যোধনঃ সুকৃতং মন্যতে তৎ।
তেষাং ভাগং যচ্চ মন্যেত বালঃ শক্যং হর্ত্তুং জীবতাং পাণ্ডবানাম্ ॥৮॥
যস্যার্জ্জুনঃ পদবীং কেশবশ্চ বৃকোদরঃ সাত্যকোঽজাতশত্রোঃ।
মাদ্রীপুত্রৌ সৃঞ্জয়াশ্চাপি যান্তি পুরা যুদ্ধাৎ সাধু তস্য প্রদানম্ ॥৯॥
স হ্যেবৈকঃ পৃথিবীং সব্যসাচী গাণ্ডীবধন্বা প্রণুদেদ্রথস্থঃ।
তথা জিষ্ণুঃ কেশবোঽপ্যপ্রধৃষ্যো লোকত্রয়স্যাধিপতির্মহাত্মা ॥১০॥

ভারতকৌমুদী

উত্থানেতি। বালো মূর্খঃ, অতএব উত্থানে কার্য্যোদ্যম এব বীর্য্যং পরাক্রমো যস্য সঃ, সুখমনায়াসম্, এধমানো বর্দ্ধমানো দুর্য্যোধনশ্চ, যৎ, জীবতামেব তেষাং পাণ্ডবানাম্, ভাগং হর্ত্তুং শক্যং মন্যেত, তদেব সুকৃতং সুষ্ঠু কৃতং মন্যতে ॥৮॥

ইত্থং সমালোচ্য ইদানীং স্বমতমাহ যস্যেতি। অর্জ্জুনঃ, কেশবঃ, বৃকোদরঃ, সাত্যকঃ সাত্যকিঃ, মাদ্রীপুত্রৌ চ, সৃঞ্জয়া অপি চ, যস্য অজাতশত্রোর্যুধিষ্ঠিরস্য, পদবীং মতমিত্যর্থঃ, যান্তি অনুসরন্তি, যুদ্ধাৎ পুরা পূর্ব্বম্, তস্য যুধিষ্ঠিরস্য, প্রদানং প্রাপ্যভাগসমর্পণম্, সাধু মন্যে ইতি শেষঃ ॥৯॥

চতুর্ভিঃ শ্লোকৈরর্জ্জুনং বিশিনষ্টি স ইতি। প্রণুদেৎ পরাজেতুং শক্নুয়াৎ ॥১০॥

ভারতভাবদীপঃ

রোধেন কামাৎ ধর্ম্মং ন ত্যজন্তীত্যর্থঃ ॥৪॥ তন্দ্রী জাগ্রত এব মৌঢ্যম্ ॥৫॥ যথার্হং মানং অর্থঞ্চ কুর্ব্বন্তি তে তথা ॥৬॥ তেজঃ ক্রোধম্ ॥৭॥ উত্থানে আরম্ভকালে এব বীর্য্যং ন প্রসঙ্গে যস্য স উত্থানবীর্য্যঃ, যৎ তেষাং ভাগং হর্ত্তুং শক্যং মন্যতে তৎ সুকৃতং যুক্তমিতি মন্যতে মৌঢ্যাদিতি ভাবঃ ॥৮॥ যস্য পদবীং যান্তি যস্যানুগা ইত্যর্থঃ। তস্য তস্মৈ প্রদানং ভাগ-

পাপমতি, ক্রূরস্বভাব ও মন্দবুদ্ধি দুর্য্যোধন এবং ক্ষুদ্রহৃদয় কর্ণ ব্যতীত অন্য কোন লোকই কৌরবপক্ষে পাণ্ডবগণের বিদ্বেষকারী নাই। কিন্তু দুর্য্যোধন ও কর্ণ ঐরূপ বিদ্বেষ করিয়া সুখ-প্রিয়-বিহীন অথ চ মহাত্মা পাণ্ডবগণের তেজই বৃদ্ধি করিতেছে ॥৬—৭॥

দুর্য্যোধন মূর্খ; তাই কার্য্যের উপক্রমসময়েই উহার পরাক্রম দেখিতে পাওয়া যায় এবং দুর্য্যোধন অনায়াসে উন্নতি লাভ করিয়াছে; তাই সে, পাণ্ডবগণের জীবিত অবস্থাতেই তাহাদের অংশ হরণ করিতে পারিবে বলিয়া যে মনে করে, তাহাই আবার সঙ্গত বলিয়াও মনে করে ॥৮॥

সে যাহা হউক; অর্জ্জুন, কৃষ্ণ, ভীম, সাত্যকি, নকুল, সহদেব ও সৃঞ্জয়গণ যাহার মতের অনুসরণ করেন, যুদ্ধের পূর্ব্বে সেই যুধিষ্ঠিরকে তাহার অংশ দান করাই ভাল ॥৯॥

কারণ, একমাত্র অর্জ্জুনই রথে আরোহণপূর্ব্বক গাণ্ডীবধনু ধারণ করিয়া

তিষ্ঠেত কস্তস্য মর্ত্ত্যঃ পুরস্তাদ্‌যঃ সর্বলোকেষু বরেণ্য একঃ।
পর্জন্যঘোষান্ প্রবপন্ শরৌঘান্ পতঙ্গসংঘানিব শীঘ্রবেগান্ ॥১১॥
দিশং হ্যুদীচীমপি চোত্তরান্ কুরূন্ গাণ্ডীবধন্বৈকরথো জিগায়।
ধনঞ্চৈষামাহরৎ সব্যসাচী সেনানুগান্ দ্রবিড়াংশ্চৈব চক্রে ॥১২॥
যশ্চৈব দেবান্ খাণ্ডবে সব্যসাচী গাণ্ডীবধন্বা প্রজিঘায় সেন্দ্রান্।
উপাহরৎ ফাল্গুনো জাতবেদসে যশো মানং বর্দ্ধয়ন্ পাণ্ডবানাম্ ॥১৩॥
গদাভৃতাং ভীমসমো ন কশ্চিদ্ধস্ত্যারোহো নাস্তি সমশ্চ তস্য।
রথেঽর্জ্জুনাদাহুরহীনমেনং বাহ্বোর্বলেনাযুতনাগবীর্য্যম্ ॥১৪॥

ভারতকৌমুদী

তিষ্ঠেতেতি। বরেণ্যঃ শ্রেষ্ঠঃ। পর্জন্যঘোষান্ মেঘতুল্যশব্দান্, প্রবপন্ ক্ষিপন্ ॥১১॥
দিশমিতি। এষামুত্তরকুরূণাম্। সেনানুগান্ আত্মসৈন্যানুগামিনঃ ॥১২॥
য ইতি। প্রজিঘায় পরাজিগ্যে। উপাহরৎ খাণ্ডববনমিতি শেষঃ ॥১৩॥
গদেতি। অহীনম্ অন্যূনম্। অযুতনাগবীর্য্যং দশসহস্রহস্তিতুল্যবলম্ ॥১৪॥

ভারতভাবদীপঃ

প্রদানম্ ॥৯॥ জিষ্ণুর্জয়শীলঃ ॥১০॥ বরেণ্যঃ ভোগমোক্ষকামৈর্বরণীয়ঃ ॥১১॥ ন কেবলং মধ্যদেশাপেক্ষয়া উদীচীং কিন্তু উত্তরান্ কুরূন্ হিমাচলাদপ্যুদক্ দেশান্ স্বর্গভূমিরূপান্ ॥১২॥

পৃথিবী জয় করিতে পারে এবং জয়শীল, দুর্দ্ধর্ষ ও ত্রিভুবনের অধিপতি মহাত্মা কৃষ্ণও পৃথিবী জয় করিতে পারেন ॥১০॥

মেঘের ন্যায় গর্জনকারী এবং পতঙ্গসমূহের ন্যায় দ্রুতবেগশালী বাণসমূহ নিক্ষেপ করিতে থাকিয়া যে লোক সমস্ত বীরগণের মধ্যে একমাত্র শ্রেষ্ঠ বীর বলিয়া গণ্য হইয়া থাকে, সেই অর্জ্জুনের সম্মুখে কোন্ মানুষ অবস্থান করিতে পারে? ॥১১॥

অর্জ্জুন গাণ্ডীব ধারণ ও একমাত্র রথে আরোহণ করিয়া উত্তর দিক্ ও উত্তর কুরুদেশ জয় করিয়াছিল, তাহাদের ধন আহরণ করিয়াছিল এবং দ্রবিড়গণকে আপন সৈন্যের অনুগামী করিয়াছিল ॥১২॥

এবং যে অর্জ্জুন খাণ্ডবদাহের সময়ে গাণ্ডীব ধারণ করিয়া ইন্দ্রপ্রভৃতি দেবগণকে পরাভূত করিয়াছিল এবং পাণ্ডবগণের যশ ও মান বর্দ্ধন করতঃ অগ্নিদেবকে খাণ্ডববন উপহার দিয়াছিল ॥১৩॥

তা'র পর গদাযোদ্ধাদিগের মধ্যে ভীমের তুল্য কেহ নাই, আর তাহার

(১৩)…উপাহরৎ পাণ্ডবঃ…বা রা।

সুশিক্ষিতঃ কৃতবৈরস্তরস্বী দহেৎ ক্ষুদ্রাংস্তরসা ধার্ত্তরাষ্ট্রান্।
সদা ত্বমর্ষী বলবান্ ন শক্যো যুদ্ধে জেতুং বাসবেনাপি সাক্ষাৎ॥১৫॥
সুতেজসৌ বলিনৌ শীঘ্রহস্তৌ সুশিক্ষিতৌ ভ্রাতরৌ ফাল্গুনেন।
শ্যেনৌ যথা পক্ষিপূগান্ রুজন্তৌ মাদ্রীপুত্রৌ শেষয়েতাং ন শক্রূন্॥১৬॥
এতদ্বলং পূর্ণমস্মাকমেবং যৎ সত্যং তান্ প্রাপ্য নাস্তীতি মন্যে।
তেষাং মধ্যে বর্ত্তমানস্তরস্বী ধৃষ্টদ্যুম্নঃ পাণ্ডবানামিহৈকঃ॥১৭॥
সহামাত্যঃ সোমকানাং প্রবর্হঃ সন্ত্যক্তাত্মা পাণ্ডবার্থে শ্রুতো মে।
অজাতশক্রুং প্রসহেত কোঽন্যো যেষাং স স্যাদগ্রণীর্বৃষ্ণিসিংহঃ॥১৮॥

ভারতকৌমুদী

স্বিতি। তরস্বী বলবান্। তরসা বলেন। অমর্ষী ক্রোধী॥১৫॥
স্বিতি। ফাল্গুনেন অর্জ্জুনেন। পক্ষিপূগান্ পক্ষিসমূহান্॥১৬॥
এতদিতি। তান্ পাণ্ডবান্। নাস্তি ধ্বস্তমেবেত্যর্থঃ। তরস্বী বলবান্॥১৭॥
সহেতি। প্রবর্হঃ শ্রেষ্ঠঃ, সন্ত্যক্তাত্মা ত্যাগোদ্যতদেহঃ। বৃষ্ণিসিংহঃ কৃষ্ণঃ॥১৮॥

ভারতভাবদীপঃ

জাতবেদসে উপাহরৎ পাণ্ডবমিতি বিপরিণামেনানুষঙ্গঃ॥১৩—১৬॥ এতৎ পরিদৃশ্যমানং বলং ভীষ্মদ্রোণাদীনাং সামর্থ্যাং তদপি সত্যং তথাপি তান্ পাণ্ডবান্ প্রাপ্য নাস্তীতি মন্যে

সমান হস্ত্যারোহীও কেহ নাই এবং লোকে বলে যে, ভীমসেন রথযুদ্ধেও অর্জ্জুন অপেক্ষা ন্যূন নহেন, আর বাহুবলে ত তিনি দশ সহস্র হস্তীর সমান॥১৪॥

অস্ত্রে সুশিক্ষিত ও বলবান্ সেই ভীমসেনের সঙ্গে নানাভাবে শক্রতা করা হইয়াছে। সুতরাং ভীমসেন আপন বাহুবলেই ক্ষুদ্র ধার্ত্তরাষ্ট্রগণকে দগ্ধ করিয়া ফেলিবে। কারণ, সাক্ষাৎ ইন্দ্রও নিত্যক্রোধী ও বলবান্ ভীমসেনকে যুদ্ধে জয় করিতে সমর্থ হন না॥১৫॥

তা'র পর অত্যন্ত তেজীয়ান্, বলবান্, লঘুহস্ত এবং অর্জ্জুনকর্ত্তৃক অস্ত্রে সুশিক্ষিত নকুল ও সহদেব দুই ভ্রাতা, পক্ষিসমূহনাশকারী শ্যেনপক্ষিদ্বয়ের ন্যায় শক্রগণের একটীকেও অবশিষ্ট রাখিবে না॥১৬॥

আমাদের এই সৈন্য এইভাবে পূর্ণ হইয়াছে সত্য বটে; কিন্তু ইহারা পাণ্ডবগণের নিকটে উপস্থিত হইয়া আর থাকিবে না বলিয়াই আমি মনে করি। কারণ, সেই পাণ্ডবদের মধ্যে আবার অদ্বিতীয় বীর ও বলবান্ ধৃষ্টদ্যুম্ন রহিয়াছেন॥১৭॥

তা'র পর আমি শুনিয়াছি যে, সোমকবংশশ্রেষ্ঠ কৃষ্ণ মন্ত্রিবর্গের সহিতই

(১৫)⋯ সদাহত্যমর্ষী ন বলাৎ স শক্যঃ⋯বা ব রা নি। (১৬)⋯মাদ্রীসুতৌ⋯পি।

সহোষিতশ্চরিতার্থো বয়স্থো মাৎস্যেয়ানামধিপো বৈ বিরাটঃ।
স বৈ সপুত্রঃ পাণ্ডবার্থে চ শশ্বদ্‌যুধিষ্ঠিরে ভক্ত ইতি শ্রুতং মে ॥১৯॥
অবরুদ্ধা বলিনঃ কেকয়েভ্যো মহেষ্বাসা ভ্রাতরঃ পঞ্চ সন্তি।
কেকেয়েভ্যো রাজ্যমাকাঙ্ক্ষমাণা যুদ্ধার্থিনশ্চানুবর্ত্তন্তি পার্থান্ ॥২০॥
সর্ব্বাংশ্চ বীরান্ পৃথিবীপতীনাং সমাগতান্ পাণ্ডবার্থে নিবিষ্টান্।
শূরানহং ভক্তিমতঃ শৃণোমি প্রীত্যা যুক্তান্ সংশ্রিতান্ ধর্ম্মরাজম্ ॥২১॥

ভারতকৌমুদী

সহেতি। চরিতার্থঃ কন্যাদানেন, বয়স্থো যুবেব। শশ্বৎ সর্ব্বদা ॥১৯॥
অবেতি। অবরুদ্ধা রাজ্যাদ্বহিঃ। রাজ্যমাকাঙ্ক্ষমাণাঃ পার্থানামানুকূল্যেন ॥২০॥
সর্বানিতি। পৃথিবীপতীনাং মধ্যে সর্ব্বান্ বীরান্। ভক্তিমতো যুধিষ্ঠিরানুরক্তান্ ॥২১॥

ভারতভাবদীপঃ

তুচ্ছমিত্যর্থঃ ॥১৭॥ প্রবর্হঃ শ্রেষ্ঠঃ, সন্ত্যক্তাত্মা ত্যক্তদেহঃ ॥১৮॥ সহোষিতো বর্ষমাত্রং চরিতার্থঃ, গোগ্রহে রক্ষিতঃ, মাৎস্যেয়ানাং মৎস্যদেশজানাম্ ॥১৯॥ কেকয়েভ্যো দেশেভ্যঃ। অবরুদ্ধাঃ বহির্নিঃসারিতাঃ পঞ্চ ভ্রাতরঃ কেকয়ানাম্। ততঃ কেকয়েভ্যঃ রাজ্যং প্রাপ্তুমিচ্ছন্তঃ

পাণ্ডবগণের জন্য দেহত্যাগে উদ্যত রহিয়াছেন। সুতরাং সেই বৃষ্ণিসিংহ যুদ্ধে যাহাদের অগ্রবর্ত্তী, সেই যুধিষ্ঠিরপ্রভৃতিকে অন্য কোন্ ব্যক্তি যুদ্ধে সহ্য করিতে সমর্থ হইবে? ॥১৮॥

ইহাও আমি শুনিয়াছি যে, যিনি অজ্ঞাতবাসের সময়ে পাণ্ডবগণের সহিত একত্র বাস করিয়াছেন, অভিমন্যুর হস্তে উত্তরাকে দান করিয়া কৃতকার্য্য হইয়াছেন এবং বৃদ্ধ হইয়াও যুবার ন্যায় রহিয়াছেন, সেই মৎস্যরাজ বিরাটও পুত্রগণের সহিত পাণ্ডবগণের জন্য আত্মনিয়োগ করিয়াছেন এবং সর্বদাই যুধিষ্ঠিরের প্রতি অনুরক্ত রহিয়াছেন ॥১৯॥

কেকয়দেশীয়েরা, বলবান্ ও মহাধনুর্দ্ধর (কেকয়রাজপুত্র) পঞ্চ ভ্রাতাকে কেকয়দেশ হইতে বাহিরে নিয়া অবরুদ্ধ করিয়া রাখিয়াছিল; তাঁহারা তথা হইতে চলিয়া আসিয়া সেই কেকয়দেশীয়গণের নিকট হইতে রাজ্য উদ্ধার করিবার ইচ্ছা করিয়া যুদ্ধার্থী হইয়া পাণ্ডবগণের অনুসরণ করিতেছেন ॥২০॥

আমি শুনিতে পাই যে, রাজাদের মধ্যে সকল বীরেরাই আসিয়া পাণ্ডবদের জন্য শিবিরে সন্নিবিষ্ট হইয়াছেন এবং সেই বীরেরা যুধিষ্ঠিরের প্রতি অনুরক্ত, প্রীতিযুক্ত ও তাহার আশ্রিত হইয়াছেন ॥২১॥

---

(১৯)…অধিপো বা বিরাটঃ…পি। (২০) অবরুদ্ধা রথিনঃ…অনুবসন্তি—বা ব রা নি।

গির্য্যাশ্রয়া দুর্গনিবাসিনশ্চ যোধাঃ পৃথিব্যাং কুলজাশ্চ বৃদ্ধাঃ।
ম্লেচ্ছাশ্চ নানায়ুধবীর্য্যবন্তঃ সমাগতাঃ পাণ্ডবার্থে নিবিষ্টাঃ ॥২২॥
পাণ্ড্যশ্চ রাজা সমিতীন্দ্রকল্পো যোধপ্রবীরৈর্ব্বহুভিঃ সমেতঃ।
সমাগতঃ পাণ্ডবার্থে মহাত্মা লোকপ্রবীরোঽপ্রতিবার্য্যতেজাঃ ॥২৩॥
অস্ত্রং দ্রোণাদর্জ্জুনাদ্বাসুদেবাৎ কৃপাদ্ভীষ্মাদ্যেন ধৃতং শৃণোমি।
যং তং কার্ষ্ণিপ্রতিমমাহুরেকং স সাত্যকিঃ পাণ্ডবার্থে নিবিষ্টঃ ॥২৪॥
উপাশ্রিতাশ্চেদিকরূষকাশ্চ সর্বোদ্যোগৈর্ভূমিপালাঃ সমেতাঃ।
তেষাং মধ্যে সূর্য্যমিবাতপন্তং শ্রিয়া বৃতং চেদিপতিং জ্বলন্তম্ ॥২৫॥

ভারতকৌমুদী

গিরীতি। কুলজাঃ ক্ষত্রিয়বংশজাঃ। নিবিষ্টাঃ শিবিরেষু ॥২২॥

পাণ্ড্য ইতি। সমিতি যুদ্ধে, "সমিত্যাজিসমিদ্যুধঃ" ইত্যমরঃ ॥২৩॥

অস্ত্রমিতি। ধৃতং শিক্ষিতম্। কার্ষ্ণিপ্রতিমং প্রদ্যুম্নসমানম্ ॥২৪॥

উপেতি। চেদিকরূষকাঃ চেদিদেশীয়াঃ করূষকদেশীয়াশ্চ ভূমিপালাঃ, সমেতা মিলিতাঃ সন্তঃ, সর্বোদ্যোগৈঃ, উপাশ্রিতা রাজসূয়কালে যুধিষ্ঠিরমাশ্রিতবন্তঃ। তেষাং মধ্যে সূর্য্যমিব আতপন্তম্, শ্রিয়া বৃতম্, জ্বলন্তং চেদিপতিং শিশুপালম্, অস্তুতনীয়ং বাঙ্মাত্রেণ স্বনিন্দাতঃ

ভারতভাবদীপঃ

পূর্ব্বম্ অস্মদীয়া অপি সম্প্রতি পাণ্ডবান্ অনুবসন্তি অনুসরন্তি। তেন স্বপক্ষহানিঃ পরপক্ষপুষ্টিশ্চ দর্শিতা ॥২০—২২॥ সমিতি সংগ্রামে। "সমিত্যাজিসমিদ্যুধঃ ইতি কোষঃ। অপ্রতিবীর্য্যতেজাঃ অতুল্যতেজাঃ ॥২৩॥ কার্ষ্ণিঃ প্রদ্যুম্নস্তত্তুল্যম্ ॥২৪॥ চেদিপতিং শিশুপালম্,

---

পর্ব্বতবাসী ও দুর্গবাসী যোদ্ধারা, পৃথিবীর ক্ষত্রিয়বংশজাত বৃদ্ধেরা এবং নানাবিধ অস্ত্রধারী ও পরাক্রমশালী ম্লেচ্ছেরা আসিয়া পাণ্ডবগণের জন্য তাহাদের শিবিরে সন্নিবিষ্ট হইয়াছেন ॥২২॥

অনিবার্য্যপরাক্রমশালী, যুদ্ধে ইন্দ্রের তুল্য এবং জগতের মধ্যেও প্রধান বীর মহাত্মা পাণ্ড্যরাজা বহুতর প্রধান যোদ্ধার সহিত পাণ্ডবগণের জন্য আগমন করিয়াছেন ॥২৩॥

যিনি—দ্রোণ, অর্জ্জুন, কৃষ্ণ, কৃপ ও ভীষ্মের নিকট হইতে অস্ত্রশিক্ষা করিয়াছেন বলিয়া শুনিতে পাই এবং লোকে যাঁহাকে প্রদ্যুম্নের তুল্য অদ্বিতীয় বীর বলিয়া থাকে, সেই সাত্যকিও আসিয়া পাণ্ডবগণের জন্য তাহাদের শিবিরে সন্নিবিষ্ট হইয়াছেন ॥২৪॥

---

(২২)…পৃথিব্যাং কুলজাতিশুদ্ধাঃ বা ব রা নি। (২৩)…রাজাঽমিত ইন্দ্রকল্পো যুধিপ্রবীরৈঃ…পি,…অপ্রতিবীর্য্যতেজাঃ—বা ব রা নি। (২৫) অপাশ্রিতাঃ…ভূমিপালৈঃ…পি।

অস্তম্ভনীয়ং যুধি মন্যমানো জ্যাং কর্ষতাং শ্রেষ্ঠতমং পৃথিব্যাম্।
সর্বোৎসাহং ক্ষত্রিয়াণাং নিহত্য প্রসহ্য কৃষ্ণস্তরসা সংমমর্দ্দ ॥২৬॥

(যুগ্মকম্)

যশোমানৌ বর্দ্ধয়ন্ পাণ্ডবানাং পুরাঽভিনচ্ছিশুপালং সমীক্ষ্য।
যস্য সর্বে বর্দ্ধয়ন্তি স্ম মানং করূষরাজপ্রমুখা নরেন্দ্রাঃ ॥২৭॥
তমসহ্যং কেশবং তত্র মত্বা সুগ্রীবযুক্তেন রথেন কৃষ্ণম্।
সংপ্রাদ্রবংশ্চেদিপতিং বিহায় সিংহং দৃষ্ট্বা ক্ষুদ্রমৃগা ইবান্যে ॥২৮॥

ভারতকৌমুদী

অবারণীয়ং মন্যমানঃ কৃষ্ণঃ, ক্ষত্রিয়াণাং সর্বোৎসাহং নিহত্য, প্রসহ্য হঠাৎ, তরসা বলেন, পৃথিব্যাং যুধি, জ্যাং ধনুর্গুণং কর্ষতাং ধনুর্দ্ধরাণামিত্যর্থঃ শ্রেষ্ঠতমং তং শিশুপালম্, সংমমর্দ্দ বিনাশয়ামাস ॥২৫—২৬॥

যশ ইতি। অভিনৎ অচ্ছিনৎ কৃষ্ণ ইত্যনুবৃত্তিঃ। যস্য শিশুপালস্য ॥২৭॥

তমিতি। সুগ্রীবো নামাশ্বস্তেন যুক্তেন। সংপ্রাদ্রবন্ পলায়ন্ত ॥২৮॥

ভারতভাবদীপঃ

কৃষ্ণো মমর্দ্দেত্যুত্তরেণান্বয়ঃ ॥২৫॥ জ্যাং ধনুর্গুণম্, কর্ষতাং ধনুর্ভৃতাম্ ॥২৬॥ যস্য মানং বর্দ্ধয়ন্তি তং শিশুপালম্ অভিনদিতি সম্বন্ধঃ ॥২৭॥ চেদিপতিং বিহায় অন্যে তং কৃষ্ণং কে প্রাদ্রবন্ ন কেঽপি কিন্তু স এব তেন সহ স্পর্দ্ধাং চকারেত্যর্থঃ ॥২৮॥ আশংসমানো জয়মিতি

চেদিদেশীয় ও করূষকদেশীয় রাজারা মিলিত হইয়া সর্বপ্রকার উদ্যমে রাজসূয়যজ্ঞে আসিয়াছিলেন; তাঁহাদের মধ্যে চেদিরাজ শিশুপাল সূর্য্যের ন্যায় তেজস্বী, কান্তিসম্পন্ন ও উজ্জ্বলবেশধারী ছিলেন; তিনি কৃষ্ণের নিন্দা করিতে থাকিলে, তাঁহাকে বারণ করা যাইবে না ভাবিয়া কৃষ্ণ ক্ষত্রিয়গণের সমস্ত উৎসাহ বিনষ্ট করিয়া আপন বাহুবলে হঠাৎ পৃথিবীর মধ্যে শ্রেষ্ঠ ধনুর্দ্ধর সেই শিশুপালকে বধ করিয়াছিলেন ॥২৫—২৬॥

করূষরাজপ্রভৃতি রাজারা সকলে যাঁহার সম্মান করিতেন, সেই শিশুপালের প্রতি দৃষ্টিপাত করিয়া পাণ্ডবগণের যশ ও গৌরব বৃদ্ধি করিতে থাকিয়া কৃষ্ণ পূর্ব্বেই সেই শিশুপালের শিরশ্ছেদ করিয়াছিলেন ॥২৭॥

তখন সিংহকে দেখিয়া ক্ষুদ্র মৃগসমূহের ন্যায় অন্যান্য রাজারা সুগ্রীবনামক-ঘোটকযুক্ত-রথারোহী কেশব কৃষ্ণকে অসহ্য মনে করিয়া সেই অবস্থায়ই শিশুপালকে ছাড়িয়া পলায়ন করিয়াছিলেন ॥২৮॥

(২৬)···ক্ষত্রিয়াণাং নিশম্য···পি। (২৭)···বর্দ্ধয়ন্ যাদবানাম্···পি।

যস্তং প্রতীপস্তরসা প্রত্যুদীয়াদাশংসমানো দ্বৈরথে বাসুদেবম্।
সোঽশেত কৃষ্ণেন হতঃ পরাসুর্বাতেনেবোন্মথিতঃ কর্ণিকারঃ ॥২৯॥
পরাক্রমং মে যদবেদয়ন্ত তেষামর্থে সঞ্জয়! কেশবস্য।
অনুস্মরংস্তস্য কর্ম্মাণি জিষ্ণোর্গাবল্গনে! নাধিগচ্ছামি শান্তিম্ ॥৩০॥
ন জাতু তান্ শত্রুরন্যঃ সহেত যেষাং স স্যাদগ্রণীর্বৃষ্ণিসিংহঃ।
প্রবেপতে মে হৃদয়ং ভয়েন শ্রুত্বা কৃষ্ণাবেকরথে সমেতৌ।
ন চেদ্‌গচ্ছেৎ সঙ্গরং মন্দবুদ্ধিস্তাভ্যাং লভেচ্ছর্ম্ম তদা সুতো মে ॥৩১॥
নো চেৎ কুরূন্ সঞ্জয়! নির্দ্দহেতামিন্দ্রোপেন্দ্রৌ দৈত্যসেনাং যথৈব।
মতো হি মে শক্রসমো ধনঞ্জয়ঃ সনাতনো বৃষ্ণিবীরশ্চ বিষ্ণুঃ ॥৩২॥

ভারতকৌমুদী

য ইতি। যঃ শিশুপালঃ, প্রতীপঃ প্রতিকূলঃ, আশংসমানো জয়মাকাঙ্ক্ষংশ্চ সন্, তরসা বলেন, দ্বৈরথে যুদ্ধে, তং বাসুদেবম্, প্রত্যুদীয়াৎ প্রতিগচ্ছেৎ, স শিশুপালঃ, কৃষ্ণেনৈব হতঃ, পরাসুর্মৃতঃ সন্, বাতেন বাত্যয়া, উন্মথিত উন্মূলিতঃ, কর্ণিকারো বৃক্ষ ইব, অশেত ॥২৯॥

পরেতি। অবেদয়ন্ত চারাঃ। জিষ্ণোর্জয়শীলস্য কৃষ্ণস্য। গবল্গনস্যাপত্যমিতি গাবল্গনিঃ সঞ্জয় এব, তৎসম্বোধনম্। নাধিগচ্ছামি ন লভে ॥৩০॥

নেতি। জাতু কদাচিৎ, তান্ পাণ্ডবান্। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ সঙ্গরং যুদ্ধম্, তাভ্যাং কৃষ্ণার্জ্জুনাভ্যাং সহ, শর্ম্ম সুখম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥

কিন্তু যিনি কৃষ্ণের প্রতিকূল হইয়া জয়ের আশা করিয়া আপন বাহুবলে দ্বৈরথযুদ্ধে কৃষ্ণের প্রতি ধাবিত হইতে পারিতেন, সেই শিশুপালই কৃষ্ণকর্ত্তৃক নিহত ও প্রাণহীন হইয়া, বাত্যোন্মূলিত কর্ণিকারবৃক্ষের ন্যায় পূর্ব্বেই শয়ন করিয়া রহিয়াছিলেন ॥২৯॥

গবল্গননন্দন সঞ্জয়! গুপ্তচরেরা আমার নিকট পাণ্ডবদের নিমিত্ত কৃষ্ণের যেরূপ পরাক্রমের কথা জানাইয়াছে, তাহাতে আমি কৃষ্ণের সেই পরাক্রমের কার্য্যগুলি স্মরণ করিয়া শান্তিই পাইতেছি না ॥৩০॥

সেই বৃষ্ণিবংশশ্রেষ্ঠ কৃষ্ণ যাহাদের অগ্রবর্ত্তী হইবেন, তাহাদিগকে কখনও অন্য কোন শত্রু সহ্য করিতে পারিবে না। সুতরাং কৃষ্ণ ও অর্জ্জুন সম্মিলিত হইয়া একরথে আসিবেন শুনিয়া ভয়ে আমার হৃদয় কম্পিত হইতেছে। অতএব সঞ্জয়! আমার মন্দবুদ্ধি পুত্র দুর্য্যোধন যদি সেই কৃষ্ণ ও অর্জ্জুনের সহিত যুদ্ধে গমন না করে, তাহা হইলেই সে মঙ্গল লাভ করিবে ॥৩১॥

(২৯) যস্তং প্রতীপম্…পি। (৩০)…কর্ম্মাণি বিষ্ণোঃ…বা ব রা নি। (৩২)… ইন্দ্রাবিষ্ণূ…বা ব রা নি।

ধর্ম্মারামো হ্রীনিষেবস্তরস্বী কুন্তীপুত্রঃ পাণ্ডবোঽজাতশত্রুঃ।
দুর্য্যোধনেন নিকৃতো মনস্বী নো চেৎ ক্রুদ্ধঃ প্রদহেদ্ধার্ত্তরাষ্ট্রান্ ॥৩৩॥
নাহং তথা হ্যর্জ্জুনাদ্বাসুদেবাদ্ভীমাদ্বাহং যময়োর্বা বিভেমি।
যথা রাজ্ঞঃ ক্রোধদীপ্তস্য সূত! মন্যোরহং ভীততরঃ সদৈব ॥৩৪॥
মহাতপা ব্রহ্মচর্য্যেণ যুক্তঃ সঙ্কল্পোঽয়ং মানসস্তস্য সিধ্যেৎ।
তস্য ক্রোধং সঞ্জয়াহং সমীক্ষ্য স্থানে জানন্ ভৃশমস্ম্যদ্য ভীতঃ ॥৩৫॥
স গচ্ছ শীঘ্রং প্রহিতো রথেন পাঞ্চালরাজস্য চমূনিবেশম্।
অজাতশত্রুং কুশলং স্ম পৃচ্ছেঃ পুনঃ পুনঃ প্রীতিযুক্তং বদেস্ত্বম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

নো ইতি। উপেন্দ্রো বিষ্ণুঃ। হি যস্মাৎ। বিষ্ণুর্বিষ্ণুতুল্যঃ ॥৩২॥
ধর্ম্মেতি। ধর্ম্মারামো ধর্ম্মনিরতঃ, হ্রীনিষেবো লজ্জাশীলঃ। নিকৃতঃ শাঠ্যেন জিতঃ ॥৩৩॥
নেতি। যময়োর্নকুলসহদেবয়োঃ। রাজ্ঞো যুধিষ্ঠিরস্য। মন্যোঃ ক্রোধাৎ ॥৩৪॥
ভয়ে হেতুমাহ মহেতি। স্থানে যুক্তং ক্রোধম্। জানন্ তপস্বিনঃ প্রভাবম্ ॥৩৫॥

ভারতভাবদীপঃ

শেষঃ। অশেত শয়নং কৃতবান্ শিশুপালঃ ॥২৯॥ যৎ যতঃ অবেদয়ন্ত জ্ঞাপিতবন্তঃ চারা ইতি শেষঃ ॥৩০॥ কৃষ্ণৌ বাসুদেবার্জ্জুনৌ ॥৩১॥ সঙ্গরং চেন্ন গচ্ছেত্তদা শর্ম্ম লভেৎ নো চেৎ অন্যথা ইন্দ্রো বিষ্ণুশ্চ অর্জ্জুনবাসুদেবৌ নির্দ্দহেতামিত্যন্বয়ঃ ॥৩২॥ শক্রপুত্রত্বাৎ শক্রসমঃ, ধর্ম্মপুত্রত্বাৎ ধর্ম্মারামঃ ॥৩৩॥ নিকৃতো বঞ্চিতঃ, মনস্বী জিতমনাঃ ॥৩৪॥ মন্যোঃ ক্রোধাৎ ॥৩৫॥

না হইলে, ইন্দ্র ও উপেন্দ্র (বিষ্ণু) যেমন দৈত্যসৈন্য দগ্ধ করিয়াছিলেন, কৃষ্ণ এবং অর্জ্জুনও সেইরূপই কৌরবগণকে দগ্ধ করিয়া ফেলিবেন। কারণ, আমি অর্জ্জুনকে ইন্দ্রের তুল্য এবং কৃষ্ণকে সনাতন বিষ্ণুর সমান বলিয়া মনে করি ॥৩২॥

তা'র পর যুধিষ্ঠির—ধর্ম্মনিরত, লজ্জাশীল, বলবান্ ও উদারচেতা। কিন্তু তাঁহাকে দুর্য্যোধন ছলপূর্বক দ্যূতক্রীড়ায় জয় করিয়াছে। সুতরাং তিনি ক্রুদ্ধ হইয়া ধার্ত্তরাষ্ট্রগণকে দগ্ধ করিয়া না ফেলেন ॥৩৩॥

সঞ্জয়! ক্রোধজ্বলিত যুধিষ্ঠিরের ক্রোধ হইতে আমি যেমন সর্বদাই অত্যন্তভীত আছি, তেমন কৃষ্ণ, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব হইতে ভীত নহি ॥৩৪॥

কারণ, যুধিষ্ঠির মহাতপা ও ব্রহ্মচর্য্যশালী। সুতরাং তাঁহার এ কৌরবদাহের সঙ্কল্প সিদ্ধ হইতে পারে। সুতরাং সঞ্জয়! আমি সেই যুধিষ্ঠিরের ন্যায়সঙ্গত ক্রোধের বিষয় পর্য্যালোচনা করিয়া এবং তপস্বীর প্রভাব জানিয়া এখন অত্যন্তভীত হইয়া পড়িয়াছি ॥৩৫॥

(৩৬)···চমূনিবেশনম্···বা ব রা নি।

জনার্দ্দনঞ্চাপি সমেত্য তাত! মহামাত্রং বীর্য্যবতামুদারম্।
অনাময়ং মদ্বচনেন পৃচ্ছের্ধৃতরাষ্ট্রঃ পাণ্ডবৈঃ শান্তিমীপ্সুঃ ॥৩৭॥
ন তস্য কিঞ্চিদ্বচনং ন কুর্য্যাৎ কুন্তীপুত্রো বাসুদেবস্য সূত!।
প্রিয়শ্চৈষামাত্মসমশ্চ কৃষ্ণো বিদ্বাংশ্চৈষাং কর্ম্মণি নিত্যযুক্তঃ ॥৩৮॥
সমানীতান্ পাণ্ডবান্ সৃঞ্জয়াংশ্চ জনার্দ্দনং যুযুধানং বিরাটম্।
অনাময়ং মদ্বচনেন পৃচ্ছেঃ সর্বাংস্তথা দ্রৌপদেয়াংশ্চ পঞ্চ ॥৩৯॥
যদ্‌যত্তত্র প্রাপ্তকালং পরেভ্যস্ত্বং মন্যেথা ভারতানাং হিতঞ্চ।
তদ্ভাষেথাঃ সঞ্জয়! রাজমধ্যে ন মূর্চ্ছয়েদ্‌যন্ন চ যুদ্ধহেতুঃ ॥৪০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি
সঞ্জয়যানে ধৃতরাষ্ট্রসন্দেশে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

স ইতি। পাঞ্চালরাজস্য চমূনিবেশং শিবিরম্, শ্বশুরত্বেন তস্যৈব প্রাধান্যাৎ ॥৩৬॥

জনেতি। মহামাত্রং পাণ্ডবানাং প্রধানমন্ত্রিণম্, উদারং মহান্তম্ ॥৩৭॥

নেতি। কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ। নিত্যযুক্তঃ সর্বদা নিরতঃ ॥৩৮॥

সমিতি। সমানীতান্ পাঞ্চালরাজেন আহূয় স্বশিবিরে উপস্থাপিতান্। সৃঞ্জয়ান্ তদ্বংশীয়ান্, যুযুধানং সাত্যকিম্। দ্রৌপদেয়ান্ দ্রৌপদীপুত্রান্ ॥৩৯॥

অতএব সঞ্জয়! তুমি রথে আরোহণ করিয়া সত্বর দ্রুপদরাজার শিবিরে যাও এবং যাইয়া যুধিষ্ঠিরের নিকটে তাহাদের মঙ্গল জিজ্ঞাসা কর। আর সেখানে তুমি সর্ব্বদাই প্রীতিযুক্ত কথা বলিও ॥৩৬॥

আর বৎস! সঞ্জয়! পাণ্ডবগণের প্রধানমন্ত্রী এবং বলবান্‌দিগের মধ্যে শ্রেষ্ঠ কৃষ্ণের নিকটেও যাইয়া আমার আদেশ অনুসারে তাঁহার আরোগ্যের বিষয় জিজ্ঞাসা করিও এবং পরে বলিও যে, ধৃতরাষ্ট্র পাণ্ডবগণের সহিত শান্তিই ইচ্ছা করেন ॥৩৭॥

সঞ্জয়! যুধিষ্ঠির কৃষ্ণের কোন কথা রাখিবেন না, এমন হইতেই পারে না। কারণ, কৃষ্ণ পাণ্ডবগণের প্রাণতুল্য প্রিয়, বুদ্ধিমান্ এবং উহাদের কার্য্যেই সর্বদা ব্যাপৃত আছেন ॥৩৮॥

(সঞ্জয়! তুমি দ্রুপদরাজার শিবিরে উপস্থিত হইলে,) তিনি পাণ্ডবগণ, সৃঞ্জয়গণ, কৃষ্ণ, সাত্যকি ও বিরাটরাজাকে সেস্থানে আনয়ন করিবেন; তখন তুমি আমার আদেশক্রমে সকলের নিকটে এবং দ্রৌপদীর পঞ্চ পুত্রের নিকটে অনাময়প্রশ্ন করিবে ॥৩৯॥

পরে তুমি সেখানে বিপক্ষবর্গের নিকটে যে যে কথা বলা উচিত এবং ভরত-

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

রাজ্ঞস্তু বচনং শ্রুত্বা ধৃতরাষ্ট্রস্য সঞ্জয়ঃ।
উপপ্লব্যং যযৌ দ্রষ্টুং পাণ্ডবানমিতৌজসঃ ॥১॥
স তু রাজানমাসাদ্য কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্।
অভিবাদ্য ততঃ পূর্ব্বং সূতপুত্রোঽভ্যভাষত ॥২॥

ভারতকৌমুদী

যদিতি। পরেভ্যঃ প্রাপ্তকালং বক্তুমুচিতম্। যদ্বচনং কর্ত্তৃ ন মূর্চ্ছয়েৎ পাণ্ডবাদীনাং ক্রোধং ন বর্দ্ধয়েৎ, যুদ্ধহেতুশ্চ ন স্যাৎ, তত্তাবেথাঃ ॥৪০॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥০॥

রাজ্ঞ ইতি। উপপ্লব্যং নাম বিরাটস্যৈব নগরান্তরম্, যত্র তদানীং পাণ্ডবা আসন্ ॥১॥
স ইতি। ততো যানানন্তরম্। পূর্ব্বমভিবাদ্যেতি সম্বন্ধঃ ॥২॥

ভারতভাবদীপঃ

স্থানে জানন্ যুক্তং পশ্যন্ ॥৩৬॥ মহামাত্রং মহাভাগম্ ॥৩৭॥ শান্তিমীপ্সুরস্তীতি বদেত্যধ্যাহারঃ ॥৩৮॥ সমানীতান্ একত্রস্থিতান্ ॥৩৯॥ ন মূর্চ্ছয়েৎ বর্দ্ধয়েৎ ক্রোধমিতি শেষঃ ॥৪০॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥২২॥

বংশের হিতকর বলিয়া মনে করিবে, আর যে যে কথা তাহাদের ক্রোধবৃদ্ধি করিবে না, কিংবা যুদ্ধের কারণ হইবে না, সেই সেই কথাই রাজাদের মধ্যে বলিবে' ॥৪০॥

বৈশম্পায়ন বলিলেন—সঞ্জয়, রাজা ধৃতরাষ্ট্রের বাক্য শুনিয়া অমিততেজা পাণ্ডবগণের সহিত সাক্ষাৎ করিবার জন্য উপপ্লব্যনগরে চলিয়া গেলেন ॥১॥

তাহার পর সূতনন্দন সঞ্জয় কুন্তীপুত্র রাজা যুধিষ্ঠিরের নিকট উপস্থিত হইয়া প্রথমে তাঁহাকে অভিবাদন করিয়া পরে বলিতে লাগিলেন ॥২॥

---

(১)·· উপপ্লাব্যম্···নি,·· যযৌ প্রষ্টুম্···পি।

গাবল্গনিঃ সঞ্জয়ঃ সূতসূনুরজাতশত্রুমবদৎ প্রতীতঃ।
দিষ্ট্যা রাজংস্ত্বামরোগং প্রপশ্যে সহায়বন্তঞ্চ মহেন্দ্রকল্পম্ ॥৩॥
অনাময়ং পৃচ্ছতি ত্বাম্বিকেয়ো বৃদ্ধো রাজা ধৃতরাষ্ট্রো মনীষী।
কচ্চিদ্ভীমঃ কুশলী পাণ্ডবাগ্র্যো ধনঞ্জয়স্তৌ চ মাদ্রীতনূজৌ ॥৪॥
কচ্চিৎ কৃষ্ণা দ্রৌপদী রাজপুত্রী সত্যব্রতা বীরপত্নী সপুত্রা।
মনস্বিনী যত্র চ বাঞ্ছসি ত্বমিষ্টান্ কামান্ ভারত! স্বস্তিকামঃ ॥৫॥

যুধিষ্ঠির উবাচ।

গাবল্গনে! সঞ্জয়! স্বাগতং তে প্রীয়ামহে তে বয়ং দর্শনেন।
অনাময়ং প্রতিজানে তবাহং সহানুজৈঃ কুশলী চাস্মি বিদ্বন্! ॥৬॥

ভারতকৌমুদী

গাবেতি। গবল্গনস্যাপত্যং গাবল্গনিঃ। প্রতীতঃ সন্তুষ্টঃ। দিষ্ট্যা ভাগ্যেন ॥৩॥

অনেতি। ত্বা ত্বাম্, আম্বিকেয়ঃ অম্বিকায়াঃ পুত্রঃ। কচ্চিৎ প্রশ্নে ॥৪॥

কচ্চিদিতি। কৃষ্ণা কুশলিনীত্যনুবৃত্তিঃ। হে ভারত! ত্বং যত্র যেষু আত্মীয়েষু, স্বস্তিকামঃ মঙ্গলাভিলাষী, যাংশ্চ কামান্ অন্যেষাং কামনাবিষয়ান্ ত্বমপীষ্টান্ ধনাদীন বাঞ্ছসি, তেঽপি কুশলিনঃ কচ্চিদিত্যনুকর্ষঃ ॥৫॥

গাবেতি। অনাময়মারোগ্যম্, প্রতিজানে অঙ্গীকরোমি ॥৬॥

সূতজাতীয় গবল্গননন্দন সঞ্জয় সন্তুষ্টচিত্তে যুধিষ্ঠিরকে বলিলেন—'রাজা! ভাগ্যবশতঃ আপনাকে নীরোগ, সহায়শালী এবং ইন্দ্রের তুল্যই দেখিতেছি ॥৩॥

অম্বিকানন্দন, বৃদ্ধ ও জ্ঞানী রাজা ধৃতরাষ্ট্র আপনার আরোগ্যের বিষয় জিজ্ঞাসা করিয়াছেন এবং পাণ্ডবশ্রেষ্ঠ ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব কুশলে আছেন ত? ॥৪॥

দ্রুপদরাজনন্দিনী, সত্যপরায়ণা, বীরপত্নী ও মনস্বিনী কৃষ্ণাদেবী তাঁহার পুত্রগণের সহিত কুশলে আছেন ত? আর ভরতনন্দন! আপনি যাহাদের মঙ্গল কামনা করেন এবং অন্যলোকের বাঞ্ছনীয়, আপনারও অভীষ্ট যে সকল বিষয়ের আপনি মঙ্গল ইচ্ছা করেন, সেই আত্মীয়বর্গের ও ধনপ্রভৃতির মঙ্গল ত?' ॥৫॥

যুধিষ্ঠির বলিলেন—'গবল্গননন্দন সঞ্জয়! তোমার শুভাগমন ত? তোমার দর্শনে আমরা প্রীতিলাভ করিলাম এবং তোমার নিকট আমি আমাদের আরোগ্য জানাইতেছি। আর, প্রাজ্ঞ! অনুজগণের সহিত আমি কুশলে আছি ॥৬॥

(৫)…সুপুত্রা…নি। (৬)…প্রীতাত্মাহং ত্বাভিনন্দামি সূত!…নি।

চিরাদিদং কুশলং ভারতস্য শ্রুত্বা রাজ্ঞঃ কুরুবৃদ্ধস্য সূত ! ।
মন্যে সাক্ষাদ্‌দৃষ্টমহং নরেন্দ্রং দৃষ্ট্বৈব ত্বাং সঞ্জয় ! প্রীতিযোগাৎ ॥৭॥
পিতামহো নঃ স্থবিরো মনস্বী মহাপ্রাজ্ঞঃ সর্ব্বধর্ম্মোপপন্নঃ ।
সকৌরব্যঃ কুশলী তাত ! ভীষ্মো যথাপূর্ব্বং বৃত্তিরস্ত্যস্য কচ্চিৎ ॥৮॥
কচ্চিদ্রাজা ধৃতরাষ্ট্রঃ সপুত্রো বৈচিত্রবীর্য্যঃ কুশলী মহাত্মা ।
মহারাজো বাহ্লিকঃ প্রাতিপেয়ঃ কচ্চিদ্বিদ্বান্ কুশলী সূতপুত্র ! ॥৯॥
স সোমদত্তঃ কুশলী তাত ! কচ্চিদ্‌ভূরিশ্রবাঃ সত্যসন্ধঃ শলশ্চ ।
দ্রোণঃ সপুত্রশ্চ কৃপশ্চ বিপ্রো মহেষ্বাসাঃ কচ্চিদেতেঽপ্যরোগাঃ ॥১০॥
সর্ব্বে কুরুভ্যঃ স্পৃহয়ন্তি সঞ্জয় ! ধনুর্দ্ধরা যে পৃথিব্যাং প্রধানাঃ ।
মহাপ্রাজ্ঞাঃ সর্ব্বশাস্ত্রাবদাতা ধনুর্ভৃতাং মুখ্যতমাঃ পৃথিব্যাম্ ॥১১॥

ভারতকৌমুদী

চিরাদিতি। ভারতস্য ভরতবংশীয়স্য, রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য। নরেন্দ্রং ধৃতরাষ্ট্রম্ ॥৭॥
পিতেতি। নঃ অস্মাকম্। অস্য ভীষ্মস্য, বৃত্তিঃ অস্মাসু স্নেহঃ ॥৮॥
কচ্চিদিতি। বৈচিত্রবীর্য্যঃ বিচিত্রবীর্য্যপুত্রঃ। প্রাতিপেয়ঃ প্রতিপপুত্রঃ ॥৯॥
স ইতি। সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ, শলো নাম কশ্চিৎ ॥১০॥

ভারতভাবদীপঃ

রাজ্ঞ ইতি ॥১—২॥ প্রতীতো হৃষ্টঃ ॥৩—৪॥ যত্র আপ্তবর্গে ত্বং স্বস্তিকামঃ কল্যাণার্থী যাংশ্চ ইষ্টান্ কামান্ ভোগ্যান্ গজরথাদীন্ বাঞ্ছসি তে সর্বে কুশলিনঃ কচ্চিদিত্যন্বয়ঃ ॥৫—৭॥

সূত ! সঞ্জয় ! দীর্ঘকালের পর ভরতবংশীয় কৌরববৃদ্ধ রাজা ধৃতরাষ্ট্রের এই মঙ্গলসংবাদ শুনিয়া এবং তোমাকে দেখিয়া প্রীতিবশতঃ মহারাজ ধৃতরাষ্ট্রকেই যেন প্রত্যক্ষ দেখিলাম বলিয়া মনে করিতেছি ॥৭॥

বৎস ! আমাদের পিতামহ, স্থবির, উদারচেতা, মহাপ্রাজ্ঞ ও সর্ব্বধর্ম্মসম্পন্ন ভীষ্মদেব অন্যান্য কৌরবগণের সহিত কুশলে আছেন ত ? আর আমাদের উপরে তাঁহার পূর্ব্বের ন্যায় স্নেহ আছে ত ? ॥৮॥

সূতপুত্র ! বিচিত্রবীর্য্যপুত্র মহাত্মা রাজা ধৃতরাষ্ট্র তাঁহার পুত্রগণের সহিত ভাল আছেন ত ? এবং প্রতিপনন্দন জ্ঞানী মহারাজ বাহ্লিক কুশলে আছেন ত ? ॥৯॥

বৎস ! সেই সোমদত্ত, ভূরিশ্রবা, সত্যপ্রতিজ্ঞ শল এবং পুত্রের সহিত ব্রাহ্মণ দ্রোণ ও কৃপ ভাল আছেন ত ? আর এই মহাধনুর্দ্ধরদিগের কোন রোগ নাই ত ? ॥১০॥

(১১)…যেপৃথু থিব্যাং বানঃ…পি।

কচ্চিন্মানং তাত! লভন্ত এতে ধনুর্ভৃতঃ কচ্চিদেতেঽপ্যরোগাঃ।
যেষাং রাষ্ট্রে নিবসতি দর্শনীয়ো মহেষ্বাসঃ শীলবান্ দ্রোণপুত্রঃ ॥১২॥
(যুগ্মকম্)

বৈশ্যাপুত্রঃ কুশলী তাত! কচ্চিন্মহাপ্রাজ্ঞো রাজপুত্রো যুযুৎসুঃ।
কর্ণোঽমাত্যঃ কুশলী তাত! কচ্চিৎ সুযোধনো যস্য মন্দো বিধেয়ঃ ॥১৩॥
স্ত্রিয়ো বৃদ্ধা ভারতানাং জনন্যো মহানস্যো দাসভার্য্যাশ্চ সূত!।
বধ্বঃ পুত্রা ভাগিনেয়া ভগিন্যো দৌহিত্রা বা কচ্চিদপ্যব্যলীকাঃ ॥১৪॥

ভারতকৌমুদী

সর্ব ইতি। স্পৃহয়ন্তি আত্মীয়তাং রক্ষন্তি। সর্বৈঃ শাস্ত্রৈঃ শাস্ত্রজ্ঞানৈঃ অবদাতা নির্ম্মল-বুদ্ধয়ঃ। এতে ধনুর্ভৃতাং মুখ্যতমাঃ। এতে কুরবঃ। যেষাং কুরূণাম্ ॥১১—১২॥

বৈশ্যেতি। বৈশ্যাপুত্রো ধৃতরাষ্ট্রস্য ঔরসঃ। মন্দো মূর্খঃ। যস্য কর্ণস্য, বিধেয়ো বচনে স্থিতঃ, "বিধেয়ো বিনয়গ্রাহী বচনে স্থিত আশ্রবঃ" ইত্যমরঃ ॥১৩॥

স্ত্রিয় ইতি। মহানসে পাকস্থানে অধিকারিণ্য ইতি মহানস্যঃ পাচিকাঃ। বধ্বঃ স্নুষাঃ। অব্যলীকাঃ পীড়াশূন্যাঃ, "পীড়ার্থেঽপি ব্যলীকং স্যাৎ" ইত্যমরঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

প্রীতিরস্মাসু স্নেহঃ ॥৮—১০॥ কুরুভ্যঃ স্পৃহয়ন্তি কচ্চিদিত্যনুষঙ্গঃ। কুরূণাং কল্যাণম্ অযুদ্ধেন বাঞ্ছন্তি কচ্চিদিতি ভাবঃ ॥১১॥ যেষাং রাষ্ট্রে নিবসতি তেষাং কুরূণাং মধ্যে ধনুর্ভৃতঃ কচ্চিন্মানং লভন্তে ॥১২—১৩॥ মহানস্যো মহানসে পরিচারিকাঃ, বধ্বঃ স্নুষাঃ,

সঞ্জয়! যাঁহারা পৃথিবীর মধ্যে প্রধান ধনুর্দ্ধর, তাঁহারা সকলে কৌরবদের সহিত আত্মীয়তা রক্ষা করিতেছেন ত? যাঁহারা মহাপ্রাজ্ঞ, সর্বশাস্ত্রে জ্ঞান থাকায় নির্ম্মলবুদ্ধি ও পৃথিবীর মধ্যে প্রধান ধনুর্দ্ধর, তাঁহারা রাজা ধৃতরাষ্ট্রের নিকট সম্মান লাভ করিতেছেন ত? এবং সুদৃশ্যমূর্ত্তি, মহাধনুর্দ্ধর ও সচ্চরিত্র অশ্বত্থামা যাঁহাদের রাজ্যে বাস করিতেছেন, সেই ধনুর্দ্ধর কৌরবগণের কোন রোগপীড়া নাই ত? ॥১১—১২॥

বৎস! সঞ্জয়! বৈশ্যাপুত্র মহাপ্রাজ্ঞ ধৃতরাষ্ট্রনন্দন যুযুৎসু ভাল আছেন ত? এবং মূঢ় দুর্য্যোধন যাঁহার কথা অনুসারে চলিয়া থাকেন, সেই মন্ত্রী কর্ণ কুশলে আছেন ত? ॥১৩॥

সূত! বৃদ্ধস্ত্রীলোকগণ, ভরতবংশীয়দিগের জননীগণ, পাচিকাগণ, দাসীগণ, পুত্রবধূগণ, পুত্রগণ, ভাগিনেয়গণ, ভগিনীগণ ও দৌহিত্রগণ, ইহাদের কোন পীড়া নাই ত? ॥১৪॥

---

(১৩)…কর্ণো মানী…নি। (১৪)…মহানস্যো দাসভার্য্যাশ্চ…নি।

কচ্চিদ্রাজা ব্রাহ্মণানাং যথাবৎ প্রবর্ত্ততে পূর্ববত্তাত ! বৃত্তিম্ ।
কচ্চিদ্দায়ান্ মামকান্ ধার্ত্তরাষ্ট্রো দ্বিজাতীনাং সঞ্জয় ! নোপহন্তি ॥১৫॥
কচ্চিদ্রাজা ধৃতরাষ্ট্রঃ সপুত্র উপেক্ষতে ব্রাহ্মণাতিক্রমান্ বৈ ।
স্বর্গস্য কচ্চিন্ন তথা বর্ত্মভূতামুপেক্ষতে তেষু সদৈব বৃত্তিম্ ॥১৬॥
এতজ্জ্যোতিশ্চোত্তমং জীবলোকে শুক্লং প্রজানাং বিহিতং বিধাত্রা ।
তে চেদ্দোষং ন নিয়চ্ছন্তি মন্দাঃ কৃৎস্নো নাশো ভবিতা কৌরবাণাম্ ॥১৭॥
কচ্চিদ্রাজা ধৃতরাষ্ট্রঃ সপুত্রো বুভূষতে বৃত্তিমমাত্যবর্গে ।
কচ্চিন্ন ভেদেন জিজীবিষন্তি সুহৃদ্রূপা দুর্হৃদশ্চৈকমত্যাৎ ॥১৮॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। বৃত্তিং জীবিকাং দাতুমিতি শেষঃ। দায়ান্ মাসাদৌ দেয়ত্বেন নির্দ্দিষ্টা বৃত্তীঃ, ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনঃ, নোপহন্তি নোচ্ছিনত্তি ॥১৫॥

কচ্চিদিতি। বর্ত্মভূতাং কারণরূপামিত্যর্থঃ। তেষু ব্রাহ্মণেষু, বৃত্তিং দাতুম্ ॥১৬॥

ব্রাহ্মণেভ্যো বৃত্তিদানস্য মহিমানমাহ এতদিতি। এতৎ ব্রাহ্মণেভ্যো বৃত্তিদানম্, উত্তমং জ্যোতিঃ স্বর্গপথপ্রকাশকদীপস্বরূপম্; জীবলোকে চ শুক্লং শুভ্রযশোজনকম্; কিঞ্চ প্রজানাং জনানাং সম্বন্ধে বিধাত্রৈব বিহিতম্। তে মন্দা দুর্য্যোধনাদয়ঃ কৌরবাশ্চেৎ দোষং ব্রাহ্মণ বৃত্ত্যদানাদিরূপম্, ন নিয়চ্ছন্তি ন নিবর্ত্তয়ন্তি, তদা কৌরবাণাং কৃৎস্নঃ সর্ব্বপ্রকারো নাশো ভবিতা ॥১৭॥

ভারতভাবদীপঃ

অব্যলীকাঃ নিষ্কপটাঃ ॥১৪॥ বৃত্তিং জীবিকাং দাতুমিতি শেষঃ। দায়ান্মদ্দত্তান্ গ্রামাদীন্ ॥১৫॥ অতিক্রমান্নোপেক্ষত ইত্যুত্তরার্দ্ধাম্রেণাহপকর্ষেণ যোজ্যম্ ॥১৬॥ এতদ্‌ব্রাহ্মণানাং বৃত্তে পালনং জ্যোতিঃ পরলোকপ্রকাশকং জীবলোকে ইহ শুক্লং যশস্করং দোষং লোভং ব্রাহ্মণ-

---

বৎস ! সঞ্জয় ! রাজা ধৃতরাষ্ট্র পূর্ব্বের ন্যায় যথানিয়মে ব্রাহ্মণদের বৃত্তি দিয়া থাকেন ত ? এবং আমি ব্রাহ্মণদিগকে যে সকল বৃত্তি দিয়া আসিয়াছিলাম, দুর্য্যোধন সেগুলির উচ্ছেদ করেন নাই ত ? ॥১৫॥

পুত্রগণের সহিত রাজা ধৃতরাষ্ট্র ব্রাহ্মণগণের অবমাননা করেন না ত ? এবং স্বর্গের সোপানস্বরূপ ব্রাহ্মণদিগকে বৃত্তি দিয়া থাকেন ত ? ॥১৬॥

ব্রাহ্মণদিগকে বৃত্তিদান করাটা স্বর্গের পথপ্রকাশক প্রদীপস্বরূপ, জীবলোকে নির্ম্মল যশের কারণ এবং উহা বিধাতাই লোকের জন্য বিধান করিয়াছেন। কিন্তু দুর্য্যোধনপ্রভৃতি মূঢ় কৌরবেরা যদি ব্রাহ্মণদের বিষয়ের দোষ পরিত্যাগ না করেন, তবে সর্বপ্রকারেই কৌরবগণের ধ্বংস হইবে ॥১৭॥

---

(১৫)…পূর্ব্ববত্তাত ! বৃত্তম্…পি। (১৭)…তে চেদ্দম্ভম্…পি।

কচ্চিন্ন পাপং কথয়ন্তি তাত ! তে পাণ্ডবানাং কুরবঃ সর্ব্ব এব।
দ্রোণঃ সপুত্রশ্চ কৃপশ্চ বীরো নাস্মাসু পাপানি বদন্তি কচ্চিৎ ॥১৯॥
কচ্চিদ্ গ্রাহ্যং ধৃতরাষ্ট্রস্য পুত্রং সমেত্যাহুঃ কুরবঃ সর্ব্ব এব।
পাঠে বহুভোক্তৃভিঃ ॥৭৫॥ বৃদ্ধঃ কুলধর্ম্মানুপদিশতি। কুলীনঃ শিশূন্ আচারং গ্রাহয়তি। সখা হিতং বদতি। তাদৃশা ভীষ্মদ্রোণবিদুরাঃ। ভগিনী ধনং রক্ষতি। তব গৃহে সর্বেঽপি সন্তি পরন্তু পদেশং ন গৃহ্নাসীতি ভাবঃ ॥৭৬॥ সাদ্যস্কানি সদ্যঃফলানি ॥৭৭॥ দেবতাঃ স্বর্গভাজঃ স্বর্গপদার্থশ্চ। "যন্ন দুঃখেন সংভিন্নং ন চ গ্রস্তমনন্তরম্। অভিলাষোপনীতঞ্চ তৎসুখং স্বঃপদাস্পদম্" ॥ ইত্যেবংরূপঃ অতস্তে সত্যসঙ্কল্পাঃ ধীমতামগস্ত্যাদীনামনুভাবং সমুদ্রপানাদি-প্রভাবং তেঽপি দেবতুল্যা ইত্যর্থঃ। বিনয়োঽপি গুরুপ্রসাদকরত্বেন সদ্যঃফলঃ। বিনাশহেতু-কর্ম্মাপি চৌর্য্যাদিকং তচ্চ ত্বয্যেবাস্তি। তব তু সর্ব্বং কর্ম্ম মানার্থমেবেতি ভাবঃ ॥৭৮—৭৯॥

মাননীয় রাজা! আপনি সম্পত্তিশালী এবং গৃহস্থ। সুতরাং আপনার ঘরে চারি শ্রেণীর লোক বাস করুক। যথা—বৃদ্ধ জ্ঞাতি, নিরাশ্রয় কুলীন, দরিদ্র সখা এবং নিঃসন্তানা ভগিনী ॥৭৬॥

মহারাজ! ইন্দ্র জিজ্ঞাসা করিলে, বৃহস্পতি তাঁহার নিকটে সাদ্যস্কনামক যাগের ন্যায় সদ্য ফলজনক চারিটী বিষয় বলিয়াছিলেন। সেই চারিটী বিষয় এই আমার নিকট শ্রবণ করুন—দেবতাদের সঙ্কল্প, বুদ্ধিমান্দের অনুভব, কৃতবিদ্যগণের বিনয় এবং পাপীদের পাপকর্ম্ম ॥৭৭—৭৮॥

(৭৬)…শ্রিয়াভিজুষ্টস্য…বা ব রা নি।

পঞ্চাগ্নয়ো মনুষ্যেণ পরিচর্য্যাঃ প্রযত্নতঃ ।
পিতা মাতাগ্নিরাত্মা চ গুরুশ্চ ভরতর্ষভ ! ॥৮০॥
পঞ্চৈব পূজয়ল্লোঁকে যশঃ প্রাপ্নোতি কেবলম্ ।
দেবান্ পিতৄন্ মনুষ্যাংশ্চ ভিক্ষূনতিথিপঞ্চমান্ ॥৮১॥
পঞ্চ ত্বানুগমিষ্যন্তি যত্র যত্র গমিষ্যসি ।
মিত্রাণ্যমিত্রা মধ্যস্থা উপজীব্যোপজীবিনঃ ॥৮২॥

ভারতকৌমুদী

তানি চত্বারি কর্ম্মাণি, কীদৃশঞ্চ তেষাং যথাযথকৃতত্বম্ অযথা কৃতত্বঞ্চেত্যাহ মানেতি। মানেন বেদাদিপ্রমাণানুসারেণ কৃতমগ্নিহোত্রং মানাগ্নিহোত্রং তচ্চ তথা কৃতং যথাযথকৃতং সৎ অভয়ঙ্করং স্যাৎ নরকাদিনিবর্ত্তকত্বাৎ। মানায় সম্মানলাভায় বেদাদিপ্রমাণানুসারেণ কৃতমগ্নিহোত্রন্তু অযথাকৃতমিতি ব্যয়লোকাপবাদাদিভয়ং প্রযচ্ছত্যেবেতি ভাবঃ। ইত্থমন্যত্রাপি ব্যাখ্যেয়ম্ ॥৭৯॥

সাম্প্রতং চতুর্ভিঃ শ্লোকৈঃ পঞ্চপর্য্যায়ানাহ পঞ্চেতি। পরিচর্য্যাঃ সেব্যাঃ ॥৮০॥

পঞ্চেতি। কেবলং নিশ্চিতম্। মনুষ্যান্ গুরুপর্য্যায়ান্ ॥৮১॥

পঞ্চেতি। ত্বা ত্বাম্। অমিত্রাঃ শত্রবঃ। উপজীব্যাঃ সেব্যা গুর্বাদয়ঃ ॥৮২॥

ভারতভাবদীপঃ

অগ্নিবৎ পিত্রাদয়োঽপি পূজ্যা এব নাস্কন্দনীয়াঃ তব পুত্রস্তু গুরুং যুধিষ্ঠিরং ন পূজয়তীতি ভাবঃ ॥৮০॥ পিতৄন্ অগ্নিষ্বাত্তাদীন্ গোত্রপ্রবর্ত্তকানৃষীংশ্চ। মনুষ্যান্ পিত্রাদীন্ জ্যেষ্ঠো ভ্রাতা পিতুঃ সম ইতি পিতৃতুল্যস্ত্বৎপুত্রস্য যুধিষ্ঠির ইতি ভাবঃ ॥৮১॥ ত্বা ত্বাম্, উপজীব্যাঃ গুরবঃ। ইহলোকে সাধিতা মিত্রাদয়ঃ। ইহপরলোকে জন্মান্তরে বা স্বং স্বং কার্য্যং কুর্ব্বন্তীত্যর্থঃ। মিত্রেষু পাণ্ডবেষু মৈত্রীমাচরেতি ভাবঃ। ত্বন্তু অন্ধত্বাৎ দুর্জ্জনবচনপ্রতারিতঃ পাণ্ডবানাং

প্রমাণ অনুসারে বিহিত অগ্নিহোত্র, মৌনব্রত, অধ্যয়ন ও যজ্ঞ, এই চারিটী কার্য্য ভয় নিবারণ করে; আবার প্রমাণব্যতীত কেবল সম্মান লাভের জন্য বিহিত অগ্নিহোত্র, মৌনব্রত, অধ্যয়ন ও যজ্ঞ, এই চারিটী কার্য্য ভয়ই উৎপাদন করে ॥৭৯॥

ভরতশ্রেষ্ঠ! মানুষ বিশেষ যত্ন সহকারে পাঁচটী অগ্নির পরিচর্য্যা করিবে। সে পাঁচটী অগ্নি যথা—পিতা, মাতা, অগ্নি, আত্মা ও গুরু ॥৮০॥

মানুষ পঞ্চবিধ প্রাণীর পূজা করিতে থাকিয়া জগতে কেবল যশই লাভ করে। সে পঞ্চবিধ প্রাণী যথা—দেবতা, পিতৃলোক, গুরুজন, ভিক্ষুক ও অতিথি ॥৮১॥

আপনি যেখানে যেখানে গমন করিবেন, সেইখানে সেইখানেই পঞ্চবিধ লোক আপনার অনুগমন করিবে। যথা—মিত্র, অমিত্র (শত্রু), মধ্যস্থ, সেব্য ও সেবক ॥৮২॥

পঞ্চেন্দ্রিয়স্য মর্ত্যস্য ছিদ্রঞ্চেদেকমিন্দ্রিয়ম্।
ততোঽস্য স্রবতি প্রজ্ঞা দৃতেঃ পাত্রাদিবোদকম্ ॥৮৩॥
ষড় দোষাঃ পুরুষেণেহ হাতব্যা ভূতিমিচ্ছতা।
নিদ্রা তন্দ্রী ভয়ং ক্রোধ আলস্যং দীর্ঘসূত্রতা ॥৮৪॥
ষড়িমান্ পুরুষো জহ্যাদ্ভিন্নাং নাবমিবার্ণবে।
অপ্রবক্তারমাচার্য্যমনধীয়ানমৃত্বিজম্ ॥৮৫॥
অরক্ষিতারং রাজানং ভার্য্যাঞ্চাপ্রিয়বাদিনীম্।
গ্রামকামঞ্চ গোপালং বনকামঞ্চ নাপিতম্ ॥৮৬॥ (যুগ্মকম্)
ষড়েব তু গুণাঃ পুংসা ন হাতব্যাঃ কদাচন।
সত্যং দানমনালস্যমনসূয়া ক্ষমা ধৃতিঃ ॥৮৭॥

ভারতকৌমুদী

পঞ্চেতি। ছিদ্রং ছিদ্রযুক্তম্ বিকলমিত্যর্থঃ। দৃতেঃ চর্ম্মময়াৎ ॥৮৩॥

ইহ ত্রয়োদশভিঃ শ্লোকৈঃ ষট্পর্য্যায়ানাহ ষড়িতি। ভূতিং সম্পদম্ ॥৮৪॥

ষড়িতি। জহ্যাৎ ত্যজেৎ, ভিন্নাং বিদীর্ণাম্। অপ্রবক্তারম্ অবেদবাদিনম্। অনধীয়ানম্ অবেদপাঠিনম্। গ্রামং গ্রামস্থান্ সর্বানেব জনান্ কাময়তে গব্যবিক্রয়ায় আয়ত্তীকর্ত্তু-মিচ্ছতীতি তম্। বনকামং বৈরাগ্যাৎ ॥৮৫—৮৬॥

ষড়িতি। অনসূয়া পরদোষানাবিষ্করণম্। ধৃতির্ধৈর্য্যম্ ॥৮৭॥

ভারতভাবদীপঃ

গুণান্ ন পশ্যতীতি ভাবঃ ॥৮২॥ দৃতেশ্চর্ম্মময়াজ্জলপাত্রাৎ ॥৮৩॥ ষড়িতি। ক্রোধোঽত্র তন্মূলকো দ্বেষো গ্রাহ্যঃ ॥৮৪—৮৫॥ পাণ্ডবানাম্ অরক্ষিতা রাজা ত্বম্ অন্যেষামপি ত্যাজ্যো

চক্ষু, কর্ণ, নাসিকা, ত্বক্ ও জিহ্বা এই পঞ্চেন্দ্রিয়যুক্ত মানুষের কোন ইন্দ্রিয় যদি বিকল হয়, তবে ছিদ্রযুক্ত চর্ম্মপাত্র হইতে জলের ন্যায় তাহার বুদ্ধি ভ্রষ্ট হয় ॥৮৩॥

নিদ্রা, তন্দ্রা, ভয়, ক্রোধ, আলস্য ও দীর্ঘসূত্রতা এই ছয়টা দোষকে উন্নতি-কামী লোক পরিত্যাগ করিবে ॥৮৪॥

মানুষ সমুদ্রে বিদীর্ণ নৌকার ন্যায় এই ছয় জনকে পরিত্যাগ করিবে। যথা—অবক্তা আচার্য্য, অবেদপাঠী পুরোহিত, অরক্ষক রাজা, অপ্রিয়বাদিনী ভার্য্যা, সম্পূর্ণগ্রামাভিলাষী গোপাল এবং বনগমনাভিলাষী নাপিত ॥৮৫—৮৬॥

সত্য, দান, অনালস্য, অনসূয়া, ক্ষমা ও ধৈর্য্য এই ছয়টী গুণকে মানুষ কখনও পরিত্যাগ করিবে না ॥৮৭॥

(৮৪)...নিদ্রা তন্দ্রা... ইতি হিতোপদেশধৃতঃ পাঠঃ। (৮৬) অরক্ষিতারং হর্ত্তারম্...পি।

অর্থাগমো নিত্যমরোগিতা চ প্রিয়া চ ভার্য্যা প্রিয়বাদিনী চ।
বশ্যশ্চ পুত্রোঽর্থকরী চ বিদ্যা ষড় জীবলোকস্য সুখানি রাজন্! ॥৮৮॥
ষণ্ণামাত্মনি নিত্যানামৈশ্বর্য্যং যোঽধিগচ্ছতি।
ন স পাপৈঃ কুতোঽনর্থৈর্যুজ্যতে বিজিতেন্দ্রিয়ঃ ॥৮৯॥
ষড়িমে ষট্সু জীবন্তি সপ্তমো নোপলভ্যতে।
চৌরাঃ প্রমত্তে জীবন্তি ব্যাধিতেষু চিকিৎসকাঃ ॥৯০॥
প্রমদাঃ কাময়ানেষু যজমানেষু যাজকাঃ।
রাজা বিবদমানেষু নিত্যং মূর্খেষু পণ্ডিতাঃ ॥৯১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অথেতি। নিত্যমিতি পূর্ব্বাপরয়োরুভয়োরেবান্বয়মর্হতি। ব্যবহারেঽপি প্রিয়া। অর্থকরী ধনার্জ্জনসাধিনী। প্রিয়াপ্রিয়বাদিন্যৌ দ্বে ইতি ষট্ ॥৮৮॥

ষণ্ণামিতি। যো জনঃ, আত্মনি মনসি, নিত্যানাং নিত্যস্থিতানাম্, ষণ্ণাং কামক্রোধ-লোভমোহমদমাৎসর্য্যাণাম্, ঐশ্বর্য্যং প্রভুত্বম্, অধিগচ্ছতি তান্ ষড় দোষান্ জেতুমর্হতীত্যর্থঃ, বিজিতেন্দ্রিয়ঃ স জনঃ, পাপৈর্ন যুজ্যতে ন লিপ্যতে। অতএব কুতঃ অনর্থৈর্বিপদ্ভির্যুজ্যতে, অপি তু কুতোঽপি নেত্যর্থঃ ॥৮৯॥

ষড়িতি। ইমে অনুপদমুচ্যমানাশ্চৌরাদয়ঃ ষট্, প্রমত্তাদিষু ষট্সু, জীবন্তি প্রমত্তাদিভ্যো ধনগ্রহণেন জীবিকাং নির্ব্বাহয়ন্তি। কিন্তু চৌরাদিভ্যঃ ষড় ভ্য ইতরঃ সপ্তমো নোপলভ্যতে ময়া ন জ্ঞায়তে। কে তে ষড়িত্যাহ চৌরা ইত্যাদি। চৌরাঃ, প্রমত্তে অনবধানে গৃহস্থে জীবন্তি তস্মাদ্ধনগ্রহণেন জীবিকাং নির্ব্বাহয়ন্তি। এবং সর্ব্বত্র। ব্যাধিতেষু রোগিষু। প্রমদাঃ কামিন্যঃ, কাময়ানেষু কামিষু পুরুষেষু। বিবদমানেষু জনেষু ॥৯০—৯১॥

ভারতভাবদীপঃ

ভবিষ্যসীত্যর্থঃ ॥৮৬॥ দুর্য্যোধনত্যাগার্থং তব ধৃতিধৈর্য্যং নাস্তীতি ভাবঃ ॥৮৭—৮৮॥ ষণ্ণামিতি। আত্মনি চিত্তে নিত্যানাং ষণ্ণাম্। কামক্রোধৌ শোকমোহৌ মদনৌ চ ষট্পদীত্যুক্তানাম্। ঐশ্বর্য্যং বশিত্বম্। ত্বন্তু রাজ্যকামঃ পাপৈরনর্থৈশ্চ যুক্তোঽসীতি ভাবঃ

রাজা! প্রত্যহ অর্থাগম, সর্ব্বদা অরোগিতা, প্রিয়া ভার্য্যা, প্রিয়বাদিনী ভার্য্যা, বশীভূত পুত্র এবং অর্থকরী বিদ্যা এই ছয়টীই মানুষের সুখজনক ॥৮৮॥

কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য্য এই ছয়টা দোষ সর্ব্বদাই মনে বিদ্যমান থাকে; কিন্তু যে লোক এই ছয়টা দোষকে জয় করিতে পারে, সে লোক পাপে লিপ্ত হয় না। সুতরাং সে, বিপদাপন্ন কেন হইবে? ॥৮৯॥

এই ছয়প্রকার লোক এই ছয়প্রকার লোকের উপর নির্ভর করিয়া জীবিকা নির্ব্বাহ করে; কিন্তু ইহাদের সপ্তমের বিষয় আমি জানি না। যথা—

(৮৮) ইত্যাদয়স্ত্রয়ঃ শ্লোকাঃ বা ন সন্তি। (৯০)…সপ্তমো নোপপদ্যতে…পি।

ষড়িমানি বিনশ্যন্তি মুহূর্ত্তমনবেক্ষণাৎ।
গাবঃ সেবা কৃষির্ভার্য্যা বিদ্যা বৃষলসঙ্গতিঃ ॥৯২॥
ষড়েতে হ্যবমন্যন্তে নিত্যং পূর্ব্বোপকারিণম্।
আচার্য্যং শিক্ষিতাঃ শিষ্যাঃ কৃতদারাশ্চ মাতরম্ ॥৯৩॥
নারীং বিগতকামাশ্চ কৃতার্থাশ্চ প্রযোজকম্।
নাবং নিস্তীর্ণকান্তারা আতুরাশ্চ চিকিৎসকম্ ॥৯৪॥ (যুগ্মকম্)
আরোগ্যমানৃণ্যমবিপ্রবাসঃ সদ্ভির্মনুষ্যৈঃ সহ সংপ্রয়োগঃ।
স্বপ্রত্যয়া বৃত্তিরভীতবাসঃ ষড়্জীবলোকস্য সুখানি রাজন্! ॥৯৫॥

ভারতকৌমুদী

ষড়িতি। বিনশ্যন্তি অদৃশ্যানি ভবন্তি। বৃষলসঙ্গতিঃ শূদ্রসম্পর্কঃ ॥৯২॥

ষড়িতি। কৃতদারাঃ পুত্রাঃ। বিগতকামাঃ তৎসম্ভোগেন তিরোহিতকামাঃ পুরুষাঃ। কৃতার্থাঃ সম্পাদিতপ্রয়োজনাঃ, প্রযোজকং তৎপ্রয়োজনসাধকম্। নিস্তীর্ণকান্তারা অতীত-দুর্গমপথাঃ। আতুরা নীরোগাঃ সন্তঃ ॥৯৩—৯৪॥

ভারতভাবদীপঃ

॥৮৯—৯০॥ পণ্ডিতাঃ পাণ্ডবাঃ মূর্খেষু ত্বৎপুত্রেষু রাজ্যং লপ্স্যন্তে্যবেত্যর্থঃ ॥৯১॥ বৃষলঃ শূদ্রঃ, পুত্রস্নেহাক্রান্তেন ত্বয়া সদ্বিদ্যাঽনবেক্ষণান্নাশিতা অন্যথা সত্যং ন জহ্যা ইতি ভাবঃ ॥৯২—৯৩॥ আতুরা আরোগ্যে সতীতি শেষঃ ত্বন্তু কৃৎস্নরাজ্যলাভেন কৃতকৃত্যত্বাৎ পাণ্ডবানবমন্যসে ॥৯৪॥

চৌরগণ অসাবধান গৃহস্থগণের উপর নির্ভর করিয়া জীবিকানির্ব্বাহ করে; চিকিৎসকেরা রোগীদের উপরে নির্ভর করিয়া জীবিকা সম্পাদন করেন; কামিনীরা কামুক পুরুষদের উপরে নির্ভর করিয়া জীবনোপায় সংগ্রহ করে; পুরোহিতেরা যজমানদের উপরে নির্ভর করিয়া জীবনযাত্রা নির্বাহ করেন; রাজারা বিবদমান প্রজাদের উপরে নির্ভর করিয়া জীবিকার উপায় করেন এবং পণ্ডিতেরা সর্ব্বদাই মূর্খদের উপরে নির্ভর করিয়া জীবন যাপন করেন ॥৯০—৯১॥

গরু, সেবা, কৃষি, ভার্য্যা, বিদ্যা ও শূদ্রসম্পর্ক এই ছয়টা, মুহূর্ত্তকাল পর্য্য-বেক্ষণ না করিলেই বিনষ্ট হইয়া যায় ॥৯২॥

এই ছয় জন পূর্ব্বোপকারীর প্রতি সর্ব্বদা অবজ্ঞা করিয়া থাকে। যথা—শিক্ষিত শিষ্য অধ্যাপকের প্রতি, কৃতদার পুত্র মাতার প্রতি, কৃতসম্ভোগ পুরুষ নারীর প্রতি, কৃতকার্য্য লোক কার্য্যসাধকের প্রতি, দুর্গম পথ অতিক্রমের পর নৌকার প্রতি এবং রোগী আরোগ্যলাভের পর চিকিৎসকের প্রতি অবজ্ঞা করিয়া থাকে ॥৯৩—৯৪॥

ঈর্ষু র্ঘৃণী ত্বসন্তুষ্টঃ ক্রোধনো নিত্যশঙ্কিতঃ।
পরভাগ্যোপজীবী চ ষড়েতে নিত্যদুঃখিতাঃ ॥৯৬॥
সপ্ত দোষাঃ সদা রাজ্ঞা হাতব্যা ব্যসনোদয়াঃ।
প্রায়শো যৈর্বিনশ্যন্তি কৃতমূলা অপীশ্বরাঃ ॥৯৭॥
স্ত্রিয়োঽক্ষা মৃগয়া পানং বাক্পারুষ্যঞ্চ পঞ্চমম্।
মহচ্চ দণ্ডপারুষ্যমর্থদূষণমেব চ ॥৯৮॥
অষ্টৌ পূর্বনিমিত্তানি নরস্য বিনশিষ্যতঃ।
ব্রাহ্মণান্ প্রথমং দ্বেষ্টি ব্রাহ্মণৈশ্চ বিরুধ্যতে ॥৯৯॥

ভারতকৌমুদী

পুনঃ ষড়্বিধং সুখমাহ আরোগ্যমিতি। অবিপ্রবাসঃ স্বদেশবাসঃ। সংপ্রয়োগঃ সংসর্গঃ। স্বপ্রত্যয়া স্বাধীনা, "প্রত্যয়োঽধীনশপথজ্ঞানবিশ্বাসহেতুষু" ইত্যমরঃ। অভীতো রাজাদিভয়রহিতশ্চাসৌ বাসশ্চেতি সঃ ॥৯৫॥

ঈর্ষুরিতি। ঈর্ষুঃ পরের্ষ্যাকারী, ঘৃণী পরস্মিন্ জুগুপ্সাবান্ ॥৯৬॥

ইদানীং সপ্তপর্য্যায়ানাহ দ্বাভ্যাং সপ্তেতি। ব্যসনোদয়া আসক্তিমূলাঃ ॥৯৭॥

উক্তান্ সপ্ত দোষান্ গণয়তি স্ত্রিয় ইতি। অক্ষা দ্যূতক্রীড়াঃ। বাক্পারুষ্যং কটুভাষিত্বম্। দণ্ডপারুষ্যং নিষ্ঠুরদণ্ডঃ, অর্থদূষণম্ উৎকোচাদিরূপেণ ধনাদানম্ ॥৯৮॥

অধুনা অষ্টাভিঃ শ্লোকৈরষ্টপর্য্যায়ানাহ অষ্টাবিতি। পূর্বনিমিত্তানি সূচকানি ॥৯৯॥

ভারতভাবদীপঃ

স্বপ্রত্যয়া স্বানুকূলা বৃত্তির্জীবিকা তব সংসঙ্গো নাস্তীত্যর্থঃ ॥৯৫॥ ঈর্ষুরিতি। ত্বয়ি তু ঈর্ষুত্বং ঘৃণা দয়া তব তু বশ্যঃ পুত্রো নাস্তীতি ভাবঃ ॥৯৬—৯৭॥ বাক্পারুষ্যং দণ্ডপারুষ্যঞ্চ পাণ্ডবেষু ত্বৎপুত্রৈঃ কৃতম্ ॥৯৮॥ দ্বেষ্টি মনসাঽনিষ্টং চিন্তয়তি বিরুধ্যতে কর্ম্মণা ॥৯৯॥ অষ্টস্

রাজা! রোগ না থাকা, ঋণ না থাকা, বিদেশে বাস না করা, সজ্জনের সহিত সংসর্গ করা, স্বাধীন বৃত্তি এবং নির্ভয়ে বাস, এই ছয়টা জীবলোকের সুখ ॥৯৫॥

পরের প্রতি ঈর্ষ্যাকারী ও ঘৃণাকারী, অসন্তুষ্টচিত্ত, ক্রোধশীল, সর্ব্বদা আশঙ্কাকারী এবং পরভাগ্যোপজীবী এই ছয় জন সর্ব্বদা দুঃখভোগ করে ॥৯৬॥

সুপ্রতিষ্ঠিত প্রভুরাও যেগুলিদ্বারা প্রায়ই বিনষ্ট হইয়া থাকেন, আসক্তি-মূলক সেই সপ্তবিধ দোষ রাজা সর্ব্বদাই ত্যাগ করিবেন ॥৯৭॥

সেই সপ্তবিধ দোষ যথা—স্ত্রী, দ্যূতক্রীড়া, মৃগয়া, পান, কটু কথা বলা, নিষ্ঠুরভাবে গুরুতর দণ্ড করা এবং উৎকোচপ্রভৃতি গ্রহণ করা ॥৯৮॥

(৯৬) ঈর্ষী ঘৃণী···দুঃখভাগিনঃ—ইতি হিতোপদেশধৃতঃ পাঠঃ,·· নসন্তুষ্টঃ···বা ব রা নি।

ব্রাহ্মণস্বানি চাদত্তে ব্রাহ্মণাংশ্চ জিঘাংসতি।
রমতে নিন্দয়া চৈষাং প্রশংসাং নাভিনন্দতি ॥১০০॥
নৈনান্ স্মরতি কৃত্যেষু যাচিতশ্চাভ্যসূয়তি।
এতান্ দোষান্ নরঃ প্রাজ্ঞো বুদ্ধ্যা বুদ্ধ্বা বিবর্জয়েৎ ॥১০১॥
অষ্টাবিমানি হর্ষস্য মহাস্থানানি ভারত!।
বর্ত্তমানানি দৃশ্যন্তে তান্যেব স্বসুখান্যপি ॥১০২॥
সমাগমশ্চ সখিভির্মহাংশ্চৈব ধনাগমঃ।
পুত্রেণ চ পরিষ্বঙ্গঃ সন্নিপাতশ্চ মৈথুনে ॥১০৩॥
সময়ে চ প্রিয়ালাপঃ স্বযূথ্যেষু সমুন্নতিঃ।
অভিপ্রেতস্য লাভশ্চ পূজা চ জনসংসদি ॥১০৪॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণেতি। রমতে আনন্দতি। নাভিনন্দতি সাদরং ন শৃণোতি ॥১০০॥

নেতি। কৃত্যেষু শ্রাদ্ধাদিষু। অভ্যসূয়তি দোষমাবিষ্করোতি ॥১০১॥

অষ্টাবিতি। মহাস্থানানি প্রধানকারণানি। স্বসুখানি আত্মসুখজনকানি ॥১০২॥

সমিতি। সমাগমঃ সম্মেলনম্। পরিষ্বঙ্গ আলিঙ্গনম্। মৈথুনে সন্নিপাতো রেতঃ-স্খলনম্ ॥১০৩॥

সময় ইতি। স্বযূথ্যেষু স্বজনেষু, সমুন্নতিরভ্যুদয়ঃ ॥১০৪॥

মানুষ বিনষ্ট হইবার পূর্ব্বে তাহার এই অষ্টবিধ সূচক উপস্থিত হয়। যথা—মানুষ প্রথমে ব্রাহ্মণের প্রতি বিদ্বেষ করে, তাহার পর ব্রাহ্মণের সহিত বিরোধ করে ॥৯৯॥

ক্রমে ব্রাহ্মণের ধন হরণ ও ব্রাহ্মণকে হত্যা করিবার ইচ্ছা করে, ব্রাহ্মণদের নিন্দায় আনন্দিত হয়, আদরের সহিত তাঁহাদের প্রশংসা শ্রবণ করে না ॥১০০॥

শ্রাদ্ধপ্রভৃতিকার্য্যে ব্রাহ্মণদিগকে স্মরণ করে না এবং কোন ব্রাহ্মণ কিছু প্রার্থনা করিলে, তাহাতে দোষারোপ করে। বুদ্ধিমান্ লোক বুদ্ধিদ্বারা বুঝিয়া এই অষ্টবিধ দোষ পরিত্যাগ করিবেন ॥১০১॥

ভরতনন্দন! এই আটটা হর্ষের প্রধান কারণ রহিয়াছে দেখা যায় এবং সেগুলি নিজের সুখ উৎপাদনও করে ॥১০২॥

সুহৃদ্বর্গের সহিত মেলন, প্রচুর-ধনাগম, পুত্রের আলিঙ্গন এবং মৈথুনকালে রেতঃস্খলন ॥১০৩॥

---

(১০২)···নবনীতানি ভারত!···বা ব রা নি।

অষ্টৌ গুণাঃ পুরুষং দীপয়ন্তি প্রজ্ঞা চ সত্যঞ্চ দমঃ শ্রুতঞ্চ।
পরাক্রমশ্চাবহুভাষিতা চ দানং যথাশক্তি কৃতজ্ঞতা চ ॥১০৫॥
এতান্ গুণাংস্তাত! মহানুভাবানেকো গুণঃ সংশ্রয়তে প্রসহ্য।
রাজা যদা সৎ কুরুতে মনুষ্যং সর্ব্বান্ গুণানেষ গুণো বিভর্ত্তি ॥১০৬॥
নবদ্বারমিদং বেশ্ম ত্রিস্থূণং পঞ্চসাক্ষিকম্।
ক্ষেত্রজ্ঞাধিষ্ঠিতং বিদ্বান্ যো বেদ স পরঃ কবিঃ ॥১০৭॥

ভারতকৌমুদী

অষ্টাবিতি। দীপয়ন্তি উজ্জ্বলীকুর্বন্তি। দম ইন্দ্রিয়দমনম্ ॥১০৫॥

এতানিতি। হে তাত! তাতবন্মাননীয়! মহানুভাবান্ মহাপ্রভাবান্, একঃ পর-সৎকাররূপঃ, প্রসহ্য বলেন। যদা যৎ। সর্বান্ গুণান্ সর্ব্বগুণফলানি ॥১০৬॥

একেন নবপর্য্যায়ানাহ নবেতি। যো বিদ্বান্, নব নয়নদ্বয়-কর্ণদ্বয়-নাসিকাদ্বয়-মুখ-শিশ্ন-পায়ুরূপাণি দ্বারাণি যস্য তৎ, ত্রয়ো বাত-পিত্ত-কফাঃ স্থূণাঃ স্তম্ভাঃ স্তম্ভবৎ ধারকা যস্য তৎ, পঞ্চ শব্দ-স্পর্শ-রূপ-রস-গন্ধাঃ সাক্ষিণঃ সাক্ষিবদাদরণীয়া যত্র তৎ, ক্ষেত্রজ্ঞেন জীবেন অধিষ্ঠিতঞ্চ, ইদং শরীররূপং বেশ্ম গৃহম্, বেদ উক্তরূপতয়া জানাতি, স পরঃ প্রধানঃ, কবির্জ্ঞানী, যথার্থজ্ঞত্বাৎ ॥১০৭॥

ভারতভাবদীপঃ

চরমং ত্বৎপুত্রে মৈত্রেয়স্যাবমানতো ভবিষ্যতীতি জানামীতি ভাবঃ ॥১০০—১০৩॥ জনসংসদি সভায়াং দ্রৌপদ্যা আনয়নেন পূজ্যাঽপি তব নষ্টা ॥১০৪—১০৬॥ নবেতি। শ্রোত্রাদিপঞ্চকং মনোবুদ্ধ্যহঙ্কারাঃ স্থূলশরীরং চেতি নবদ্বারাণীব দ্বারাণি বিষয়গ্রহণমার্গা যস্মিংস্তৎ। ত্রিস্রঃ স্থূণাঃ স্তম্ভা ইব বিধারকা যস্য তে চ অবিদ্যা কামঃ কর্ম্ম চ। বেশ্ম গৃহং দেহদ্বয়াত্মকং পঞ্চ সাক্ষিবদুদাসীনাঃ শব্দাদয়ো গ্রাহ্যা যস্মিন্। পঞ্চভূমিকমিতি পাঠে পঞ্চভূময়ঃ প্রচারস্থানানীতি ত এব। পাঞ্চভৌতিকমিত্যর্ব্বাচীনঃ পাঠ উপেক্ষ্যঃ। ক্ষেত্রজ্ঞেন চিদাত্মনা অধিষ্ঠিতমিদং ক্ষেত্রং তত্ত্বেন যো বিদ্বান্ বেদ স পরঃ সর্বোৎকৃষ্টঃ কবির্ব্রহ্মবিদিত্যর্থঃ ॥১০৭॥ মত্তো মত্থা-

---

যথাসময়ে প্রিয়জনের সহিত আলাপ, স্বজনের উন্নতি, অভীষ্ট বস্তুলাভ এবং জনসমাজে সম্মানপ্রাপ্তি ॥১০৪॥

বুদ্ধি, সত্য, ইন্দ্রিয়দমন, শাস্ত্রজ্ঞান, পরাক্রম, মিতভাষিতা, যথাশক্তি দান এবং কৃতজ্ঞতা এই আটটা গুণ মানুষকে উজ্জ্বল করে ॥১০৫॥

মাননীয় রাজা! একটা গুণ, মহাপ্রভাবশালী এই আটটা গুণকে বলপূর্বক অবলম্বন করে (আটটা গুণের সমান হয়)। অর্থাৎ রাজা যে সকল মানুষেরই আদর করেন, এই একটা গুণ উক্ত সকল গুণেরই ফল উৎপাদন করে ॥১০৬॥

---

(১০৫)…প্রজ্ঞা চ কৌল্যঞ্চ…বা ব রা নি। (১০৬) অয়ং শ্লোকঃ বা ব রা নি নাস্তি। (১০৭)…পঞ্চসাক্ষকম্…পি।

দশ ধর্ম্মং ন জানন্তি ধৃতরাষ্ট্র ! নিবোধ তান্।
মত্তঃ প্রমত্ত উন্মত্তঃ শ্রান্তঃ ক্রুদ্ধো বুভুক্ষিতঃ ॥১০৮॥
ত্বরমাণশ্চ লুব্ধশ্চ ভীতঃ কামী চ তে দশ।
তস্মাদেতেষু সর্ব্বেষু ন প্রসজ্যেত পণ্ডিতঃ ॥১০৯॥ (যুগ্মকম্)
অত্রৈবোদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
পুত্রার্থমসুরেন্দ্রেণ গীতঞ্চৈব সুধন্বনা ॥১১০॥
যঃ কামমন্যূ প্রজহাতি রাজা পাত্রে প্রতিষ্ঠাপয়তে ধনঞ্চ।
বিশেষবিচ্ছ্রুতবান্ ক্ষিপ্রকারী তং সর্বলোকঃ কুরুতে প্রমাণম্ ॥১১১॥

ভারতকৌমুদী

দ্বাভ্যাং দশপর্য্যায়ানাহ দশেতি। মত্তঃ সুরাপানাদিনা, প্রমত্তঃ বিষয়ান্তরব্যগ্রতয়া অসাবধানঃ, উন্মত্তঃ উন্মাদরোগী। ন প্রসজ্যেত ন সংসৃজেৎ ॥১০৮—১০৯॥

অত্রেতি। ইতিহাসং বৃত্তান্তমিত্যর্থঃ, পুরাতনশব্দপ্রয়োগাৎ। গীতমুক্তম্ ॥১১০॥

য ইতি। মন্যুঃ ক্রোধঃ। পাত্রে সৎপাত্রে। বিশেষবিৎ গুণাগুণজ্ঞঃ, শ্রুতবান্ শাস্ত্রজ্ঞঃ, ক্ষিপ্রকারী সত্বরকার্য্যসাধকঃ। প্রমাণং বিশ্বাসপাত্রম্ ॥১১১॥

ভারতভাবদীপঃ

দিনা। প্রমত্তো বিষয়ান্তরাসক্ত্যাঽনবহিতঃ। উন্মত্তো ধাতুদোষাৎ এতেষাং মধ্যে ত্বং লুব্ধোঽসীতি ভাবঃ ॥১০৮—১১০॥ কামমন্যূ কামক্রোধৌ বিশেষবিৎ তারতম্যজ্ঞঃ ॥১১১॥

এই ঘরখানিতে (দেহে) নয়টী দ্বার, তিনটী স্তম্ভ ও পাঁচটী আদরণীয় বিষয় আছে এবং জীব ইহাতে বাস করেন; যে জ্ঞানী ইহা জানেন, তিনিই প্রধান জ্ঞানী ॥১০৭॥

রাজা ধৃতরাষ্ট্র! দশপ্রকার লোক ধর্ম্ম জানে না, তাহাদের নাম শ্রবণ করুন—মত্ত, অনবহিত, উন্মত্ত, পরিশ্রান্ত, ক্রুদ্ধ, ক্ষুধার্ত্ত, ব্যস্ত, লুব্ধ, ভীত ও কামী ইহারা সেই দশপ্রকার লোক। অতএব বুদ্ধিমান্ লোক এই দশবিধ লোকের সহিত সংসর্গ করিবেন না ॥১০৮—১০৯॥

মনস্বীরা এই বিষয়েই এই প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন; এই বৃত্তান্তটী অসুররাজ সুধন্বা তাঁহার পুত্রের নিকট বলিয়াছিলেন—॥১১০॥

যে রাজা কাম ও ক্রোধ পরিত্যাগ করেন, সৎপাত্রে ধনদান করেন, গুণাগুণ জানেন, শাস্ত্র অবগত থাকেন এবং সত্বর কার্য্যসাধন করিতে পারেন, সেই রাজাকেই সকল লোক বিশ্বাস করে ॥১১১॥

(১০৯)…তস্মাদেতেষু ভাবেষু…বা ব রা নি।

জানাতি বিশ্বাসয়িতুং মনুষ্যান্ বিজ্ঞাতদোষেষু দদাতি দণ্ডম্।
জানাতি মাত্রাঞ্চ তথা ক্ষমাঞ্চ তং তাদৃশং শ্রীর্জুষতে সমগ্রা ॥১১২॥
সুদুর্ব্বলং নাবজানাতি কঞ্চিদ্‌যুক্তো রিপুং সেবতে বুদ্ধিপূর্ব্বম্।
ন বিগ্রহং রোচয়তে বলস্থৈঃ কালে চ যো বিক্রমতে স ধীরঃ ॥১১৩॥
প্রাপ্যাপদং ন ব্যথতে কদাচিদুদ্‌যোগমন্বিচ্ছতি চাপ্রমত্তঃ।
দুঃখঞ্চ কালে সহতে যতাত্মা ধুরন্ধরাস্তস্য জিতাঃ সপত্নাঃ ॥১১৪॥
অনর্থকং বিপ্রবাসং গৃহেভ্যঃ পাপৈঃ সন্ধিং পরদারাভিমর্ষম্।
দম্ভং স্তৈন্যং পৈশুনং মদ্যপানং ন সেবতে যঃ স সুখী সদৈব ॥১১৫॥

ভারতকৌমুদী

জানাতীতি। মাত্রাং নিগ্রহানুগ্রহয়োঃ পরিমাণম্। জুষতে সেবতে ॥১১২॥

সুদুর্ব্বলমিতি। যুক্তঃ রিপোরেব রন্ধ্রানুসন্ধানে অবহিতঃ ॥১১৩॥

প্রাপ্যেতি। উদ্‌যোগং তদাপদঃ প্রতীকারায়োদ্যমম্, অন্বিচ্ছতি কর্ত্তুমভিলষতি। ধুরন্ধরাঃ প্রধানা অপি, সপত্নাঃ শত্রবো জিতাঃ স্যুঃ ॥১১৪॥

অনর্থকমিতি। বিপ্রবাসং বিদেশস্থিতিম্। সন্ধিং সংসর্গম্। দম্ভং ছলম্, স্তৈন্যং চৌর্য্যম্, পৈশুনং খলতাম্ ॥১১৫॥

ভারতভাবদীপঃ

মাত্রাম্ অপরাধানুসারেণ দণ্ডপ্রমাণং ব্রাহ্মণাদৌ অপরাধস্য ক্ষমাঞ্চ জানাতি ॥১১২॥ যুক্তঃ ছিদ্রপ্রেক্ষণেঽবহিতঃ ॥১১৩॥ ধুরন্ধরঃ কার্য্যভারসহঃ ॥১১৪—১১৫॥ সংরম্ভেণ ক্রোধেন

যে রাজা মানুষের বিশ্বাস জন্মাইতে পারেন, দোষ জানিয়া দণ্ড বিধান করেন, নিগ্রহ ও অনুগ্রহের পরিমাণ জানেন এবং যথাসময়ে ক্ষমাও করেন, সেইরূপ রাজাকেই সমগ্র রাজলক্ষ্মী আশ্রয় করেন ॥১১২॥

যে রাজা কোন অতিদুর্ব্বল লোকের উপরেও অবজ্ঞা করেন না, ছিদ্রানুসন্ধানে প্রবৃত্ত থাকিয়া জ্ঞানপূর্বক শত্রুর সেবা করেন, বলবান্ শত্রুর সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করেন না এবং যথাসময়ে বিক্রম প্রকাশ করেন, সেই রাজাই বুদ্ধিমান্ ॥১১৩॥

যে রাজা কোন সময়ে বিপদে পতিত হইয়াও ব্যথিত হন না, বরং সাবধানে সেই বিপদের প্রতীকার করিবার উদ্‌যোগ করেন এবং সংযতচিত্তে যথাকালে দুঃখ সহ্য করেন, সেই রাজার প্রবল শত্রুরাও বিজিত হইয়া থাকে ॥১১৪॥

যে রাজা গৃহ হইতে অনর্থক প্রবাস, দুর্জনের সহিত সংসর্গ, পরদারধর্ষণ, ছল, চৌর্য্য, খলতা ও মদ্যপান করেন না, সেই রাজা সর্বদাই সুখে থাকেন ॥১১৫॥

(১১৪)···মহাত্মা ধুরন্ধরঃ···বা ব রা নি।

ন সংরম্ভেণারভতে ত্রিবর্গম্ আকারিতঃ শংসতি তত্ত্বমেব।
ন মিত্রার্থে রোচয়তে বিবাদং নাপূজিতঃ কুপ্যতি চাপ্যমূঢ়ঃ ॥১১৬॥
ন যোঽভ্যসূয়ত্যনুকম্পতে চ ন দুর্বলঃ প্রাতিভাব্যং করোতি।
নাত্যাহ কঞ্চিৎ ক্ষমতে বিবাদং সর্বত্র তাদৃগ্লভতে প্রশংসাম্ ॥১১৭॥
যো নোদ্ধতং কুরুতে জাতু বেশং ন পৌরুষেণাপি বিকত্থতেঽন্যান্।
ন মূর্চ্ছিতঃ কটুকান্যাহ কিঞ্চিৎ প্রিয়ং সদা তং কুরুতে জনো হি ॥১১৮॥
ন বৈরমুদ্দীপয়তি প্রশান্তং ন দর্পমারোহতি নাস্তমেতি।
ন দুর্গতোঽস্মীতি করোত্যকার্য্যং তমার্য্যশীলং পরমাহুরার্য্যাঃ ॥১১৯॥

ভারতকৌমুদী

নেতি। অমূঢ়ো বুদ্ধিমান্ জনঃ, সংরম্ভেণ দম্ভেন, ত্রিবর্গং ধর্ম্মার্থকামান্, নারভতে ন করোতি। আকারিতঃ কেনাপি কিমপি জ্ঞাতুমাহূতঃ সন্, তত্ত্বং যথার্থমেব শংসতি ব্রবীতি। মিত্রার্থে বিবাদং ন রোচয়তে কর্ত্তুমিচ্ছতি। অপূজিতঃ কেনাপি অমানিতঃ সন্নপি চ তস্মৈ ন কুপ্যতি ॥১১৬॥

নেতি। প্রাতিভাব্যং লগ্নকত্বম্। কঞ্চিদপি নাত্যাহ অতিক্রম্য ন বদতি ॥১১৭॥

য ইতি। উদ্ধতম্ উদ্ধতভাবব্যঞ্জকম্। আত্মনঃ পৌরুষেণাপি অন্যান্ ন বিকত্থতে ন নিন্দতি। মূর্চ্ছিতঃ ক্রোধেনোত্তেজিতঃ। প্রিয়ং প্রীতিপাত্রম্ ॥১১৮॥

নেতি। প্রশান্তং নিবৃত্তমপি বৈরং নোদ্দীপয়তি। অস্তং তেজোহীনতাম্ ॥১১৯॥

বুদ্ধিমান্ লোক ছলপূর্বক ধর্ম্ম, অর্থ ও কামের কার্য্য করেন না; কেহ আহ্বান করিলে, তাহার নিকট সত্য কথাই বলেন; বন্ধুর জন্য কাহারও সহিত বিবাদ করিবার ইচ্ছা করেন না এবং কেহ উপযুক্ত সম্মান না করিলেও তাহার প্রতি ক্রুদ্ধ হন না ॥১১৬॥

যিনি কাহারও প্রতি অসূয়া করেন না, প্রত্যুত দয়াই করেন; নিজে দুর্বল বলিয়া কাহারও প্রতিভূ (জামিন) হন না; কাহাকেও অতিক্রম করিয়া কোন কথা বলেন না এবং সকলের সহিতই বিবাদে উপেক্ষা করেন; সেইরূপ লোকই সর্ব্বত্র প্রশংসা লাভ করেন ॥১১৭॥

যিনি কখনও উদ্ধতবেশ করেন না; আপনার পুরুষকার দেখাইয়া পরের নিন্দা করেন না এবং ক্রোধে উত্তেজিত হইয়া কাহাকেও কটু কথা বলেন না; সেইরূপ লোককেই সর্বদা সকলে ভাল বাসে ॥১১৮॥

যে শত্রুতা নিবৃত্তি পাইয়াছে, সেই শত্রুতাকে যিনি পুনরুদ্দীপিত করেন

(১১৬)…ন মিত্রার্থম্…পি। (১১৭)…নাত্যাহ কিঞ্চিৎ…বা ব রা নি। (১১৯)…শান্তিমেতি…নি।

ন স্বে সুখে বৈ কুরুতে প্রহর্ষং নান্যস্য দুঃখে ভবতি প্রহৃষ্টঃ।
দত্ত্বা ন পশ্চাৎ কুরুতেঽনুতাপং স কথ্যতে সৎপুরুষার্য্যশীলঃ ॥১২০॥
দেশাচারান্ সময়ান্ জাতিধর্ম্মান্ বুভূষতে যঃ স পরাবরজ্ঞঃ।
স যত্র তত্রাভিগতঃ সদৈব মহাজনস্যাধিপত্যং করোতি ॥১২১॥
দম্ভং মোহং মৎসরং পাপকৃত্যং রাজদ্বিষ্টং পৈশুনং পূগবৈরম্।
মত্তোন্মত্তৈর্দুর্জনৈশ্চাপি বাদং যঃ প্রজ্ঞাবান্ বর্জয়েৎ স প্রধানঃ ॥১২২॥
দানং হোমং দৈবতং মঙ্গলানি প্রায়শ্চিত্তং বিবিধাল্লোঁকবাদান্।
এতানি যঃ কুরুতে নৈত্যকানি তস্যোত্থানং দেবতা রাধয়ন্তি ॥১২৩॥

ভারতকৌমুদী

নেতি। স্বে স্বকীয়ে। সৎপুরুষশ্চাসৌ আর্য্যশীলঃ সংস্বভাবশ্চেতি সঃ ॥১২০॥

দেশেতি। সময়ান্ অবসরান্। বুভূষতে ভবিতুং সম্পূর্ণজ্ঞানেন প্রাপ্তুমিচ্ছতি, স পরাবরজ্ঞ উত্তমাধমবিজ্ঞবতি। মহাজনস্য বহুলোকস্য ॥১২১॥

দম্ভমিতি। দম্ভং ছলম্, মৎসরং দ্বেষম্, পৈশুনং খলতাম্, পূগস্য জনসমূহস্য বৈরম্। বাদং বিবাদম্। স প্রধানঃ প্রজ্ঞাবান্ বুদ্ধিমান্ ॥১২২॥

ভারতভাবদীপঃ

ত্রিবর্গং ধর্ম্মকামার্থান্ আকারিতঃ আহূতঃ পাঠান্তরে মাত্রার্থে অল্পার্থে ॥১১৬॥ প্রাতিভাব্যং প্রতিকূলো ভাবঃ চিত্তাভিপ্রায়ঃ তস্য ভাবঃ প্রাতিভাব্যং বিরোধম্ অত্যাহ অতিক্রম্য ব্রবীতি ॥১১৭—১২০॥ সময়ান্ ভাষাভেদান্ বুভূষতে ঐশ্বর্য্যং প্রাপ্তুমিচ্ছতি পরাবরজ্ঞঃ উত্তমাধমবিবেকবান্ ॥১২১॥ দম্ভং পরবঞ্চনেচ্ছয়া ধর্ম্মানুষ্ঠানং মোহম্ অনাত্মন্যাত্মবুদ্ধিং মৎসরং দ্বেষং

না; গর্বিত কিংবা একেবারে নিস্তেজ হন না এবং আমি দরিদ্র বলিয়া অসৎকার্য্য করেন না; সেই লোককেই সজ্জনেরা পরম সৎস্বভাব বলেন ॥১১৯॥

যিনি আপন সুখে অত্যন্ত আনন্দ প্রকাশ করেন না; অন্যের দুঃখেও আনন্দিত হন না এবং দান করিয়া পরে আবার অনুতাপ করেন না, সেই লোককেই সকলে সৎপুরুষ ও সৎস্বভাব বলে ॥১২০॥

যিনি দেশাচার, অবসর, জাতি ও ধর্ম্ম জানেন, তিনিই উত্তম ও অধম বুঝিতে পারেন এবং তিনি যেখানে সেখানে গমন করুন না কেন, সর্বত্রই বহু লোকের উপরে আধিপত্য করিতে পারেন ॥১২১॥

যিনি ছল, মোহ, বিদ্বেষ, পাপকার্য্য, রাজবিদ্বিষ্ট কার্য্য, খলতা, বহুলোকের সহিত শত্রুতা এবং মত্ত, উন্মত্ত ও দুর্জনের সহিত বাদানুবাদ পরিত্যাগ করেন, তিনিই প্রধান বুদ্ধিমান্ ॥১২২॥

(১২০)…ন কথ্যতে…পি। (১২৩) দমং শৌচং দৈবিকম্… নি, দানং মোহং দৈবতম্ …বা ব রা।

সমৈর্বিবাহং কুরুতে ন হীনৈঃ সমৈঃ সখ্যং ব্যবহারং কথাঞ্চ।
গুণৈর্বিশিষ্টাংশ্চ পুরো দধাতি বিপশ্চিতস্তস্য নয়াঃ সুনীতাঃ ॥১২৪॥
মিতং ভুঙ্‌ক্তে সংবিভজ্যাশ্রিতেভ্যো মিতং স্বপিত্যমিতং কর্ম্ম কৃত্বা।
দদাত্যমিত্রেষপি যাচিতঃ সংস্তমাত্মবন্তং প্রজহত্যনর্থাঃ ॥১২৫॥
চিকীর্ষিতং বিপ্রকৃতঞ্চ যস্য নান্যে জনাঃ কর্ম্ম জানন্তি কিঞ্চিৎ।
মন্ত্রে গুপ্তে সম্যগনুষ্ঠিতে চ নাল্পোঽপ্যস্য চ্যবতে কশ্চিদর্থঃ ॥১২৬॥
যঃ সর্বভূতপ্রশমে নিবিষ্টঃ সত্যো মৃদুর্মানকৃচ্ছুদ্ধভাবঃ।
অতীব স জ্ঞায়তে জ্ঞাতিমধ্যে মহামণির্জাত্য ইব প্রসন্নঃ ॥১২৭॥

ভারতকৌমুদী

দানমিতি। দৈবতং দেবতাপূজাদি, মঙ্গলানি প্রাতর্দেবতানামোচ্চারণাদীনি, লোকবাদান্ সজ্জনোপাখ্যানানি। উত্থানমুন্নতিম্, রাধয়ন্তি সাধয়ন্তি ॥১২৩॥

সমৈরিতি। বিবাহং বিবাহসম্বন্ধম্। পুরো দধাতি অগ্রবর্ত্তীকরোতি। তস্য বিপশ্চিতঃ সুধিয়ঃ, নয়া নীতয়ঃ, সুনীতাঃ সুশিক্ষিতা মন্যন্তে লোকৈঃ ॥১২৪॥

মিতমিতি। আশ্রিতেভ্যঃ পোষ্যেভ্যঃ, সংবিভজ্য সম্যগ্‌বিভাগেন দত্ত্বা। অমিতং বহুতরম্। আত্মবন্তং বুদ্ধিমন্তং প্রশস্তচিত্তং বা, অনর্থা বিপদঃ ॥১২৫॥

চিকীর্ষিতমিতি। বিপ্রকৃতং পরিত্যক্তম্। চ্যবতে ভ্রশ্যতি নশ্যতীত্যর্থঃ ॥১২৬॥

য ইতি। যো জনঃ, সর্ব্বেষামেব ভূতানাং প্রশমে শান্তিবিধানে, নিবিষ্টঃ, সত্যঃ বাক্যে

দান, হোম, দেবতাপূজা, মাঙ্গলিককার্য্য, প্রায়শ্চিত্ত এবং বিবিধ সজ্জনোপাখ্যানকথন এই সকল নিত্যকার্য্য যিনি করেন, দেবতারা তাঁহার উন্নতি সাধন করেন ॥১২৩॥

যিনি সমানবংশের সহিত বিবাহসম্বন্ধ করেন, কিন্তু হীনবংশের সহিত করেন না; সমান লোকের সহিতই সখ্য, ব্যবহার ও আলাপ করিয়া থাকেন এবং প্রধান গুণবান্‌দিগের সম্মান করেন, সেই বুদ্ধিমান্ লোকই সকল কৌশল শিখিয়াছেন বলিয়া সকলে মনে করে ॥১২৪॥

যিনি আশ্রিত লোকদিগকে ভাগ করিয়া দিয়া নিজে পরিমিত আহার করেন, প্রচুর কার্য্য করিয়া অল্প নিদ্রা যান এবং শত্রু আসিয়া প্রার্থনা করিলে তাহাকেও দান করেন, সেই বুদ্ধিমান্‌কেই সকল অনর্থ ত্যাগ করে ॥১২৫॥

মন্ত্রণা গুপ্ত রাখিয়া মন্ত্রিত বিষয়ের সম্যক্ অনুষ্ঠান করিতে থাকায় যাঁহার অভীষ্ট ও পরিত্যক্ত কোন কার্য্যই অন্য লোকেরা জানিতে পারে না, তাঁহার অল্প কোন বিষয়ও নষ্ট হয় না ॥১২৬॥

(১২৪) সমৈর্বিবাদম্‌…পি।

য আত্মনাপত্রপতে ভৃশং নরঃ স সর্বলোকস্য গুরুর্ভবত্যুত।
অনন্ততেজাঃ সুমনাঃ সমাহিতঃ স তেজসা সূর্য্য ইবাবভাসতে ॥১২৮॥
বনে জাতাঃ শাপদগ্ধস্য রাজ্ঞঃ পাণ্ডোঃ পুত্রাঃ পঞ্চ পঞ্চেন্দ্রকল্পাঃ।
ত্বয়ৈব বালা বৰ্দ্ধিতাঃ শিক্ষিতাশ্চ তবাদেশং পালয়ন্ত্যাম্বিকেয়! ॥১২৯॥
প্রদায়ৈষামুচিতং তাতরাজ্যং সুখী পুত্রৈঃ সহিতো মোদমানঃ।
ন দেবানাং নাপি চ মানুষাণাং ভবিষ্যসি ত্বং গর্হণীয়ো নরেন্দ্র! ॥১৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপৰ্ব্বণি প্রজাগরে বিদুরনীতিবাক্যে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

ব্যবহারে চ সত্যাশ্রয়ঃ, মৃদুঃ কোমলঃ, মান্যানাং মানকৃৎ, শুদ্ধভাবো নিৰ্ম্মলস্বভাবশ্চ, স জনঃ, জাত্যঃ সুজাতীয়ঃ, প্রসন্নো নির্ম্মলশ্চ, মহামণিরিব, জ্ঞাতিমধ্যে অতীব প্রধানো জায়তে ॥১২৭॥

য ইতি। অপত্রপতে দুষ্কার্য্যকরণে লজ্জতে। গুরুঃ শ্রেষ্ঠঃ। সুমনাঃ প্রশস্তচেতাঃ, সমাহিতঃ সৎকার্য্যে সাবধানশ্চ ভবতি ॥১২৮॥

ইদানীং প্রকৃতমভিধত্তে বন ইতি। শাপদগ্ধস্য মৃগমুনিশাপেন স্ত্রীসংসর্গমাত্র এব সম্ভাবিতমৃত্যোঃ। হে আম্বিকেয়! অম্বিকাপুত্র! ॥১২৯॥

ভারতভাবদীপঃ

পাপকৃত্যং পাপক্রিয়াম্ অভিচারাদিরূপাম্, পূগবৈরং বহুভিঃ সহ বৈরম্ ॥১২২—১২৬॥ জাত্য অভিজাতঃ উত্তমে আকরে জাতঃ ॥১২৭॥ আত্মনা অপত্রপতে পরৈরজ্ঞাতেঽপি স্বব্যলীকে স্বয়মেব লজ্জতে ॥১২৮—১২৯॥ তর্কণীয়ঃ শঙ্ক্যঃ ॥১৩০॥

ইতি উদ্যোগপৰ্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৩॥

যিনি সকল প্রাণীরই শান্তিবিধানে আগ্রহান্বিত, সত্যপরায়ণ, কোমলপ্রকৃতি, মাননীয়ব্যক্তিদের সম্মানকারী এবং নির্ম্মলস্বভাব হন, তাঁহাকে—সুজাতীয় ও নির্ম্মল মহামণির ন্যায় জ্ঞাতিগণের মধ্যে প্রধান বলিয়া সকলে জানে ॥১২৭॥

যে লোক কোন দুষ্কার্য্য করিবার সময়ে আপনা আপনিই অত্যন্ত লজ্জিত হন, তিনি সকল লোকের মধ্যে প্রধান হন এবং তিনি অত্যন্ত তেজীয়ান্, প্রশস্তচিত্ত ও সৎকার্য্যপরায়ণ হইয়া তেজোদ্বারা সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে থাকেন ॥১২৮॥

অম্বিকানন্দন! মুনিশাপদগ্ধ পাণ্ডুরাজার পঞ্চেন্দ্রতুল্য পঞ্চ পুত্র বনে জন্মিয়াছিল; পরে আপনিই সেই বালকদিগকে বৰ্দ্ধিত ও শিক্ষিত করিয়াছেন; তাহারাও আপনার আদেশ পালন করিয়া থাকে ॥১২৯॥

(১৩০)···তর্কণীয়ো নরেন্দ্র!—পি বা ব রা।

চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

জাগ্রতো দহ্যমানস্য যৎ কার্য্যমনুপশ্যসি।
তদ্‌ব্রূহি ত্বং হি নস্তাত! ধর্ম্মার্থকুশলঃ শুচিঃ ॥১॥
ত্বং মাং যথাবদ্বিদুর! প্রশাধি প্রজ্ঞাপূর্ব্বং সর্বমজাতশত্রোঃ।
যন্মন্যসে পথ্যমদীনসত্ত্ব! শ্রেয়স্করং ব্রূহি তদ্বৈ কুরূণাম্ ॥২॥
পাপাশঙ্কী পাপমেবানুপশ্যন্ পৃচ্ছামি ত্বাং ব্যাকুলেনাত্মনাহম্।
তদেতন্মে ব্রূহি তত্ত্বং যথাবন্মনীষিতং সর্ব্বমজাতশত্রোঃ ॥৩॥

ভারতকৌমুদী

প্রদায়েতি। তাতরাজ্যং পিতৃরাজ্যম্। গর্হণীয়ো নিন্দনীয়ঃ ॥১৩০॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি প্রজাগরে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

——(:০:)——

জাগ্রত ইতি। হে তাত! বৎস! বিদুর! ত্বম্, জাগ্রত এব উদ্বেগানলেন দহ্যমা নস্য মম, যৎ কার্য্যং কর্ত্তব্যম্, অনুপশ্যসি মন্যসে, তৎ ব্রূহি। হি যস্মাৎ, নঃ অস্মাকং মধ্যে ত্বমেব ধর্ম্মার্থয়োঃ কুশলঃ, শুচির্নির্ম্মলচিত্তশ্চাসি ॥১॥

ত্বমিতি। প্রশাধি উপদিশ। অজাতশত্রোর্যুধিষ্ঠিরস্য, যৎ পথ্যং হিতম্, যচ্চ কুরূণাং দুর্য্যোধনাদীনাং শ্রেয়স্করং মন্যসে, তদ্‌ব্রূহি। অদীনসত্ত্ব! অনল্পবুদ্ধে! ॥২॥

সুতরাং রাজা! আপনি তাহাদের ন্যায্য পিতৃরাজ্য তাহাদিগকে দান করিয়া পুত্রদের সহিত সুখী ও আনন্দিত হউন। আর তাহা হইলে আপনি দেবতাগণের বা মানুষগণের নিকটে নিন্দনীয় হইবেন না' ॥১৩০॥

——:০:——

ধৃতরাষ্ট্র বলিলেন—'বৎস বিদুর! আমি জাগরিত থাকিয়া উদ্বেগানলে দগ্ধ হইতেছি; এ অবস্থায় তুমি আমার যাহা কর্ত্তব্য মনে কর, তাহা বল। কারণ, তুমিই আমাদের মধ্যে ধর্ম্ম ও অর্থবিষয়ে নিপুণ এবং নির্ম্মলচিত্ত ॥১॥

অনল্পবুদ্ধি বিদুর! তুমি বিশেষ বিবেচনা করিয়া আমাকে যথাযথভাবে সমস্ত বিষয়ের উপদেশ দাও; আর যুধিষ্ঠিরের যাহা হিত এবং অন্যান্য কৌরবদের যাহা মঙ্গলকর, তাহা তুমি বল ॥২॥

(১)···কুশলো হ্যসি—পি। (৩)···কবে। তন্মে···বা ব রা নি।

বিদুর উবাচ।

শুভং বা যদিবা পাপং দ্বেষ্যং বা যদিবা প্রিয়ম্।
নাপৃষ্টঃ কস্যচিদ্‌ব্রূয়াদ্‌যঃ স নেচ্ছেৎ পরাভবম্ ॥৪॥
তস্মাদ্বক্ষ্যামি তে রাজন্! হিতং যৎ স্যাৎ কুরূন্ প্রতি।
বচঃ শ্রেয়স্করং ধর্ম্ম্যং ব্রুবতস্তন্নিবোধ মে ॥৫॥
মিথ্যোপেতানি কর্ম্মাণি সিধ্যেয়ুর্যানি ভারত!।
অনুপায়প্রযুক্তানি মাস্ম তেষু মনঃ কৃথাঃ ॥৬॥
তথৈব যোগবিহিতং যত্তু কর্ম্ম ন সিধ্যতি।
উপায়যুক্তং মেধাবী ন তত্র গ্লপয়েন্মনঃ ॥৭॥

ভারতকৌমুদী

পাপেতি। পাপমেবাত্মনঃ পূর্বাপরাধমেব অনুপশ্যন্ আলোচয়ন্, পাপাশঙ্কী অনর্থাশঙ্কী অহম্। ব্রূহি স্ববুদ্ধ্যা অনুমায়েতি ভাবঃ। মনীষিতমিষ্টম্ ॥৩॥

শুভমিতি। পাপমশুভম্, দ্বেষ্যমপ্রিয়ম্। পরাভবমপমানম্ ॥৪॥

তস্মাদিতি। কুরূন্ প্রতি পাণ্ডবধার্ত্তরাষ্ট্রাদিসর্বকৌরবাণাম্ ॥৫॥

মিথ্যেতি। হে ভারত! অনুপায়ৈঃ অসদুপায়ৈঃ প্রযুক্তানি আরব্ধানি, অতএব মিথ্যোপেতানি বাক্যে ব্যবহারে চ মিথ্যাযুক্তানি, যানি কর্ম্মাণি, আপাততঃ সিধ্যেয়ুঃ, তেষু মনো মাস্ম কৃথাঃ, অচিরাদেব তল্লোপসম্ভবাদিতি ভাবঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

জাগ্রত ইতি। দহ্যমানস্য চিন্তাগ্নিনেতি শেষঃ। ধর্ম্মার্থয়োঃ কুশলঃ মোক্ষেঽস্য বক্তুমনধিকারাদ্‌দ্বয়োরেব গ্রহঃ ॥১॥ অজাতশত্রোঃ পথ্যং কুরূণাঞ্চ শ্রেয়স্করম্ ॥২॥ পাপাশঙ্কী ভাবিদুঃখাদুদ্বিজন্ পাপং স্বকৃতং পূর্ব্বাপরাধং পশ্যন্। কবে হে সর্বজ্ঞ ॥৩—৫॥ মিথ্যো-

আমি আমার পূর্ব্বকৃত অপরাধের পর্য্যালোচনা করিয়া এবং ভাবী অনিষ্টের আশঙ্কা করিয়া ব্যাকুলচিত্তে তোমার নিকট জিজ্ঞাসা করিতেছি। তুমি যুধিষ্ঠিরের সমস্ত অভিপ্রেত বিষয় যথাযথভাবে অনুমান করিয়া যথার্থভাবেই সে সকল বিষয় আমার নিকট বল' ॥৩॥

বিদুর বলিলেন—'কেহ জিজ্ঞাসা করিলে পরই যে লোক শুভ বা অশুভ এবং প্রিয় বা অপ্রিয় বিষয় বলে, সেই লোক অপমানিত হয় না ॥৪॥

রাজা! সেই জন্যই কৌরবগণের যাহা হিত, তাহা আমি আপনার নিকট বলিব। সুতরাং আমি, মঙ্গলজনক ও ধর্ম্মসঙ্গত বাক্যই বলিতেছি, আপনি তাহা শ্রবণ করুন ॥৫॥

ভরতনন্দন! অসদুপায়প্রযুক্ত ও মিথ্যাসংবলিত যে সকল কার্য্য সিদ্ধিলাভও করে, সেগুলির প্রতি আপনি মনোনিবেশ করিবেন না ॥৬॥

অনুবন্ধানপেক্ষেত সানুবন্ধেষু কর্ম্মসু।
সম্প্রধার্য্য চ কুর্বীত ন বেগেন সমাচরেৎ ॥৮॥
অনুবন্ধঞ্চ সংপ্রেক্ষ্য বিপাকঞ্চৈব কর্ম্মণাম্।
উত্থানমাত্মনশ্চৈব ধীরঃ কুর্বীত বা নবা ॥৯॥
যঃ প্রমাণং ন জানাতি স্থানে বৃদ্ধৌ তথা ক্ষয়ে।
কোষে জনপদে দণ্ডে ন স রাজ্যেঽবতিষ্ঠতে ॥১০॥

ভারতকৌমুদী

তথেতি। যোগেন ধ্যানেন বিশেষবিবেচনেনেত্যর্থঃ বিহিতম্। মেধাবী বুদ্ধিমান্ ॥৭॥

অন্বিতি। অনুবধ্যন্তে কার্য্যকারণাদিভাবেনাপেক্ষ্যন্ত ইত্যনুবন্ধা অধিকারি-বিষয়-সম্বন্ধ-প্রয়োজনানি তৈঃ সহেতি তেষু কর্ম্মসু, অনুবন্ধান্ অধিকার্য্যাদীন্, অপেক্ষেত প্রাক্ পর্য্যালোচয়েৎ। যথা—অহং ঘটকরণে অধিকারী ন বা, ঘটো মে বিষয়ঃ কর্ত্তব্যো ন বা, ঘটকরণে মে জন্যজনকত্বসম্বন্ধো বর্ত্ততে ন বা, ঘটেন মে প্রয়োজনমস্তি ন বেতি। পরঞ্চ সম্প্রধার্য্য আদ্যং পক্ষং নিশ্চিত্য চ কুর্বীত; কিন্তু বেগেন সহসা তৎসর্বমপর্য্যালোচ্যেত্যর্থঃ, কার্য্যং ন সমাচরেৎ ন কুর্য্যাৎ ॥৮॥

অন্বিতি। ধীরঃ, কর্ম্মণাং প্রাগুক্তমনুবন্ধঞ্চ, বিপাকং পরিণামঞ্চ, আত্মন উত্থানমুদ্যমঞ্চ, সংপ্রেক্ষ্য অস্তিত্বেন বিজ্ঞায়, কুর্বীত, অনস্তিত্বে তু ন কুর্বীত ॥৯॥

য ইতি। প্রমাণং নির্দ্দিষ্টকারণম্। স্থানে দুর্গাদৌ। তেষামবস্থায়া ইত্যর্থঃ ॥১০॥

ভারতভাবদীপঃ

পেতানি কপটদ্যূতাদীনি অনুপায়ৈঃ অসদুপায়ৈঃ প্রযুক্তানি দুঃখফলানীত্যর্থঃ ॥৬—৭॥ অনুবন্ধান্ প্রয়োজনানি, সম্প্রধার্য্য নিশ্চিত্য ॥৮॥ বিপাকঃ ফলসিদ্ধাবপি পরিপাকঃ, উত্থানম্ উদ্যমং বা ভবেতি সিদ্ধিপক্ষে কুর্ব্বীত নান্যথেত্যর্থঃ ॥৯॥ প্রমাণং নিশ্চয়দ্বারং স্থানাদীনি

সেইরূপই বিশেষবিবেচনাপূর্ব্বক বিহিত এবং সদুপায়প্রযুক্ত যে কার্য্য সিদ্ধিলাভ না করে, তাহাতেও বুদ্ধিমান্ লোক মনকে দুঃখিত করিবেন না ॥৭॥

(অধিকারী, বিষয়, সম্বন্ধ ও প্রয়োজনের নাম—অনুবন্ধ) অনুবন্ধযুক্ত কার্য্যমাত্রেই প্রথমে অনুবন্ধের পর্য্যালোচনা করিবে; তা'র পর অধিকার-প্রভৃতি আছে এইরূপ নিশ্চয় করিয়া কার্য্য করিবে; কিন্তু হঠাৎ করিবে না ॥৮॥

বুদ্ধিমান্ লোক কার্য্যের অনুবন্ধ, পরিণামফল এবং নিজের উদ্যম আছে জানিয়া কার্য্য করিবেন, কিংবা করিবেন না ॥৯॥

দুর্গপ্রভৃতি স্থান, উন্নতি, অবনতি, কোষ, দেশ ও সৈন্যের সেই সেই অবস্থার প্রকৃত কারণ যে রাজা না জানেন, সে রাজা রাজ্যে থাকিতে পারেন না ॥১০॥

(৮)···সহসা ন সমাচরেৎ—নি। (৯)···বিপাকাংশ্চৈব···পি।

যস্ত্বেতানি প্রমাণানি যথোক্তান্যনুপশ্যতি।
যুক্তো ধর্ম্মার্থয়োর্জ্ঞানে স রাজ্যমধিতিষ্ঠতি ॥১১॥
ন রাজ্যং প্রাপ্তমিত্যেব বর্ত্তিতব্যমসাম্প্রতম্।
শ্রিয়ং হ্যবিনয়ো হন্তি জরা রূপমিবোত্তমম্ ॥১২॥
ভক্ষ্যোত্তমপ্রতিচ্ছন্নং মৎস্যো বড়িশমায়সম্।
লোভাতিপাতী গ্রসতে নানুবন্ধমপেক্ষতে ॥১৩॥
যচ্ছক্যং গ্রসিতুং গ্রস্যং গ্রস্তং পরিণমেচ্চ যৎ।
হিতঞ্চ পরিণামে যত্তদাদ্যং ভূতিমিচ্ছতা ॥১৪॥

ভারতকৌমুদী

য ইতি। এতানি স্থানাদ্যবস্থাবিষয়কাণি। যুক্তঃ অবহিতঃ ॥১১॥

নেতি। ইত্যেব হেতোঃ। অসাম্প্রতম্ অযুক্তং যথা স্যাত্তথা। হি যস্মাৎ, অবিনয়ঃ অবিচারঃ। ত্বয়াপি পাণ্ডবেষু অবিচারো ন কর্ত্তব্য ইতি ভাবঃ ॥১২॥

ভক্ষ্যেতি। লোভম্ অতিপততি অতিশয়েন প্রাপ্নোতীতি স তাদৃশো মৎস্যঃ, ভক্ষ্যোত্তমেন আমিষাদিনা প্রতিচ্ছন্নমাবৃতম্, আয়সং লৌহময়ং বড়িশং গ্রসতে; কিন্তু অনুবন্ধং তত্রাধিকারিত্বং নাপেক্ষতে। অতএব বিপদ্যতে। তেন ত্বয়াপি পাণ্ডবরাজ্যগ্রাসাদ্বিপত্তব্যমিত্যাশয়ঃ। "বড়িশং মৎস্যবেধনম্" ইত্যমরঃ ॥১৩॥

যদিতি। গ্রস্যং যদ্বস্তু গ্রসিতুং শক্যম্, যচ্চ বস্তু গ্রস্তং সৎ পরিণমেৎ পরিপচেৎ, যচ্চ বস্তু পরিণামে পরিপাকে সত্যপি হিতং স্যাৎ, তদ্বস্তু, ভূতিং সম্পদমিচ্ছতা জনেন, আদ্যং খাদ্যম্। পাণ্ডবরাজ্যন্তু ত্বয়া গ্রসিতুমেবাশক্যম্, গ্রস্তমপি ন পরিণমেৎ, পরিণামেঽপি চ অহিতমেবেতি ন গ্রাস্যমিত্যভিপ্রায়ঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

সর্ব্বদা বিচার্য্যাণীত্যর্থঃ। স্থানে দুর্গাদৌ দণ্ডে সেনায়াম্ ॥১০॥ এতানি স্থানাদিজ্ঞাপকানি প্রমাণানি লেখ্যাদীনি ॥১১॥ অসাম্প্রতং অযুক্তং যথা স্যাৎ তথা ন বর্ত্তিতব্যম্ ॥১২॥ ভক্ষ্যেতি। মুখে মিষ্টমন্তে মৃত্যুদং কর্ম্ম ন কর্ত্তব্যমিত্যর্থঃ। অনুবন্ধং পশ্চাদ্বন্ধনম্ ॥১৩॥

আর যে রাজা এই গুলির প্রকৃত কারণ জানেন এবং ধর্ম্ম ও অর্থের জ্ঞানে অবহিত থাকেন, সেই রাজাই রাজ্যে থাকিতে পারেন ॥১১॥

রাজা রাজ্য পাইয়াছেন বলিয়াই অসঙ্গতভাবে চলিবেন না। কারণ, জরা যেমন উত্তম রূপ নষ্ট করে, তেমন অবিচারও রাজলক্ষ্মীকে নষ্ট করে ॥১২॥

অত্যন্তলোভী মৎস্য, তাহার উত্তম খাদ্যে আবৃত লৌহময় বড়িশ গ্রাস করিয়া থাকে; কিন্তু সে তাহার অধিকারী কি না, তাহা বিবেচনা করিয়া দেখে না ॥১৩॥

(১৩)…অন্নাভিলাষী গ্রসতে…নি।

বনস্পতেরপকানি ফলানি প্রচিনোতি যঃ।
স নাপ্নোতি রসং তেভ্যো বীজঞ্চাস্য বিনশ্যতি ॥১৫॥
যস্তু পক্বমুপাদত্তে কালে পরিণতং ফলম্।
ফলাদ্রসং স লভতে বীজাচ্চৈব ফলং পুনঃ ॥১৬॥
যথা মধু সমাদত্তে রক্ষন্ পুষ্পাণি ষট্‌পদঃ।
তদ্বদর্থান্ মনুষ্যেভ্য আদদ্যাদবিহিংসয়া ॥১৭॥
পুষ্পং পুষ্পং বিচিন্বীত মূলচ্ছেদং ন কারয়েৎ।
মালাকার ইবারামে ন যথাঙ্গারকারকঃ ॥১৮॥

ভারতকৌমুদী

বনেতি। অপ্রতিষ্ঠিতপাণ্ডবরাজ্যগ্রহণে তু তব মূলরাজ্যস্যাপি লোপাশঙ্কেতি ভাবঃ ॥১৫॥

য ইতি। দুরভিসন্ধৌ সত্যপি পাণ্ডবরাজ্যপ্রতিষ্ঠাপর্য্যন্তং তবাপেক্ষিতব্যমিত্যাশয়ঃ ॥১৬॥

যথেতি। ষট্‌পদো ভ্রমরঃ। পাণ্ডবান্ রক্ষতৈব ত্বয়া তেভ্য আধিপত্যমাদেয়ং স্নেহাদিনেত্যভিপ্রায়ঃ ॥১৭॥

পুষ্পমিতি। আরামে উদ্যানে, মালাকারঃ, বৃক্ষেভ্যঃ পুষ্পং পুষ্পমিব, রাজা প্রজাভ্যঃ কিঞ্চিৎ কিঞ্চিদ্ধনম্, বিচিন্বীত গৃহ্লীয়াৎ; কিন্তু অঙ্গারকারকো যথা মূল এব বৃক্ষং ছিত্বা দগ্ধা চ অঙ্গারং করোতি, তথা রাজা প্রজানাং মূলচ্ছেদং কর্ম্মচারিভির্ন কারয়েৎ মূলচ্ছেদং কৃত্বা তৎসর্ব্বস্বং ন গ্রাহয়েদিত্যর্থঃ ॥১৮॥

যে বস্তু গ্রাস করিতে পারা যাইবে, গ্রাস করিলেও যে বস্তু পরিপাক পাইবে এবং পরিপাক পাইলেও যে বস্তু হিতকর হইবে, সেই বস্তুই উন্নতিকামীর গ্রাস করা উচিত ॥১৪॥

যে লোক বৃক্ষের অপক্ব ফল চয়ন করে, সে লোক সে ফল হইতে রস পায় না এবং তাহার বীজও নষ্ট হইয়া যায় ॥১৫॥

আর যে লোক পরিপুষ্ট ও পক্ব ফল যথাসময়ে গ্রহণ করে, সে লোক সে ফল হইতে রসও লাভ করে এবং বীজ হইতেও আবার ফল লাভ করিয়া থাকে ॥১৬॥

ভ্রমর যেমন পুষ্পসমূহকে রক্ষা করিতে থাকিয়া যথাকালে সেগুলি হইতে মধু গ্রহণ করে, সেইরূপ রাজাও প্রজাবর্গকে রক্ষা করিতে থাকিয়া যথা কালে অহিংসাপূর্ব্বক তাহাদের নিকট হইতে অর্থ গ্রহণ করিবেন ॥১৭॥

মালাকার যেমন উপবনের বৃক্ষসমূহ হইতে এক একটী করিয়া পুষ্প চয়ন করে, রাজাও তেমন প্রজাদের নিকট হইতে কিছু কিছু করিয়া ধন গ্রহণ করিবেন; কিন্তু অঙ্গারকারক যেমন বৃক্ষের মূলচ্ছেদনপূর্ব্বক তাহাকে দগ্ধ

কিং নু মে স্যাদিদং কৃত্বা কিং নু মে স্যাদকুর্বতঃ।
ইতি কর্ম্মাণি সঞ্চিন্ত্য কুর্য্যাদ্বা পুরুষো ন বা ॥১৯॥
অনারভ্যা ভবন্ত্যর্থাঃ কেচিন্নিত্যং তথা গতাঃ।
কৃতঃ পুরুষকারো হি ভবেদ্‌যেষু নিরর্থকঃ ॥২০॥
অনর্থে চৈব নিরতমর্থে চৈব পরাঙ্মুখম্।
ন তং ভর্ত্তারমিচ্ছন্তি ষণ্ডং পতিমিব স্ত্রিয়ঃ ॥২১॥
প্রসাদো নিষ্ফলো যস্য ক্রোধশ্চাপি নিরর্থকঃ।
ন তং ভর্ত্তারমিচ্ছন্তি ষণ্ডং পতিমিব স্ত্রিয়ঃ ॥২২॥
কাংশ্চিদর্থান্ নরঃ প্রাজ্ঞো লঘুমূলান্ মহাফলান্।
ক্ষিপ্রমারভতে কর্ত্তুং ন বিঘ্নয়তি তাদৃশান্ ॥২৩॥

ভারতকৌমুদী

কিমিতি। কিং ফলম্। ইতি সঞ্চিন্ত্য বিবিচ্য ॥১৯॥

অনারভ্যা ইতি। তথা তাদৃক্তয়া গতা জ্ঞাতাঃ, অর্থা বিষয়াঃ ॥২০॥

অনর্থ ইতি। অনর্থে অত্যাচারে অনভীষ্টে চ, অর্থে শুভে ইষ্টে স্বরতে চ ॥২১॥

প্রসাদ ইতি। নিষ্ফলো নিরর্থকশ্চ শক্ত্যভাবাদিতি ভাবঃ। ষণ্ডং ক্লীবম্ ॥২২॥

কাংশ্চিদিতি। লঘু লঘুশ্রমসাধ্যং মূলং যেষাং তান্। বিঘ্ন এষামস্তীতি বিঘ্নাঃ অর্শ আদিত্বাৎ অৎ, পরঞ্চ করোত্যর্থে ইন্, বিলম্বাদিনা ন বিঘ্নাস্পদীকরোতীত্যর্থঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

আস্থং ভক্ষণীয়ম্ ॥১৪—১৭॥ অঙ্গারকারকো হি মূলত উৎকৃত্য কাষ্ঠং দহতি অঙ্গার ইঙ্গালঃ ॥১৮—১৯॥ অনারভ্যাঃ প্রবলৈঃ সহ বৈরাদয়ঃ অগতাঃ কদাচিদপ্যপ্রাপ্তাঃ ॥২০—২২॥

করিয়া অঙ্গার নির্ম্মাণ করে, রাজা তেমন প্রজাকে উচ্ছেদ করিয়া তাহার সর্বস্ব গ্রহণ করিবেন না ॥১৮॥

একার্য্য করিলে আমার কি ফল হইবে, না করিলেই বা কি দোষ হইবে, এইরূপ বিবেচনা করিয়াই মানুষ কার্য্য করিবে, কিংবা করিবে না ॥১৯॥

যে কার্য্যে পুরুষকার করিলে তাহা অনর্থক হইবার সম্ভব, সেইরূপে অবগত কতকগুলি কার্য্যে কোন সময়েই প্রবৃত্ত হওয়া উচিত নহে ॥২০॥

রমণীরা যেমন নপুংসক পতি লাভ করিবার ইচ্ছা করে না, প্রজারাও তেমন অনিষ্টবিষয়ে নিরত এবং ইষ্টবিষয়ে পরাঙ্মুখ নৃপতি লাভ করিবার ইচ্ছা করে না ॥২১॥

রমণীরা যেমন নপুংসক পতি চায় না, প্রজারাও তেমন সেরূপ রাজা চায় না; যাঁহার প্রসন্নতাও নিষ্ফল এবং ক্রোধও নিরর্থক ॥২২॥

---

(২১) শ্লোকঃ বা ব রা নাস্তি।...ষন্ঢং পতিমিব...নি।

ঋজু পশ্যতি যঃ সর্ব্বং চক্ষুষাঽনুপিবন্নিব।
আসীনমপি তুষ্ণীকমনুরজ্যন্তি তং প্রজাঃ ॥২৪॥
সুপুষ্পিতঃ স্যাদফলঃ ফলিতঃ স্যাদ্‌দুরারুহঃ।
অপক্বঃ পক্বসঙ্কাশো ন তু শীর্য্যেত কর্হিচিৎ ॥২৫॥

ভারতকৌমুদী

ঋজ্বিতি। যো রাজা, চক্ষুষা, অনুপিবন্নিব স্নেহং সিঞ্চন্নিবেত্যর্থঃ, সর্বং জনম্, ঋজু সরলং যথা স্যাত্তথা পশ্যতি, তুষ্ণীকং নীরবম্, আসীনমুপবিষ্টমপি, তং রাজানম্, অনু লক্ষ্যীকৃত্য, প্রজা রজ্যন্তি, দর্শননৈপুণ্যাদেবেতি ভাবঃ ॥২৪॥

সুপুষ্পিত ইতি। জবাবৃক্ষ ইব রাজা সুপুষ্পিতঃ অফলশ্চ স্যাৎ, বেশভূষাদ্যাড়ম্বরবান্ ভবেৎ, কিন্তু স্বার্থরক্ষার্থং প্রজানাং সর্বাভীষ্টসম্পাদনে বিমুখ এব তিষ্ঠেৎ। তালবৃক্ষ ইব ফলিতোঽপি দুরারুহো দুরারোহঃ স্যাৎ প্রজানাং সর্বাভীষ্টপূরণোন্মুখোঽপি স্বার্থরক্ষার্থমেব তদর্থে দুর্লভো ভবেৎ। তথা স্বভাবলোহিতমামমাম্রফলমিব অপক্বোঽপি পক্বসঙ্কাশঃ পক্বসদৃশঃ স্যাৎ বিষয়বিশেষে অনভিজ্ঞোঽপি অভিজ্ঞ ইব বর্ত্তেত। তথা সতি রাজা কর্হিচিদপি তু ন শীর্য্যেত ॥২৫॥

ভারতভাবদীপঃ

লঘুমূলান্ অল্পোপায়ান্ ॥২৩॥ চক্ষুষা প্রীতিময়েন ॥২৪॥ সুপুষ্পিতঃ বাচা চক্ষুষা চানুগ্রহং দর্শয়ন্নপি অফলঃ স্যাৎ ভৃত্যং ন ধনেন বর্দ্ধয়েৎ। সফলোঽপি সন্ দুরারুহঃ ভৃত্যবশ্যো ন ভবেৎ। অপক্ব ইতি অস্বর্বলহীনোঽপি বলবত্তাং বহিঃ প্রকাশয়েদেবেত্যর্থঃ ॥২৫॥ কর্ম্মণা

অল্প উপায়ে যেগুলি করা যায় এবং যেগুলির ফল গুরুতর, সেইরূপ কতকগুলি কার্য্য বুদ্ধিমান্ লোক সত্বরই করিতে আরম্ভ করেন, কিন্তু বিলম্ব করিয়া সেরূপ কার্য্যের বিঘ্ন করেন না ॥২৩॥

যে রাজা নয়নদ্বারা স্নেহ সিক্ত করিতে থাকিয়াই যেন সকলের প্রতি সরলভাবে দৃষ্টিপাত করেন, তিনি নীরবে বসিয়া থাকিলেও তাঁহার প্রতি প্রজারা অনুরক্ত থাকে ॥২৪॥

জবাবৃক্ষ যেমন প্রচুর পুষ্প ধারণ করে, অথ চ ফল ধারণ করে না; রাজাও তেমন অত্যন্ত বেশভূষাপ্রভৃতির আড়ম্বর করিবেন, কিন্তু স্বার্থরক্ষার জন্য প্রজাদের সমস্ত অভীষ্টসম্পাদন করিবেন না; তালবৃক্ষ যেমন ফলবান্ হইয়াও দুরারোহ থাকে, রাজাও তেমন প্রজাদের অভীষ্টসম্পাদনে উন্মুখ থাকিয়াও তাহাদের পক্ষে দুর্লভ থাকিবেন এবং স্বভাবতঃ রক্তবর্ণ আম্রফল যেমন অপক্ব হইয়াও পক্বের ন্যায় দৃষ্টিগোচর হয়, রাজাও তেমন বিষয়বিশেষে অনভিজ্ঞ হইয়াও অভিজ্ঞের ন্যায় প্রতীয়মান হইবেন। এমন হইলে রাজা কখনও দুর্ব্বল হন না ॥২৫॥

চক্ষুষা মনসা বাচা কর্ম্মণা চ চতুর্বিধম্।
প্রসাদয়তি যো লোকং তং লোকোঽনুপ্রসীদতি ॥২৬॥
যস্মাত্রস্যন্তি ভূতানি মৃগব্যাধান্মৃগা ইব।
সাগরান্তামপি মহীং লব্ধ্বা স পরিহীয়তে ॥২৭॥
পিতৃপৈতামহং রাজ্যং প্রাপ্তং বা স্বেন তেজসা।
বায়ুরভ্রমিবাসাদ্য ভ্রংশয়ত্যনয়ে স্থিতঃ ॥২৮॥
ধর্ম্মমাচরতো রাজ্ঞঃ সদ্ভিশ্চরিতমাদিতঃ।
বসুধা বসুসংপূর্ণা বর্দ্ধতে ভূতিবর্দ্ধিনী ॥২৯॥
অথ সংত্যজতো ধর্ম্মমধর্ম্মঞ্চানুতিষ্ঠতঃ।
প্রতিসংবেষ্টতে ভূমিরগ্নৌ চর্ম্মাহিতং যথা ॥৩০॥
য এব যত্নঃ ক্রিয়তে পররাষ্ট্রবিমর্দ্দনে।
স এব যত্নঃ কর্ত্তব্যঃ স্বরাষ্ট্রপরিপালনে ॥৩১॥

ভারতকৌমুদী

চক্ষুষেতি। স্বপ্রসাদপ্রযোজ্য এব পরপ্রসাদলাভ ইত্যাশয়ঃ ॥২৬॥
যস্মাদিতি। মৃগান্ বিধ্যতীতি মৃগব্যাধস্তস্মাৎ। পরিহীয়তে রাজ্যাদ্‌ভ্রশ্যতি ॥২৭॥
পিত্রিতি। অভ্রং মেঘম্। অনয়ে দুর্নীতৌ স্থিতো রাজা ॥২৮॥
ধর্ম্মমিতি। বসুসম্পূর্ণা ধনসম্পূর্ণা। ভূতিং সম্পদং বর্দ্ধয়তীতি সা ॥২৯॥
অথেতি। প্রতিসংবেষ্টতে সঙ্কুচতি। অগ্নৌ আহিতং স্থাপিতম্ ॥৩০॥
য ইতি। যো যাদৃশঃ। স তাদৃশঃ ॥৩১॥

যিনি নয়ন, মন, বাক্য ও কার্য্যদ্বারা চারিপ্রকারেই লোককে প্রসন্ন করেন লোকও তাঁহার প্রতি প্রসন্ন হয় ॥২৬॥

পশুরা যেমন ব্যাধের ভয় করে, তেমন প্রজারা সর্ব্বদাই যে রাজার ভয় করে, সে রাজা সমুদ্রপর্য্যন্ত পৃথিবী লাভ করিয়াও তাহা হইতে বিচ্যুত হন ॥২৭॥

বায়ু যেমন মেঘ পাইয়াও তাহা ছাড়িয়া দেয়, সেইরূপ দুর্নীতিপরায়ণ রাজা পৈতৃক রাজ্য কিংবা আপন বলে অর্জিত রাজ্য হাতে পাইয়াও তাহা ছাড়িয়া দেন ॥২৮॥

যে রাজা প্রাচীন কাল হইতে সজ্জনাচরিত ধর্ম্মের অনুষ্ঠান করেন, ধনপূর্ণ পৃথিবী তাঁহার সম্পত্তি-বৃদ্ধি করিতে থাকিয়া বৃদ্ধি পায় ॥২৯॥

অগ্নিতে নিক্ষিপ্ত চর্ম্ম যেমন সঙ্কুচিত হইতে থাকে, তেমন ধর্ম্মত্যাগী ও অধর্ম্মকারী রাজার রাজ্যও সঙ্কুচিত হইতে থাকে ॥৩০॥

(২৮)·· প্রাপ্তবান্ স্বেন তেজসা···বা ব রা,···প্রাপ্যাপি স্বেন কর্ম্মণা···নি।

ধর্ম্মেণ রাষ্ট্রং বিন্দেত ধর্ম্মেণ পরিপালয়েৎ।
ধর্ম্মমূলাং শ্রিয়ং প্রাপ্য ন জহাতি ন হীয়তে ॥৩২॥
অপ্যুন্মত্তাৎ প্রলপতো বালাচ্চ পরিজল্পতঃ।
সর্বতঃ সারমাদদ্যাদশ্মভ্য ইব কাঞ্চনম্ ॥৩৩॥
সুব্যাহৃতানি মহতাং সুকৃতানি ততস্ততঃ।
সঞ্চিন্বন্ ধীর আসীত শিলাহারী শিলং যথা ॥৩৪॥
গন্ধেন গাবঃ পশ্যন্তি বেদৈঃ পশ্যন্তি ব্রাহ্মণাঃ।
চারৈঃ পশ্যন্তি রাজানশ্চক্ষুর্ভ্যামিতরে জনাঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

ধর্ম্মেণেতি। বিন্দেত লভেত। ন জহাতি রাজ্ঞা, শ্রিয়াপি রাজা ন হীয়তে ॥৩২॥

অপীতি। অশ্মভ্যঃ প্রস্তরেভ্যঃ। মদ্বাক্যং ন হেয়মিত্যাশয়ঃ ॥৩৩॥

স্বিতি। যথা শিলাহারী প্রস্তরখণ্ডহরণার্থী জনঃ, শিলমুঞ্ছং কৃষকপরিত্যক্তং শস্যমিত্যর্থঃ, "শিলং শিলী ভবেদুঞ্ছে" ইতি বিশ্বঃ, সঞ্চিন্বন্ আস্তে, তথা ধীরঃ, মহতাং জনানাম্, সুব্যাহৃতানি উত্তমবচনানি, ততস্ততঃ, সুকৃতানি সুষ্ঠু কার্য্যকৌশলানি চ, সঞ্চিন্বন্ সংগৃহ্নন্, আসীত তিষ্ঠেৎ ॥৩৪॥

ভারতভাবদীপঃ

দানেন লোকং ভৃত্যবর্গম্ ॥২৬—২৭॥ অনয়ে স্থিতঃ অনীতিমান্ ॥২৮—২৯॥ প্রতিসংবেষ্টতে সঙ্কুচতি বহুফলং ন প্রযচ্ছতীত্যর্থঃ ॥৩০—৩১॥ ন জহাতি শ্রিয়ম্ ॥৩২—৩৩॥ সুব্যাহৃতানি পাণ্ডিত্যবচনানি সূক্তানি শোভনতয়া উক্তানি মাতৃপিতৃগুর্ব্বাদীনি সুকৃতানি তদুপদিষ্টকর্ম্মাণি শিলং কণিশাদ্যর্জ্জনম্। উঞ্ছঃ কণশ আদানম্। "কণিশাদ্যর্জ্জনং শিলম্" ইতি যাদবঃ। ত্বমপি অস্মদাদিবাক্যাৎ সারং গৃহ্ণীষ্বেতি ভাবঃ ॥৩৪॥ গন্ধেনেতি। পাণ্ডববলং জ্ঞাতুং চারান্

পরের রাজ্য জয় করিতে যেরূপ যত্ন করা হয়, নিজের রাজ্য রক্ষা করিতেও সেইরূপ যত্নই করিতে হইবে ॥৩১॥

রাজা ধর্ম্মদ্বারা রাজ্য লাভ করেন; সুতরাং তিনি ধর্ম্মদ্বারাই তাহা পালন করিবেন। কারণ, রাজা ধর্ম্মমূলক রাজ্যলাভ করিয়া তাহা পরিত্যাগ করেন না, রাজ্যও তাঁহাকে পরিত্যাগ করে না ॥৩২॥

পাষাণ হইতে যেমন স্বর্ণ গ্রহণ করে, সেইরূপ উন্মত্তের প্রলাপ, বালকের জল্পন, কিংবা অন্য সকল বাক্য হইতেই সার গ্রহণ করিবে ॥৩৩॥

ক্ষুদ্র ক্ষুদ্র শিলা (কাকর-) হরণার্থী লোক যেমন ভূমিতে যাইয়া কৃষক-পরিত্যক্ত শস্য গ্রহণ করে, সেইরূপ বুদ্ধিমান্ লোক মহাপুরুষদের উত্তম বাক্য এবং নানাস্থান হইতে কার্য্য করিবার কৌশল গ্রহণ করিবেন ॥৩৪॥

(৩২) ধর্ম্মেণ রাজ্যম্...বা ব রা নি। (৩৪) সুব্যাহৃতানি সূক্তানি...বা ব।

ভূয়াংসং লভতে ক্লেশং যা গৌর্ভবতি দুর্দুহা ।
অথ যা সুদুহা রাজন্ ! নৈব তাং বিতুদন্ত্যপি ॥৩৬॥
যদতপ্তং প্রণমতি ন তৎ সন্তাপয়ন্ত্যপি ।
যচ্চ স্বয়ং নমেদ্দারু ন তৎ সন্তাপয়ন্ত্যপি ॥৩৭॥
এতয়োপময়া ধীরঃ সন্নমেত বলীয়সে ।
ইন্দ্রায় স প্রণমতে নমতে যো বলীয়সে ॥৩৮॥
পর্জ্জন্যনাথাঃ পশবো রাজানো মন্ত্রিবান্ধবাঃ ।
পতয়ো বান্ধবাঃ স্ত্রীণাং ব্রাহ্মণা বেদবান্ধবাঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

গন্ধেনেতি। দর্শনমত্র বস্তুনিরূপণম্। বেদৈঃ শাস্ত্রজ্ঞানৈঃ। চারৈর্গুপ্তচরৈঃ। অতএব চারপ্রেরণেন জানীহি তাবদ্‌যুধিষ্ঠিরবলং প্রবলং নবেতি ভাবঃ ॥৩৫॥

ভূয়াংসমিতি। ক্লেশং লভতে দোগ্ধুঃ পীড়নেন। বিতুদন্তি দোগ্ধারো ব্যথয়ন্তি। ত্বং স্বয়মেব যুধিষ্ঠিরায় তৎপৈতৃকরাজ্যং দত্ত্বা ব্যথাং নাপ্নুহীত্যাশয়ঃ ॥৩৬॥

যদিতি। অতপ্তম্ অগ্নেরুত্তাপমপ্রাপিতম্। সন্তাপয়ন্তি শিল্পিনঃ ॥৩৭॥

এতয়েতি। ইন্দ্রায় স প্রণমতে, বলীয়স্তয়া ইন্দ্রতুল্যত্বাদিতি ভাবঃ। ইন্দ্রায় প্রণমনান্নাপমানমিতি ত্বমপি রাজ্যদানেন নমেত্যভিপ্রায়ঃ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

নিযুঙ্‌ক্ষ্বেতি ভাবঃ ॥৩৫॥ ভূয়াংসমিতি শ্লোকত্রয়তাৎপর্য্যম্। পাণ্ডবান্ প্রতি ত্বয়া নম্রীভবিতব্যং তেন বলাধিষ্ঠাত্রী দেবতা ইন্দ্রশ্চ ত্বামনুগ্রহীষ্যতীতি ॥৩৬—৩৮॥ এতচ্চ মন্ত্রিভিঃ

গো সকল গন্ধদ্বারা দর্শন করে, ব্রাহ্মণেরা শাস্ত্রদ্বারা দর্শন করেন এবং রাজারা গুপ্তচরদ্বারা দর্শন করেন, আর অন্য লোকেরাই নয়নদ্বারা দর্শন করিয়া থাকে ॥৩৫॥

রাজা! যে গাভীকে দোহন করা কষ্ট, সেই গাভীই প্রচুর কষ্ট ভোগ করে; আর যে গাভীকে অনায়াসে দোহন করা যায়, সে গাভীকে কেহ পীড়ন করে না ॥৩৬॥

সন্তপ্ত না হইলেও যাহা নত হয়, তাহাকে কেহই সন্তপ্ত করে না। দেখুন—যে কাষ্ঠ আপনিই নত হয়, সে কাষ্ঠকে শিল্পীরা সন্তপ্ত করে না ॥৩৭॥

এই উপমাদ্বারাই বুদ্ধিমান্ লোক প্রবলের নিকটে নত হইবেন। যিনি প্রবলের নিকটে নত হন, তিনি ইন্দ্রের নিকটেই নত হইয়া থাকেন; (সুতরাং তাহাতে কোন অপমান নাই) ॥৩৮॥

(৩৬)…অথ বা সুদুঘা…নি। (৩৭)…ন তৎ সন্তাপমর্হতি। যচ্চ স্বয়ং নতং দারু ন তৎ সংনাময়েদ্বুধঃ—নি। (৩৮)…নমেত যঃ…পি।

সত্যেন রক্ষ্যতে ধর্ম্মো বিদ্যা যোগেন রক্ষ্যতে।
মৃজয়া রক্ষ্যতে রূপং কুলং বৃত্তেন রক্ষ্যতে ॥৪০॥
মানেন রক্ষ্যতে ধান্যমশ্বান্ রক্ষত্যনুক্রমঃ।
অভীক্ষ্ণদর্শনং গাশ্চ স্ত্রিয়ো রক্ষ্যাঃ কুচেলতঃ ॥৪১॥
ন কুলং বৃত্তহীনস্য প্রমাণমিতি মে মতিঃ।
অন্ত্যেষ্বপি হি জাতানাং বৃত্তমেব বিশিষ্যতে ॥৪২॥

ভারতকৌমুদী

পর্জ্জন্যেতি। পর্জ্জন্যা মেঘা এব নাথাঃ প্রার্থিতজলদানেন বান্ধবা যেষাং তে। অত্র বান্ধবা উপকারিণঃ। মন্ত্রিণো মে বচনং গৃহাণেতি তাৎপর্য্যম্ ॥৩৯॥

সত্যেনেতি। যোগেন ধ্যানেন আলোচনয়েত্যর্থঃ। মৃজয়া মার্জনেন। বৃত্তেন সদাচারেণ। ত্বমপি পাণ্ডবেভ্যো রাজ্যদানাৎ সত্যেন ধর্ম্মং রক্ষেতি ভাবঃ ॥৪০॥

মানেনেতি। মানেন নির্দ্দোষস্থানস্থাপনাদিনা সৎকারেণ, ধান্যং রক্ষ্যতে। ভাবঃ স্পষ্টঃ। অনুক্রমঃ প্রত্যহপাদক্ষেপ এবাশ্বান্ রক্ষতি। অন্যথা জড়ত্বাপাতেন তে ম্রিয়ন্ত ইতি ভাবঃ। অভীক্ষ্ণদর্শনং স্বাম্যাদেঃ সর্ব্বদা পর্য্যবেক্ষণমেব, গাঃ, রক্ষতি। অন্যথা গর্ত্তপতনাদিনা নশ্যন্তীত্যাশয়ঃ। স্ত্রিয়শ্চ, কুচেলতো নিকৃষ্টবস্ত্রাদিদানেন ভর্ত্রাদিনা রক্ষ্যাঃ। ইতরথা বিলাসবৃদ্ধ্যা বিলাসিনমপরং পুরুষং গচ্ছন্তীত্যভিপ্রায়ঃ ॥৪১॥

নেতি। বৃত্তহীনস্য সদাচারশূন্যস্য, কুলং সদ্বংশঃ, প্রাধান্যে ন প্রমাণমিতি মে মতিঃ। হি যস্মাৎ, অন্ত্যেষু রজকাদিষু জাতানামপি, বৃত্তং সদাচার এব, বিশিষ্যতে প্রাধান্যহেতুর্মন্যতে। অতঃ পাণ্ডবায় তদ্রাজ্যদানেন সদ্বৃত্তো ভবেতি ভাবঃ ॥৪২॥

ভারতভাবদীপঃ

সহালোচনীয়ং সত্যঞ্চ সংরক্ষ্যমিত্যাহ পর্জ্জন্যেতি ত্রিভিঃ ॥৩৯॥ যোগেন অভ্যাসেন, মৃজয়া উদ্বর্ত্তনেন ॥৪০॥ অনুক্রমঃ ব্যায়ামশিক্ষাদিঃ ॥৪১॥ প্রমাণং ধর্ম্মস্য কারণং নকুল মিতি

মেঘ পশুগণের বন্ধু, মন্ত্রীরা রাজাদের বন্ধু, স্বামীরা স্ত্রীলোকদিগের বন্ধু, আর শাস্ত্র ব্রাহ্মণগণের বন্ধু ॥৩৯॥

সত্যদ্বারা ধর্ম্ম, আলোচনাদ্বারা বিদ্যা, মার্জনদ্বারা রূপ এবং সদাচারদ্বারা কুল রক্ষিত হইয়া থাকে ॥৪০॥

ভালভাবে রাখাই ধান্য রক্ষা করে, অশ্বগণের পাদক্ষেপই তাহাদিগকে রক্ষা করে, সর্ব্বদা পর্য্যবেক্ষণই গরুগুলিকে রক্ষা করে এবং কুৎসিত বস্ত্রাদিদানই স্ত্রীলোকদিগকে রক্ষা করে ॥৪১॥

আমার ধারণা এই যে, সদাচারবিহীন লোকের সৎকুল প্রাধান্যের হেতু

---

(৪১)···স্ত্রিয়ো রক্ষ্যাঃ কুলে রতাঃ—পি।

য ঈর্ষ্যুঃ পরবিত্তেষু রূপে বীর্য্যে কুলান্বয়ে।
সুখসৌভাগ্যসৎকারে তস্য ব্যাধিরনন্তকঃ ॥৪৩॥
অকার্য্যকরণাদ্ভীতঃ কার্য্যাণাঞ্চ বিবর্জনাৎ।
অকালে মন্ত্রভেদাচ্চ যেন মাদ্যেন্ন তৎ পিবেৎ ॥৪৪॥
বিদ্যামদো ধনমদস্তৃতীয়োঽভিজনো মদঃ।
মদা এতেঽবলিপ্তানামেত এব সতাং দমাঃ ॥৪৫॥
অসন্তোঽভ্যর্থিতাঃ সদ্ভিঃ ক্বচিৎ কার্য্যে কদাচন।
মন্যন্তে সন্তমাত্মানমসন্তমপি বিশ্রুতম্ ॥৪৬॥

ভারতকৌমুদী

য ইতি। রূপাদাবপি পরস্তেভ্যাহম্। কুলান্বয়ে সৎকুলজন্মসম্বন্ধে। অনন্তকঃ অনবসানঃ, চিরমেব পরবিত্তাদ্যভাবাভাবাৎ ব্যাধেরপ্যভাবাভাব এব চিরং তিষ্ঠতীত্যাশয়ঃ। এতেন পাণ্ডববীর্য্যাদাবীর্ষ্যাং পরিহরেতি সূচিতম্ ॥৪৩॥

অকার্য্যেতি। ভীতো ভবেৎ। যেন মদ্যাদিনা। কার্য্যং পাণ্ডবায় রাজ্যদানং ন বিবর্জয়েত্যভিপ্রায়ঃ ॥৪৪॥

বিদ্যেতি। অভিজনঃ সৎকুলং তন্নিবন্ধন ইত্যর্থঃ। অবলিপ্তানাং গর্বিতানাম্। এতে এতন্মদত্রয়দমনরূপা এব। তদাত্মনো ধনমদং দময়েতি তাৎপর্য্যম্ ॥৪৫॥

অসন্ত ইতি। অতস্ত্বমপ্যাত্মানং সন্তং মত্বা মদভ্যর্থনাং রক্ষেতি ভাবঃ ॥৪৬॥

ভারতভাবদীপঃ

দ্বয়োর্বৃত্তিমাশ্রয় ঈর্ষ্যাং ত্যজেতি ভাবঃ ॥৪২—৪৩॥ অকালে ইষ্টসিদ্ধেঃ প্রাক্ ভীতঃ স্যাৎ যেন মাদ্যেৎ লোভাদিনা তন্ন পিবেৎ নাশ্রয়েৎ ॥৪৪॥ অভিজনঃ সহায়ঃ তব তু ভয়ং দমশ্চ নাস্তীত্যর্থঃ ॥৪৫॥ অসন্ত ইতি সার্দ্ধশ্লোকো বাক্যং সদ্ভিরর্থিতা অসন্তস্তৎকার্য্যমল্পমপ্যকৃত্বা অসন্তমিতি খ্যাতমপ্যাত্মানং সন্তং মন্যন্ত ইতি তদর্থঃ কিঞ্চিদপি তস্য কার্য্যং যাবৎ সুষ্ঠু ন কৃতং

নহে। কারণ, যাঁহারা নিকৃষ্টজাতিতে জন্মিয়াছে, তাহাদেরও সদাচার প্রাধান্যের হেতু হইয়া থাকে ॥৪২॥

যে লোক পরের ধন, রূপ, বীর্য্য, কুল, সুখ, সৌভাগ্য ও সম্মান দেখিয়া ঈর্ষ্যা করে, তাহার সে রোগের উপশম হয় না ॥৪৩॥

অকর্ত্তব্য করা, কর্ত্তব্য না করা এবং অসময়ে মন্ত্রণাপ্রচার এ গুলির ভয় করিবে; আর যাহা পান করিয়া মত্ত হয়, তাহা পান করিবে না ॥৪৪॥

বিদ্যানিবন্ধন মত্ততা, ধননিবন্ধনমত্ততা এবং কৌলীন্যনিবন্ধন মত্ততা এই ত্রিবিধ মত্ততাই গর্বিতদিগের জন্মিয়া থাকে। কিন্তু সজ্জনেরা যে এই ত্রিবিধ মত্ততাকেই দমন করিয়া রাখেন, তাহাই তাঁহাদের দমগুণ ॥৪৫॥

সজ্জনেরা কোন সময়ে কোন কার্য্যের জন্য অসজ্জনের নিকট অনুরোধ

গতিরাত্মবতাং সন্তঃ সন্ত এব সতাং গতিঃ।
অসতাঞ্চ গতিঃ সন্তো ন ত্বসন্তঃ সতাং গতিঃ ॥৪৭॥
জিতা সভা বস্ত্রবতা মিষ্টাশা গোমতা জিতা।
অধ্বা জিতো যানবতা সর্ব্বং শীলবতা জিতম্ ॥৪৮॥
শীলং প্রধানং পুরুষে তদ্যস্যেহ প্রণশ্যতি।
ন তস্য জীবিতেনার্থো ন ধনেন ন বন্ধুভিঃ ॥৪৯॥
আঢ্যানাং মাংসপরমং মধ্যানাং গোরসোত্তরম্।
তৈলোত্তরং দরিদ্রাণাং ভোজনং ভরতর্ষভ ! ॥৫০॥

ভারতকৌমুদী

গতিরিতি। গতিরবলম্বনম্, আত্মবতামুদারচেতসাম্। সন্ ভবান্ সতাং পাণ্ডবানাং রাজ্যদানেন গতির্ভবত্বিত্যাশয়ঃ ॥৪৭॥

জিতেতি। বস্ত্রবতা মনোহরবস্ত্রধারিণা জনেন, সভা জিতা আয়ত্তীকৃতা ভবেৎ। গোমতা ধেনুশালিনা জনেন, মিষ্টাশা মধুরদ্রব্যভোজনেচ্ছা, জিতা নিবর্ত্তিতা। যানবতা রথশকটাদিমতা জনেন, অধ্বা পন্থা জিতঃ। শীলবতা সংস্বভাবশালিনা জনেন চ সর্ব্বং জিতম্। পাণ্ডবেভ্যো রাজ্যদানেন ত্বমপি শীলবান্ ভবেতি ভাবঃ ॥৪৮॥

শীলমিতি। প্রধানং গুণেম্বিতি শেষঃ। অর্থঃ প্রয়োজনম্। ত্বমপি পাণ্ডবেভ্যো রাজ্য-দানাচ্ছীলং রক্ষেত্যভিপ্রায়ঃ ॥৪৯॥

আঢ্যানামিতি। আঢ্যানাং ধনিনাম্, ভোজনম্, মাংসমেব পরমম্ আধিক্যাৎ প্রধানং

ভারতভাবদীপঃ

তাবদেব মন্যন্ত ইতি যোজনা ॥৪৬॥ গতিরিতি। পাণ্ডবা এব ত্বামুপকরিষ্যন্তি ন তু ত্বং তানিতি ভাবঃ ॥৪৭॥ জিতেতি। শীলং সংরক্ষ্যং ত্বয়েতি দ্বয়োর্ভাবঃ ॥৪৮—৪৯॥ আঢ্যানা-

---

করেন; তখন অসজ্জনেরা অসৎ বলিয়া বিখ্যাত আপনাকেও সৎ বলিয়া মনে করে ॥৪৬॥

সজ্জনেরা উদারচিত্তদিগের, সজ্জনদিগের এবং অসজ্জনদিগেরও অবলম্বন হইয়া থাকেন; কিন্তু অসজ্জনেরা সজ্জনদিগের অবলম্বন হয় না ॥৪৭॥

মনোহর-পরিচ্ছদ-যুক্ত লোক সভা জয় করিয়া থাকে; গোমান্ লোক মিষ্টদ্রব্যের আশা জয় করিয়া থাকে; (যাহার দুগ্ধবতী গাভী আছে, সে লোক মধুর ভোজনের আশা মিটাইয়া থাকে;) যান-বাহনশালী লোক পথ জয় করিয়া থাকে এবং শীলবান্ লোক সকল জয় করিয়া থাকেন ॥৪৮॥

পুরুষের গুণের মধ্যে শীলই প্রধান; সেই শীল যাহার নষ্ট হয়, তাহার জীবন, ধন ও বন্ধুজনদ্বারা কোনই প্রয়োজন থাকে না ॥৪৯॥

সম্পন্নতরমেবান্নং দরিদ্রা ভুঞ্জতে সদা।
ক্ষুৎ স্বাদুতাং জনয়তি সা চাঢ্যেষু সুদুর্লভা ॥৫১॥
প্রায়েণ শ্রীমতাং লোকে ভোক্তুং শক্তির্ন বিদ্যতে।
জীর্য্যন্ত্যপি হি কাষ্ঠানি দরিদ্রাণাং তথোদরে ॥৫২॥
অবৃত্তের্ভয়মন্ত্যানাং মধ্যানাং মরণাদ্ভয়ম্।
উত্তমানাস্তু মর্ত্যানামবমানাৎ পরং ভয়ম্ ॥৫৩॥
ঐশ্বর্য্যমদপাপিষ্ঠা মদাঃ পানমদাদয়ঃ।
ঐশ্বর্য্যমদমত্তো হি নাপতিত্বা বিবুধ্যতে ॥৫৪॥

ভারতকৌমুদী

যস্মিংস্তৎ। মধ্যানাং মধ্যবিত্তানাম্, ভোজনম্, গোরসোত্তরং দুগ্ধপ্রধানম্। দরিদ্রাণাং ভোজনঞ্চ, তৈলোত্তরং তৈলপ্রধানম্ ॥৫০॥

সম্পন্নেতি। সম্পন্নতরং সুস্বাদুতরম্। নমু দরিদ্রাণামন্নে স্বাদুতৈব কুত ইত্যাহ ক্ষুদিতি। ক্ষুৎ ক্ষুধা, দরিদ্রাণামন্নে স্বাদুতাং জনয়তি। সা ক্ষুধা চ, আঢ্যেষু ধনিষু সুদুর্লভা, পরিশ্রমাভাবাদিতি ভাবঃ ॥৫১॥

প্রায়েণেতি। শ্রীমতাং ধনসম্পত্তিশালিনাম্। অত্র শ্রমাভাবভাবৌ হেতু ॥৫২॥

অবৃত্তেরিতি। অবৃত্তের্জীবিকায়া অনির্বাহাৎ, অন্ত্যানাং নিকৃষ্টানাম্ ॥৫৩॥

ঐশ্বর্য্যেতি। ঐশ্বর্য্যমদো ধনমদ এব পাপিষ্ঠো নিকৃষ্টো যেষু তে। হি যস্মাৎ। অপতিত্বা সম্পত্তেরচ্যুতো ভূত্বা, ন বিবুধ্যতে ন চৈতন্যমাপদ্যতে ॥৫৪॥

ভারতভাবদীপঃ

মিতি। ত্রয়স্ত শীলবতস্তে দারিদ্র্যপ্রাপ্তিরপি শ্রেয় ইতি ভাবঃ ॥৫০॥ সম্পন্নং মিষ্টম্ ॥৫১—৫২॥ শীলাভাবে সংস্থ অবমানো মহান্ ক্লেশ ইত্যাহ—অবৃত্তিরিতি ॥৫৩॥ ঐশ্বর্য্যমদঃ

ভরতশ্রেষ্ঠ! ধনিগণের ভোজনে মাংস প্রধান, মধ্যবিত্তগণের ভোজনে দুগ্ধ প্রধান এবং দরিদ্রগণের ভোজনে তৈল প্রধান থাকে ॥৫০॥

দরিদ্রেরা সর্ব্বদাই সুস্বাদু অন্ন ভোজন করে। কারণ, ক্ষুধাই তাহাদের অন্নে সুস্বাদুতা জন্মাইয়া দেয়; কিন্তু সে ক্ষুধা ধনীদের অতিদুর্লভ ॥৫১॥

জগতে প্রায় ধনী লোকেরই ভোজন করিবার শক্তি থাকে না; কিন্তু দরিদ্রগণের উদরে কাষ্ঠপর্য্যন্ত জীর্ণ হইয়া থাকে ॥৫২॥

নিকৃষ্ট লোকদিগের জীবিকানির্ব্বাহ না হওয়ার ভয়, মধ্যম লোকদিগের মরণের ভয়, আর উত্তম লোকদিগের গুরুতর অপমানের ভয় থাকে ॥৫৩॥

পানমদপ্রভৃতি যে সকল মদ আছে, সেগুলির মধ্যে ধনমদই নিকৃষ্ট। কারণ, ধনমদে মত্ত লোক সম্পত্তিচ্যুত না হইয়া চৈতন্য লাভ করে না ॥৫৪॥

(৫২)···দরিদ্রাণাং মহীপতে!—বা ব রা নি। (৫৪)···নো পতিত্বাঽববুধ্যতে—নি।

ইন্দ্রিয়ৈরিন্দ্রিয়ার্থেষু বর্ত্তমানৈরনিগ্রহৈঃ।
তৈরয়ং তাপ্যতে লোকো নক্ষত্রাণি গ্রহৈরিব ॥৫৫॥
যো জিতঃ পঞ্চবর্গেণ সহজেনাত্মকর্ষিণা।
আপদস্তস্য বর্দ্ধন্তে শুক্লপক্ষ ইবোড়ুরাট্ ॥৫৬॥
অবিজিত্য য আত্মানমমাত্যান্ বিজিগীষতে।
অমিত্রান্ বা জিতামাত্যঃ সোঽবশঃ পরিহীয়তে ॥৫৭॥
আত্মানমেব প্রথমং দ্বেষ্যরূপেণ যোজয়েৎ।
ততোঽমাত্যানমিত্রাংশ্চ ন মোঘং বিজিগীষতে ॥৫৮॥

ভারতকৌমুদী

ইন্দ্রিয়ৈরিতি। ইন্দ্রিয়ার্থেষু শব্দাদিষু, বর্ত্তমানৈঃ গ্রহীতুং প্রবৃত্তৈঃ ॥৫৫॥

স্ত্রী, রাজা, সর্প, অধ্যয়ন, প্রভু, শত্রু, ভোগ এবং আয়ু এই গুলির উপরে কোন্ বুদ্ধিমান্ বিশ্বাস করিতে পারেন? ॥৫৭॥

(৫৬)·· তেন বৈরং সমাসাদ্য···পি।

সর্পশ্চাগ্নিশ্চ সিংহশ্চ কুলপুত্রশ্চ ভারত ! ।
নাবজ্ঞেয়া মনুষ্যেণ সর্বেঽহ্যেতেঽতিতেজসঃ ॥৫৯॥
অগ্নিস্তেজো মহল্লোকে গূঢ়স্তিষ্ঠতি দারুষু ।
ন চোপযুঙ্‌ক্তে তদ্দারু যাবন্নোদ্দীপ্যতে পরৈঃ ॥৬০॥
স এব খলু দারুভ্যো যদা নির্ম্মথ্য দীপ্যতে ।
তদ্দারু চ বনঞ্চান্যন্নির্দহত্যাশু তেজসা ॥৬১॥
এবমেব কুলে জাতাঃ পাবকোপমতেজসঃ ।
ক্ষমাবন্তো নিরাকারাঃ কাষ্ঠেঽগ্নিরিব শেরতে ॥৬২॥
লতাধর্ম্মা ত্বং সপুত্রঃ শালাঃ পাণ্ডুসুতা মতাঃ ।
ন লতা বর্দ্ধতে জাতু মহাদ্রুমমনাশ্রিতা ॥৬৩॥

ভারতকৌমুদী

সর্প ইতি। কুলপুত্র একবংশজাতঃ। সর্ব্ব এবৈতে অনিষ্টবিধানশক্তাঃ ॥৫৯॥

অগ্নিরিতি। উপযুঙ্‌ক্তে ভক্ষয়তি। উদ্দীপ্যতে ঘর্ষণাদিনা প্রজ্বল্যতে ॥৬০॥

স ইতি। স এব গূঢ়োঽগ্নিরেব। তদেতি বোধ্যং নিত্যসম্বন্ধাৎ ॥৬১॥

উক্তদৃষ্টান্তধর্ম্মং দার্ষ্টান্তিকে যোজয়তি এবমিতি। কুলে একবংশে জাতাঃ পাণ্ডবাঃ। নিরাকারা বহিরপ্রকাশিতস্বরূপা গূঢ়া ইত্যর্থঃ। শেরতে অবতিষ্ঠন্তে ॥৬২॥

প্রকারান্তরেণ পাণ্ডবানাং প্রাবল্যং সূচয়তি লতেতি। লতায়া ইব ধর্ম্মঃ অন্যাশ্রিতত্বং যস্য সঃ। শালাঃ স্বনামপ্রসিদ্ধা বিশালবৃক্ষাস্তৎস্বরূপাঃ ॥৬৩॥

বুদ্ধিবাণদ্বারা মানুষকে যে আঘাত করা হয়, তাহার চিকিৎসক বা ঔষধ নাই, কিংবা হোমমন্ত্র, মঙ্গলাচরণ, অথর্ব্ববেদীয় মন্ত্র এবং ক্ষতরোগের প্রসিদ্ধ ঔষধও কোন প্রতীকার করে না ॥৫৮॥

ভরতনন্দন ! সর্প, অগ্নি, সিংহ ও জ্ঞাতি, ইহাদিগকে মানুষ অবজ্ঞা করিবে না। কারণ, ইহারা সকলেই অত্যন্ত তেজস্বী ॥৫৯॥

জগতে মহাতেজা অগ্নি কাষ্ঠের অভ্যন্তরে গুপ্ত অবস্থায় থাকে ; কিন্তু যেপর্য্যন্ত অপরে তাহাকে উত্তেজিত না করে, সেপর্য্যন্ত সে অগ্নি সে কাষ্ঠকে দগ্ধ করে না ॥৬০॥

কিন্তু যখন কেহ মন্থন করিয়া সেই কাষ্ঠ হইতে সেই অগ্নিকেই প্রজ্বলিত করে, তখন সেই অগ্নি সত্বরই আপন তেজে সেই কাঠ এবং অন্য বন দগ্ধ করিয়া থাকে ॥৬১॥

এইরূপই অগ্নির তুল্য তেজস্বী এবং ক্ষমাশীল জ্ঞাতিরা (পাণ্ডবেরা) কাষ্ঠে অগ্নির ন্যায় গূঢ়ভাবে অবস্থান করিতেছেন ॥৬২॥

বনং রাজংস্ত্বং সপুত্ত্রোঽম্বিকেয় ! সিংহান্ বনে পাণ্ডবাংস্তাত ! বিদ্ধি।
সিংহৈর্বিহীনং হি বনং বিনশ্যেৎ সিংহা বিনশ্যেয়ুর্ঋতে বনেন ॥৬৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি
প্রজাগরে বিদুরবাক্যে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

অষ্টত্রিংশোঽধ্যায়ঃ।

বিদুর উবাচ।

ঊর্দ্ধং প্রাণা হ্যুৎক্রামন্তি যূনঃ স্থবির আয়তি।
প্রত্যুত্থানাভিবাদাভ্যাং পুনস্তান্ প্রতিপদ্যতে ॥১॥

ভারতকৌমুদী

উক্তমপ্যর্থং কিঞ্চিদ্বিশেষাভিধানায় পুনরাহ বনমিতি। আম্বিকেয়েত্যাকারলোপ আর্ষঃ। বিদ্ধি জানীহি, মহাবলত্বাদিতি ভাবঃ। ঋতে বিনা ॥৬৪॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি প্রজাগরে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

পারদাদয়ঃ ॥৫৮॥ কুলপুত্ত্রো জ্ঞাতিঃ ॥৫৯—৬১॥ কুলে জাতাঃ পাণ্ডবাঃ ॥৬২॥ শালাঃ মহাবৃক্ষাঃ। পাণ্ডবান্ আশ্রিত্য সপুত্ত্রো বর্দ্ধস্বেত্যর্থঃ ॥৬৩॥ ত্বৎপুত্ত্রান্নিহত্য পাণ্ডবা অপি স্নেহান্নশ্যেয়ুরেবেতি ভাবঃ ॥৬৪॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৭॥

রাজা ! পুত্ত্রবর্গের সহিত আপনি লতাস্বরূপ, আর পাণ্ডবেরা শালবৃক্ষস্বরূপ। অতএব লতা কখনও মহাবৃক্ষকে আশ্রয় না করিয়া বৃদ্ধি পাইতে পারে না ॥৬৩॥

মাননীয় অম্বিকানন্দন রাজা ! আপনি জানিয়া রাখুন যে, পুত্ত্রবর্গের সহিত আপনি বনস্বরূপ এবং সেই বনে পাণ্ডবেরা সিংহস্বরূপ রহিয়াছেন। সুতরাং সিংহবিহীন বন বিনষ্ট হয়, আবার বনবিহীন সিংহেরাও বিনষ্ট হইয়া থাকে' ॥৬৪॥

---

(৬৪) বনং রাজংস্তব পুত্ত্রোঽম্বিকেয় !···বা ব রা নি।

পীঠং দত্ত্বা সাধবেঽভ্যাগতায় আনীয়াপঃ পরিনির্ণিজ্য পাদৌ।
সুখং পৃষ্ট্বা প্রতিবেদ্যাত্মসংস্থাং ততো দদ্যাদন্নমবেক্ষ্য ধীরঃ ॥২॥
যস্যোদকং মধুপর্কঞ্চ গাঞ্চ ন মন্ত্রবিৎ প্রতিগৃহ্লাতি গেহে।
লোভাদ্ভয়াদথ কার্পণ্যতো বা তস্যানর্থং জীবিতমাহুরার্য্যাঃ ॥৩॥
চিকিৎসকঃ শল্যকর্ত্তাঽবকীর্ণী স্তেনঃ ক্রূরো মদ্যপো ভ্রূণহা চ।
সেনাজীবী শ্রুতিবিক্রায়কশ্চ ভৃশং প্রিয়োঽপ্যতিথির্নোদকার্হঃ ॥৪॥

ভারতকৌমুদী

পূর্বপ্রশ্নাৎ প্রকীর্ণভাবেন ধর্ম্মং ব্রুবন্নাদৌ প্রত্যুত্থানাভিবাদনকারণমাহ ঊর্দ্ধমিতি। স্থবিরে বয়োঽধিকে জনে, আয়তি আগচ্ছতি সতি, যূনো বয়োন্যূনস্য জনস্য প্রাণাঃ, ঊর্দ্ধং হি উৎক্রামন্তি উদ্‌গন্তুমীহন্তে, স্থবিরস্যাকর্ষণশক্ত্যতিরেকাদিতি ভাবঃ। প্রত্যুত্থানাভিবাদাভ্যাং পুনস্তান্ প্রাণান্, প্রতিপদ্যতে প্রাপ্নোতি যুবা, প্রত্যুত্থানাভিবাদনয়োঃ শক্তিবৈচিত্র্যাদিত্যাশয়ঃ ॥১॥

পীঠমিতি। অপো জলানি, পরিনির্ণীজ্য প্রক্ষাল্য। আত্মসংস্থাং স্বাবস্থাম্ ॥২॥

যস্যেতি। মন্ত্রবিৎ ব্রাহ্মণঃ। অনর্থং নিষ্ফলম্ ॥৩॥

চিকিৎসক ইতি। শল্যকর্ত্তা শরনির্ম্মাতা, অবকীর্ণী "অবকীর্ণী ভবেদ্‌গত্বা ব্রহ্মচারী তু যোষিতম্" ইতি স্মৃতের্ভ্রষ্টব্রহ্মচর্যাঃ, স্তেনশ্চৌরঃ। শ্রুতিবিক্রায়কঃ বেতনগ্রহণেনাধ্যাপকঃ,

ভারতভাবদীপঃ

ঊর্দ্ধমিতি। আয়তি আগচ্ছতি ॥১॥ নির্ণিজ্য প্রক্ষাল্য, আত্মসংস্থাং স্বস্থিতিম্, প্রতিবেদ্য নিবেদ্য ॥২॥ যস্য কদর্য্যস্য। ভয়াৎ রাজ্যাদিষু ধনিকত্বপ্রথাভয়াৎ। অদীয়মানত্বাদেব ন প্রতিগৃহ্লাতি তস্য জীবিতম্ অনর্থং ব্যর্থম্ ॥৩॥ শল্যকর্ত্তা কাণ্ডকৃৎ। অবকীর্ণী নষ্টব্রহ্মচর্যঃ। নোদকার্হ উদকমাত্রানর্হোঽপি অতিথিঃ ভৃশং প্রিয়ঃ প্রিয়বজ্ঞামাত্রাদিবদর্চ্চনীয় এবেত্যর্থঃ

বিদুর বলিলেন—'অধিকবয়স্ক লোক আগমন করিলে, অল্পবয়স্ক লোকের প্রাণ উপরের দিকে যাইবার উদ্‌যোগ করে; তখন গাত্রোত্থান ও অভিবাদনদ্বারা অল্পবয়স্ক লোক পুনরায় সেই প্রাণ প্রাপ্ত হয় ॥১॥

কোন সাধুলোক আগমন করিলে, বুদ্ধিমান্ লোক তাঁহাকে আসন দান করিয়া, জল আনয়নপূর্ব্বক তাঁহার পাদপ্রক্ষালন করিয়া, কুশল জিজ্ঞাসা করিয়া, নিজের অবস্থা জানাইয়া, পরে পর্য্যবেক্ষণপূর্বক অন্নদান করিবেন ॥২॥

মন্ত্রজ্ঞ ব্রাহ্মণ লোভ, ভয় বা গৃহস্থের কৃপণতাবশতঃ যাহার গৃহে জল, মধুপর্ক এবং গো গ্রহণ করেন না, সেই লোকের জীবনই নিষ্ফল; এই কথা সজ্জনেরা বলেন ॥৩॥

(৩)…অর্থকার্পণ্যতো বা…পি। (৪)…শল্যকর্ত্তাঽবকীর্ণঃ…পি।

অবিক্রেয়ং লবণং পক্বমন্নং দধি ক্ষীরং মধু তৈলং ঘৃতঞ্চ।
তিলা মাংসং ফলমূলানি শাকং রক্তং বাসঃ সর্বগন্ধা গুড়াশ্চ ॥৫॥
অরোষণো যঃ সমলোষ্টাশ্মকাঞ্চনঃ প্রহীণশোকো গতসন্ধিবিগ্রহঃ।
নিন্দাপ্রশংসোপরতঃ প্রিয়াপ্রিয়ে ত্যজন্নুদাসীনবদেষ ভিক্ষুকঃ ॥৬॥
নীবারমূলেঙ্গুদশাকবৃত্তিঃ সুসংযতাত্মাগ্নিকার্য্যেষু চোদ্যঃ।
বনে বসন্নতিথিষ্বপ্রমত্তো ধুরন্ধরঃ পুণ্যকৃদেষ তাপসঃ ॥৭॥

ভারতকৌমুদী

"ভৃতকাধ্যাপনং তথা" ইতি মনুবচনৈকবাক্যত্বাৎ। নোদকার্হঃ ন পাদপ্রক্ষালনযোগ্যঃ। আতিথ্যন্তু কর্ত্তব্যমেবেতি ভাবঃ ॥৪॥

অবীতি। অবিক্রেয়ম্ আপদ্যপি ব্রাহ্মণক্ষত্রিয়াভ্যাম্, বৈশ্যস্য তু ন তাদৃগ্দোষঃ স্বধর্ম্মত্বাৎ। রক্তং রঞ্জিতম্, বাসো বস্ত্রম্, সর্ব্বগন্ধা অগুর্ব্বাদয়ঃ ॥৫॥

অরোষণ ইতি। অরোষণঃ অক্রোধশীলঃ। অশ্মা মণিঃ। উপরতো বিরতঃ। অস্মিন্ বয়সি ভবতা সর্বথৈব ঈদৃশেন ভিক্ষুকেণ ভাব্যমিতি ভাবঃ ॥৬॥

নীবারেতি। ইঙ্গুদং ফলম্। চোদ্যো গুরুণা প্রেষ্যঃ। অপ্রমত্তঃ সাবধানঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

॥৪॥ শ্রুতিবিক্রায়কপ্রসঙ্গাদন্যদপ্যবিক্রেয়ং যো ন বিক্রীণাতি সোঽপি মান্য এবেতি বিবক্ষয়াঽবিক্রেয়ান্যাহ—অবিক্রেয়মিতি ॥৫॥ দোষবানপ্যতিথিঃ পূজ্যঃ কিমুত গুণবানিতি বক্তুং তদ্গুণানাহ—অরোষণ ইতি। বিগ্রহঃ স্নেহবৈররহিতঃ উদাসীনবৎ রাগদ্বেষাদিরাহিত্যাৎ ॥৬॥ চোদ্যঃ বিধেয়ঃ সাবধান ইত্যর্থঃ। তাপসো দরিদ্রোঽপ্যতিথিষ্বপ্রমত্তো ভবেৎ কিং

তবে চিকিৎসক, শরনির্ম্মাতা, ব্রহ্মচর্য্যভ্রষ্ট, চৌর, ক্রূর, মদ্যপায়ী, ভ্রূণহত্যাকারী, সৈনিক এবং বেদবিক্রয়কারী, ইহারা অত্যন্তপ্রিয় অতিথি হইলেও পাদপ্রক্ষালনের যোগ্য নহে ॥৪॥

লবণ, পক্ব অন্ন, দধি, দুগ্ধ, মধু, তৈল, ঘৃত, তিল, মাংস, ফল, মূল, শাক, রঞ্জিত বস্ত্র, সর্ব্বপ্রকার গন্ধদ্রব্য এবং গুড়, এইগুলি আপৎকালেও ব্রাহ্মণক্ষত্রিয়ের বিক্রেয় নহে ॥৫॥

যিনি কাহারও উপরে ক্রোধ করেন না, মণি, কাঞ্চন ও লোষ্ট্রে সমান জ্ঞান করেন, শোকবিহীন থাকেন, কাহারও সহিত সন্ধি বা বিগ্রহ করেন না, নিন্দা ও প্রশংসা হইতে বিরত থাকেন এবং প্রিয় ও অপ্রিয় ত্যাগ করিয়া উদাসীনের ন্যায় বিচরণ করেন, তিনিই ভিক্ষুক ॥৬॥

যিনি উড়ীধান্য, মূল, ইঙ্গুদীফলের তৈল এবং শাকদ্বারা জীবিকানির্ব্বাহ করেন, সর্বদাই মনকে সংযত রাখেন, অগ্নিকার্য্যে গুরুর নিয়োগ মানিয়া চলেন,

অপকৃত্য বুদ্ধিমতো দূরস্থোঽস্মীতি নাশ্বসেৎ।
দীর্ঘৌ বুদ্ধিমতো বাহূ যাভ্যাং হিংসতি হিংসিতঃ ॥৮॥
ন বিশ্বসেদবিশ্বস্তে বিশ্বস্তে নাতিবিশ্বসেৎ।
বিশ্বাসাদ্ভয়মুৎপন্নং মূলান্যপি নিকৃন্ততি ॥৯॥
অনীর্ষ্যুর্গুপ্তদারশ্চ সংবিভাগী প্রিয়ংবদঃ।
শ্লক্ষ্ণো মধুরবাক্ স্ত্রীণাং ন চাসাং বশগো ভবেৎ ॥১০॥
পূজনীয়া মহাভাগাঃ পুণ্যাশ্চ গৃহদীপ্তয়ঃ।
স্ত্রিয়ঃ শ্রিয়ো গৃহস্যোক্তাস্তস্মাদ্রক্ষ্যা বিশেষতঃ ॥১১॥

ভারতকৌমুদী

উক্তমপ্যর্থং কিঞ্চিদ্বিশেষাভিধানায় পুনরাহ অপেতি। হিংসতি হিনস্তি ॥৮॥

নেতি। মূলানি যস্মিন্ বিষয়ে বিশ্বাসস্তস্য প্রধানস্থানানি ॥৯॥

অনীর্ষ্যুরিতি। অনীর্ষ্যুঃ সর্ব্বত্রৈর্ষ্যারহিতঃ, গুপ্তদারো রক্ষিতভার্য্যঃ, সংবিভাগী পরিজনেভ্যঃ সংবিভজ্যান্নাদিদাতা, সর্বত্র প্রিয়ংবদঃ, স্ত্রীণাং বিষয়ে তু শ্লক্ষ্ণঃ কোমলঃ, মধুরবাক্ চ ভবেৎ, কিন্তু আসাং স্ত্রীণাং বশগশ্চ ন ভবেৎ ॥১০॥

পারিবারিকং ধর্ম্মমাহ দ্বাভ্যাং পূজেতি। মহাভাগাঃ "স্ত্রিয়ঃ সমস্তাঃ সকলা জগৎসু" ইতি

ভারতভাবদীপঃ

পুনর্ভাগ্যবানিতি ভাবঃ ॥৭॥ দীর্ঘৌ বাহূ বুদ্ধ্যা দূরস্থমপ্যাদাতুং শক্তৃ ইত্যর্থঃ। হিংসতি হিনস্তি। অতিথিভক্তা দূরস্থা অপি পাণ্ডবা ন মেলনীয়া ইতি ভাবঃ ॥৮॥ অবিশ্বস্তে ভীমে ন বিশ্বাসঃ কার্য্যঃ ॥৯॥ অনীর্ষ্যুরিত্যাদিসার্দ্ধশ্লোকত্রয়স্য গুপ্তদারাঃ পাণ্ডবাঃ তেষাং স্ত্রী

বনে বাস করেন এবং অতিথির বিষয়ে সাবধান থাকেন, তিনিই পুণ্যকারী প্রধান তপস্বী ॥৭॥

বুদ্ধিমান্ লোকের অপকার করিয়া 'দূরে আছি' ভাবিয়া আশ্বস্ত থাকিবে না। কারণ, বুদ্ধিমান্ লোকের বাহুযুগল দীর্ঘই থাকে, যে বাহুযুগলদ্বারা তিনি অপকারীর প্রত্যপকার করিতে পারেন ॥৮॥

অবিশ্বস্ত লোকের প্রতি বিশ্বাস করিবে না এবং বিশ্বস্ত লোকের প্রতিও অত্যন্ত বিশ্বাস করিবে না। কারণ, বিশ্বাস হইতে ভয় জন্মিয়া মূলও ছেদন করিয়া থাকে ॥৯॥

কাহারও উপরে ঈর্ষ্যা করিবে না, সর্ব্বদাই ভার্য্যাকে রক্ষা করিবে, সমীচীনভাবে ভাগ করিয়া পরিজনবর্গকে অন্নপ্রভৃতি দান করিবে এবং সর্ব্বত্র প্রিয়ভাষী হইবে; আর স্ত্রীলোকদের নিকটে কোমল ও মধুরভাষী হইবে; কিন্তু তাহাদের বশবর্ত্তী হইবে না ॥১০॥

পিতুরন্তঃ পুরং দদ্যান্মাতুর্দদ্যান্মহানসম্।
গোষু চাত্মসমং দদ্যাৎ স্বয়মেব কৃষিং ব্রজেৎ।
ভৃত্যৈর্বাণিজ্যচারঞ্চ পুত্রৈঃ সেবেত চ দ্বিজান্ ॥১২॥
অদ্ভ্যোঽগ্নির্ব্রহ্মতঃ ক্ষত্রমশ্মনো লোহমুত্থিতম্।
তেষাং সর্ব্বত্রগং তেজঃ স্বাসু যোনিষু শাম্যতি ॥১৩॥
নিত্যং সন্তঃ কুলে জাতাঃ পাবকোপমতেজসঃ।
ক্ষমাবন্তো নিরাকারাঃ কাষ্ঠেঽগ্নিরিব শেরতে ॥১৪॥

ভারতকৌমুদী

মার্কণ্ডেয়পুরাণবচনেন দুর্গারূপতয়োক্তত্বাদিতি ভাবঃ। গৃহস্য দীপ্তয় আলোকস্বরূপাঃ। স্ত্রিয়ো লক্ষ্মীভূতাঃ। অতএব পূজনীয়া বিশেষতো রক্ষ্যাশ্চ ॥১১॥

পিতুরিতি। দদ্যাৎ, রক্ষণাবেক্ষণার্থমিতি সর্ব্বত্র ভাবঃ। মহানসং পাকস্থানম্। আত্মসমং স্বতুল্যং লোকম্। বাণিজ্যচারং বাণিজ্যব্যাপারং পশ্যেৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১২॥

ক্ষত্রিয়েণ ব্রাহ্মণসম্মানং কর্ত্তব্যমিত্যাহ অদ্ভ্য ইতি। অদ্ভ্যো জলাৎ, ব্রহ্মতো ব্রাহ্মণাৎ, অশ্মনঃ পাষাণাৎ। তেষামগ্নিক্ষত্রলোহানাম্। যোনিষু জলাদিষু ॥১৩॥

পূর্ব্বং পাণ্ডবাদ্যভিপ্রায়েণোক্তম্, ইদানীন্তু সাধারণসদভিপ্রায়েণ পুনরেব তদাহ নিত্যমিতি। সন্তঃ সাধবঃ, কুলে সদ্বংশে। নিরাকারা বহিরপ্রকাশিতস্বরূপাঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

শ্রীতুল্যা দ্রৌপদী সা পিত্রা ত্বয়া রক্ষণীয়৷ৈবাতস্তদতিক্রমাত্তব ভয়মস্তীতি তাৎপর্য্যম্ ॥১০—১২॥ প্রসঙ্গাৎ প্রকৃতেঽনুপযুক্তানপি ধর্ম্মানাহ—অদ্ভ্য ইতি। এতেষাঞ্চ যথালাভং প্রকৃতোপযোগিত্বমপ্যূহ্যম্। অদ্ভ্য ইত্যাদিনা মৈত্রেয়াদীনাং ব্রাহ্মণানামবজ্ঞা ন কার্য্যেতি সূচিতম্ ॥১৩—১৪॥

মহিলারা ভাগ্যবতী, পবিত্রা এবং গৃহের আলোক ও লক্ষ্মীস্বরূপা। সুতরাং তাঁহাদের সম্মান করিবে এবং বিশেষভাবে রক্ষা করিবে ॥১১॥

গৃহস্থ (রক্ষণাবেক্ষণের জন্য) পিতার হস্তে অন্তঃপুর এবং মাতার হস্তে পাকগৃহ সমর্পণ করিবে, গোসেবার জন্য নিজের তুল্য লোককে নিযুক্ত করিবে, ভৃত্যগণদ্বারা বাণিজ্য পর্য্যবেক্ষণ করিবে, পুত্রগণদ্বারা ব্রাহ্মণসেবা করাইবে এবং নিজে কৃষিস্থানে গমন করিবে ॥১২॥

জল হইতে অগ্নি, ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয় এবং পাষাণ হইতে লৌহ জন্মিয়াছে; সে অগ্নিপ্রভৃতির তেজ সর্বত্র প্রসৃত হইয়া থাকে বটে, কিন্তু তাহা আপন আপন কারণে বিলীন হইয়া যায় ॥১৩॥

অগ্নির ন্যায় তেজস্বী এবং ক্ষমাশীল সৎকুলজাত সজ্জনেরা কাষ্ঠে অগ্নির তুল্য সর্ব্বদাই স্বরূপ গোপন করিয়া অবস্থান করেন ॥১৪॥

যস্য মন্ত্রং ন জানন্তি বাহ্যাশ্চাভ্যন্তরাশ্চ যে।
স রাজা সর্ব্বতশ্চক্ষুশ্চিরমৈশ্বর্য্যমশ্নুতে ॥১৫॥
করিষ্যন্ ন প্রভাষেত কৃতান্যেব তু দর্শয়েৎ।
ধর্ম্মকামার্থকার্য্যাণি তথা মন্ত্রো ন ভিদ্যতে ॥১৬॥
গিরিপৃষ্ঠমুপারুহ্য প্রাসাদং বা রহোগতঃ।
অরণ্যে নিঃশলাকে বা তত্র মন্ত্রো বিধীয়তে ॥১৭॥
নাসুহৃৎ পরমং মন্ত্রং ভারতার্হতি বেদিতুম্।
অপণ্ডিতো বাপি সুহৃৎ পণ্ডিতো বাঽপ্যনাত্মবান্ ॥১৮॥
নাপরীক্ষ্য মহীপালঃ কুর্য্যাৎ সচিবমাত্মনঃ।
অমাত্যে হ্যর্থলিপ্সা চ মন্ত্ররক্ষণমেব চ ॥১৯॥

ভারতকৌমুদী

রাজধর্ম্মমাহ যস্যেতি। যে তিষ্ঠন্তি তে জনাঃ। সর্ব্বতশ্চক্ষুঃ সর্ববিষয়দর্শী ॥১৫॥
মন্ত্রগুপ্তিপ্রকারমাহ করিষ্যন্নিতি। কৃতান্যেব তু ধর্ম্মকামার্থকার্য্যাণীতি সম্বন্ধঃ ॥১৬॥
গিরীতি। নিঃশলাকে নির্জনে, "বিবিক্তবিজনচ্ছন্ননিঃশলাকাস্তথা রহঃ" ইত্যমরঃ ॥১৭॥
নেতি। অনাত্মবান্, অধীরস্বভাবঃ। সর্বত্র ভেদসম্ভবাদিতি ভাবঃ ॥১৮॥
নেতি। হি যস্মাৎ, অর্থলিপ্সা কার্য্যসিদ্ধিলাভেচ্ছা ॥১৯॥

ভারতভাবদীপঃ

সর্ব্বতশ্চক্ষুশ্চারৈঃ পরমন্ত্রং জানন্ ॥১৫—১৬॥ নিঃশলাকে তৃণৈরনাবৃতে তত্রাপি কশ্চিল্লীনশ্চেন্মন্ত্রভেদঃ সম্ভবেদিতি ভাবঃ ॥১৭॥ অনাত্মবান্ চপলবাক্ ॥১৮—১৯॥ পারিষদাঃ সভা-

যাহারা বাহিরের লোক বা ভিতরের লোক, তাহারা যাঁহার মন্ত্রণার বিষয় জানিতে পারে না, সর্বদর্শী সেই রাজাই চিরকাল ঐশ্বর্য্য ভোগ করেন ॥১৫॥

রাজা যে সকল কার্য্য করিবেন, সেগুলির বিষয় পূর্ব্বে বলিবেন না এবং ধর্ম্ম, অর্থ ও কামবিষয়ের কার্য্য সকল করা হইয়া গেলে, তাহার পরই সেগুলিকে দেখাইবেন; এইরূপ করিলেই মন্ত্রণার বিষয় প্রকাশ পায় না ॥১৬॥

পর্বত বা অট্টালিকার উপরে আরোহণ করিয়া নির্জনে থাকিয়া কিংবা বনে বা অন্য কোন নির্জনস্থানে বসিয়া মন্ত্রণা করিবে ॥১৭॥

ভরতনন্দন! অসুহৃৎ বা অপণ্ডিত, কিংবা সুহৃৎ ও পণ্ডিত হইলেও অধীরপ্রকৃতি, ইহাদিগকে বিশেষ মন্ত্রণা জানিতে দেওয়া উচিত নহে ॥১৮॥

রাজা পরীক্ষা না করিয়া কাহাকেও নিজের মন্ত্রী করিবেন না। কারণ, কার্য্যসিদ্ধি বা মন্ত্রগুপ্তি মন্ত্রীর উপরেই নির্ভর করে ॥১৯॥

(১৭)···মন্ত্রোঽভিধীয়তে—বা ব রা নি।

কৃতানি সর্ব্বকার্য্যাণি যস্য পারিষদা বিদুঃ।
ধর্ম্মে চার্থে চ কামে চ স রাজা রাজসত্তমঃ।
গূঢ়মন্ত্রস্য নৃপতেস্তস্য সিদ্ধিরসংশয়া ॥২০॥
অপ্রশস্তানি কার্য্যাণি যো মোহাদনুতিষ্ঠতি।
স তেষাং বিপরিভ্রংশাদ্ভ্রশ্যতে জীবিতাদপি ॥২১॥
কর্ম্মণান্তু প্রশস্তানামনুষ্ঠানং সুখাবহম্।
তেষামেবাননুষ্ঠানং পশ্চাত্তাপকরং মতম্ ॥২২॥
অনধীত্য যথা বেদান্ ন বিপ্রঃ শ্রাদ্ধমর্হতি।
এবমশ্রুতষাড়্গুণ্যো ন মন্ত্রং শ্রোতুমর্হতি ॥২৩॥
স্থানবৃদ্ধিক্ষয়জ্ঞস্য ষাড়্গুণ্যবিদিতাত্মনঃ।
অনবজ্ঞাতশীলস্য স্বাধীনা পৃথিবী নৃপ! ॥২৪॥

ভারতকৌমুদী

কৃতানীতি। কৃতানি, ন তু ক্রিয়মাণানি করিষ্যমাণানি বা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥

অপ্রেতি। অপ্রশস্তানি পরকীয়তীর্থস্থানাক্রমণাদীনি ॥২১॥

কর্ম্মণামিতি। প্রশস্তানাং কূপারামাদীনাম্ ॥২২॥

অনেতি। শ্রাদ্ধং নার্হতি, পঙ্ক্ত্যপাবনত্বাদিতি ভাবঃ। "সন্ধির্না বিগ্রহো যানমাসনং দ্বৈধমাশ্রয়ঃ। ষড়্গুণাঃ" ইত্যমরঃ। চাতুর্বর্ণ্যাদিত্বাৎ স্বার্থে ষ্যণ্ ॥২৩॥

ভারতভাবদীপঃ

সদঃ কৃতান্যেব বিদুঃ কিমুতান্যে ॥২০॥ অপ্রশস্তানি নিন্দ্যানি, বিপরিভ্রংশাৎ বিপরীতত্বেন ভ্রংশাৎ ॥২১—২২॥ ষাড়্গুণ্যং ষণ্ণাং সন্ধিবিগ্রহযানাসনদ্বৈধীভাবসমাশ্রয়াণাং সমূহঃ, ন শ্রুতো যেন সঃ ॥২৩॥ ষাড়্গুণ্যাভিজ্ঞত্বেন বিদিত আত্মা স্বরূপং যস্য তস্য। স্থানং যথা-

ধর্ম্ম, অর্থ ও কামবিষয়ের সকল কার্য্য করা হইয়া গেলে পরই যাঁহার পারিষদগণ সেগুলি জানিতে পারে, সেই রাজাই উত্তম রাজা এবং মন্ত্রগুপ্তি-নিবন্ধন সেই রাজারই নিঃসন্দেহে কার্য্যসিদ্ধি হইয়া থাকে ॥২০॥

যে রাজা মোহবশতঃ অপ্রশস্ত কার্য্যের অনুষ্ঠান করেন, তিনি সেই সকল কার্য্যের ব্যাঘাত হয় বলিয়াই আপন জীবন হইতেও ভ্রষ্ট হইয়া থাকেন ॥২১॥

প্রশস্ত কার্য্যের অনুষ্ঠান করিলে সুখ হয়, আবার সেই প্রশস্ত কার্য্যেরই অনুষ্ঠান না করিলে, পরে অনুতাপ জন্মে ॥২২॥

ব্রাহ্মণ যেমন বেদ অধ্যয়ন না করিয়া শ্রাদ্ধের পাত্র হইবার যোগ্য হন না, তেমন কেহই সন্ধি-বিগ্রহপ্রভৃতি ষড়্গুণ না জানিয়া মন্ত্রণা শুনিবার যোগ্য হয় না ॥২৩॥

---

(২০)…সিদ্ধিরসংশয়ম্—বা ব রা নি। (২১)…মোহাদনুতিষ্ঠতে…পি।

অমোঘক্রোধহর্ষস্য স্বয়ং কৃত্যানুবেক্ষিণঃ।
আত্মপ্রত্যয়কোষস্য বসুদৈব বসুন্ধরা ॥২৫॥
নামমাত্রেণ তুষ্যেত চ্ছত্রেণ চ মহীপতিঃ।
ভৃত্যেভ্যো বিসৃজেদর্থান্ নৈকঃ সর্বহরো ভবেৎ ॥২৬॥
ব্রাহ্মণো ব্রাহ্মণং বেদ ভর্ত্তা বেদ স্ত্রিয়ং তথা।
অমাত্যো নৃপতিং বেদ রাজা রাজানমেব চ ॥২৭॥
ন শত্রুর্বশমাপন্নো মোক্তব্যো বধ্যতাং গতঃ।
ন্যগ্‌ভূত্বা পর্য্যুপাসীত বধ্যং হন্যাদ্বলে সতি।
অহতাদ্ধি ভয়ং তস্মাজ্জায়তে নচিরাদিব ॥২৮॥

ভারতকৌমুদী

স্থানেতি। ষাড়্‌গুণ্যে বিদিতো জ্ঞানবান্ আত্মা যস্য তস্য। "স বর্ণিলিঙ্গী বিদিতঃ সমাযযৌ" ইত্যাদিবৎ কর্ত্তরি ক্তঃ অর্শ আদিত্বাদস্ত্যর্থে অদ্ধা ॥২৪॥

অমোঘেতি। কৃত্যানুবেক্ষিণো ভৃত্যানাং কার্য্যদর্শিনঃ। আত্মন এব প্রত্যয়ঃ পর্য্যবেক্ষণজন্যং জ্ঞানং যস্মিন্ স তাদৃশঃ কোষো যস্য তস্য। বসুদা ধনদাত্রী ॥২৫॥

নামেতি। নামমাত্রেণ কেবলেন রাজনাম্না ছত্রেণ চ ॥২৬॥

ব্রাহ্মণ ইতি। বেদ জানাতি। সাজাত্যং সান্নিধ্যঞ্চ জ্ঞানকারণমিতি ভাবঃ ॥২৭॥

ভারতভাবদীপঃ

স্থিতত্বাবস্থা। অনবজ্ঞাতং সংকৃতং শীলমস্য ॥২৪॥ নবেক্ষিণ ইতি পাঠে নবমিবাদরেণ ঈক্ষিতুং শীলমস্য, আত্মনৈব প্রত্যয়ো জ্ঞানং যস্য স্বয়মেব জ্ঞাতকোষস্য ॥২৫॥ নামমাত্রেণৈব

নরনাথ! যে রাজা স্থিতি, বৃদ্ধি ও হ্রাসের কারণ জানেন, সন্ধিবিগ্রহপ্রভৃতি ছয়টী গুণের বিষয়ই বোঝেন এবং যে রাজার চরিত্রের উপরে কেহ অবজ্ঞা করে না, পৃথিবীটাই সেই রাজার অধীন থাকে ॥২৪॥

যাঁহার ক্রোধ বা হর্ষ নিষ্ফল হয় না, যিনি নিজে সকল কার্য্য পর্য্যবেক্ষণ করেন এবং কোষগুলি যাঁহার জানা থাকে, সেই রাজাকেই পৃথিবী ধন দিয়া থাকে ॥২৫॥

কেবল 'রাজা'-নাম ও কেবল রাজার ছত্র লইয়াই রাজা সন্তুষ্ট থাকিবেন, ভোগ্য বস্তু সকল ভৃত্যপ্রভৃতিকে বিতরণ করিবেন, কিন্তু নিজে সমস্ত হরণ করিবেন না ॥২৬॥

ব্রাহ্মণ ব্রাহ্মণকে, ভর্ত্তা ভার্য্যাকে, মন্ত্রী রাজাকে এবং এক রাজা অপর রাজাকে চিনিতে পারেন ॥২৭॥

(২৫)…স্বয়ং কৃত্যান্বেক্ষিণঃ…বা ব রা নি। (২৭)…অমাত্যং নৃপতির্বেদ…বা ব রা নি।

দৈবতেষু প্রযত্নেন রাজসু ব্রাহ্মণেষু চ।
নিয়ন্তব্যঃ সদা ক্রোধো বৃদ্ধবালাতুরেষু চ ॥২৯॥
নিরর্থং কলহং প্রাজ্ঞো বর্জয়েন্মূঢ়সেবিতম্।
কীর্ত্তিঞ্চ লভতে লোকে ন চানর্থেন যুজ্যতে ॥৩০॥
প্রসাদো নিষ্ফলো যস্য ক্রোধশ্চাপি নিরর্থকঃ।
ন তং ভর্ত্তারমিচ্ছন্তি ষণ্ডং পতিমিব স্ত্রিয়ঃ ॥৩১॥
ন বুদ্ধির্ধনলাভায় ন জাড্যমসমৃদ্ধয়ে।
লোকপর্য্যায়বৃত্তান্তং প্রাজ্ঞো জানাতি নেতরঃ ॥৩২॥

ভারতকৌমুদী

নেতি। বধ্যতাং গতো বিচারে। স্যক্ স শত্রুরেব নীচো ভূত্বা, পর্য্যুপাসীত আত্মানং সেবেত, কিন্তু বলে সতি বধ্যমাত্মানং হন্যাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥

দৈবতেষ্বিতি। নিয়ন্তব্যো নিরোদ্ধব্যঃ, গৌরবাদ্দয়াবশাচ্চেতি ভাবঃ ॥২৯॥

নিরর্থমিতি। লোকে কীর্ত্তিঞ্চ লভতে অনর্থেন চ ন যুজ্যতে, কলহবর্জনাৎ ॥৩০॥

প্রেতি। প্রসাদঃ অনুগ্রহঃ। ইচ্ছন্তি প্রজাঃ। ষণ্ডং নপুংসকম্ ॥৩১॥

নেতি। জাড্যং নির্বুদ্ধিতা। লোকপর্য্যায়স্য ইহলোকপরলোকক্রমস্য বৃত্তান্তম্ ॥৩২॥

ভারতভাবদীপঃ

রাজা ভবেৎ ভোগাংস্তু ভৃত্যৈঃ সমানানেব ভুঞ্জীত ॥২৬—৩১॥ লোকস্য পর্যায়ঃ ইহলোক-পরলোকবত্ত্বং তেন তদ্বিষয়বৃত্তান্তং কর্ম্মফলাদীনস্বরূপং প্রাজ্ঞো জানাতি ন তু বুদ্ধ্যা ধনং জাড্যেন বা দারিদ্র্যং লভ্যতে, সর্বত্র ব্যভিচারদর্শনাদিতি ভাবঃ ॥৩২॥ অভিজাতঃ কুলীনঃ

শত্রু বশীভূত হইয়া বিচারে বধ্য বলিয়া নির্দ্দিষ্ট হইলে আর তাহাকে ছাড়িয়া দিবে না। কারণ, সে শত্রু প্রথমে নম্র হইয়া সেবা করে, পরে বল হইলেই বধ করে। সুতরাং অনিহত শত্রু হইতে অচিরকালমধ্যেই ভয় জন্মিয়া থাকে ॥২৮॥

দেবতা, ব্রাহ্মণ, রাজা, বৃদ্ধ, বালক ও রোগীর উপরে যত্নপূর্ব্বক সর্ব্বদাই ক্রোধ সংবরণ করিবে ॥২৯॥

বুদ্ধিমান্ লোক মূঢ়সেবিত নিরর্থক কলহ বর্জন করিবেন; তাহাতে তিনি লোকসমাজে কীর্ত্তিলাভও করিবেন, বিপন্নও হইবেন না ॥৩০॥

স্ত্রীলোকেরা যেমন নপুংসক পতি ইচ্ছা করে না, সেইরূপ যাহার অনুগ্রহও নিষ্ফল, ক্রোধও নিরর্থক, সেইরূপ লোককে প্রজারা রাজা ইচ্ছা করে না ॥৩১॥

বুদ্ধি ধনলাভের কারণ নহে, নির্বুদ্ধিতা দারিদ্র্যের হেতু নহে এবং ইহলোক ও পরলোকের ক্রমবৃত্তান্ত জ্ঞানী লোকই জানেন, কিন্তু মূর্খ জানে না ॥৩২॥

বিদ্যাশীলবয়োবৃদ্ধান্ বুদ্ধিবৃদ্ধাংশ্চ ভারত ! ।
ধনাভিজাতবৃদ্ধাংশ্চ নিত্যং মূঢ়োঽবমন্যতে ॥৩৩॥
অনার্য্যবৃত্তমপ্রাজ্ঞমসূয়কমধার্ম্মিকম্ ।
অনর্থাঃ ক্ষিপ্রমায়ান্তি বাগ্‌দুষ্টং ক্রোধনং তথা ॥৩৪॥
অবিসংবদনং দানং সময়স্যাব্যতিক্রমঃ ।
আবর্ত্তয়তি ভূতানি সম্যক্ প্রণিহিতা চ বাক্ ॥৩৫॥
অবিসংবাদকো দক্ষঃ কৃতজ্ঞো মতিমানৃজুঃ ।
অপি সংক্ষীণকোষস্তু লভতে পরিবারণম্ ॥৩৬॥
ধৃতিঃ শমো দমঃ শৌচং কারুণ্যং বাগনিষ্ঠুরা ।
মিত্রাণাঞ্চানভিদ্রোহঃ সপ্তৈতাঃ সমিধঃ শ্রিয়ঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

বিদ্যেতি। ধনেন অভিজাতেন কুলেন চ বৃদ্ধাঃ শ্রেষ্ঠাস্তান্ ॥৩৩॥

অনার্য্যেতি। অনার্য্যবৃত্তমসচ্চরিত্রম্। বাগ্ দুষ্টা যস্য তম্ ॥৩৪॥

অবীতি। অবিসংবদনং বিবাদাকরণম্, দানম্, সময়স্য মর্য্যাদায়াঃ, অব্যতিক্রমঃ অলঙ্ঘনম্, সম্যক্ প্রণিহিতা প্রণিধানপূর্ব্বকমুক্তা যথাযুক্তেত্যর্থঃ বাক্ চ ভূতানি জনান্, আবর্ত্তয়তি আত্মাভিমুখীকরোতি বশীকরোতীত্যর্থঃ ॥৩৫॥

অবীতি। অবিসংবাদকঃ অবিবাদকরঃ। মতিমান্ বুদ্ধিমান্, ঋজুঃ সরলঃ। সংক্ষীণ-কোষোঽপি সাকল্যেন নষ্টধনোঽপি। পরিবারণং মিত্রাদিপরিবারম্ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

॥৩৩—৩৪॥ অবিসংবাদনং বঞ্চনাশূন্যম্, সময়স্য স্বপরকৃতমর্য্যাদায়াঃ, আবর্ত্তয়ন্তি শক্রনপি স্বীয়ান্ কুর্ব্বন্তি, প্রণিহিতা প্রযুক্তা ॥৩৫॥ পরিবারণং পরিবারান্ ভৃত্যমিত্রাদীন্ ॥৩৬॥ সমিধঃ

ভরতনন্দন ! বিদ্যা, চরিত্র, বয়স, বুদ্ধি, ধন ও কৌলীন্যের গুণে যাঁহারা প্রধান, তাঁহাদিগকে মূর্খেরা সর্বদাই অবমাননা করে ॥৩৩॥

অসচ্চরিত্র, মূর্খ, অসূয়াকারী অধার্ম্মিক, বাক্যদোষী ও ক্রোধীর উপরে সত্বরই বিপদ্ উপস্থিত হয় ॥৩৪॥

বিবাদ না করা, দান করা, মর্য্যাদালঙ্ঘন না করা এবং যথাযোগ্য বাক্য বলা, এইগুলি সকল লোককেই বশীভূত করে ॥৩৫॥

যিনি কাহারও সহিত বিবাদ করেন না, অথ চ দক্ষ, কৃতজ্ঞ, বুদ্ধিমান্ ও সরলপ্রকৃতি হন, তাঁহার সমস্ত ধন নষ্ট হইয়া গেলেও তিনি আত্মীয়-স্বজন লাভ করেন ॥৩৬॥

(৩৩)···বিমন্যতে—পি। (৩৫) অবিসংবাদনম্···বা ব রা নি। (৩৬)···কোষোঽপি ···বা ব রা নি।

অসংবিভাগী দুষ্টাত্মা কৃতঘ্নো নিরপত্রপঃ।
তাদৃঙ্ নরাধমো লোকে বর্জনীয়ো নরাধিপ! ॥৩৮॥
ন স রাত্রৌ সুখং শেতে সসর্প ইব বেশ্মনি।
যঃ কোপয়তি নির্দ্দোষং সদোষোঽভ্যন্তরং জনম্ ॥৩৯॥
যেষু দুষ্টেষু দোষঃ স্যাদ্‌যোগক্ষেমস্য ভারত!।
সদা প্রসাদনং তেষাং দেবতানামিবাচরেৎ ॥৪০॥
যেঽর্থাঃ স্ত্রীষু সমাযুক্তাঃ প্রমত্তপতিতেষু চ।
যে চানার্য্যে সমাসক্তাঃ সর্বে তে সংশয়ং গতাঃ ॥৪১॥

ভারতকৌমুদী

ধৃতিরিতি। ধৃতির্ধৈর্য্যম্, শমোঽন্তরিন্দ্রিয়নিগ্রহঃ, দমো বহিরিন্দ্রিয়দমনম্। শ্রিয়ঃ অগ্নিস্বরূপায়া লক্ষ্ম্যাঃ, সমিধঃ সমিৎস্বরূপা বৃদ্ধিকরাঃ ॥৩৭॥

অসমিতি। অসংবিভাগী পরিজনেভ্যো বিভজ্য সুস্বাদুদ্রব্যাণামদাতা, দুষ্টাত্মা খলস্বভাবঃ, নিরপত্রপো নির্লজ্জঃ ॥৩৮॥

নেতি। স্বয়ং সদোষঃ সন্নপি, অভ্যন্তরম্ অন্তরঙ্গীভূতম্ ॥৩৯॥

যেষ্বিতি। অনাগতস্যানয়নং যোগঃ, আগতস্য রক্ষণং ক্ষেমম্ ॥৪০॥

য ইতি। অর্থা বিষয়াঃ। প্রমত্তা অসাবধানাঃ পতিতাশ্চাণ্ডালাদয়শ্চ তেষু। অনার্য্যে অসজ্জনে। সংশয়ং গতাঃ স্থাস্যন্তি নঙ্ক্ষ্যন্তি বেত্যর্থঃ ॥৪১॥

ধৈর্য্য, শম, দম, শৌচ, দয়া, কোমলবাক্য এবং মিত্রদ্রোহ না করা, এই সাতটী গুণ সম্পদ্‌বৃদ্ধি করে ॥৩৭॥

রাজা! যে লোক সুস্বাদু বস্তু বিভক্ত করিয়া পরিজনদিগকে দেয় না, অথ চ খলস্বভাব, কৃতঘ্ন ও নির্লজ্জ হয়, জগতে সেরূপ নরাধমকে পরিত্যাগ করিবে ॥৩৮॥

যে লোক নিজে দোষী হইয়াও নির্দ্দোষ অন্তরঙ্গ লোকদিগকে ক্রুদ্ধ করে, সে লোক সর্পযুক্ত গৃহের ন্যায় রাত্রিতে নিরুদ্বেগে শয়ন করিতে পারে না ॥৩৯॥

ভরতনন্দন! যে সকল লোক অসন্তুষ্ট হইলে, যোগ-ক্ষেমের (সাংসারিক ব্যাপারের) দোষ উপস্থিত হয়, সেই সকল লোককে দেবগণেরই তুল্য সন্তুষ্ট রাখিবে ॥৪০॥

স্ত্রীলোক, অসাবধান লোক, নীচ লোক এবং অসৎ লোকের উপরে যে সকল কার্য্য বিন্যস্ত করা হয়, সে সকল কার্য্য সংশয়াপন্ন হইয়া থাকে ॥৪১॥

(৩৮)...তাদৃঙ্ নরাধিপঃ...বা ব রা. নি। (৪১) স্ত্রীষু সমাসক্তাঃ...পি।

যত্র স্ত্রী যত্র কিতবো বালো যত্রানুশাসিতা।
মজ্জন্তি তেঽবশা রাজন্! নদ্যামশ্মপ্লবা ইব ॥৪২॥
প্রয়োজনেষু যে সক্তা ন বিশেষেষু ভারত!।
তানহং পণ্ডিতান্ মন্যে বিশেষা হি প্রসঙ্গিনঃ ॥৪৩॥
যং প্রশংসন্তি কিতবা যং প্রশংসন্তি চারণাঃ।
যং প্রশংসন্তি বন্ধক্যো ন স জীবতি মানবঃ ॥৪৪॥
হিত্বা তান্ পরমেষ্বাসান্ পাণ্ডবানমিতৌজসঃ।
আহিতং ভারতৈশ্বর্য্যং ত্বয়া দুর্য্যোধনে মহৎ ॥৪৫॥

ভারতকৌমুদী

যত্রেতি। তে তত্রত্যাঃ পদার্থাঃ। অশ্মপ্লবাঃ প্রস্তরনির্ম্মিতাঃ প্লবাঃ ॥৪২॥

প্রেতি। হে ভারত! প্রয়োজনেষু সাধারণকার্য্যেষু, সক্তা ব্যাপৃতা যে জনাঃ, বিশেষেষু প্রয়োজনেষু, ন প্রসজ্জন্তীতি শেষঃ, অহং তান্ পণ্ডিতান্ বুদ্ধিমতো মন্যে। হি যস্মাৎ, বিশেষা বিশেষপ্রয়োজনসক্তা জনাঃ, প্রসঙ্গিনো বিপৎসংসর্গিণো ভবন্তি ॥৪৩॥

যমিতি। কিতবা ধূর্ত্তাঃ। চারণাঃ স্তুতিপাঠকা নটা বা। বন্ধক্যো দুশ্চরিত্রাঃ স্ত্রিয়ঃ। ন জীবতি, তৈরাকৃষ্টতয়া ক্রমিকক্ষয়াদিতি ভাবঃ ॥৪৪॥

হিত্বেতি। পরমেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্। আহিতং ন্যস্তম্, ঐশ্বর্য্যং প্রভুত্বম্ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

উদ্দীপিকাঃ ॥৩৭॥ অসংবিভাগী পোষ্যেভ্যোঽদত্ত্বা স্বয়ং ভুঞ্জানঃ ॥৩৮—৩৯॥ দুষ্টেষু দূষিতেষু বেতনাদ্যতিক্রমাৎ ॥৪০॥ সমাসক্তা নিহিতাঃ, সংশয়ং গতাঃ কদাচিৎ প্রাপ্যা ইত্যর্থঃ ॥৪১—৪২॥ যে ভৃত্যাঃ বিশেষা আধিক্যানি তেষু হি প্রদর্শ্যমানেষু পরস্পরং স্বীয়ানামেব কলহপ্রসঙ্গাদ্যথা প্রয়োজনং নশ্যতীতি ভাবঃ। প্রসঙ্গিনঃ প্রসঙ্গঃ সজ্জনসংস্কারিণঃ ॥৪৩—৪৬॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৮॥

রাজা! প্রস্তরনির্ম্মিত ভেলা যেমন নদীতে মগ্ন হইয়া যায়, সেইরূপ যেখানে স্ত্রীলোক, যেখানে ধূর্ত্তলোক এবং যেখানে বালক শাসনকর্ত্তা হয়, সেখানের সমস্ত বস্তুই লয় পাইয়া যায় ॥৪২॥

ভরতনন্দন! সাধারণকার্য্যে ব্যাপৃত যে সকল লোক বিশেষকার্য্যে যাইয়া ব্যাপৃত হয় না, তাহাদিগকে আমি বুদ্ধিমান্ বলিয়া মনে করি। কারণ, বিশেষ-কার্য্যে ব্যাপৃত লোকেরা বিপন্ন হইয়া পড়ে ॥৪৩॥

ধূর্ত্তেরা যাহার প্রশংসা করে, নর্ত্তকেরা যাহার প্রশংসা করে এবং দুশ্চরিত্র রমণীরা যাহার প্রশংসা করে, সে মানুষ জীবিত থাকে না ॥৪৪॥

ভরতনন্দন! আপনি সেই মহাধনুর্দ্ধর ও অমিততেজা পাণ্ডবগণকে পরি-ত্যাগ করিয়া দুর্য্যোধনের উপরে গুরুতর প্রভুত্ব স্থাপন করিয়াছেন ॥৪৫॥

তং দ্রক্ষ্যসি পরিভ্রষ্টং তস্মাত্ত্বমচিরাদিব।
ঐশ্বর্য্যমদসংমূঢ়ং বলিং লোকত্রয়াদিব ॥৪৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি
প্রজাগরে বিদুরবাক্যে অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

উনচত্বারিংশোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

অনীশ্বরোঽয়ং পুরুষো ভবাভবে সূত্রপ্রোতা দারুময়ীব যোষা।
ধাত্রা তু দিষ্টস্য বশে কৃতোঽয়ং তস্মাদ্বদ ত্বং শ্রবণে ধৃতোঽহম্ ॥১॥

ভারতকৌমুদী

তমিতি। তং দুর্য্যোধনম্, তস্মাদৈশ্বর্য্যাৎ। বলিং তদাখ্যং দৈত্যম্ ॥৪৬॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি প্রজাগরে অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

অথ প্রাগুক্তং বিদুরবাক্যমনাস্থয়া অশৃণ্বন্নিব বিষয়ান্তরং জিজ্ঞাসতে অনীশ্বর ইতি। সূত্রেণ প্রোতা গ্রথিতা দারুময়ী যোষা ইব, অয়ং পুরুষঃ, ভবাভবে আত্মনঃ শুভাশুভসম্পাদনে, অনীশ্বরঃ অসমর্থঃ। যেন হি ধাত্রা অয়ং পুরুষঃ, দিষ্টস্য দৈবস্য বশে কৃতঃ। এতেন দুর্য্যোধনাদাকৃষ্য যুধিষ্ঠিরায় রাজ্যমর্পয়িতুং দৈবাদেবাশক্তোঽস্মীতি সূচিতম্। তস্মাত্ত্বং ধর্ম্মান্তরং বদ, অহং তস্য শ্রবণে ধৃতো ধৃতিমান্ উৎসুক ইত্যর্থঃ ॥১॥

অতএব আপনি, ত্রিভুবন হইতে বলিরাজার ন্যায় ঐশ্বর্য্যমদমূঢ় দুর্য্যোধনকে অচিরকালমধ্যেই সেই প্রভুত্ব হইতে পরিভ্রষ্ট দেখিবেন' ॥৪৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'বিদুর! সূত্রবদ্ধ কাষ্ঠময়ী পুত্তলিকা যেমন নিজের শুভাশুভসম্পাদনে অসমর্থ, সেইরূপ এই মনুষ্যগণও নিজের শুভাশুভসম্পাদনে অসমর্থ। কারণ, বিধাতাই মনুষ্যগণকে দৈবের অধীন করিয়া রাখিয়াছেন। অতএব তুমি অপর ধর্ম্মের কথা বল, আমি তাহাই শুনিবার জন্য উৎকণ্ঠিত হইয়াছি' ॥১॥

(৪৬)…নচিরাদিব…পি।

বিদুর উবাচ।

অপ্রাপ্তকালং বচনং বৃহস্পতিরপি ব্রুবন্।
লভতে বুদ্ধ্যবজ্ঞানমবমানঞ্চ ভারত! ॥২॥
প্রিয়ো ভবতি দানেন প্রিয়বাদেন চাপরঃ।
মন্ত্রমূলবলেনান্যো যঃ প্রিয়ঃ প্রিয় এব সঃ ॥৩॥
দ্বেষ্যো ন সাধুর্ভবতি ন মেধাবী ন পণ্ডিতঃ।
প্রিয়ে শুভানি কার্য্যাণি দ্বেষ্যে পাপানি চৈব হ ॥৪॥
উক্তং ময়া জাতমাত্রেঽপি রাজন্! দুর্য্যোধনং ত্যজ পুত্রং ত্বমেকম্।
তস্য ত্যাগাৎ পুত্রশতস্য বৃদ্ধিস্তস্যাত্যাগাৎ পুত্রশতস্য নাশঃ ॥৫॥

ভারতকৌমুদী

অপ্রাপ্তেতি। এতেনেদানীমপি ত্বয্যুপদেশো নিরর্থক এবেতি ধ্বনিতম্ ॥২॥

প্রিয় ইতি। মন্ত্রঃ অনুকূলোপদেশঃ মূলং প্রীতিজননযোগ্যমৌষধং তয়োর্বলেন। যঃ পুনঃ সম্পর্কাৎ প্রিয়ঃ, স তু দৌর্জন্যেঽপি প্রিয় এব। যথা তে দুর্য্যোধন ইত্যাশয়ঃ ॥৩॥

দ্বেষ্য ইতি। সাধুর্ন ভবতি দ্বেষ্যত্বাদেবেতি ভাবঃ। এবমন্যয়োরপি। কার্য্যাণি প্রখ্যাপ্যন্ত ইতি শেষঃ। পাণ্ডবাস্ত তে দ্বেষ্যত্বান্ন সাধুপ্রভৃতিরূপা ইত্যাশ্বভিপ্রায়ঃ ॥৪॥

উক্তমিতি। উক্তম্ আদিপর্ব্বণি নবাধিকশততমাধ্যায়ে দ্রষ্টব্যম্ ॥৫॥

ভারতভাবদীপঃ

অনীশ্বরোঽয়মিতি। ভবাভবে ঐশ্বর্য্যানৈশ্বর্য্যে, দিষ্টস্য দৈবস্য, বদৈব ন তু মাং দূষয়েতি ভাবঃ। ধৃতঃ ধৃতিমান্ ॥১॥ বুদ্ধ্যবজ্ঞানম্ অবজ্ঞাতবুদ্ধিত্বম্ ॥২॥ মন্ত্রবলেন চ প্রিয়ঙ্করং প্রিয়ো ভবতি স চ দানাদ্যভাবে পুনরপ্রিয়ো ভবতি অহং তু ন তথা, অতস্ত্বয়া প্রাপ্তকালে মদুক্তেঽনাদরো ন কর্ত্তব্য ইতি ভাবঃ ॥৩॥ দ্বেষ্য ইতি। যো যস্য দ্বেষ্যস্তস্মিন্ তদ্দৃষ্ট্যা

বিদুর বলিলেন—'ভরতনন্দন! অসময়ে কথা বলিতে লাগিলে, মানুষ বৃহস্পতির বুদ্ধির উপরেও অবজ্ঞা করে এবং তাঁহারও অপমান করিয়া থাকে ॥২॥

কেহ দান করিয়া প্রিয় হয়, অপর কেহ প্রিয়বাক্য বলিয়া প্রিয় হয় এবং অন্য কেহ মন্ত্রণা বা ঔষধের বলে প্রিয় হইয়া থাকে; আর যে স্বভাবতঃ প্রিয় হয়, সে দুর্জ্জন হইলেও প্রিয়ই থাকে ॥৩॥

আর যে বিদ্বেষের পাত্র হয়, সে সাধু হয় না, মেধাবী হয় না এবং বুদ্ধিমান্‌ও হয় না; আবার প্রিয়জনের বিষয়ে ভাল কার্য্যের কথা এবং দ্বেষ্যজনের বিষয়ে মন্দকার্য্যের কথা প্রকাশ করা হইয়া থাকে ॥৪॥

সে যাহা হউক, দুর্য্যোধন জন্মিবামাত্রই আমি বলিয়াছিলাম যে, রাজা! আপনি আপনার পুত্র একমাত্র দুর্য্যোধনকে পরিত্যাগ করুন; তাহাকে পরি-

ন বৃদ্ধির্বহু মন্তব্যা যা বৃদ্ধিঃ ক্ষয়মাবহেৎ।
ক্ষয়োঽপি বহু মন্তব্যো যঃ ক্ষয়ো বৃদ্ধিমাবহেৎ ॥৬॥
ন স ক্ষয়ো মহারাজ! যঃ ক্ষয়ো বৃদ্ধিমাবহেৎ।
ক্ষয়ঃ স ত্বিহ মন্তব্যো যং লব্ধ্বা বহু নাশয়েৎ ॥৭॥
সমৃদ্ধা গুণতঃ কেচিদ্ভবন্তি ধনতোঽপরে।
ধনবৃদ্ধান্ গুণৈর্হীনান্ ধৃতরাষ্ট্র! বিবর্জয় ॥৮॥

ধৃতরাষ্ট্র উবাচ।

সর্বং ত্বমায়তীযুক্তং ভাষসে প্রাজ্ঞসম্মতম্।
ন চোৎসহে সুতং ত্যক্তুং যতো ধর্ম্মস্ততো জয়ঃ ॥৯॥

ভারতকৌমুদী

ইদানীং প্রাচীনাং ধর্ম্মজিজ্ঞাসামনুসৃত্য প্রকীর্ণভাবেন ধর্ম্মং নীতিঞ্চাহ নেতি। বৃদ্ধিরুন্নতিঃ, বহু মন্তব্যা আদর্ত্তব্যা। আবহেৎ জনয়েৎ ॥৬॥

নেতি। পাণ্ডবার্দ্ধরাজ্যগ্রহণে ভবতঃ সর্বনাশসম্ভাবনেতি শ্লোকদ্বয়স্য ভাবঃ ॥৭॥

সমৃদ্ধা ইতি। ধনবৃদ্ধান্ গুণৈর্হীনান্ দুর্য্যোধনাদীনিত্যাশয়ঃ ॥৮॥

সর্বমিতি। আয়তিরুত্তরঃ কালঃ তত্রত্যং শুভমিত্যর্থঃ তদ্‌যুক্তম্, "উত্তরঃ কাল আয়তিঃ" ইত্যমরঃ। যতো যত্র, ততস্তত্র। পাণ্ডবেষু ধর্ম্মশ্চেত্তদা তেষাং জয়ো ভবিষ্যত্যেবেতি ভাবঃ ॥৯॥

ভারতভাবদীপঃ

সাধুত্বাদিকং সদপি নাস্তি, প্রিয়ে ত্বসদপি তদ্দৃষ্ট্যাস্তীতি ভাবঃ ॥৪—৮॥ আয়তীযুক্তম্

ত্যাগ করিলে আপনার শতপুত্রেরই উন্নতি হইবে; আর তাহাকে পরিত্যাগ না করিলে আপনার শতপুত্রেরই ধ্বংস হইবে ॥৫॥

যে উন্নতি ভবিষ্যতে অবনতি জন্মাইবে, সে উন্নতির আদর করিবে না। কিন্তু যে অবনতি পরে উন্নতি জন্মাইবে, সে অবনতিরও আদর করিবে ॥৬॥

মহারাজ! যে অবনতি পরে উন্নতি জন্মাইবে, সে অবনতি অবনতিই নহে। কিন্তু যাহা হইলে বহু বিনষ্ট হইবে, সেই অবনতিকেই অবনতি বলিয়া মনে করিবে ॥৭॥

রাজা! কতকগুলি লোক গুণসমৃদ্ধ, আবার অপর কতকগুলি লোক ধনসমৃদ্ধ হইয়া থাকে। তবে তাহাদের মধ্যে যাহারা ধনসমৃদ্ধ অথ চ গুণবিহীন, সেই লোকগুলিকে আপনি পরিত্যাগ করুন' ॥৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'বিদুর! তুমি, ভাবী কালে মঙ্গলযুক্ত ও প্রাজ্ঞসম্মত কথাই বলিতেছ বটে; কিন্তু আমি পুত্র পরিত্যাগ করিতে পারি না। তাহাতে যে দিকে ধর্ম্ম আছে, সেই দিকেই জয় হইবে; (হউক) ॥৯॥

বিদুর উবাচ।

অতীবগুণসম্পন্নো ন জাতু বিনয়ান্বিতঃ।
সুসূক্ষ্মমপি ভূতানামুপমর্দ্দমুপেক্ষতে ॥১০॥
পরাপবাদনিরতাঃ পরদুঃখোদয়েষু চ।
পরস্পরবিরোধে চ যতন্তে সততোত্থিতাঃ ॥১১॥
সদোষং দর্শনং যেষাং সংবাসাৎ সুমহদ্ভয়ম্।
অর্থাদানে মহান্ দোষঃ প্রদানে চ মহদ্ভয়ম্ ॥১২॥
যে বৈ ভেদনশীলাস্তু সকামা নিস্ত্রপাঃ শঠাঃ।
তে পাপা ইতি বিখ্যাতাঃ সংবাসে পরিগর্হিতাঃ ॥১৩॥ (যুগ্মকম্)
যুক্তাশ্চান্যৈর্মহাদোষৈর্যে নরাস্তান্ বিবর্জয়েৎ।
নিবর্ত্তমানে সৌহার্দ্দে প্রীতির্নীচে প্রণশ্যতি ॥১৪॥

ভারতকৌমুদী

অতীবেতি। উপমর্দ্দমত্যাচারম্। পাণ্ডবাস্ত্বদুপমর্দ্দং নোপেক্ষিষ্যন্ত ইত্যাশয়ঃ ॥১০॥

অথ দুর্য্যোধনাদয়ঃ সন্ধিং নেচ্ছন্তি তদহং কিং করোমীত্যাহ পরেতি। সততোত্থিতাঃ সর্ব্বদৈবোদ্যমিনঃ সন্তঃ। পরাপবাদনিরতত্বাত্তে দুর্য্যোধনাদয়ো হেয়াঃ ॥১১॥

সেতি। অর্থাদানে অর্থগ্রহণে। ভেদনশীলাঃ পরস্পরভেদজনকাঃ, সকামা ধনাদিলোলুপাঃ, নিস্ত্রপা নির্লজ্জাঃ। অতএব দুর্য্যোধনাদিসংবাসো ন কার্য্য ইতি ভাবঃ ॥১২—১৩॥

যুক্তা ইতি। মহাদোষৈশ্চৌর্য্যাদিভিঃ। নিবর্ত্তমানে বিনষ্টে, প্রীতি স্নেহঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

উদর্কে হিতম্ ॥৯॥ পুত্রং ত্যক্তুমশক্তেন দুষ্টাঃ শকুন্যাদয়ো বা ত্যাজ্যা ইত্যাশয়েনাহ—অতীবেতি। কুলবিনাশো নোপেক্ষণীয় ইতি ভাবঃ ॥১০—১৩॥ সৌহার্দ্দে মৈত্রীহেতৌ নিবর্

বিদুর বলিলেন—'অত্যন্তগুণবান্ ও বিনয়ী লোকেরা কখনও অন্যকৃত অল্প অত্যাচারও উপেক্ষা করেন না ॥১০॥

আবার পরনিন্দানিরত লোকেরা সর্ব্বদা উদ্যম সহকারেই পরের দুঃখ উৎপাদনে এবং পরস্পর বিরোধসম্পাদনে চেষ্টা করিয়া থাকে ॥১১॥

যাহাদের দর্শনে দোষ, সহবাসে গুরুতর ভয়, অর্থগ্রহণে মহাদোষ, অর্থদানেও মহাভয় এবং যাহারা পরস্পরের ভেদজনক, ধনাদিলোলুপ, নির্লজ্জ ও শঠ, তাহারাই পাপী বলিয়া বিখ্যাত। সুতরাং তাহাদের সংসর্গ করাও সর্ব্বতোভাবে গর্হিত ॥১২—১৩॥

(১০) স্বভাবগুণসম্পন্নঃ…সুসূক্ষ্মমপি বন্ধূনাম্…পি। (১২)…সংবাসে…বা ব রা নি।
(১৩)…যে পাপা ইতি…বা ব রা নি।

যা চৈব ফলনির্বৃত্তিঃ সৌহৃদে চৈব যৎ সুখম্।
যততে চাপবাদায় যত্নমারভতে ক্ষয়ে ॥১৫॥
স্বল্পেঽপ্যপকৃতে মোহান্ন শান্তিমুপগচ্ছতি।
তাদৃশৈঃ সঙ্গতং নীচৈর্নৃশংসৈরকৃতাত্মভিঃ।
নিশম্য নিপুণং বুদ্ধ্যা বিদ্বান্ দূরাদ্বিবর্জয়েৎ ॥১৬॥
যো জ্ঞাতিমনুগৃহ্লাতি দরিদ্রং দীনমাতুরম্।
স পুত্রপশুভির্বৃদ্ধিং শ্রেয়শ্চানন্ত্যমশ্নুতে ॥১৭॥
জ্ঞাতয়ো বর্দ্ধনীয়াস্তৈর্য ইচ্ছন্ত্যাত্মনঃ শুভম্।
কুলবৃদ্ধিঞ্চ রাজেন্দ্র! তস্মাৎ সাধু সমাচর ॥১৮॥

ভারতকৌমুদী

যেতি। ফলনির্বৃত্তিঃ ফলপ্রাপ্তিঃ। সা তচ্চ প্রণশ্যতীত্যনুবৃত্তিঃ। অপবাদায় যততে, ক্ষয়ে চ যত্নমারভতে, সৌহার্দ্দে নিবর্ত্তমানে মহাদোষীত্যধিকারঃ ॥১৫॥

স্বল্প ইতি। অকৃতাত্মভিরশিক্ষিতৈঃ। নিশম্য পর্য্যালোচ্য। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

য ইতি। দীনং কাতরম্। অতএব দরিদ্রান্ পাণ্ডবাননুগৃহাণেতি ভাবঃ ॥১৭॥

জ্ঞাতয় ইতি। সাধু সমাচর, জ্ঞাতিষু পাণ্ডবেষ্বিতি শেষঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

মানে সতি প্রীতিঃ ফলনির্বৃত্তিঃ সুখঞ্চ প্রণশ্যতি, স নীচোঽপবাদায় যততে ক্ষয়ে চ যত্নমারভতে শান্তিঞ্চ ন গচ্ছতীতি দ্বয়োঃ সম্বন্ধঃ ॥১৪—১৫॥ সঙ্গতং সম্বন্ধম্। নিশম্য বিচার্য্য

যাহারা অন্য মহাদোষে দোষী, সেই লোকদিগকেও পরিত্যাগ করিবে। নীচলোকের সৌহার্দ্দ নষ্ট হইলে, স্নেহও নষ্ট হইয়া যায় ॥১৪॥

নীচলোকের সহিত সৌহার্দ্দ থাকিলে যে ফল পাওয়া যায়, কিংবা যে সুখ হয়, তাহার সহিত সে সৌহার্দ্দ নষ্ট হইলে, সে ফল এবং সে সুখও নষ্ট হইয়া যায়। পরে আবার সেই নীচলোক নিন্দা করিবারও চেষ্টা করে এবং ক্ষতি করিবারও চেষ্টা করে ॥১৫॥

এবং অত্যন্ত অল্প অপকার করিলেও সে নীচলোক শান্তিলাভ করে না। সুতরাং বুদ্ধিমান্ লোক আপন বুদ্ধিদ্বারা নিপুণভাবে পর্য্যালোচনা করিয়া সেইরূপ নৃশংস ও অশিক্ষিত নীচলোকের সংসর্গ দূর হইতেই ত্যাগ করিবেন ॥১৬॥

যিনি—দরিদ্র, কাতর ও আতুর জ্ঞাতির প্রতি অনুগ্রহ করেন, তিনি—পুত্র ও পশুপ্রভৃতির উন্নতি এবং অনন্ত কল্যাণ লাভ করেন ॥১৭॥

(১৬) অল্পেঽপি…অধিগচ্ছতি…নিশাম্য·· বা ব রা নি।

শ্রেয়সা যোক্ষ্যসে রাজন্ ! কুর্ব্বাণো জ্ঞাতিসৎক্রিয়াম্ ।
বিগুণা হ্যপি সংরক্ষ্যা জ্ঞাতয়ো ভরতর্ষভ ! ॥১৯॥
কিং পুনর্গুণবন্তস্তে ত্বৎপ্রসাদাভিকাঙ্ক্ষিণঃ ।
প্রসাদং কুরু বীরাণাং পাণ্ডবানাং বিশাংপতে ! ॥২০॥
দীয়ন্তাং গ্রামকাঃ কেচিত্তেষাং বৃত্ত্যর্থমীশ্বর ! ।
এবং লোকে যশঃ প্রাপ্তং ভবিষ্যতি নরাধিপ ! ॥২১॥
বৃদ্ধেন হি ত্বয়া কার্য্যং পুত্রাণাং তাত ! রক্ষণম্ ।
ময়া চাপি হিতং বাচ্যং বিদ্ধি মাং ত্বদ্ধিতৈষিণম্ ॥২২॥
জ্ঞাতিভির্বিগ্রহস্তাত ! ন কর্ত্তব্যঃ শুভার্থিনা ।
সুখানি সহ ভোজ্যানি জ্ঞাতিভির্ভরতর্ষভ ! ॥২৩॥

ভারতকৌমুদী

শ্রেয়সেতি। শ্রেয়সা যোক্ষ্যসে মঙ্গলান্বিতো ভবিষ্যসি ॥১৯॥
কিমিতি। তে পাণ্ডবাঃ। প্রসাদমনুগ্রহম্ ॥২০॥
দীয়ন্তামিতি। তেষাং পাণ্ডবানাম্, বৃত্ত্যর্থং জীবিকানির্বাহার্থম্ ॥২১॥
বৃদ্ধেনেতি। পুত্রাণাং পুত্রস্থানীয়ানাং পাণ্ডবানাম্ ॥২২॥
জ্ঞাতিভিরিতি। বিগ্রহঃ কলহঃ, হে তাত ! তাতবন্মাননীয় ! ॥২৩॥

রাজশ্রেষ্ঠ ! যাঁহারা নিজের মঙ্গল এবং বংশের উন্নতি কামনা করেন, জ্ঞাতিদের উন্নতি করা তাঁহাদের কর্ত্তব্য। অতএব আপনিও পাণ্ডবগণের প্রতি ভাল আচরণ করুন ॥১৮॥

রাজা ! আপনি জ্ঞাতিদের উপরে সদ্ব্যবহার করিয়া মঙ্গল লাভ করিবেন। ভরতশ্রেষ্ঠ ! নির্গুণ জ্ঞাতিদেরও রক্ষা করা উচিত ॥১৯॥

সুতরাং গুণবান্ এবং আপনার অনুগ্রহাকাঙ্ক্ষী পাণ্ডবগণের কথা আর কি বলিব ?। নরনাথ ! আপনি বীর পাণ্ডবগণের উপরে অনুগ্রহ করুন ॥২০॥

প্রভু ! আপনি পাণ্ডবগণের জীবিকানির্বাহের জন্য অন্ততঃ কয়েকখানি গ্রাম দান করুন। নরনাথ ! তাহা হইলেও জগতে আপনি যশ লাভ করিবেন ॥২১॥

মাননীয় রাজা ! আপনি বৃদ্ধ হইয়াছেন, পাণ্ডবেরাও আপনার পুত্রস্থানীয়; সুতরাং তাহাদের রক্ষা করা আপনার উচিত। আমারও হিত বলা উচিত; আমাকে আপনি হিতৈষী বলিয়া জানুন ॥২২॥

---

(২২)···তাত ! শাসনম্···বা ব রা নি।

সংভোজনং সংকথনং সংপ্রীতিশ্চ পরস্পরম্।
জ্ঞাতিভিঃ সহ কার্য্যাণি ন বিরোধঃ কদাচন ॥২৪॥
জ্ঞাতয়স্তারয়ন্তীহ জ্ঞাতয়ো মজ্জয়ন্তি চ।
সুবৃত্তাস্তারয়ন্তীহ দুর্ব্বৃত্তা মজ্জয়ন্তি চ ॥২৫॥
সুবৃত্তো ভব রাজেন্দ্র! পাণ্ডবান্ প্রতি মানদ!।
অধর্ষণীয়ঃ শত্রূণাং তৈর্ব্বৃতস্ত্বং ভবিষ্যসি ॥২৬॥
শ্রীমন্তং জ্ঞাতিমাসাদ্য যো জ্ঞাতিরবসীদতি।
দিগ্ধহস্তং মৃগ ইব স এনস্তস্য বিন্দতি ॥২৭॥
পশ্চাদপি নরশ্রেষ্ঠ! তব তাপো ভবিষ্যতি।
তান্ বা হতান্ সুতান্ বাপি শ্রুত্বা তদনুচিন্তয় ॥২৮॥

ভারতকৌমুদী

সংভোজনমিতি। সংকথনমালাপঃ। কার্য্যাণি কর্ত্তব্যানি ॥২৪॥

জ্ঞাতয় ইতি। পরার্দ্ধেন পূর্ব্বার্দ্ধং ব্যাচষ্টে। সুবৃত্তাঃ সচ্চরিত্রাঃ ॥২৫॥

সুবৃত্ত ইতি। অধর্ষণীয়ঃ অপরাজয়ঃ। তৈঃ পাণ্ডবৈঃ ॥২৬॥

শ্রীতি। যো জ্ঞাতিঃ, শ্রীমন্তং সম্পত্তিশালিনং জ্ঞাতিমাসাদ্যাপি, দারিদ্র্যাদিনা অবসীদতি; মৃগো হরিণঃ, দিগ্ধহস্তং বিষাক্তবাণহস্তং ব্যাধমিব, স শ্রীমান্ জ্ঞাতিঃ, তস্য অবসন্নস্য জ্ঞাতেঃ, এনঃ পাপম্, বিন্দতি লভতে ॥২৭॥

পশ্চাদিতি। তান্ পাণ্ডবান্, সুতান্ দুর্য্যোধনাদীন্ ॥২৮॥

মাননীয় ভরতশ্রেষ্ঠ! জ্ঞাতিদের সহিত কলহ করা শুভার্থী লোকের উচিত নহে; বরং জ্ঞাতিদের সহিতই সুখভোগ করা উচিত ॥২৩॥

জ্ঞাতিদের সহিত পরস্পর ভোজন, আলাপ এবং ভালবাসাই করিবে; কিন্তু কখনও বিরোধ করিবে না ॥২৪॥

কারণ, এই জগতে জ্ঞাতিরাই উদ্ধার করে, আবার জ্ঞাতিরাই মগ্ন করিয়া দেয়; সচ্চরিত্র জ্ঞাতিরা উদ্ধার করে, আর দুশ্চরিত্র জ্ঞাতিরা মগ্ন করিয়া দেয় ॥২৫॥

অতএব মানদাতা রাজশ্রেষ্ঠ! আপনি পাণ্ডবগণের প্রতি সচ্চরিত্র হউন। তাহা হইলে আপনি পাণ্ডবগণে পরিবেষ্টিত থাকিয়া শত্রুগণের অজেয় হইবেন ॥২৬॥

যে জ্ঞাতি সম্পত্তিশালী জ্ঞাতির নিকটেও অবসন্ন হয়, হরিণ যেমন বিষাক্ত-বাণধারী ব্যাধকে প্রাপ্ত হয়, সেইরূপ তাহার পাপ সেই সম্পত্তিশালী জ্ঞাতি প্রাপ্ত হইয়া থাকে ॥২৭॥

নরশ্রেষ্ঠ! পাণ্ডবগণ কিংবা নিজের পুত্রগণ যুদ্ধে নিহত হইয়াছে, ইহা

যেন খট্বাং সমারূঢ়ঃ পরিতপ্যেত কর্ম্মণা।
আদাবেব ন তৎ কুর্য্যাদধ্রুবে জীবিতে সতি ॥২৯॥
ন কশ্চিন্নাপনয়তে পুমানন্যত্র ভার্গবাৎ।
শেষসংপ্রতিপত্তিস্তু বুদ্ধিমৎস্বেব তিষ্ঠতি ॥৩০॥
দুর্য্যোধনেন যদ্যেতৎ পাপং তেষু পুরা কৃতম্।
ত্বয়া তৎ কুলবৃদ্ধেন প্রত্যানেয়ং নরেশ্বর! ॥৩১॥
তাংস্ত্বং পদে প্রতিষ্ঠাপ্য লোকে বিগতকল্মষঃ।
ভবিষ্যসি নরশ্রেষ্ঠ! পূজনীয়ো মনীষিণাম্ ॥৩২॥

ভারতকৌমুদী

যেনেতি। খট্বাং সমারূঢ়ঃ প্রতীকারাসম্ভবাৎ খট্বায়াং নিশ্চলঃ সন্ ॥২৯॥

নেতি। ভার্গবাৎ পরশুরামাৎ, অন্যত্র অন্যঃ কশ্চিদপি পুমান্, ন অপনয়তে অন্যায়ং ন করোতি, ইতি ন, অপি তু সর্ব এব করোতীত্যর্থঃ। অতো ভবানপি দ্যূতে কৃতবানিত্যাশয়ঃ। কিন্তু শেষে সম্প্রতিপত্তিঃ তদন্যায়াপনোদনম্, বুদ্ধিমৎস্বেব জনেষু তিষ্ঠতি। পরশুরামস্য তু একক্ষত্রিয়দোষেণ সর্বক্ষত্রিয়বধ এবান্যায়ঃ ॥৩০॥

দুর্য্যোধনেনেতি। পাপং রাজ্যহরণাদিকম্। প্রত্যানেয়ং প্রত্যপনোদ্যম্ ॥৩১॥

প্রত্যানয়নপ্রকারমাহ তানিতি। তান্ পাণ্ডবান্, পদে রাজত্বে ॥৩২॥

ভারতভাবদীপঃ

॥১৬—২২॥ শুভাখিনা ঐশ্বর্য্যলিপ্সুনা ॥২৩—২৬॥ লিপ্তহস্তং বিষাক্তবাণহস্তম্, স শ্রীমান্ এনস্তস্য জ্ঞাতেববসাদজং পাপং বিন্দতি মৃগবধজং পাপং ব্যাধ ইবেত্যর্থঃ ॥২৭—২৮॥ খট্বাং সমারূঢ়শ্চিন্তাগারং প্রবিষ্টঃ লোকে আগন্তুঃ লজ্জমান ইত্যর্থঃ ॥২৯॥ ন কশ্চিদিতি। ভার্গবাৎ শুক্রাদন্যত্র নীতিশাস্ত্রকর্ত্তারং শুক্রং বিহায় অন্যঃ কশ্চিদপি ন অপনয়তে ইতি ন অপি তু সর্ব্বোঽপ্যপনয়তে অনীতিং করোতি, অতঃ যৎ অতীতং তৎ অতীতমেব শেষস্য তৎকালোচিতস্য অর্থস্য প্রতিপত্তিঃ বিচারঃ কর্ত্তব্য ইত্যর্থঃ ॥৩০॥ তদেবাহ—দুর্য্যো-

শুনিয়া পরেও আপনার সন্তাপ হইবে। অতএব এখন সে বিষয়ে চিন্তা করুন ॥২৮॥

যে কার্য্যদ্বারা শেষে খাটে বসিয়া পরিতাপ করিতে হয়, জীবন অনিয়ত হওয়ায় মানুষ সে কার্য্য প্রথমেই করিবে না ॥২৯॥

পরশুরামভিন্ন অন্য কোন মানুষই অন্যায় করে না, এমন নহে; তবে বুদ্ধিমান্‌রাই শেষে সে অন্যায়ের অপনোদন করিয়া থাকেন ॥৩০॥

নরনাথ! যদিও পূর্ব্বে দুর্য্যোধনই পাণ্ডবগণের প্রতি এই পাপানুষ্ঠান করিয়াছেন, তথাপি আপনি বংশের বৃদ্ধ বলিয়া আপনিই এখন তাহার খণ্ডন করুন ॥৩১॥

সুব্যাহৃতানি ধীরাণাং ফলতঃ পরিচিন্ত্য যঃ।
অধ্যবস্যতি কার্য্যেষু চিরং যশসি তিষ্ঠতি ॥৩৩॥
অসম্যগুপযুক্তং হি জ্ঞানং সুকুশলৈরপি।
উপলভ্যঞ্চাবিদিতং বিদিতঞ্চাননুষ্ঠিতম্ ॥৩৪॥
পাপোদয়ফলং বিদ্বান্ যো নারভতি বর্দ্ধতে।
যস্তু পূর্ব্বকৃতং পাপমবিমৃশ্যানুবর্ত্ততে।
অগাধপঙ্কে দুর্মেধা বিষমে বিনিপাত্যতে ॥৩৫॥

ভারতকৌমুদী

স্বিতি। সুব্যাহৃতানি সুষ্ঠু উক্তানি, ফলতঃ ফলদর্শনেন ॥৩৩॥

অসম্যগিতি। সুকুশলৈরতিনিপুণৈরপি জনৈঃ, জ্ঞানং বিষয়বোধঃ, অসম্যক্ উপযুক্তম্ আয়ত্তীকৃতম্। যেন হি তেষাম্ উপলভ্যং বেদ্যমপি বস্তু, অবিদিতং তিষ্ঠতি, বিদিতমপি চ সং অননুষ্ঠিতং বর্ত্ততে। অনুষ্ঠানাভাবে জ্ঞানস্য সম্যক্ত্বং ন স্যাৎ। তেন চ ন্যায্যং কার্য্যমনুষ্ঠায় ত্বং জ্ঞানস্য সম্যক্ত্বং প্রদর্শয়েতি ভাবঃ ॥৩৪॥

পাপেতি। পাপোদয়ফলং কর্ম্ম। স বর্দ্ধত ইত্যর্থঃ। অনুবর্ত্ততে তদেবানুসরতি। স দুর্মেধা বিধাত্রা বিষমে অগাধপঙ্কে দুস্তরবিপদি বিনিপাত্যতে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৫॥

ভারতভাবদীপঃ

ধ্যানেনেতি। প্রত্যানেয়ং প্রতিকর্ত্তব্যম্ ॥৩১॥ প্রতীকারমেবাহ—তানিতি। প্রতিষ্ঠাপ্য রাজ্যাংশদানেন স্থিরীকৃত্য ॥৩২॥ ধীরাণাম্ উপদেষ্টৄণাং সুব্যাহৃতানি বচনানি অধ্যবস্যতি নিশ্চয়ং করোতি উত্তমফলং কর্ম্মারভত ইত্যর্থঃ ॥৩৩॥ সুকুশলৈরপ্যুপযুক্তম্ উপদিষ্টং তজ্ জ্ঞানম্ অসম্যগেব যতঃ উপলভ্যং জ্ঞেয়ং তেন অবিদিতং ন জ্ঞাতং বিদিতং জ্ঞাতং বা তৎ নানুষ্ঠিতম্। মদুক্তং ত্বয়ি নিষ্ফলমেবেতি ভাবঃ ॥৩৪॥ যস্য শ্যেনাদেঃ ফলং ব্রহ্মবধাদি-পাপোদয়ং পাপহেতুঃ তৎফলং ফলহেতুভূতং কর্ম্ম যো নারভতি স বর্দ্ধতে। অবিমৃশ্য

নরশ্রেষ্ঠ! আপনি পাণ্ডবগণকে ন্যায্যপদে স্থাপিত করিয়া নিষ্পাপ হইয়া জগতে মনীষীদিগের পূজনীয় হইবেন ॥৩২॥

যে লোক ফলদর্শন করিয়া পণ্ডিতগণের সুন্দর উপদেশ স্মরণপূর্ব্বক কার্য্য করে, সে লোক চিরকালই যশ লাভ করে ॥৩৩॥

অতিনিপুণ মানুষেরাও জ্ঞানটাকে সমীচীনভাবে আয়ত্ত করিতে পারে না। যে হেতু তাহাদের জ্ঞাতব্য বিষয়ও অজ্ঞাত থাকে এবং জ্ঞাত হইলেও অননুষ্ঠিত থাকিয়া যায় ॥৩৪॥

যে বুদ্ধিমান্ লোক পাপজনক কার্য্য করেন না, তিনিই উন্নতি লাভ করেন; আর যে দুর্বুদ্ধি লোক বিবেচনা না করিয়া পূর্ব্বকৃত পাপেরই অনুসরণ করিতে

মন্ত্রভেদস্য ষট্ প্রাজ্ঞো দ্বারাণীমানি লক্ষয়েৎ।
অর্থসন্ততিকামস্তু রক্ষেদেতানি নিত্যশঃ ॥৩৬॥
মদং স্বপ্নমবিজ্ঞানমাকারঞ্চাত্মসম্ভবম্।
দুষ্টামাত্যেষু বিশ্রম্ভং দূতাচ্চাকুশলাদপি ॥৩৭॥
দ্বারাণ্যেতানি যো জ্ঞাত্বা সংবৃণোতি সদা নৃপ!।
ত্রিবর্গাচরণে যুক্তঃ স শত্রূনধিতিষ্ঠতি ॥৩৮॥ (যুগ্মকম্)
ন বৈ শ্রুতমবিজ্ঞায় বৃদ্ধাননুপসেব্য বা।
ধর্ম্মার্থৌ বেদিতুং শক্যৌ বৃহস্পতিসমৈরপি ॥৩৯॥

ভারতকৌমুদী

মন্ত্রেতি। দ্বারাণি কারণানি। অর্থসন্ততিকামঃ অবিচ্ছেদেনার্থকামঃ ॥৩৬॥

প্রস্তুতং মন্ত্রভেদদ্বারষট্কমাহ মদমিতি। হে নৃপ! ত্রিবর্গাচরণে ধর্ম্মার্থকামসম্পাদনে যুক্তো যো রাজা, মদং সুরাপানাদিনিবন্ধনাং মত্ততাম্, স্বপ্নং স্বপ্নপ্রলাপম্, অবিজ্ঞানং পরকীয়-দূতস্যাপরিচয়ম্, আত্মসম্ভবমাকারং পরকীয়গুপ্তচরান্তিকে স্বকৃতমিঙ্গিতম্, আত্মন এব দুষ্টা-মাত্যেষু বিশ্রম্ভং বিশ্বাসম্, অকুশলাদনিপুণাৎ দূতাৎ আত্মদূতং প্রাপ্যাপি চ বিশ্রম্ভম্, এতানি মন্ত্রভেদস্য দ্বারাণি জ্ঞাত্বা, সংবৃণোতি মদাদিপরিহারেণ পিদধাতি, স রাজা, শত্রূন্ অধিতিষ্ঠতি আয়ত্তীকৃত্যাবতিষ্ঠতে। অতস্ত্বমপি দুষ্টামাত্যেষু কর্ণাদিষু ন বিশ্বসিহীতি ভাবঃ ॥৩৭—৩৮॥

নেতি। শ্রুতং শাস্ত্রম্। বৃহস্পতিসমৈরপি বুদ্ধিমদ্ভির্জনৈঃ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

অবিচার্য্য পাপমেবানুবর্ত্ততে সততং করোতি। পঙ্কে নরকে ॥৩৫॥ অর্থসন্ততিঃ অর্থানাম-বিচ্ছেদেন বৃদ্ধিঃ তৎকামঃ ॥৩৬॥ মদং সুরাপানজং চিত্তবৈক্লব্যম্। স্বপ্নং নিদ্রাম্। অবিজ্ঞানং পরকীয়গুপ্তচারাদেরজ্ঞানম্। আত্মসম্ভবম্ আকারং নেত্রবক্ত্রবিকারাদিকম্। তাবদেব

থাকে, বিধাতা তাহাকে বিষম অগাধ কর্দ্দমে (দুস্তর বিপদে) নিপাতিত করেন ॥৩৫॥

যে বুদ্ধিমান্ লোক অবিচ্ছিন্নভাবে কার্য্যসিদ্ধির কামনা করেন, তিনি মন্ত্রভেদের এই ছয়টা দ্বার লক্ষ্য করিবেন এবং সর্বদাই এই দ্বারগুলিকে রক্ষা করিবেন ॥৩৬॥

রাজা! মত্ততা, স্বপ্নপ্রলাপ, বিপক্ষলোকের অপরিচয়, নিজের ইঙ্গিত, দুষ্ট অমাত্যের উপরে বিশ্বাস এবং অযোগ্য দূতের উপরে বিশ্বাস, এই ছয়টা মন্ত্রণাপ্রকাশের দ্বার ইহা জানিয়া যিনি ঐ দ্বারগুলিকে আবৃত রাখেন, সেই ত্রিবর্গসম্পাদনপ্রবৃত্ত রাজাই শত্রুগণকে আয়ত্ত করিতে পারেন ॥৩৭—৩৮॥

---

(৩৭)···দুষ্টামাত্যেষু বিশ্বস্তম্···পি।

নষ্টং সমুদ্রে পতিতং নষ্টং বাক্যমশৃণ্বতি।
অনাত্মনি শ্রুতং নষ্টং নষ্টং হুতমনগ্নিকম্ ॥৪০॥
জাত্যা পরীক্ষ্য মেধাবী বুদ্ধ্যা সম্পাদ্য চাসকৃৎ।
শ্রুত্বা দৃষ্ট্বাথ বিজ্ঞায় প্রাজ্ঞৈর্মৈত্রীং সমাচরেৎ ॥৪১॥
অকীর্ত্তিং বিনয়ো হন্তি হন্ত্যনর্থং পরাক্রমঃ।
হন্তি নিত্যং ক্ষমা ক্রোধমাচারো হন্ত্যলক্ষণম্ ॥৪২॥
পরিচ্ছদেন ক্ষেত্রেণ বেশ্মনা পরিচর্য্যয়া।
পরীক্ষেত কুলং রাজন্! ভোজনাচ্ছাদনেন চ ॥৪৩॥
উপস্থিতস্য কামস্য প্রতিবাদো ন বিদ্যতে।
অপি নির্ম্মুক্তদেহস্য কামরক্তস্য কিং পুনঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

নষ্টমিতি। অনাত্মনি মেধাহীনে জনে, শ্রুতং শাস্ত্রম্ ॥৪০॥

জাত্যেতি। মেধাবী বুদ্ধিমান্ জনঃ, সম্পাদ্য কার্য্যং বিধাপ্য ॥৪১॥

অকীর্ত্তিমিতি। অলক্ষণম্ অভদ্রচিহ্নম্ ॥৪২॥

পরীতি। পরিচ্ছদেন যানাদিনা, ক্ষেত্রেণ বাসস্থানেন, পরিচর্য্যয়া আচারেণ ॥৪৩॥

ভারতভাবদীপঃ

পরদূতা মন্ত্রমুন্নয়ন্তি ॥৩৭। মন্ত্রভেদস্য দ্বারাণি সংবৃণোতি পিদধাতি ॥৩৮॥ শ্রুতং শাস্ত্রম্ ॥৩৯—৪০॥ মত্যা মননেন যুক্তিভিরনুচিন্তনেন। জাত্যেতি পাঠে কুলীনত্বেন। বুদ্ধ্যা স্বানুভবেন সম্পাদ্য কার্য্যযোগ্যতাং নিশ্চিত্য। শ্রুত্বা পরতঃ দৃষ্ট্বা স্বয়ম্ আকৃত্যা জ্ঞাত্বা বিজ্ঞায় পুনঃ পুনর্বিশেষেণ জ্ঞাত্বা প্রাজ্ঞতাম্ ॥৪১—৪২॥ পরিচ্ছদঃ ভোগ্যবস্তুসামগ্রী, ক্ষেত্রেণ

বৃহস্পতির তুল্য বুদ্ধিমান্ লোকেরাও শাস্ত্র না জানিয়া কিংবা বৃদ্ধসেবা না করিয়া ধর্ম্ম ও অর্থ বুঝিতে পারেন না ॥৩৯॥

সমুদ্রে পতিত বস্তু নষ্ট হয়, অশ্রোতার নিকটে বাক্য নষ্ট হয়, মেধাশূন্য লোকের শাস্ত্র নষ্ট হয় এবং অনগ্নিতে হোম নষ্ট হয় ॥৪০॥

বুদ্ধিমান্ লোক জাতিদ্বারা পরীক্ষা করিয়া, বুদ্ধিদ্বারা বার বার কার্য্য সম্পাদন করাইয়া, পরের নিকট শুনিয়া এবং নিজে দেখিয়া ও জানিয়া পরে বুদ্ধিমান্ লোকের সহিত মিত্রতা করিবেন ॥৪১॥

বিনয় নিন্দাকে, পরাক্রম অনিষ্টকে, ক্ষমা ক্রোধকে এবং আচার অভদ্র-লক্ষণকে সর্বদা দূর করে ॥৪২॥

রাজা! যানবাহনাদি পরিচ্ছদ (আসবাব), বাসস্থান, গৃহ, আচার, ভোজন ও বসনদ্বারা লোকের কুল পরীক্ষা করিবে ॥৪৩॥

(৪১) মত্যা পরীক্ষ্য…বা ব রা নি। (৪২) অবৃত্তিং বিনয়ো হন্তি…পি।

প্রাজ্ঞোপসেবিনং বৈদ্যং ধার্ম্মিকং প্রিয়দর্শনম্ ।
মিত্রবন্তং সুবাক্যঞ্চ সুহৃদং পরিপালয়েৎ ॥৪৫॥
দুষ্কুলীনঃ কুলীনো বা মর্য্যাদাং যো ন লঙ্ঘয়েৎ ।
ধর্ম্মাপেক্ষী মৃদুর্হ্রীমান্ স কুলীনশতাদ্বরঃ ॥৪৬॥
যয়োশ্চিত্তেন বা চিত্তং নিভৃতং নিভৃতেন বা ।
সমেতি প্রজ্ঞয়া প্রজ্ঞা তয়োর্মৈত্রী ন জীর্য্যতি ॥৪৭॥
দুর্বুদ্ধিমকৃতপ্রজ্ঞং ছন্নং কূপং তৃণৈরিব ।
বিবর্জয়ীত মেধাবী তস্মিন্ মৈত্রী প্রণশ্যতি ॥৪৮॥

ভারতকৌমুদী

উপেতি। নির্ম্মুক্তদেহস্য জীবন্মুক্তস্যাপি জনস্য, উপস্থিতস্য কামস্য কাম্যবস্তুনঃ, প্রতিবাদো গ্রহণে আপত্তির্ন বিদ্যতে, কামরক্তস্য কিং পুনর্বক্তব্যম্ ॥৪৪॥

প্রাজ্ঞেতি। প্রাজ্ঞোপসেবিনং পণ্ডিতোপদেশগ্রাহিণম্, বৈদ্যং বিদ্যাবন্তম্ ॥৪৫॥

দুরিতি। মর্য্যাদাং গৌরবম্। হ্রীমান্ লজ্জাবান্। বরো মিত্রতায়াম্ ॥৪৬॥

যয়োরিতি। নিভৃতং গুপ্তব্যবহারঃ, নিভৃতেন গুপ্তব্যবহারেণ। সমেতি মিলতি ॥৪৭॥

দুরিতি। মেধাবী বুদ্ধিমান্। বর্জনে হেতুমাহ তস্মিন্নিতি ॥৪৮॥

ভারতভাবদীপঃ

জন্মস্থানেন, কুগ্রামবাসিষু প্রায়েণ বিবেকাভাবাৎ পরিচর্য্যয়া আচারেণ ॥৪৩—৪৪॥ বৈদ্যং বিদ্যাবন্তম্ ॥৪৫—৪৬॥ চিত্তং জ্ঞানমাত্রম্, নিভৃতং গূঢ়াচারপ্রবৃত্তং মন্ত্রযন্ত্রাদি প্রজ্ঞাবিশেষতো-

---

কোন কাম্যবস্তু উপস্থিত হইলে, তাহাতে জীবন্মুক্ত লোকেরও আপত্তি হয় না ; সুতরাং কামাসক্ত লোকের কথা আর কি বলিব ॥৪৪॥

বৃদ্ধসেবী, বিদ্বান্, ধার্ম্মিক, প্রিয়দর্শন, মিত্রশালী ও মধুরভাষী সুহৃৎকে পরিপালন করিবে ॥৪৫॥

অসদ্বংশজাতই হউক বা সদ্বংশজাতই হউক, যে লোক মর্য্যাদা লঙ্ঘন করে না, অথ চ ধর্ম্মাপেক্ষী, কোমলস্বভাব ও লজ্জাশীল হয়, সেই লোক মিত্রতাবিষয়ে শত কুলীন অপেক্ষাও শ্রেষ্ঠ ॥৪৬॥

যে দুই জনের মনের সহিত মন, গুপ্তব্যবহারের সহিত গুপ্তব্যবহার এবং বুদ্ধির সহিত বুদ্ধি মিলিত হয়, সেই দুই জনেরই মিত্রতা চিরকাল থাকে ॥৪৭॥

বুদ্ধিমান্ লোক তৃণাবৃত কূপের ন্যায় অজ্ঞাতদুষ্টবুদ্ধি ও অশিক্ষিত লোককে ত্যাগ করিবেন। কারণ, তাহার সহিত মিত্রতা থাকে না ॥৪৮॥

---

(৪৫) রাজোপসেবিনম্...সুবাচঞ্চ...পি। (৪৭) যয়োর্বৃত্তেন বৈ বৃত্তং নিবৃত্তং নিবৃত্তেন বা...জীর্য্যতে—পি।

অবলিপ্তেষু মূর্খেষু রৌদ্রসাহসিকেষু চ।
তথৈবাপেতধর্ম্মেষু ন মৈত্রীমাচরেদ্বুধঃ ॥৪৯॥
কৃতজ্ঞং ধার্ম্মিকং সত্যমক্ষুদ্রং দৃঢ়ভক্তিকম্।
জিতেন্দ্রিয়ং স্থিতং স্থিত্যাং মিত্রমত্যাগি চেষ্যতে ॥৫০॥
ইন্দ্রিয়াণামনুৎসর্গো মৃত্যুনাপি বিশিষ্যতে।
অত্যর্থং পুনরুৎসর্গঃ সাদয়েদ্দৈবতান্যপি ॥৫১॥
মার্দ্দবং সর্বভূতানামনসূয়া ক্ষমা ধৃতিঃ।
আয়ুষ্যাণি বুধাঃ প্রাহুর্মিত্রাণাঞ্চাবিমাননা ॥৫২॥

ভারতকৌমুদী

অবেতি। অবলিপ্তেষু গর্বিতেষু। রৌদ্রা উগ্রস্বভাবাশ্চ সাহসিকা হঠকারিণশ্চ তেষু। অপেতধর্ম্মেষু ধর্ম্মহীনেষু। বুধো বুদ্ধিমান্ জনঃ ॥৪৯॥

কৃতজ্ঞমিতি। সত্যং সত্যপরায়ণম্, অক্ষুদ্রম্ উদারচিত্তম্। স্থিত্যাং মর্য্যাদায়াং স্থিতম্ অত্যাগি বিপৎকালেঽপি অত্যাগকরম্ ॥৫০॥

ইন্দ্রিয়াণামিতি। বিষয়েষু ইন্দ্রিয়াণাম্ অনুৎসর্গঃ অপ্রেরণম্, মৃত্যুনাপি বিশিষ্যতে মৃত্যুতোঽপ্যতিরিচ্যতে, নিষ্ক্রিয়ত্বাদিতি ভাবঃ। পুনরত্যর্থম্ উৎসর্গ ইন্দ্রিয়াণাং বিষয়েষু প্রেরণম্, দৈবতানি দেবানপি, সাদয়েৎ উৎসন্নীকুর্য্যাৎ ॥৫১॥

মার্দ্দবমিতি। মার্দ্দবং কোমলতা। আয়ুষ্যাণি আয়ুর্জনকানি ॥৫২॥

ভারতভাবদীপঃ

হর্ষোঽমর্ষনক্ষমতা ॥৪৭—৪৮॥ রৌদ্রাঃ কোপনাঃ, সাহসিকাঃ অবিমৃশ্যকারিণস্তেষু ॥৪৯—৫০॥ ইন্দ্রিয়াণাম্ উৎসর্গো বিষয়েষু প্রবৃত্তিঃ, অনুৎসর্গো বিষয়েভ্যো নিবৃত্তিঃ, সা

গর্বিত, মূর্খ, উগ্রস্বভাব, হঠকারী ও অধার্ম্মিক লোকের সহিত বুদ্ধিমান্ লোক মিত্রতা করিবেন না ॥৪৯॥

যিনি কৃতজ্ঞ, ধার্ম্মিক, সত্যপরায়ণ, উদারচেতা, দৃঢ়ানুরাগী, জিতেন্দ্রিয় ও মর্য্যাদাস্থিত হন এবং বিপৎকালেও ত্যাগ না করেন, তেমন লোককেই সকলে মিত্র পাইতে ইচ্ছা করে ॥৫০॥

স্বস্ব বিষয়ে ইন্দ্রিয়গুলিকে একেবারে প্রবর্ত্তিত না করিলে, সেটা মৃত্যু অপেক্ষাও অধিক নিষ্ক্রিয় অবস্থা হইয়া পড়ে; আবার স্বস্ববিষয়ে ইন্দ্রিয়গুলিকে অত্যন্ত প্রবর্ত্তিত করিলে, তাহাতে দেবতারাও উৎসন্ন হইয়া যান ॥৫১॥

জ্ঞানীরা বলেন যে, কোমলতা, সর্ব্বভূতেই অনসূয়া, ক্ষমা, ধৈর্য্য এবং মিত্রের অবমাননা না করা এইগুলি আয়ু বৃদ্ধি করে ॥৫২॥

---

(৫০)···মিত্রমিত্যভিবাঞ্ছতি—নি। (৫১)···দৈবতানপি—বা ব রা নি।

অপনীতং সুনীতেন যোঽর্থং প্রত্যানিনীষতে।
মতিমাস্থায় সুদৃঢ়াং তদকাপুরুষব্রতম্ ॥৫৩॥
আয়ত্যাং প্রতিকারজ্ঞস্তদাত্বে দৃঢ়নিশ্চয়ঃ।
অতীতে কার্য্যশেষজ্ঞো নরোঽর্থৈর্ন প্রহীয়তে ॥৫৪॥
কর্ম্মণা মনসা বাচা যদভীক্ষ্ণং নিষেবতে।
তদেবাপহরত্যেনং তস্মাৎ কল্যাণমাচরেৎ ॥৫৫॥
মঙ্গলালম্ভনং যোগঃ শ্রুতমুত্থানমার্জবম্।
ভূতিমেতানি কুর্বন্তি সতাঞ্চাভীক্ষ্ণদর্শনম্ ॥৫৬॥
অনির্বেদঃ শ্রিয়ো মূলং লাভস্য চ শুভস্য চ।
মহান্ ভবত্যনির্বিণ্ণঃ সুখঞ্চানন্ত্যমশ্নুতে ॥৫৭॥

ভারতকৌমুদী

অপেতি। অপনীতং কেনাপ্যপহৃতম্, সুনীতেন সুষ্ঠুনীতিপ্রয়োগেণ, প্রত্যানিনীষতে প্রত্যানেতুমিচ্ছতি। তৎ অকাপুরুষব্রতং মহাপুরুষনিয়মঃ ॥৫৩॥

আয়ত্যামিতি। আয়ত্যামুত্তরকালে। তদাত্বে বর্ত্তমানে। প্রহীয়তে ত্যজ্যতে ॥৫৪॥

কর্ম্মণেতি। অভীক্ষ্ণং পুনঃ পুনঃ। অপহরতি আকর্ষতি, কল্যাণং ধর্ম্মম্ ॥৫৫॥

মঙ্গলেতি। মঙ্গলালম্ভনং গবাদিস্পর্শো মাঙ্গলিককর্ম্মকরণং বা, যোগশ্চিত্তাভিনিবেশঃ, শ্রুতং শাস্ত্রজ্ঞানম্, উত্থানমুদ্যমঃ, আর্জবং সারল্যম্, এতানি ভূতিং সম্পদং কুর্বন্তি, সতামভীক্ষ্ণদর্শনঞ্চ ভূতিং করোতি ॥৫৬॥

ভারতভাবদীপঃ

মৃত্যুতুল্যা দুঃখক্লেশৈরিত্যর্থঃ ॥৫১॥ আয়ুষ্যাণি আয়ুষ্করাণি ॥৫২॥ অপনীতম্ অন্যেন নাশিতম্ ॥৫৩॥ আয়ত্যাম্ আগামিনি কালে দুঃখস্য প্রতীকারজ্ঞঃ তদাত্বে বর্ত্তমানে দৃঢ়নিশ্চয়ঃ ভোগং বিনা প্রাপ্তস্য দুঃখস্য নাশো নাস্তীতি জ্ঞাত্বা তৎসম্বন্ধেঽপি নোত্তপ্তঃ ॥৫৪—৫৫॥ মঙ্গলানাং দধিদূর্ব্বাগবাদীনাম্, আলম্ভনং স্পর্শঃ, যোগঃ সহায়সম্পৎ, উত্থানম্

কেহ নিজের সম্পত্তি হরণ করিলে, যিনি অতিদৃঢ় বুদ্ধি অবলম্বনপূর্ব্বক সমীচীন নীতি প্রয়োগ করিয়া সেই সম্পত্তি আবার আনয়ন করিবার ইচ্ছা করেন, তাহা তাঁহার মহাপুরুষব্রত ॥৫৩॥

যিনি ভাবী অনিষ্টের প্রতিকার জানেন, বর্ত্তমান বিষয়ে দৃঢ়নিশ্চয় থাকেন এবং অতীতের কর্ত্তব্যশেষ বোঝেন, সেই লোকের কোন বিষয় নষ্ট হয় না ॥৫৪॥

মানুষ কর্ম্ম, মন ও বাক্যদ্বারা বার বার যাহা করে, তাহাই উহাকে আকর্ষণ করিতে থাকে। সুতরাং ধর্ম্মাচরণই করিবে ॥৫৫॥

মাঙ্গলিক কার্য্য, মনোযোগ, শাস্ত্রজ্ঞান, উদ্যম, সরলতা এবং বার বার সজ্জনদর্শন, এইগুলি সম্পদ্ জন্মাইয়া থাকে ॥৫৬॥

নাতঃ শ্রীমত্তরং কিঞ্চিদন্যৎ পথ্যতমং মতম্।
প্রভবিষ্ণোর্যথা তাত! ক্ষমা সর্বত্র সর্বদা ॥৫৮॥
ক্ষমেদশক্তঃ সর্বস্য শক্তিমান্ ধর্ম্মকারণাৎ।
অর্থানর্থৌ সমৌ যস্য তস্য নিত্যং ক্ষমা হিতা ॥৫৯॥
যৎ সুখং সেবমানোঽপি ধর্ম্মার্থাভ্যাং ন হীয়তে।
কামং তদুপসেবেত ন মূঢ়ব্রতমাচরেৎ ॥৬০॥
দুঃখার্ত্তেষু প্রমত্তেষু নাস্তিকেষ্বলসেষু চ।
ন শ্রীর্বসত্যদান্তেষু যে চোৎসাহবিবর্জ্জিতাঃ ॥৬১॥

ভারতকৌমুদী

অনির্বেদ ইতি। অনির্বেদঃ অনাত্মাবমাননা আত্মাবমাননয়া অনালস্যমুদ্যম ইত্যর্থঃ। অনির্বিণ্ণ উক্তব্যাখ্যানেন উদ্যমী ॥৫৭॥

নেতি। শ্রীমত্তরম্ অতিশয়েন সম্পৎকরম্, পথ্যতমম্ অতিহিতকরম্। প্রভবিষ্ণোঃ প্রভাবশালিনঃ ॥৫৮॥

ক্ষমেদিতি। অর্থানর্থৌ সম্পদ্বিপদৌ। হিতা হিতজনিকা ॥৫৯॥

যদিতি। কামং যথেষ্টম্। মূঢ়ব্রতং নিদ্রাদিকম্ ॥৬০॥

দুঃখেতি। প্রমত্তেষু অসাবধানেষু। অদান্তেষু ইন্দ্রিয়দমনরহিতেষু ॥৬১॥

ভারতভাবদীপঃ

উদ্যমঃ ॥৫৬॥ অনির্ব্বেদঃ উদ্যোগাৎ অনুপরমঃ ॥৫৭—৫৮॥ তস্য মধ্যমস্য যো ন শক্তঃ নাপ্যশক্তস্তস্যেত্যর্থঃ। সর্ব্বেষাং ক্ষমা শ্রেয়স্করীত্যর্থঃ ॥৫৯॥ মূঢ়ব্রতম্ আহারাদৌ অতি-

উদ্যমই সম্পদ্, লাভ ও মঙ্গলের কারণ। সুতরাং উদ্যমী পুরুষ প্রধান হয় এবং অনন্ত সুখ ভোগ করে ॥৫৭॥

মাননীয় মহারাজ! প্রভাবশালী লোক যে সকল সময়ে সকলের উপরেই ক্ষমা করেন, উহা অপেক্ষা তাঁহার পক্ষে অধিক উন্নতির কারণ কিংবা অধিক হিতজনক আর কিছুই নাই ॥৫৮॥

অসমর্থ লোক সকলের উপরেই ক্ষমা করে, সমর্থ লোক ধর্ম্মের জন্য ক্ষমা করেন; আর যাঁহার নিকট সম্পদ্ ও বিপদ্ সমান, তাঁহার পক্ষে ক্ষমাটা সর্বদাই মঙ্গলজনক ॥৫৯॥

মানুষ যে সুখ ভোগ করিতে থাকিয়া ধর্ম্ম ও অর্থ হইতে বিচ্যুত হয় না, সে সুখ সে ইচ্ছানুসারেই ভোগ করিতে পারে; কিন্তু মূঢ়ের কার্য্য (অনবরত নিদ্রাপ্রভৃতি) করিবে না ॥৬০॥

দুঃখার্ত্ত, অসাবধান, নাস্তিক, অলস, ইন্দ্রিয়দমনরহিত, আর যাহারা উৎসাহশূন্য, ইহাদের নিকটে লক্ষ্মী বাস করেন না ॥৬১॥

আর্জবেন নরং যুক্তমার্জবাৎ সব্যপত্রপম্ ।
অশক্তং মন্যমানাস্তু ধর্ষয়ন্তি কুবুদ্ধয়ঃ ॥৬২॥
অত্যার্য্যমতিদাতারমতিশূরমতিব্রতম্ ।
প্রজ্ঞাভিমানিনঞ্চৈব শ্রীর্ভয়ান্নোপসর্পতি ॥৬৩॥
ন চাতিগুণবৎস্বেষা নাত্যন্তং নির্গুণেষু চ ।
উন্মত্তা গৌরিবান্ধা শ্রীঃ কচিদেবাবতিষ্ঠতে ॥৬৪॥
অগ্নিহোত্রফলা বেদাঃ শীলবৃত্তফলং শ্রুতম্ ।
রতিপুত্রফলা নারী দত্তভুক্তফলং ধনম্ ॥৬৫॥
অধর্ম্মোপার্জ্জিতৈরর্থৈর্যঃ করোত্যৌর্দ্ধদেহিকম্ ।
ন স তস্য ফলং প্রেত্য ভুঙ্‌ক্তেঽর্থস্য দুরাগমাৎ ॥৬৬॥

ভারতকৌমুদী

আর্জবেনেতি। আর্জবেন সারল্যেন। সব্যপত্রপং সলজ্জম্ ॥৬২॥

অতীতি। অত্যার্য্যম্ অতিসজ্জনম্। অতিব্রতম্ অতিধর্ম্মপরায়ণম্ ॥৬৩॥

নেতি। এষা শ্রীঃ। অন্ধা মদমূঢ়া। ক্বচিৎ মধ্যাবস্থে জনে ॥৬৪॥

অগ্নীতি। বেদাঃ, অগ্নিহোত্রং তদাদিকং ফলং যেষাং তে; শ্রুতং শাস্ত্রজ্ঞানম্, শীলং সংস্বভাবঃ বৃত্তং সৎকার্য্যঞ্চ ফলং যস্য তৎ; নারী, রতিঃ পুত্রশ্চ ফলং যস্যাঃ সা; ধনঞ্চ, দত্তং দানং ভুক্তং ভোগশ্চ ফলং যস্য তৎ তাদৃশম্ ॥৬৫॥

অধর্ম্মেতি। ঔর্দ্ধদেহিকং পারলৌকিকম্। প্রেত্য পরলোকে ॥৬৬॥

তর্হি কিং যুদ্ধ এব তব মতির্ন সম্ভাবিত্যাহ বৃদ্ধ ইতি। পুত্রেণ অশ্বত্থাম্না সহেতি সপুত্রঃ। আয়ুষ্মন্তঃ সন্তিনা দীর্ঘায়ুঃশালিনঃ ॥১০৯॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি যানসন্ধৌ অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

সমিতি। শান্তনবপদং ভীষ্মান্তরব্যাবৃত্ত্যর্থম্ ॥১॥

সঞ্জয়! রাজারা ইন্দ্রপ্রভৃতি দেবগণকে সহায় লাভ করিয়াও যাঁহাদিগকে জয় করিতে সমর্থ হন না, দুর্য্যোধন সেই পাণ্ডবগণের সহিতই বলের প্রভাবে যুদ্ধ করিবার ইচ্ছা করিতেছে! তোমরা উহার মোহটা দেখ ॥১০৮॥

সে যাহা হউক; শান্তনুনন্দন বৃদ্ধ ভীষ্ম, কৃপ, দ্রোণ, অশ্বত্থামা ও বুদ্ধিমান্ বিদুর, ইঁহারা সকলে যাহা বলেন, তাহাই হউক; কৌরবেরা সকলে দীর্ঘায়ু হউন' ॥১০৯॥

বৈশম্পায়ন কহিলেন—ভরতনন্দন জনমেজয়! শান্তনুনন্দন ভীষ্ম সেই সমবেত সকল রাজাদের মধ্যে দুর্য্যোধনের প্রতি এই কথা বলিলেন—॥১॥

আদিত্যাশ্চৈব সাধ্যাশ্চ যে চ সপ্তর্ষয়ো দিবি।
বিশ্বাবসুশ্চ গন্ধর্বঃ শুভাশ্চাপ্সরসাং গণাঃ ॥৩॥
নমস্কৃত্যোপজগ্মুস্তে লোকবৃদ্ধং পিতামহম্।
পরিবার্য্য চ বিশ্বেশং পর্য্যাসত দিবৌকসঃ ॥৪॥ (যুগ্মকম্)
তেষাং মনশ্চ তেজশ্চাপ্যাদদানাবিবৌজসা।
পূর্বদেবৌ ব্যতিক্রান্তৌ নরনারায়ণাবৃষী ॥৫॥
বৃহস্পতিস্তু পপ্রচ্ছ ব্রহ্মাণং কাবিমাবিতি।
ভবন্তং নোপতিষ্ঠেতে তৌ নঃ শংস পিতামহ! ॥৬॥

ব্রহ্মোবাচ।

যাবেতৌ পৃথিবীং দ্যাঞ্চ ভাসয়ন্তৌ তপস্বিনৌ।
জ্বলন্তৌ রোচমানৌ চ ব্যাপ্যাতীতৌ মহাবলৌ ॥৭॥

ভারতকৌমুদী

বৃহস্পতিরিতি। উশনা শুক্রঃ। পরি লক্ষ্যীকৃত্য। মরুতো দেবাঃ ॥২॥
আদিত্যা ইতি। দিবি বর্ত্তমস্ত ইতি শেষঃ। পর্য্যাসত উপাবিশন্ ॥৩—৪॥
তেষামিতি। ওজসা কান্ত্যা তেজসা চ। পূর্বদেবৌ প্রাচীনৌ দেবৌ ॥৫॥
বৃহস্পতিরিতি। নোপতিষ্ঠেতে নোপাসাতে। শংস ব্রূহি ॥৬॥

'একদা বৃহস্পতি, শুক্র, ইন্দ্রের সহিত অপর দেবগণ এবং অগ্নির সহিত বসুগণ ব্রহ্মার নিকট উপস্থিত হইলেন ॥২॥

আর আদিত্যগণ, সাধ্যগণ, গগনচারী সপ্তর্ষিগণ, গন্ধর্ব বিশ্বাবসু এবং মনোহরমূর্ত্তি অপ্সরোগণ এই সকল দেবতারা ব্রহ্মার নিকট উপস্থিত হইলেন; ক্রমে তাঁহারা লোকবৃদ্ধ ও বিশ্বনিয়ন্তা ব্রহ্মাকে নমস্কার করিয়া তাঁহাকে পরিবেষ্টনপূর্ব্বক উপবেশন করিলেন ॥৩—৪॥

এই সময়ে দেবগণ অপেক্ষাও প্রাচীন নর ও নারায়ণ ঋষি আপন আপন কান্তি ও তেজে তাঁহাদের মন ও তেজ আকর্ষণ করতই যেন সেই স্থান দিয়া চলিয়া গেলেন ॥৫॥

তখন বৃহস্পতি ব্রহ্মার নিকট জিজ্ঞাসা করিলেন—'পিতামহ! ইঁহারা কাঁহারা? ইঁহারা ত আপনাকেও নমস্কার করিলেন না!। সুতরাং আপনি আমাদের নিকট ইঁহাদের বিষয় বলুন' ॥৬॥

ব্রহ্মা বলিলেন—'তেজের প্রভাবে উজ্জ্বল, কান্তির গুণে স্পৃহণীয় এবং মহাবলশালী এই যে দুই জন তপস্বী ভূতল ও আকাশতল আলোকিত করিয়া আমাদিগকে অতিক্রমপূর্ব্বক চলিয়া গেলেন, ইঁহারা নর ও নারায়ণ ঋষি।

নরনারায়ণাবেতৌ লোকাল্লোকং সমাস্থিতৌ।
ঊর্জ্জিতৌ স্বেন তপসা মহাসত্ত্বপরাক্রমৌ ॥৮॥ (যুগ্মকম্)
এতৌ হি কর্ম্মণা লোকং নন্দয়ামাসতুর্ব্বম্।
অসুরাণাং বিনাশায় দেবগন্ধর্বপূজিতৌ ॥৯॥

বৈশম্পায়ন উবাচ।

জগাম শক্রস্তচ্ছ্রুত্বা যত্র তৌ তেপতুস্তপঃ।
সার্দ্ধং দেবগণৈঃ সর্বৈর্ব্বৃহস্পতিপুরোগমৈঃ ॥১০॥
তদা দেবাসুরে যুদ্ধে ভয়ে জাতে দিবৌকসাম্।
অযাচত মহাত্মানৌ নরনারায়ণৌ বরম্ ॥১১॥
তাবব্রূতাং বৃণীষ্বেতি তদা ভরতসত্তম!।
অথৈতাবব্রবীচ্ছক্রঃ সাহ্যং নঃ ক্রিয়তামিতি ॥১২॥

ভারতকৌমুদী

যাবিতি। জ্বলন্তৌ তেজসা, রোচমানৌ কান্ত্যা, ব্যাপ্য অস্মানতিক্রম্য, অতীতৌ প্রস্থিতৌ। লোকান্মর্ত্ত্যাৎ, লোকং ব্রহ্মলোকম্, সমাস্থিতৌ সমাগতৌ। সত্ত্বং বুদ্ধিঃ ॥৭—৮॥

এতাবিতি। অসুরাণাং বিনাশায় কর্ম্মণেতি সম্বন্ধঃ। লোকং জগৎ ॥৯॥

জগামেতি। তৌ নরনারায়ণৌ, তেপতুশ্চক্রতুঃ ॥১০॥

তদেতি। অযাচত শক্র ইত্যনুবৃত্তিঃ। যাচির্দ্বিকর্ম্মকঃ ॥১১॥

তাবিতি। সাহ্যং সাহায্যমিত্যর্থে রূঢ়মিতি প্রাগপি বহুশ উক্তম্ ॥১২॥

আপন আপন তপস্যার তেজে তেজস্বী, অসাধারণ বুদ্ধিমান্ ও মহাপরাক্রমশালী এই ঋষিরা মর্ত্ত্যলোক হইতে ব্রহ্মলোকে আসিয়াছেন' ॥৭—৮॥

দেব-গন্ধর্ব্ব-পূজিত এই ঋষিরা অসুরবিনাশোপযোগী কার্য্যদ্বারা পূর্ব্বেও জগৎকে আনন্দিত করিয়াছিলেন' ॥৯॥

বৈশম্পায়ন বলিলেন—দেবরাজ সেই কথা শুনিয়া বৃহস্পতিপ্রভৃতি সকল দেবগণের সহিত মিলিত হইয়া—যেখানে সেই নর ও নারায়ণ ঋষি তপস্যা করিতেছিলেন, সেইখানে গমন করিলেন ॥১০॥

তৎকালে দেবাসুরের যুদ্ধ চলিতেছিল এবং তাহাতে দেবতাদের ভয় জন্মিয়াছিল; তাই দেবরাজ মহাত্মা নর ও নারায়ণ ঋষির নিকট বর প্রার্থনা করিলেন ॥১১॥

ভরতশ্রেষ্ঠ! তখন নর ও নারায়ণ ঋষি বলিলেন—'আপনি বর গ্রহণ

(৯) পূর্বার্দ্ধাৎ পরম্ 'দ্বিধাভূতৌ মহাপ্রাজ্ঞৌ বিদ্ধি ব্রহ্মন্! পরন্তপৌ' ইত্যর্দ্ধমধিকম্ বা ব রা নি।

ততস্তৌ শক্রমব্রুতাং করিষ্যাবো যদিচ্ছসি।
তাভ্যাঞ্চ সহিতঃ শক্রো বিজিগ্যে দৈত্যদানবান্ ॥১৩॥
নর ইন্দ্রস্য সংগ্রামে হত্বা শত্রূন্ পরন্তপঃ।
পৌলোমান্ কালকঞ্জাংশ্চ সহস্রাণি শতানি চ ॥১৪॥
এষ ভ্রান্তে রথে তিষ্ঠন্ ভল্লেনাপাহরচ্ছিরঃ।
জম্ভস্য গ্রসমানস্য তদা হ্যর্জ্জুন আহবে ॥১৫॥ (যুগ্মকম্)
এষ পারে সমুদ্রস্য হিরণ্যপুরমারুজৎ।
হত্বা ষষ্টিং সহস্রাণি নিবাতকবচান্ রণে ॥১৬॥
এষ দেবান্ সহেন্দ্রেণ জিত্বা পরপুরঞ্জয়ঃ।
অতর্পয়ন্মহাবাহুরর্জ্জুনো জাতবেদসম্ ॥১৭॥

ভারতকৌমুদী

তত ইতি। তৌ নরনারায়ণৌ। তাভ্যাং নরনারায়ণাভ্যাম্ ॥১৩॥

নর ইতি। এষ নরো নররূপী অর্জ্জুন ইতি সম্বন্ধঃ। ভ্রান্তে ঘূর্ণমানে। অপাহরৎ অচ্ছিনৎ। জম্ভস্য তদাখ্যস্য অসুরস্য, গ্রসমানস্য স্বগ্রাসোদ্যতস্য ॥১৪—১৫॥

এষ ইতি। হিরণ্যপুরং তদাখ্যমসুরনগরম্, আরুজৎ ব্যধ্বংসয়ৎ ॥১৬॥

এষ ইতি। অতর্পয়ৎ সমতোষয়ৎ। জাতবেদসমগ্নিং খাণ্ডবদাহেন ॥১৭॥

ভারতভাবদীপঃ

সমবেতেম্বিতি ॥১—৩॥ পর্য্যাসত পরিবার্য্য তস্থুঃ ॥৪—৭॥ লোকাৎ মানুষাৎ, লোকং বাহ্যম্ ॥৮—১০॥ অযাচত ইন্দ্রঃ ॥১১॥ সাহ্যং সাহায্যম্ ॥১২—১৪॥ ভ্রান্তে অস্থিরেঽপি রথে

করুন'। তাহার পর ইন্দ্র তাঁহাদিগকে বলিলেন—'আপনারা এই যুদ্ধে আমাদের সাহায্য করুন' ॥১২॥

তখন তাঁহারা ইন্দ্রকে বলিলেন—'আপনি যাহা ইচ্ছা করিতেছেন, আমরা তাহা করিব'। তাহার পর ইন্দ্র তাঁহাদের সহিত মিলিত হইয়া দৈত্য ও দানবগণকে জয় করিলেন ॥১৩॥

নরাবতার পরন্তপ এই অর্জ্জুন ইন্দ্রের সেই যুদ্ধে শত শত ও সহস্র সহস্র পৌলোমবংশীয় ও কালকঞ্জবংশীয় শত্রুকে বধ করিয়া, সমরাঙ্গনে ঘূর্ণমান রথে থাকিয়া ভল্ল অস্ত্রদ্বারা গ্রাসোদ্যত জম্ভাসুরের মস্তকচ্ছেদন করিয়াছিলেন ॥১৪—১৫॥

এই অর্জ্জুন সমুদ্রপারে যুদ্ধে ষষ্টি সহস্র নিবাতকবচনামক অসুর বধ করিয়া হিরণ্যপুর ধ্বংস করিয়াছিলেন ॥১৬॥

---

(১৪)…কালখঞ্জাংশ্চ…বা ব রা নি। (১৫) এষ চারিরথে তিষ্ঠন্…অর্জ্জুনমাহবে—পি।

নারায়ণস্তথৈবাত্র ভূয়সোঽন্যান্ জঘান হ।
এবমেতৌ মহাবীর্য্যৌ তৌ পশ্যত সমাগতৌ ॥১৮॥
বাসুদেবার্জ্জুনৌ বীরৌ সমবেতৌ মহারথৌ।
নরনারায়ণৌ দেবৌ পূর্বদেবাবিতি শ্রুতিঃ ॥১৯॥
অজেয়ৌ মানুষে লোকে সেন্দ্রৈরপি সুরাসুরৈঃ।
এষ নারায়ণঃ কৃষ্ণঃ ফাল্গুনশ্চ নরঃ স্মৃতঃ।
নারায়ণো নরশ্চৈব সত্ত্বমেকং দ্বিধা কৃতম্ ॥২০॥
এতৌ হি কর্ম্মণা লোকানশ্নুবাতেঽক্ষয়ান্ ধ্রুবান্।
তত্র তত্রৈব জায়েতে যুদ্ধকালে পুনঃ পুনঃ ॥২১॥
তস্মাৎ কর্ম্মৈব কর্ত্তব্যমিতি হোবাচ নারদঃ।
এতদ্ধি সর্বমাচষ্ট বৃষ্ণিচক্রস্য বেদবিৎ ॥২২॥

ভারতকৌমুদী

নারেতি। অত্র খাণ্ডবদাহে, ভূয়সো বহুতরান্। সমাগতৌ ভুবি অবতীর্ণৌ ॥১৮॥
বাস্বিতি। পূর্বদেবৌ প্রাচীনৌ দেবৌ, শ্রুতির্মুনীনাং মুখাদস্মাকং শ্রবণমাস্তে ॥১৯॥
অজেয়াবিতি। ফাল্গুনঃ অর্জ্জুনশ্চ। সত্ত্বং শরীরদ্রব্যম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥
এতাবিতি। কর্ম্মণা তপসা তপস্তেজসেত্যর্থঃ, অশ্নুবাতে ব্যাপ্নুতঃ ॥২১॥

ভারতভাবদীপঃ

লক্ষ্যাৎ ন ব্যপৈতীত্যাশ্চর্য্যম্ ॥১৫॥ আরুজৎ পীড়িতবান্ ॥১৬—১৭॥ ভূয়সো বহূন্ ॥১৮—১৯॥ সত্ত্বং বুদ্ধিসত্ত্বম্, এক এব দেবো যোগপ্রভাবাদ্রূপদ্বয়েন বর্ত্ততে ইত্যর্থঃ ॥২০॥ অশ্নুবাতে ব্যাপ্নুতঃ ॥২১॥ কর্ম্ম যুদ্ধং কর্ত্তব্যং তয়োরিতি শেষঃ। আচষ্ট আখ্যাতবান্ নারদ এব

মহাবাহু ও শক্রনগরবিজয়ী এই অর্জ্জুনই খাণ্ডবদাহের সময়ে ইন্দ্রের সহিত দেবগণকে জয় করিয়া অগ্নিকে সন্তুষ্ট করিয়াছিলেন ॥১৭॥

এবং নারায়ণমূর্ত্তি কৃষ্ণও সেই যুদ্ধে অন্য বহুতর প্রাণীকে বধ করিয়াছিলেন। সেই মহাবীর নর ও নারায়ণই এই ভাবে অবতীর্ণ হইয়াছেন, তোমরা দেখ ॥১৮॥

আমাদের শুনা আছে যে, সেই প্রাচীন দেবতা নর ও নারায়ণ, মহাবীর ও মহারথ অর্জ্জুন ও কৃষ্ণরূপে আসিয়া মিলিত হইয়াছেন ॥১৯॥

ইঁহারা মনুষ্যলোকে ইন্দ্রের সহিত সকল সুরাসুরগণেরও অজেয়। এই কৃষ্ণই সেই নারায়ণ এবং এই অর্জ্জুনই সেই নর। ইঁহারা একটী শরীরকেই দুইভাগে বিভক্ত করিয়াছেন ॥২০॥

ইঁহারা তপস্যার তেজে অক্ষয় ধ্রুবলোক ব্যাপ্ত করেন এবং যুদ্ধের সময়ে সেই সেই স্থানে বার বার জন্ম গ্রহণ করিয়া থাকেন ॥২১॥

অতএব দুষ্টদমনদ্বারা শিষ্টপালন করাই ইঁহাদের কার্য্য ; এই কথা নারদ

শঙ্খচক্রগদাহস্তং যদা দ্রক্ষ্যসি কেশবম্।
পর্য্যাদদানং চাস্ত্রাণি ভীমধন্বানমর্জ্জুনম্ ॥২৩॥
সনাতনৌ মহাত্মানৌ কৃষ্ণাবেকরথে স্থিতৌ।
দুর্য্যোধন! তদা তাত! স্মর্ত্তাসি বচনং মম ॥২৪॥
নো চেদয়মভাবঃ স্যাৎ কুরূণাং প্রত্যুপস্থিতঃ।
অর্থাচ্চ তাত! ধর্ম্মাচ্চ তব বুদ্ধিরুপপ্লুতা ॥২৫॥ (বিশেষকম্)
ন চেদ্‌গ্রহীষ্যসে বাক্যং শ্রোতাসি সুবহূন্ হতান্।
তবৈব হি মতং সর্ব্বে কুরবঃ পর্য্যুপাসতে ॥২৬॥
ত্রয়াণামেব চ মতং তত্ত্বমেকোঽনুমন্যসে।
রামেণ চৈব শপ্তস্য কর্ণস্য ভরতর্ষভ! ॥২৭॥
দুর্জ্জাতেঃ সূতপুত্রস্য শকুনেঃ সৌবলস্য চ।
তথা ক্ষুদ্রস্য পাপস্য ভ্রাতুর্দুঃশাসনস্য চ ॥২৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্মাদিতি। কর্ম্মৈব দুষ্টনিগ্রহেণ শিষ্টপালনকার্য্যমেব, কর্ত্তব্যমাভ্যাং করণীয়ম্। বৃষ্ণিচক্রস্য বৃষ্ণিবংশসমূহস্য সমীপে, বেদবিশারদঃ ॥২২॥

শঙ্খেতি। পর্য্যাদদানং গৃহ্লন্তম্। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। অভাবো ধ্বংসঃ। আদাবেব যদি তব ধ্বংসো ন স্যাত্তদা স্মর্ত্তাসি স্মরিষ্যসীত্যর্থঃ। উপপ্লুতা চ্যুতা ॥২৩—২৫॥

নেতি। বাক্যং মদ্বচনম্। শ্রোতাসি শ্রোষ্যসি। পর্য্যুপাসতে আশ্রয়ন্তি ॥২৬॥

ত্রয়াণামিতি। একস্ত্বমেব, তৎ দুষ্টং মতম্, অনুমন্যসে অঙ্গীকরোষি। দুর্জ্জাতের্নিকৃষ্টজাতেঃ সূতপুত্রস্য কর্ণস্যেতি সম্বন্ধঃ ॥২৭—২৮॥

বলিয়াছেন এবং এই সকল বিষয় বৃষ্ণিবংশীয়দের নিকট সেই বেদবিৎ নারদই বলিয়াছিলেন ॥২২॥

বৎস দুর্য্যোধন! যদি সকল কৌরবেরই ধ্বংস না হয় (আগেই যদি তোমার মৃত্যু না হয়), তবে তুমি যখন দেখিবে—কৃষ্ণ শঙ্খ, চক্র ও গদা ধারণ করিয়াছেন এবং ভীমধন্বা অর্জ্জুনও অনবরত অস্ত্র গ্রহণ করিতেছেন, আর ঐ দুই সনাতন মহাত্মা একরথে রহিয়াছেন, তখন আমার এই কথাগুলি স্মরণ করিবে। বৎস! ধর্ম্ম ও অর্থ হইতে তোমার বুদ্ধি ভ্রষ্ট হইয়াছে ॥২৩—২৫॥

তুমি যদি আমার বাক্য গ্রাহ্য না কর, তবে বহুতর লোকই নিহত হইয়াছে বলিয়া শুনিতে পাইবে। কারণ, কৌরবেরা সকলে তোমার মতেরই অনুসরণ করিয়া থাকেন ॥২৬॥

ভরতশ্রেষ্ঠ! পরশুরামকর্ত্তৃক অভিশপ্ত নিকৃষ্টজাতি সূতপুত্র কর্ণ, সুবলপুত্র

কর্ণ উবাচ।

নৈবমায়ুষ্মতা বাচ্যং যন্মামাত্থ পিতামহ ! ।
ক্ষত্রধর্ম্মে স্থিতো হ্যস্মি স্বধর্ম্মাদনপেযিবান্।
কিঞ্চান্যন্ময়ি দুর্ব্বৃত্তং যেন মাং পরিগর্হসে ॥২৯॥
ন হি মে বৃজিনং কিঞ্চিদ্ধার্ত্তরাষ্ট্রা বিদুঃ ক্বচিৎ।
নাচরং বৃজিনং কিঞ্চিদ্ধার্ত্তরাষ্ট্রস্য নিত্যশঃ ॥৩০॥
অহং হি পাণ্ডবান্ সর্ব্বান্ হনিষ্যামি রণে স্থিতান্।
প্রাগ্‌বিরুদ্ধৈঃ শমং সদ্ভিঃ কথং বা ক্রিয়তে পুনঃ ॥৩১॥
রাজ্ঞো হি ধৃতরাষ্ট্রস্য সর্ব্বং কার্য্যং প্রিয়ং ময়া।
তথা দুর্য্যোধনস্যাপি স হি রাজ্যে সমাহিতঃ ॥৩২॥

ভারতকৌমুদী

নেতি। আয়ুষ্মতা দীর্ঘায়ুঃশালিনা বৃদ্ধেনেত্যর্থঃ। অনপেযিবান্ অনষ্টঃ। দুর্ব্বৃত্তং দুশ্চরিত্রং পশ্যসীতি শেষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥

নেতি। বৃজিনং পাপম্। বৃজিনম্ অনিষ্টম্, ধার্ত্তরাষ্ট্রস্য ধৃতরাষ্ট্রপুত্রগণস্য ॥৩০॥

অহমিতি। সন্ধৌ তব কা ক্ষতিরিত্যাহ প্রাগিতি। প্রাগ্‌বিরুদ্ধৈঃ পূর্বং কৃতবিরোধৈ-র্জনৈঃ সহ, কথং বা সদ্ভিঃ পুনঃ শমং সন্ধিঃ ক্রিয়তে। শমমিত্যার্ষং ক্লীবত্বম্ ॥৩১॥

রাজ্ঞ ইতি। সমাহিতঃ সর্বৈঃ স্থাপিতঃ। রাজ্ঞ এব ময়া প্রিয়ং কার্য্যং ন পুনস্তব ॥৩২॥

শকুনি ও ক্ষুদ্রাশয় ও পাপমতি ভ্রাতা দুঃশাসন এই তিন জনের দুষ্ট মতগুলিকে এক তুমিই অনুমোদন করিয়া থাক' ॥২৭—২৮॥

কর্ণ বলিলেন—'পিতামহ ! আপনি বৃদ্ধ হইয়াছেন, তাহাতে আপনি আমাকে যেরূপ বলিলেন, এরূপ বলা আপনার উচিত নহে। আর আপনি আমার অন্য কি দুর্ব্যবহার দেখিতেছেন যে, আমাকে নিন্দা করিতেছেন ! ॥২৯॥

ধার্ত্তরাষ্ট্রগণ কখনও আমার কোন পাপাচরণ দেখেন নাই এবং আমি কখনও ধার্ত্তরাষ্ট্রগণের কোন অনিষ্ট করি নাই ॥৩০॥

আমি নিশ্চয়ই যুদ্ধস্থিত সমস্ত পাণ্ডবকে সংহার করিব। তা'র পর, যাহাদের সহিত পূর্বে বিরোধ করা হইয়াছে, তাহাদের সহিত সজ্জনেরা কি করিয়া আবার সন্ধি করিতে পারেন ? ॥৩১॥

রাজা ধৃতরাষ্ট্র ও দুর্য্যোধনেরই সমস্ত প্রিয়কার্য্য আমার করা উচিত। কারণ, উঁহারাই রাজত্বপদে স্থাপিত আছেন' ॥৩২॥

---

(৩০) কিঞ্চান্য ময়ি…পি।

বৈশম্পায়ন উবাচ।

কর্ণস্য তু বচঃ শ্রুত্বা ভীষ্মঃ শান্তনবঃ পুনঃ।
ধৃতরাষ্ট্রং মহারাজ! সম্ভাষ্যেদং বচোঽব্রবীৎ ॥৩৩॥
যদয়ং কত্থতে নিত্যং হন্তাহং পাণ্ডবানিতি।
নায়ং কলাপি সম্পূর্ণা পাণ্ডবানাং মহাত্মনাম্ ॥৩৪॥
অনয়ো যোঽয়মাগন্তা পুত্রাণাং তে দুরাত্মনাম্।
তদস্য কর্ম্ম জানীহি সূতপুত্রস্য দুর্ম্মতেঃ ॥৩৫॥
এতমাশ্রিত্য পুত্রস্তে মন্দবুদ্ধিঃ সুযোধনঃ।
অবামন্যত তান্ বীরান্ দেবপুত্রানরিন্দমান্ ॥৩৬॥
কিঞ্চাপ্যেতেন তৎ কর্ম্ম কৃতং পূর্বং সুদুষ্করম্।
তৈর্যথা পাণ্ডবৈঃ সর্বৈরেকৈকেন কৃতং পুরা ॥৩৭॥

ভারতকৌমুদী

কর্ণস্যেতি। সম্ভাষ্য সম্বোধ্য, ইদং পরবর্ত্তি ॥৩৩॥
যদিতি। কত্থতে শ্লাঘতে। কলাপি ষোড়শভাগৈকভাগোঽপি ॥৩৪॥
অনয় ইতি। অনয়ো দুর্নীতিনিবন্ধনা বিপৎ, আগন্তা আগমিষ্যতি ॥৩৫॥
এতমিতি। এতং কর্ণম্। দেবপুত্রান্ পাণ্ডবান্ ॥৩৬॥
কিমিতি। এতেন কর্ণেন, তৎ তাদৃশম্ ॥৩৭॥

বৈশম্পায়ন কহিলেন—মহারাজ জনমেজয়! শান্তনুনন্দন ভীষ্ম কর্ণের কথা শুনিয়া ধৃতরাষ্ট্রকে সম্বোধন করিয়া পুনরায় এই কথা বলিলেন—॥৩৩॥

'ধৃতরাষ্ট্র! 'আমি পাণ্ডবগণকে সংহার করিব' এইভাবে কর্ণ যে আত্মশ্লাঘা করে, তাহাতে আমি বলি—কর্ণ মহাত্মা পাণ্ডবগণের ষোড়শ ভাগের এক ভাগও পূর্ণ নহে ॥৩৪॥

ধৃতরাষ্ট্র! তোমার দুরাত্মা পুত্রগণের এই যে বিপদ্ আসিতেছে, তাহা এই দুর্ম্মতি কর্ণেরই কার্য্য বলিয়া জানিও ॥৩৫॥

তোমার পুত্র অল্পবুদ্ধি দুর্য্যোধন এই কর্ণকে আশ্রয় করিয়াই সেই মহাবীর অরিন্দম দেবপুত্রগণকে অবজ্ঞা করিয়াছে ॥৩৬॥

সেই পাণ্ডবেরা সকলে প্রত্যেকে পূর্ব্বে যেরূপ কার্য্য করিয়াছেন, এই কর্ণ পূর্ব্বে সেরূপ অতিদুষ্কর কোন্ কার্য্য করিয়াছে? ॥৩৭॥

(৩৩)…মহারাজমাভাষ্যেদম্…বা ব রা নি। (৩৬)…অবমন্যেত…পি। (৩৭)…কৃতপূর্বম্…বা ব রা নি।

দৃষ্টা বিরাটনগরে ভ্রাতরং নিহতং প্রিয়ম্।
ধনঞ্জয়েন বিক্রম্য কিমনেন তদা কৃতম্ ॥৩৮॥
সহিতান্ হি কুরূন্ সর্ব্বানভিযাতো ধনঞ্জয়ঃ।
প্রমথ্য চাচ্ছিনদ্বাসঃ কিময়ং প্রোষিতস্তদা ॥৩৯॥
গন্ধর্ব্বৈর্ঘোষযাত্রায়াং হ্রিয়তে যৎ সুতস্তব।
ক তদা সূতপুত্রোঽভূদ্ য ইদানীং বৃষায়তে ॥৪০॥
নন্থ তত্রাপি ভীমেন পার্থেন চ মহাত্মনা।
যমাভ্যামেব সংগম্য গন্ধর্ব্বাস্তে পরাজিতাঃ ॥৪১॥
এতান্যস্য মৃষোক্তানি বহূনি ভরতর্ষভ !।
বিকত্থনস্য ভদ্রং তে সদা ধর্ম্মার্থলোপিনঃ ॥৪২॥

ভারতকৌমুদী

দৃষ্টেতি। বিরাটনগরে উত্তরগোগ্রহে। অনেন কর্ণেন ॥৩৮॥
সহিতানিতি। আচ্ছিনৎ আকৃষ্য নীতবান্, বাসো বস্ত্রম্, প্রোষিতো বিদেশং গতঃ ॥৩৯॥
গন্ধর্ব্বৈরিতি। বৃষায়তে বৃষ ইবাচরতি বৃষবদ্গর্জ্জতীত্যর্থঃ ॥৪০॥
নন্বিতি। যমাভ্যাং নকুলসহদেবাভ্যাম্, সংগম্য যুদ্ধায় গত্বা ॥৪১॥
এতানীতি। বিকত্থনস্য আত্মশ্লাঘাকারিণঃ। তে তব ভদ্রং মঙ্গলমস্তু ॥৪২॥

ভারতভাবদীপঃ

॥২২—৩১॥ স হি রাজ্যে ইতি অস্য বচনং ময়া ন কর্ত্তব্যং কিন্তু রাজ্ঞ এবেতি ভাবঃ ॥৩২—৩৩॥ কলাপি ষোড়শাংশোঽপি ॥৩৪—৩৯॥ হ্রিয়তে যদ্যদা বৃষায়তে বৃষবন্নর্দ্দতি ॥৪০—৪৮॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৪৯॥

অর্জ্জুন উত্তরগোগ্রহে বিক্রম প্রকাশ করিয়াই ইহার প্রিয়ভ্রাতাকে নিহত করিয়াছিলেন; তাহা দেখিয়াও এ কর্ণ তখন তাহার কি করিয়াছিল? ॥৩৮॥

অর্জ্জুন সম্মুখযুদ্ধে প্রবৃত্ত হইয়াই তখন সম্মিলিত সকল কৌরবকে পরাভূত করিয়া তাঁহাদের বস্ত্র হরণ করিয়াছিলেন; তখন কি এই কর্ণ বিদেশে ছিল? ॥৩৯॥

গন্ধর্ব্বেরা ঘোষযাত্রায় তোমার পুত্রকে যে হরণ করিতেছিল, তখন এ কর্ণ কোথায় ছিল? যে এখন বৃষের ন্যায় গর্জ্জন করিতেছে ॥৪০॥

তখনও মহাত্মা ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেবই যাইয়া সেই গন্ধর্ব্বগণকে পরাজিত করিয়াছিলেন ॥৪১॥

অতএব ভরতশ্রেষ্ঠ! তোমার মঙ্গল হউক, কিন্তু আত্মশ্লাঘাপরায়ণ ও ধর্ম্মার্থনাশকারী এই কর্ণ এইরূপই বহুতর মিথ্যা কথা বলিয়া থাকে ॥৪২॥

বৈশম্পায়ন উবাচ।

ভীষ্মস্য তু বচঃ শ্রুত্বা ভারদ্বাজো মহামনাঃ।
ধৃতরাষ্ট্রমুবাচেদং রাজমধ্যেঽভিপূজয়ন্ ॥৪৩॥
যদাহ ভরতশ্রেষ্ঠো ভীষ্মস্তৎ ক্রিয়তাং নৃপ!।
ন কামমবলিপ্তানাং বচনং কর্ত্তুমর্হসি ॥৪৪॥
পুরা যুদ্ধাৎ সাধু মন্যে পাণ্ডবৈঃ সহ সঙ্গতম্।
যদ্বাক্যমর্জ্জুনেনোক্তং সঞ্জয়েন নিবেদিতম্ ॥৪৫॥
সর্ব্বং তদভিজানামি করিষ্যতি চ পাণ্ডবঃ।
ন হ্যস্য ত্রিষু লোকেষু সদৃশোঽস্তি ধনুর্দ্ধরঃ ॥৪৬॥ (যুগ্মকম্)

বৈশম্পায়ন উবাচ।

অনাদৃত্য তু তদ্বাক্যমর্থবদ্দ্রোণভীষ্ময়োঃ।
ততঃ স সঞ্জয়ং রাজা পর্য্যপৃচ্ছত পাণ্ডবান্ ॥৪৭॥

ভারতকৌমুদী

ভীষ্মস্যেতি। ভারদ্বাজো দ্রোণঃ। অভিপূজয়ন্ ভীষ্মস্য তদ্বচঃ প্রশংসন্ ॥৪৩॥

যদিতি। কামং যথেষ্টম্, অবলিপ্তানাং গর্বিতানাং কর্ণাদীনাম্ ॥৪৪॥

পুরেতি। পুরা পূর্বম্। যুদ্ধে পরাজয়াৎ পরং সঙ্গতং ন সাধ্বিতি ভাবঃ। সর্ব্বং তদ্বাক্যম্। করিষ্যতি তদ্বাক্যানুরূপং কার্য্যম্, পাণ্ডবোঽর্জুনঃ। হি যস্মাৎ ॥৪৫—৪৬॥

অনাদৃত্যেতি। অর্থবৎ প্রশস্তার্থযুক্তম্। রাজা ধৃতরাষ্ট্রঃ ॥৪৭॥

বৈশম্পায়ন কহিলেন—মহামনা দ্রোণ ভীষ্মের কথা শুনিয়া সেই কথার প্রশংসা করিয়া রাজাদের মধ্যে ধৃতরাষ্ট্রকে এই কথা বলিলেন—॥৪৩॥

'রাজা! ভরতবংশশ্রেষ্ঠ ভীষ্ম যাহা বলিলেন, আপনি তাহাই করুন। কিন্তু আপনি গর্বিত লোকদিগের ইচ্ছানুরূপ বাক্য রক্ষা করিতে পারেন না ॥৪৪॥

যুদ্ধের পূর্বেই পাণ্ডবদের সহিত মিলিত হওয়া আমি ভাল মনে করি। কারণ, অর্জ্জুন যাহা বলিয়াছেন, সঞ্জয় তাহাই জানাইয়াছেন; আমি সে সকল বাক্যই শুনিয়াছি। অর্জ্জুন সেই বাক্যানুরূপ কার্য্য করিবেনও। যে হেতু ত্রিভুবনেই অর্জ্জুনের তুল্য ধনুর্দ্ধর নাই' ॥৪৫—৪৬॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর রাজা ধৃতরাষ্ট্র ভীষ্ম ও দ্রোণের সেই উপযুক্ত বাক্যের প্রতি অনাদর করিয়া সঞ্জয়ের নিকট পাণ্ডবদের বিষয়ই জিজ্ঞাসা করিতে লাগিলেন ॥৪৭॥

(৪৪)⋯ন কামমর্থলিপ্সূনাম্⋯পি।

তদৈব কুরবঃ সর্ব্বে নিরাশা জীবিতেঽভবন্।
ভীষ্মদ্রোণৌ যদা রাজা ন সম্যগনুভাষতে ॥৪৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি যানসন্ধৌ ভীষ্মদ্রোণবাক্যে ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

কিমসৌ পাণ্ডবো রাজা ধর্ম্মপুত্রোঽভ্যভাষত।
শ্রুত্বেহ বহুলাঃ সেনাঃ প্রীত্যর্থং নঃ সমাগতাঃ ॥১॥
কিমসৌ চেষ্টতে সূত! যোৎস্যমানো যুধিষ্ঠিরঃ।
কে বাস্য ভ্রাতৃপুত্রাণাং পশ্যন্ত্যাজ্ঞেপ্সবো মুখম্ ॥২॥
কে স্বিদেনং বারয়ন্তি যুদ্ধাচ্ছাম্যেতি বা পুনঃ।
নিকৃত্যা কোপিতং মন্দৈর্ধর্ম্মজ্ঞং ধর্ম্মচারিণম্ ॥৩॥

ভারতকৌমুদী

তদেতি। জীবিতে নিরাশা অভবন্, যুদ্ধাবশ্যম্ভাবেন মৃত্যুসম্ভবাদিত্যাশয়ঃ ॥৪৮॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি যানসন্ধৌ ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

কিমিতি। ইহ অস্মিন্ স্থানে। সমাগতা ইতি শ্রুত্বা কিমভ্যভাষতেতি সম্বন্ধঃ ॥১॥

কিমিতি। ভ্রাতরশ্চ পুত্রাশ্চেতি তেষাং মধ্যে কে বা জনা অস্য মুখং পশ্যন্তি ॥২॥

ধৃতরাষ্ট্র যখন ভীষ্ম ও দ্রোণের সঙ্গে উপযুক্ত আলাপ করিলেন না, তখনই কৌরবেরা সকলে জীবনের প্রতি নিরাশ হইলেন ॥৪৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! আমাদের সন্তোষ জন্মাইবার জন্য বহুতর সৈন্য এখানে আসিয়াছে শুনিয়া ধর্ম্মপুত্র যুধিষ্ঠির কি বলিলেন? ॥১॥

সঞ্জয়! যুধিষ্ঠির যুদ্ধ করিবার ইচ্ছায় কি কার্য্য করিতেছেন? এবং ভ্রাতৃগণ ও পুত্রগণের মধ্যে কাহারাই বা আদেশ লাভ করিবার ইচ্ছায় উঁহার মুখ নিরীক্ষণ করিতেছে? ॥২॥

সঞ্জয় উবাচ।

রাজ্ঞো মুখমুদীক্ষন্তে পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ।
যুধিষ্ঠিরস্থ ভদ্রং তে স সর্বাননুশাস্তি চ ॥৪॥
পৃথগ্ভূতাঃ পাণ্ডবানাং পাঞ্চালানাং রথব্রজাঃ।
আয়াস্তমভিনন্দন্তি কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্ ॥৫॥
নভঃ সূর্য্যমিবোদ্যন্তং কৌন্তেয়ং দীপ্ততেজসম্।
পাঞ্চালাঃ প্রতিনন্দন্তি তেজোরাশিমিবোদিতম্ ॥৬॥
আগোপালাবিপালাশ্চ নন্দমানা যুধিষ্ঠিরম্।
পাঞ্চালাঃ কেকয়া মৎস্যা প্রতিনন্দন্তি পাণ্ডবম্ ॥৭॥
ব্রাহ্মণ্যো রাজপুত্র্যশ্চ বিশাং দুহিতরশ্চ যাঃ।
ক্রীড়ন্ত্যোঽভিসমায়ান্তি পার্থং সন্নদ্ধমীক্ষিতুম্ ॥৮॥

ভারতকৌমুদী

ক ইতি। এনং যুধিষ্ঠিরম্। নিকৃত্যা শাঠ্যেন। মন্দৈর্মূ ঢৈর্দুর্য্যোধনাদিভিঃ ॥৩॥

রাজ্ঞ ইতি। তে তব ভদ্রং মঙ্গলমস্ত্বিতি বিপৎসম্ভাবনায়ামাশীঃ ॥৪॥

পৃথগিতি। পৃথগ্ভূতা ভিন্নভিন্নশ্রেণীস্থাঃ। রথব্রজা রথসমূহাঃ ॥৫॥

নভ ইতি। নভো গগনং কর্ত্তৃ, উদ্যন্তমুদয়মানম্ ॥৬॥

আগোপালেতি। গোপালাশ্চ অবিপালা মেষপালাশ্চ তেভ্য আ ইত্যাগোপালাবিপালা গোপালমেষপালাদয় ইত্যর্থঃ, নন্দমানা আনন্দিতাঃ সন্ত এব ॥৭॥

মূর্খ দুর্য্যোধনপ্রভৃতি শঠতা করিয়া ধর্ম্মজ্ঞ ও ধর্ম্মচারী যুধিষ্ঠিরের ক্রোধ উৎপাদন করিয়াছে। সুতরাং 'তুমি যুদ্ধ হইতে নিবৃত্ত হও' এই কথা বলিয়া কাহারাই বা উঁহাকে বারণ করিতেছে?' ॥৩॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! আপনার মঙ্গল হউক। পাঞ্চালগণ অপর পাণ্ডবগণের সহিত মিলিত হইয়া রাজা যুধিষ্ঠিরের মুখ নিরীক্ষণ করিতেছেন; আবার তিনিও সকলের প্রতি উপদেশ দিতেছেন ॥৪॥

কুন্তীনন্দন যুধিষ্ঠির আগমন করিতে লাগিলে, পাঞ্চালগণ ও পাণ্ডবগণের ভিন্ন ভিন্ন শ্রেণীস্থ রথসমূহ তাঁহার অভিনন্দন করে ॥৫॥

আকাশ যেমন উদয়মান সূর্য্যের অভিনন্দন করে, সেইরূপ পাঞ্চালেরা উদিত তেজঃপুঞ্জতুল্য উজ্জ্বলতেজা যুধিষ্ঠিরের অভিনন্দন করে ॥৬॥

গোপাল ও মেষপাল হইতে আরম্ভ করিয়া পাঞ্চালগণ, কেকয়গণ ও মৎস্যগণ পাণ্ডুনন্দন যুধিষ্ঠিরের অভিনন্দন করে ॥৭॥

ধৃতরাষ্ট্র উবাচ।

সঞ্জয়াচক্ষ্ব যেনাস্মান্ পাণ্ডবা অভ্যযুঞ্জত।
ধৃষ্টদ্যুম্নস্য সৈন্যেন সোমকানাং বলেন চ ॥৯॥

বৈশম্পায়ন উবাচ।

গাবল্গনিস্তু তৎপৃষ্টঃ সভায়াং কুরুসংসদি।
নিশ্বস্য সুভৃশং দীর্ঘং মুহুঃ সঞ্চিন্তয়ন্নিব ॥১০॥
তত্রানিমিত্ততো দৈবাৎ সূতং কশ্মলমাবিশৎ।
তদাচচক্ষে বিদুরঃ সভায়াং রাজসংসদি ॥১১॥
সঞ্জয়োঽয়ং মহারাজ! মূর্চ্ছিতঃ পতিতো ভুবি।
বাচং ন সৃজতে কাঞ্চিদ্ধীনপ্রজ্ঞোঽল্পচেতনঃ ॥১২॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণ্য ইতি। ব্রাহ্মণ্যো ব্রাহ্মণকন্যাঃ। বিশাং বৈশ্যানাম্ ॥৮॥

সঞ্জয়েতি। আচক্ষ্ব তেষাং নামানি ব্রূহি। অভ্যযুঞ্জত যোদ্ধুমৈচ্ছন্ ॥৯॥

গাবেতি। গাবল্গনিঃ সঞ্জয়ঃ। কুরবঃ সংসীদন্তি অবতিষ্ঠন্তে অস্যামিতি কুরুসংসৎ তস্যাম্। এবমন্যত্র। সঞ্চিন্তয়ন্নিবাসীদিতি শেষঃ ॥১০॥

তত্রেতি। অনিমিত্ততঃ অপ্রত্যক্ষকারণাৎ, সূতং সঞ্জয়ম্, কশ্মলং মোহঃ ॥১১॥

সঞ্জয় ইতি। সৃজতে বদতি, হীনপ্রজ্ঞো নষ্টবুদ্ধিঃ, অল্পচেতনো নষ্টসংজ্ঞঃ ॥১২॥

ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যের কন্যারা খেলা করিতে করিতে যুদ্ধসজ্জায় সজ্জিত অর্জ্জুনকে দেখিতে আসিতেছে' ॥৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! পাণ্ডবেরা ধৃষ্টদ্যুম্ন ও সোমকদিগের যে সকল সৈন্যদ্বারা আমাদের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিয়াছেন, তাহাদের নামগুলি বল' ॥৯॥

বৈশম্পায়ন বলিলেন—ধৃতরাষ্ট্র সেই কথা জিজ্ঞাসা করিলে, কৌরবসভায় সঞ্জয় বার বার অতিদীর্ঘ নিশ্বাস ত্যাগ করিয়া কোন বিষয় যেন চিন্তা করিতে লাগিলেন ॥১০॥

তখন বিনা কারণে দৈববশতঃ সঞ্জয়ের মূর্চ্ছা উপস্থিত হইল। সুতরাং বিদুর রাজসভায় সেই মূর্চ্ছার বিষয় বলিলেন—॥১১॥

'মহারাজ! সঞ্জয় মূর্চ্ছিত হইয়া ভূতলে পতিত হইয়াছেন। উঁহার বুদ্ধি ভ্রষ্ট হইয়াছে, চৈতন্যও অল্পমাত্র আছে। সুতরাং উনি কোন কথা বলিতে পারিতেছেন না' ॥১২॥

ধৃতরাষ্ট্র উবাচ।

অপশ্যৎ সঞ্জয়ো নূনং কুন্তীপুত্রান্ মহারথান্।
তৈরস্য পুরুষব্যাঘ্রৈর্ভৃশমুদ্বেজিতং মনঃ ॥১৩॥

বৈশম্পায়ন উবাচ।

সঞ্জয়শ্চেতনাং লব্ধ্বা প্রত্যাশ্বস্যেদমব্রবীৎ।
ধৃতরাষ্ট্রং মহারাজ! সভায়াং কুরুসংসদি ॥১৪॥

সঞ্জয় উবাচ।

দৃষ্টবানস্মি রাজেন্দ্র! কুন্তীপুত্রান্ মহারথান্।
মৎস্যরাজগৃহাবাস-নিরোধেনাবকর্শিতান্ ॥১৫॥
শৃণু যৈর্হি মহারাজ! পাণ্ডবা অভ্যযুঞ্জত।
ধৃষ্টদ্যুম্নেন বীরেণ পাণ্ডবাস্তেঽভ্যযুঞ্জত ॥১৬॥
যো নৈব রোষান্ন ভয়ান্ন লোভান্নার্থকারণাৎ।
ন হেতুবাদাদ্ধর্ম্মাত্মা সত্যং জহ্যাৎ কদাচন ॥১৭॥

ভারতকৌমুদী

অপশ্যদিতি। নূনমিত্যুৎপ্রেক্ষায়াম্। পুরুষব্যাঘ্রৈঃ পাণ্ডবৈঃ ॥১৩॥

সঞ্জয় ইতি। প্রত্যাশ্বস্য কিঞ্চিৎ সুস্থীভূয় ॥১৪॥

দৃষ্টবানিতি। মৎস্যরাজগৃহাবাসে তৎকালে নিরোধেন তত্রৈবাবরোধেন অবকর্শিতান্ কৃশীকৃতদেহান্। এতেন তেষাং নিরতিশয়দুঃখভোগনিবন্ধনোত্তেজনা সূচিতা ॥১৫॥

শৃণ্বিতি। অভ্যযুঞ্জত যুষ্মাভিঃ সহ যোদ্ধুমৈচ্ছন্ ॥১৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় মহারথ পাণ্ডবগণের সহিত সাক্ষাৎ করিতে গিয়াছিলেন, তখন নিশ্চয়ই সেই পুরুষশ্রেষ্ঠেরা উঁহার মনকে অত্যন্ত উদ্বিগ্ন করিয়া দিয়াছেন' ॥১৩॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! তাহার পর সঞ্জয় চৈতন্য লাভ করিয়া কিঞ্চিৎ সুস্থ হইয়া সেই কৌরবসভায় ধৃতরাষ্ট্রকে এই কথা বলিলেন—॥১৪॥

সঞ্জয় বলিলেন—'রাজশ্রেষ্ঠ! বিরাটরাজার বাড়ীতে বাস করিবার সময়ে অবরুদ্ধ থাকায় পাণ্ডবগণের দেহ কৃশ হইয়া গিয়াছে, সেই অবস্থায়ই আমি তাঁহাদিগকে দেখিয়াছি ॥১৫॥

মহারাজ! পাণ্ডবেরা যে সকল বীরদ্বারা আপনাদের সঙ্গে যুদ্ধ করিবার ইচ্ছা করিয়াছেন, তাহা শ্রবণ করুন। পাণ্ডবেরা বীর ধৃষ্টদ্যুম্নদ্বারা যুদ্ধ করিবার ইচ্ছা করিয়াছেন ॥১৬॥

যঃ প্রমাণং মহারাজ! ধর্ম্মে ধর্ম্মভৃতাং বরঃ।
অজাতশত্রুণা তেন পাণ্ডবা অভ্যযুঞ্জত ॥১৮॥ (যুগ্মকম্)
যস্য বাহুবলে তুল্যঃ পৃথিব্যাং নাস্তি কশ্চন।
যো বৈ সর্ব্বান্ মহীপালান্ বশে চক্রে ধনুর্দ্ধরঃ ॥১৯॥
যঃ কাশীনঙ্গমগধান্ কলিঙ্গাংশ্চ যুধাঽজয়ৎ।
তেন বো ভীমসেনেন পাণ্ডবা অভ্যযুঞ্জত ॥২০॥ (যুগ্মকম্)
যস্য বীর্য্যেণ সহসা চত্বারো ভুবি পাণ্ডবাঃ।
নিঃসৃতা জতুগৃহাদ্বৈ হিড়িম্বাৎ পুরুষাদকাৎ।
যশ্চৈষামভবদ্দ্বীপঃ কুন্তীপুত্রো বৃকোদরঃ ॥২১॥
যাজ্ঞসেনীমথো যত্র সিন্ধুরাজোঽপকৃষ্টবান্।
তত্রৈষামভবদ্দ্বীপঃ কুন্তীপুত্রো বৃকোদরঃ ॥২২॥
যশ্চ তান্ সঙ্গতান্ সর্বান্ পাণ্ডবান্ বারণাবতে।
দহ্যতো মোচয়ামাস তেন বস্তেঽভ্যযুঞ্জত ॥২৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

য ইতি। হেতুবাদাদ্ যুক্তিপ্রদর্শনাৎ। অজাতশত্রুণা যুধিষ্ঠিরেণ ॥১৭—১৮॥

যস্যেতি। বশে চক্রে রাজসূয়কালে। বো যুষ্মান্ ॥১৯—২০॥

যস্যেতি। পাণ্ডবা ভীমেতরে। পুরুষাদকাৎ মানুষভক্ষকাৎ। এষাং পাণ্ডবানাম্। দ্বীপো দ্বীপস্বরূপো রক্ষকঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। যাজ্ঞসেনীং দ্রৌপদীম্। সিন্ধুরাজো জয়দ্রথঃ। সঙ্গতান্ সম্মিলিতান্। দহ্যতো দহ্যমানান্। তে পাণ্ডবাঃ, তেন ভীমসেনেন, বো যুষ্মান্ ॥২১—২৩॥

যে ধর্ম্মাত্মা ক্রোধ, ভয়, লোভ, অন্য কারণ বা পরের যুক্তিপ্রদর্শনদ্বারা কখনও সত্য ত্যাগ করেন না এবং যে ধার্ম্মিকপ্রবর ধর্ম্মের বিষয়ে সকলের নিকটেই প্রমাণ বলিয়া গণ্য হন, সেই যুধিষ্ঠিরদ্বারা অপর পাণ্ডবেরা আপনাদের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিয়াছেন ॥১৭—১৮॥

বাহুবলে যাঁহার তুল্য কোন লোকই পৃথিবীতে নাই, যে ধনুর্দ্ধর সকল রাজাকে বশীভূত করিয়াছিলেন এবং যিনি যুদ্ধে কাশী, অঙ্গ, মগধ ও কলিঙ্গদেশ জয় করিয়াছিলেন, সেই ভীমসেনদ্বারা পাণ্ডবেরা আপনাদের সঙ্গে যুদ্ধ করিবার ইচ্ছা করিয়াছেন ॥১৯—২০॥

যাঁহার বলে অপর পাণ্ডবেরা চারি জন অতিসত্বর জতুগৃহ হইতে নির্গত হইয়াছিলেন; যে কুন্তীনন্দন ভীমসেন নরভোজী হিড়িম্বরাক্ষসকৃত বিপৎসাগরে

(২১)···নিঃসৃত্য···বা ব রা নি।

কৃষ্ণায়াশ্চরতা প্রীতিং যেন ক্রোধবশা হতাঃ।
প্রবিশ্য বিষমং ঘোরং পর্বতং গন্ধমাদনম্ ॥২৪॥
যস্য নাগাযুতৈর্বীর্য্যং ভুজয়োঃ সারমর্পিতম্।
তেন বো ভীমসেনেন পাণ্ডবা অভ্যযুঞ্জত ॥২৫॥ (যুগ্মকম্)
কৃষ্ণদ্বিতীয়ো বিক্রম্য তুষ্ট্যর্থং জাতবেদসঃ।
অজয়দ্‌যঃ পুরা বীরো যুধ্যমানং পুরন্দরম্ ॥২৬॥
যঃ স সাক্ষান্মহাদেবং গিরিশং শূলপাণিনম্।
তোষয়ামাস যুদ্ধেন দেবদেবমুমাপতিম্ ॥২৭॥
যশ্চ সর্বান্ বশে চক্রে লোকপালান্ ধনুর্দ্ধরঃ।
তেন বো বিজয়েনাজৌ পাণ্ডবা অভ্যযুঞ্জত ॥২৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

কৃষ্ণায়া ইতি। চরতা কুর্ব্বতা। ক্রোধবশাস্তদাখ্যা রাক্ষসাঃ। নাগাযুতৈর্দশসহস্র-হস্তিভিঃ, সারং শ্রেষ্ঠম্। বো যুষ্মান্ ॥২৪—২৫॥

কৃষ্ণেতি। জাতবেদসঃ অগ্নেঃ। শূলং পণিতুং যুদ্ধে ব্যবহর্ত্তুং শীলমস্যেতি শূলপাণী তম্। বো যুষ্মান্, বিজয়েন অর্জ্জুনেন, আজৌ যুদ্ধে ॥২৬—২৮॥

পাণ্ডবগণের দ্বীপস্বরূপ হইয়াছিলেন; জয়দ্রথ যখন দ্রৌপদীকে আকর্ষণ করিয়া লইয়া চলিয়াছিলেন, তখন যে ভীমসেন তাঁহাকে উদ্ধার করিয়া পাণ্ডবগণের দ্বীপস্বরূপ হইয়াছিলেন এবং যিনি বারণাবতে দহ্যমান সকল পাণ্ডবকে মুক্ত করিয়াছিলেন; সেই ভীমসেনদ্বারা পাণ্ডবেরা আপনাদের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিয়াছেন ॥২১—২৩॥

যিনি দ্রৌপদীর সন্তোষের জন্য অতিভয়ঙ্কর গন্ধমাদনপর্ব্বতে প্রবেশ করিয়া ক্রোধবশনামক রাক্ষসগণকে বধ করিয়াছিলেন এবং যাঁহার বাহুযুগলে দশ সহস্র হস্তীর বল অর্পিত রহিয়াছে, সেই ভীমসেনদ্বারা পাণ্ডবেরা আপনাদের সঙ্গে যুদ্ধ করিবার ইচ্ছা করিয়াছেন ॥২৪—২৫॥

যে বীর পূর্ব্বে একমাত্র কৃষ্ণের সহিত মিলিত হইয়া বিক্রমপূর্বক অগ্নিদেবের সন্তোষের জন্য যুদ্ধে দেবরাজকে জয় করিয়াছিলেন, যিনি যুদ্ধ করিয়া শূলধারী, উমাপতি, কৈলাসবাসী ও দেবদেব সাক্ষাৎ মহাদেবকে সন্তুষ্ট করিয়াছিলেন এবং যে ধনুর্দ্ধর সকল লোকপালকেই বশীভূত করিয়াছিলেন, সেই অর্জ্জুনদ্বারা পাণ্ডবেরা যুদ্ধে আপনাদিকে আক্রমণ করিবার ইচ্ছা করিয়াছেন ॥২৬—২৮॥

(২৪) কৃষ্ণায়াং চরতা···বা ব রা নি।

যঃ প্রতীচীং দিশং চক্রে বশে ম্লেচ্ছগণায়ুতাম্।
স তত্র নকুলো যোদ্ধা চিত্রযোধী ব্যবস্থিতঃ ॥২৯॥
তেন বো দর্শনীয়েন বীরেণাতিধনুর্ভৃতা।
মাদ্রীপুত্রেণ কৌরব্য! পাণ্ডবা অভ্যযুঞ্জত ॥৩০॥
যঃ কাশীনঙ্গমগধান্ কলিঙ্গাংশ্চ যুধাঽজয়ৎ।
তেন বঃ সহদেবেন পাণ্ডবা অভ্যযুঞ্জত ॥৩১॥
যস্য বীর্য্যেণ সদৃশাশ্চত্বারো ভুবি মানবাঃ।
অশ্বত্থামা ধৃষ্টকেতু রুক্মী প্রদ্যুম্ন এব চ ॥৩২॥
তেন বঃ সহদেবেন যুদ্ধং রাজন্! মহাত্যয়ম্।
যবীয়সা নৃবীরেণ মাদ্রীনন্দিকরেণ চ ॥৩৩॥ (যুগ্মকম্)
তপশ্চচার যো ঘোরং কাশীকন্যা পুরা সতী।
ভীষ্মস্য বধমিচ্ছন্তী প্রেত্যাপি ভরতর্ষভ! ॥৩৪॥
পাঞ্চালস্য সুতা জজ্ঞে দৈবাচ্চ স পুনঃ পুমান্।
স্ত্রীপুংসোঃ পুরুষব্যাঘ্র! যঃ স বেদ গুণাগুণান্ ॥৩৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

য ইতি। তত্র পাণ্ডবপক্ষে। ব্যবস্থিতো যুদ্ধায়েতি শেষঃ ॥২৯॥

তেনেতি। দর্শনীয়েন সুন্দরাকৃতিনা ॥৩০॥

য ইতি। হ্রস্বেকারান্তোঽপি কাশিশব্দো বহুত্রৈব দৃশ্যতে ॥৩১॥

যস্যেতি। ধৃষ্টকেতুঃ শিশুপালপুত্রঃ। মহান্ অত্যয়ো বিপদযস্মাত্তৎ ॥৩২—৩৩॥

তপ ইতি। যঃ শিখণ্ডী। কাশীকন্যা কাশীরাজকন্যা, পুরা পূর্ব্বজন্মনি। প্রেত্যাপি জন্মান্তরেঽপি। দৈবাদযক্ষানুগ্রহাৎ। গুণাগুণান্ উৎকর্ষাপকর্ষান্ ॥৩৪—৩৫॥

যিনি ম্লেচ্ছপরিপূর্ণ পশ্চিমদিক্ বশীভূত করিয়াছিলেন, সেই মহাযোদ্ধা ও বিচিত্রযুদ্ধকারী নকুল পাণ্ডবপক্ষে যুদ্ধ করিবার জন্য রহিয়াছেন ॥২৯॥

কৌরবনন্দন! সুদৃশ্যমূর্ত্তি, মহাবীর ও মহাধনুর্দ্ধর সেই নকুলদ্বারা পাণ্ডবেরা আপনাদের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিয়াছেন ॥৩০॥

যিনি যুদ্ধে কাশী, অঙ্গ, মগধ ও কলিঙ্গদেশ জয় করিয়াছিলেন, সেই সহদেবদ্বারা পাণ্ডবেরা আপনাদের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিয়াছেন ॥৩১॥

রাজা! ভূমণ্ডলে অশ্বত্থামা, ধৃষ্টকেতু, রুক্মী ও প্রদ্যুম্ন এই চারি জনমাত্র বলে যাঁহার তুল্য, সেই কনিষ্ঠপাণ্ডব, মনুষ্যবীর ও মাদ্রীর আনন্দকারী সহদেবের সহিত আপনাদের মহাবিপত্তিজনক যুদ্ধ হইবে ॥৩২—৩৩॥

যঃ কলিঙ্গান্ সমাপেদে পাঞ্চাল্যো যুদ্ধদুর্ম্মদঃ।
শিখণ্ডিনা বঃ কুরবঃ! কৃতাস্ত্রেণাভ্যযুঞ্জত ॥৩৬॥
যং যক্ষঃ পুরুষং চক্রে ভীষ্মস্য নিধনেচ্ছয়া।
মহেষ্বাসেন রৌদ্রেণ পাণ্ডবা অভ্যযুঞ্জত ॥৩৭॥
মহেষ্বাসা রাজপুত্রা ভ্রাতরঃ পঞ্চ কেকয়াঃ।
আমুক্তকবচাঃ শূরাস্তৈশ্চ বস্তেঽভ্যযুঞ্জত ॥৩৮॥
যো দীর্ঘবাহুঃ ক্ষিপ্রাস্ত্রো ধৃতিমান্ সত্যবিক্রমঃ।
তেন বো বৃষ্ণিবীরেণ যুযুধানেন সঙ্গরঃ ॥৩৯॥
য আসীচ্ছরণং কালে পাণ্ডবানাং মহাত্মনাম্।
রণে তেন বিরাটেন ভবিতা বঃ সমাগমঃ ॥৪০॥

ভারতকৌমুদী

য ইতি। সমাপেদে জিত্বা লেভে। অভ্যযুঞ্জত পাণ্ডবা ইতি শেষঃ ॥৩৬॥
যমিতি। পুরুষং চক্রে, এতদুপাখ্যানং পরস্তাদ্বক্ষ্যতি ॥৩৭॥
মহেষ্বাসা ইতি। বো যুষ্মান্, তে পাণ্ডবাঃ। এবমন্যত্র ॥৩৮॥
য ইতি। ধৃতিমান্ ধৈর্য্যবান্। যুযুধানেন সাত্যকিনা, সঙ্গরো যুদ্ধং ভবিষ্যতি ॥৩৯॥

ভরতশ্রেষ্ঠ! যিনি পূর্ব্বজন্মে কাশীরাজের কন্যা হইয়া, জন্মান্তরেও ভীষ্মের বধ কামনা করিয়া ভয়ঙ্কর তপস্যা করিয়াছিলেন; পরে তিনি দ্রুপদরাজার কন্যা হইয়া আবার দৈববশতঃ পুরুষ হইয়াছিলেন। পুরুষশ্রেষ্ঠ! সেই যিনি স্ত্রী ও পুরুষের গুণ ও দোষ জানেন ॥৩৪—৩৫॥

কৌরবগণ! যুদ্ধদুর্দ্ধর্ষ যে দ্রুপদনন্দন কলিঙ্গদেশ জয় করিয়াছিলেন, সেই শিক্ষিতাস্ত্র শিখণ্ডীদ্বারা পাণ্ডবেরা আপনাদের সঙ্গে যুদ্ধ করিবার ইচ্ছা করিয়াছেন ॥৩৬॥

যক্ষ ভীষ্মকে বধ করিবার ইচ্ছায় যাঁহাকে পুরুষ করিয়াছিলেন, সেই মহাধনুর্দ্ধর ও রৌদ্রমূর্ত্তি শিখণ্ডীদ্বারা পাণ্ডবেরা আপনাদের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিয়াছেন ॥৩৭॥

কবচধারী, মহাধনুর্দ্ধর ও মহাবীর কেকয়রাজপুত্র যে পাঁচ ভাই রহিয়াছেন, তাঁহাদের দ্বারা পাণ্ডবেরা আপনাদের সঙ্গে যুদ্ধ করিবার ইচ্ছা করিয়াছেন ॥৩৮॥

যিনি দীর্ঘবাহু, শীঘ্রাস্ত্র, ধৈর্য্যশীল ও সত্যবিক্রম, সেই বৃষ্ণিবীর সাত্যকির সহিত আপনাদের যুদ্ধ হইবে ॥৩৯॥

মহাত্মা পাণ্ডবগণের অজ্ঞাতবাসের সময়ে যিনি তাঁহাদিগকে আশ্রয় দিয়াছিলেন, যুদ্ধে সেই বিরাটরাজার সহিত আপনাদের সম্মেলন হইবে ॥৪০॥

যঃ স কাশীপতী রাজা বারাণস্যাং মহারথঃ।
স তেষামভবদ্‌যোদ্ধা তেন বস্তেঽভ্যযুঞ্জত ॥৪১॥
শিশুভির্দুর্জয়ৈঃ সংখ্যে দ্রৌপদেয়ৈর্মহাত্মভিঃ।
আশীবিষসমস্পর্শৈঃ পাণ্ডবা অভ্যযুঞ্জত ॥৪২॥
যঃ কৃষ্ণসদৃশো বীর্য্যে যুধিষ্ঠিরসমো দমে।
তেনাভিমন্যুনা সংখ্যে পাণ্ডবা অভ্যযুঞ্জত ॥৪৩॥
যশ্চৈবাপ্রতিমো বীর্য্যে ধৃষ্টকেতুর্মহাযশাঃ।
দুঃসহঃ সমরে ক্রুদ্ধঃ শৈশুপালির্মহারথঃ ॥৪৪॥
তেন বশ্চেদিরাজেন পাণ্ডবা অভ্যযুঞ্জত।
অক্ষৌহিণ্যা পরিবৃতঃ পাণ্ডবান্ যোঽভিসংশ্রিতঃ ॥৪৫॥ (যুগ্মকম্)
যঃ সংশ্রয়ঃ পাণ্ডবানাং দেবানামিব বাসবঃ।
তেন বো বাসুদেবেন পাণ্ডবা অভ্যযুঞ্জত ॥৪৬॥

ভারতকৌমুদী

য ইতি। শরণম্ আশ্রয়ঃ, কালে অজ্ঞাতবাসসময়ে ॥৪০॥
য ইতি। বারাণস্যামস্তি। তেষাং পাণ্ডবানাম্ ॥৪১॥
শিশুভিরিতি। সংখ্যে যুদ্ধে। দ্রৌপদেয়ৈঃ পঞ্চভির্দ্রৌপদীপুত্রৈঃ ॥৪২॥
য ইতি। দমে ইন্দ্রিয়দমনে ॥৪৩॥
য ইতি। শৈশুপালিঃ শিশুপালপুত্রঃ। অভিসংশ্রিতো যোদ্ধুমাশ্রিতঃ ॥৪৪—৪৫॥
য ইতি। সংশ্রয়ঃ অবলম্বনম্। বাসুদেবেন কৃষ্ণেন ॥৪৬॥

মহারথ সেই যে কাশীদেশের রাজা বারাণসীনগরীতে রহিয়াছেন, তিনি পাণ্ডবগণের যোদ্ধা হইয়াছেন। সুতরাং পাণ্ডবেরা তাঁহাদ্বারা আপনাদের সঙ্গে যুদ্ধ করিবার ইচ্ছা করিয়াছেন ॥৪১॥

বালক হইলেও যুদ্ধে দুর্জয় এবং আশীবিষতুল্য স্পর্শকারী মহাবল দ্রৌপদী-পুত্রগণদ্বারা পাণ্ডবেরা যুদ্ধ করিবার ইচ্ছা করিয়াছেন ॥৪২॥

যিনি বলে কৃষ্ণের তুল্য এবং ইন্দ্রিয়সংযমে যুধিষ্ঠিরের সমান, সেই অভিমন্যুদ্বারা পাণ্ডবেরা যুদ্ধে আপনাদিগকে আক্রমণ করিবার ইচ্ছা করিয়াছেন ॥৪৩॥

মহাযশা ও মহারথ যে শিশুপালনন্দন ধৃষ্টকেতু বলে অতুলনীয় এবং ক্রুদ্ধ হইলে যুদ্ধে দুঃসহ; আর যিনি এক অক্ষৌহিণী সৈন্যে পরিবেষ্টিত হইয়া আসিয়া পাণ্ডবগণকে আশ্রয় করিয়াছেন, পাণ্ডবেরা চেদিরাজ সেই ধৃষ্টকেতুদ্বারা আপনাদের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিয়াছেন ॥৪৪—৪৫॥

তথা চেদিপতের্ভ্রাতা শরভো ভরতর্ষভ !।
করকর্ষেণ সহিতস্তাভ্যাং বস্তেঽভ্যযুঞ্জত ॥৪৭॥
জারাসন্ধিঃ সহদেবো জয়ৎসেনশ্চ তাবুভৌ।
যুদ্ধেঽপ্রতিরথৌ বীরৌ পাণ্ডবার্থে ব্যবস্থিতৌ ॥৪৮॥
দ্রুপদশ্চ মহাতেজা বলেন মহতা বৃতঃ।
ত্যক্তাত্মা পাণ্ডবার্থায় যোৎস্যমানো ব্যবস্থিতঃ ॥৪৯॥
এতে চান্যে চ বহবঃ প্রাচ্যোদীচ্যা মহীক্ষিতঃ।
শতশো যানুপাশ্রিত্য ধর্ম্মরাজো ব্যবস্থিতঃ ॥৫০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি যানসন্ধৌ সঞ্জয়বাক্যে পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

তথেতি। শরভো নাম বীরঃ। করকর্ষেণ তদাখ্যেন বীরেণ ॥৪৭॥
জারেতি। জারাসন্ধির্জরাসন্ধপুত্রঃ। অপ্রতিরথৌ সমকক্ষরথিরহিতৌ ॥৪৮॥
দ্রুপদ ইতি। ত্যক্তাত্মা জীবনত্যাগেঽপি সম্মতঃ ॥৪৯॥
এত ইতি। মহীক্ষিতো রাজান আগতা ইতি শেষঃ। ব্যবস্থিতো যুদ্ধায় ॥৫০॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি যানসন্ধৌ পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

কিমসাবিতি ॥১—৮॥ যেন সহায়েন অস্মানালক্ষ্য অভ্যযুঞ্জত সন্নদ্ধা অভূবম্ ॥৯॥ কুরবঃ সংসীদন্ত্যস্তাং সভায়াম্ ॥১০—১৫॥ বস্তে বঃ যুষ্মান্ তে পাণ্ডবাঃ ॥১৬—২১॥ সিন্ধুরাজো জয়দ্রথঃ ॥২২—২৭॥ বিজয়েন অর্জ্জুনেন ॥২৮—৪৬॥ করকর্ষেণ করকর্ষসংজ্ঞেন ভ্রাত্রা ॥৪৭--৫০॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫০॥

ইন্দ্র যেমন দেবগণের আশ্রয়, সেইরূপ যিনি পাণ্ডবগণের আশ্রয়, সেই কৃষ্ণদ্বারা পাণ্ডবেরা আপনাদের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিয়াছেন ॥৪৬॥

ভরতশ্রেষ্ঠ! করকর্ষের সহিত চেদিরাজের ভ্রাতা শরভ আসিয়াছেন; পাণ্ডবেরা তাঁহাদের দ্বারা আপনাদের সঙ্গে যুদ্ধ করিবার ইচ্ছা করিয়াছেন ॥৪৭॥

জরাসন্ধের পুত্র সহদেব ও জয়ৎসেন; ইঁহারা দুই জনই যুদ্ধে অপ্রতিরথ ও মহাবীর; তাঁহারাও পাণ্ডবদের পক্ষে থাকিয়া যুদ্ধ করিবার জন্য অবস্থান করিতেছেন ॥৪৮॥

মহাতেজা দ্রুপদরাজা যুদ্ধ করিবেন বলিয়া বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া প্রাণত্যাগে উদ্যত থাকিয়া পাণ্ডবদের জন্য রহিয়াছেন ॥৪৯॥

---

(৪৮)…যুদ্ধে প্রতিরথে বীরৌ…বা ব রা দ্বি।

একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

সর্ব এতে মহোৎসাহা যে ত্বয়া পরিকীর্ত্তিতাঃ।
একতস্ত্বেব তে সর্বে সমেতা ভীম একতঃ ॥১॥
ভীমসেনাদ্ধি মে ভূয়ো ভয়ং সঞ্জায়তে মহৎ।
ক্রুদ্ধাদমর্ষণাত্তাত! ব্যাঘ্রাদিব মহারুরোঃ ॥২॥
জাগর্ম্মি রাত্রয়ঃ সর্বা দীর্ঘমুষ্ণঞ্চ নিশ্বসন্।
ভীতো বৃকোদরাত্তাত! সিংহাৎ পশুরিবাপরঃ ॥৩॥
ন হি তস্য মহাবাহোঃ শক্রপ্রতিমতেজসঃ।
সৈন্যেঽস্মিন্ প্রতিপশ্যামি য এনং বিষহেদ্‌যুধি ॥৪॥

ভারতকৌমুদী

সর্ব ইতি। সমেতা মিলিতাঃ। এক এব ভীমস্তৈঃ সর্বৈঃ সমান ইত্যর্থঃ ॥১॥
ভীমেতি। অমর্ষণাৎ ক্ষমাশূন্যাৎ। মহারুরোর্বিশালহরিণস্য ॥২॥
জাগর্ম্মীতি। সর্বা রাত্রয়ো যাবদ্বর্ত্তন্তে তাবজ্জাগর্ম্মীত্যর্থঃ ॥৩॥
নেতি। হি যস্মাৎ। প্রতিপশ্যামি প্রতিবীরমবলোকয়ামি ॥৪॥

এই রাজারা এবং অন্যও বহুতর পূর্ব্বদেশীয় ও উত্তরদেশীয় রাজারা শত শত সৈন্য লইয়া আসিয়াছেন, যাঁহাদিগকে অবলম্বন করিয়া যুধিষ্ঠির যুদ্ধের জন্য অবস্থান করিতেছেন ॥৫০॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! তুমি যাঁহাদের নাম বলিলে, তাঁহারা সকলেই অত্যন্ত উৎসাহী বটেন; কিন্তু তাঁহারা সম্মিলিত অবস্থায় সকলে একদিকে, আর ভীম একক একদিকে (উভয় পক্ষ সমান) ॥১॥

বৎস! ব্যাঘ্র হইতে মৃগের যেমন ভয় হয়, তেমন আমারও ক্রুদ্ধ অথ চ ক্ষমাশূন্য ভীম হইতে গুরুতর ভয় হয় ॥২॥

বৎস! সিংহ হইতে অন্য পশুর ন্যায় আমি ভীম হইতে ভীত হইয়া দীর্ঘ ও উষ্ণ নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া সমস্ত রাত্রি জাগিয়া থাকি ॥৩॥

কারণ, ইন্দ্রের তুল্য তেজস্বী ও মহাবাহু সেই ভীমসেনের প্রতিপক্ষ আমার

অমর্ষণশ্চ কৌন্তেয়ো দৃঢ়বৈরশ্চ পাণ্ডবঃ।
অনর্ম্মহাসী সোন্মাদস্তির্য্যক্‌প্রেক্ষী মহাস্বনঃ ॥৫॥
মহাবেগো মহোৎসাহো মহাবাহুর্মহাবলঃ।
মন্দানাং মম পুত্রাণাং যুদ্ধেনান্তং করিষ্যতি ॥৬॥
উরুগ্রাহগৃহীতানাং গদাং বিভ্রদ্‌বৃকোদরঃ।
কুরূণামৃষভো যুদ্ধে দণ্ডপাণিরিবান্তকঃ ॥৭॥ (বিশেষকম্)
অষ্টাশ্রিমায়সীং ঘোরাং গদাং কাঞ্চনভূষণাম্।
মনসাহং প্রপশ্যামি ব্রহ্মদণ্ডমিবোদ্যতম্ ॥৮॥
যথা মৃগাণাং যূথেষু সিংহো জাতবলশ্চরেৎ।
মামকেষু তথা ভীমো বলেষু বিচরিষ্যতি ॥৯॥

ভারতকৌমুদী

অমর্ষণ ইতি। নর্ম্মসু কৌতুকেষ্বপি ন হসতীতি অনর্ম্মহাসী, সোন্মাদঃ সর্ব্বদোদ্ধতস্বভাবঃ, তির্য্যক্‌প্রেক্ষী বক্রদর্শী, মহাস্বনো বিশালস্বরঃ। অন্তং নাশম্। উরুণা মহতা গ্রাহেণ নির্ব্বন্ধেন রাজ্যগ্রহণাগ্রহেণ গৃহীতানাং মম পুত্রাণামিতি সম্বন্ধঃ ॥৫—৭॥

অষ্টেতি। অষ্টৌ অশ্রয়ঃ কোণা যস্যাস্তাম্, "কোণাস্তু স্ত্রিয়ঃ পাল্যশ্রিকোটয়ঃ" ইত্যমরঃ। আয়সীং লৌহময়ীম্। ব্রহ্মদণ্ডং বিধাতুর্দণ্ডম্ ॥৮॥

ভারতভাবদীপঃ

সর্ব্ব ইতি ॥১॥ মহারুরোঃ মহামৃগস্য ॥২—৪॥ অনর্ম্মহাসী নর্ম্ম বৃথোপহাসঃ তদন্যো হাসঃ সত্যমেব কৃত্বা শত্রুমুপহসতীত্যর্থঃ ॥৫—৬॥ উরুগ্রাহঃ মহানির্ব্বন্ধস্তেন গৃহীতানাং বশীবৃতানাম্

সৈন্যমধ্যে একটী লোককেও দেখিতে পাই না, যে লোক যুদ্ধে ভীমকে সহ্য করিতে পারে ॥৪॥

ভীমের ক্ষমা নাই এবং শত্রুতাও চিরকাল থাকে, সে কৌতুকের সময়েও হাসে না, উদ্ধতস্বভাব, বক্রভাবে দৃষ্টিপাত করে, গম্ভীরস্বর, মহাবেগশালী, মহোৎসাহী, মহাবাহু ও মহাবল; এদিকে আমার মূর্খ পুত্রগুলিও বহুতর আগ্রহগ্রস্ত। সুতরাং সেই কুরুশ্রেষ্ঠ কুন্তীনন্দন ভীম গদা ধারণ করিয়া দণ্ডধারী যমের ন্যায় যুদ্ধে আমার পুত্রগণকে সংহার করিবে ॥৫—৭॥

অষ্টকোণা, লৌহময়ী ও স্বর্ণভূষণা ভীমের ভয়ঙ্কর গদাটাকে যেন উত্তোলিত ব্রহ্মদণ্ডের ন্যায় আমি মনে মনে দেখিতেছি ॥৮॥

বলবান্ সিংহ যেমন মৃগযূথমধ্যে বিচরণ করে, সেইরূপই ভীমসেন আমার সৈন্যমধ্যে বিচরণ করিবে ॥৯॥

(৯) যথা রুরূণাং যূথেষু···পি।

সর্বেষাং মম পুত্রাণাং স একঃ ক্রূরবিক্রমঃ।
বহ্বাশী বিপ্রতীপশ্চ বাল্যেঽপি রভসঃ সদা ॥১০॥
উদ্বেপতে মে হৃদয়ং যে মে দুর্য্যোধনাদয়ঃ।
বাল্যেঽপি তেন যুধ্যন্তো বারণেনেব মর্দ্দিতাঃ ॥১১॥
তস্য বীর্য্যেণ সংক্লিষ্টা নিত্যমেব সুতা মম।
স এব হেতুর্ভেদস্য ভীমো ভীমপরাক্রমঃ ॥১২॥
গ্রসমানমনীকানি নরবারণবাজিনাম্।
পশ্যামীবাগ্রতো ভীমং ক্রোধমূর্চ্ছিতমাহবে ॥১৩॥
অস্ত্রে দ্রোণার্জ্জুনসমং বায়ুবেগসমং জবে।
মহেশ্বরসমং ক্রোধে কো হন্যাদ্ভীমমাহবে।
সঞ্জয়াচক্ষ্ব মে শূরং ভীমসেনমমর্ষণম্ ॥১৪॥

ভারতকৌমুদী

যথেতি। জাতবলো যৌবনাগমাদুৎপন্নশক্তিঃ। মামকেষু মদীয়েষু ॥৯॥

সর্ব্বেষামিতি। ক্রূরবিক্রমো নিষ্ঠুরশক্তিঃ। বহ্বাশী প্রচুরভোজী, বিপ্রতীপঃ সর্বেষ্বেব বিশেষেণ প্রতিকূলঃ। রভসঃ পরাক্রমণে বেগবান্ ॥১০॥

উদিতি। উদ্বেপতে নিতরাং কম্পতে। তেন ভীমেন সহ, বারণেন হস্তিনা ॥১১॥

তস্যেতি। ভেদস্য পরস্পরবৈরস্য ॥১২॥

গ্রসেতি। অনীকানি সৈন্যানি। ক্রোধেন মূর্চ্ছিতং জ্ঞানহীনম্ ॥১৩॥

অস্ত্র ইতি। জবে বেগে, বায়ুবেগসমং বেগবদ্বায়ুতুল্যমিত্যর্থঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

বাল্যকালেও আমার সকল পুত্রের মধ্যে একমাত্র সেই ভীমসেনই নিষ্ঠুর-বিক্রম, বহুভোজী, সকলেরই প্রতিকূল এবং সর্বদা বেগবান্ ছিল ॥১০॥

স্মরণ করিলেই আমার হৃদয় কম্পিত হয়। কারণ, দুর্য্যোধনপ্রভৃতি আমার যে সকল পুত্র আছে, তাহারা বাল্যকালেও ভীমের সহিত যখন যুদ্ধ করিত, তখন হস্তীর ন্যায় ভীম তাহাদিগকে মর্দ্দিত করিত ॥১১॥

আমার পুত্রেরা সর্ব্বদাই ভীমের বলে কষ্ট ভোগ করিত। সুতরাং সেই ভীমপরাক্রম ভীমসেনই এই ভেদের কারণ ॥১২॥

অতএব ভীম যুদ্ধকালে ক্রোধে জ্ঞানশূন্য হইয়া নর, হস্তী ও অশ্বসৈন্য যেন গ্রাস করিতেছে, এই অবস্থায়ই আমি যেন তাহাকে সম্মুখে দেখিতেছি ॥১৩॥

অস্ত্রে দ্রোণ ও অর্জ্জুনের তুল্য, বেগে বায়ুর সমান এবং ক্রোধে রুদ্রের সদৃশ মহাবীর ও ক্ষমাশূন্য ভীমসেনকে যুদ্ধে কে বধ করিতে পারে? সঞ্জয়! তাহা তুমি বল দেখি ॥১৪॥

অতিলাভস্তু মন্যেঽহং যত্তেন রিপুঘাতিনা।
তদৈব ন হতাঃ সর্ব্বে পুত্রা মম মনস্বিনা ॥১৫॥
যেন ভীমবলা যক্ষা রাক্ষসাশ্চ পুরা হতাঃ।
কথং তস্য রণে বেগং মানুষঃ প্রসহিষ্যতে ॥১৬॥
ন স জাতু বশে তস্থৌ মম বাল্যেঽপি সঞ্জয় ! ।
কিং পুনর্ম্ম দুষ্পুত্রৈঃ ক্লিষ্টঃ সম্প্রতি পাণ্ডবঃ ॥১৭॥
নিষ্ঠুরো রোষণোঽত্যর্থং ভজ্যেতাপি ন সংনমেৎ।
তির্য্যক্‌প্রেক্ষী সংহতভ্রূঃ কথং শাম্যেদ্‌বৃকোদরঃ ॥১৮॥
শূরস্তথাঽপ্রতিবলো গৌরস্তাল ইবোন্নতঃ।
প্রমাণতো ভীমসেনঃ প্রাদেশেনাধিকোঽর্জ্জুনাৎ ॥১৯॥
জবেন বাজিনোঽত্যেতি বলেনাত্যেতি কুঞ্জরান্।
অব্যক্তজল্পী মধ্বক্ষো মধ্যমঃ পাণ্ডবো বলী ॥২০॥

ভারতকৌমুদী

অতীতি। তদৈব দ্যূতক্রীড়ায়াং দ্রৌপদ্যা নির্যাতনসময় এব ॥১৫॥

যেনেতি। যক্ষরাক্ষসবধস্তু বনপর্ব্বণি দ্রষ্টব্যঃ ॥১৬॥

নেতি। স ভীমঃ, জাতু কদাচিৎ ॥১৭॥

নিষ্ঠুর ইতি। সংহতে পরস্পরং মিলিতে ভ্রুবৌ যস্য সঃ ॥১৮॥

শূর ইতি। তালো বৃক্ষঃ। প্রাদেশেন বিস্তৃতাঙ্গুষ্ঠতর্জ্জনীদেশেন ॥১৯॥

শত্রুহন্তা ও মনস্বী ভীমসেন যে সেই দ্যূতক্রীড়ার সময়েই আমার সকল পুত্রকে বধ করে নাই, ইহাই আমি গুরুতর লাভ মনে করি ॥১৫॥

যে লোক পূর্ব্বে মহাবল যক্ষগণ ও রাক্ষসগণকে বধ করিয়াছে, মানুষ যুদ্ধে তাহার বেগ কি করিয়া সহ্য করিবে ? ॥১৬॥

সঞ্জয় ! ভীমসেন বাল্যকালেও কোন সময়েই আমার বশে ছিল না ; তা'র পর আমার দুষ্ট পুত্রেরা নানাভাবে কষ্ট দিয়াছে, সুতরাং এখন আমার বশে থাকিবে কি প্রকারে ? ॥১৭॥

নিষ্ঠুর ও অত্যন্তক্রোধী ভীম ভগ্ন হইবে, তথাপি নত হইবে না। সুতরাং বক্রদর্শী ও যুক্তভ্রূশালী ভীম কি করিয়া শান্ত হইবে ? ॥১৮॥

বীর, অপ্রতিবল, গৌরবর্ণ এবং তালবৃক্ষের ন্যায় উন্নত ভীমসেন প্রমাণে অর্জ্জুন অপেক্ষাও একপ্রাদেশ অধিক ॥১৯॥

---

(১৬)...প্রসহিষ্যতি—বা_ব রা নি।

ইতি বাল্যে শ্রুতঃ পূর্বং ময়া ব্যাসমুখাৎ পুরা।
রূপতো বীর্য্যতশ্চৈব যাথাতথ্যেন পাণ্ডবঃ ॥২১॥
আয়সেন স দণ্ডেন রথান্ নাগান্ নরান্ হয়ান্।
হনিষ্যতি রণে ক্রুদ্ধো রৌদ্রঃ ক্রূরপরাক্রমঃ ॥২২॥
অমর্ষী নিত্যসংরব্ধো ভীমঃ প্রহরতাং বরঃ।
ময়া তাত! প্রতীপানি কুর্বন্ পূর্ব্বং বিমানিতঃ ॥২৩॥
নিষ্কর্ণামায়সীং স্থূলাং সুপার্শ্বাং কাঞ্চনীং গদাম্।
শতঘ্নীং শতনির্হ্রাদাং কথং শক্ষ্যন্তি মে সুতাঃ ॥২৪॥

ভারতকৌমুদী

জবেনেতি। অত্যেতি অতিক্রামতি। মধু ইব পিঙ্গলে অক্ষিণী যস্য সঃ ॥২০॥

অথ স্বমন্ধত্বাদ্ভীমসেনং ন দৃষ্টবান্, তৎকথং তদ্রূপং বর্ণয়সীত্যাহ ইতীতি। পুরা প্রতিকূলভূতঃ, "পুরা ভবিষ্যদাসন্নে চিরাতীতপ্রতীপয়োঃ" ইতি হেমচন্দ্রঃ ॥২১॥

আয়সেনেতি। আয়সেন লৌহময়েন। নাগান্ হস্তিনঃ, হয়ান্ অশ্বান্ ॥২২॥

অমর্ষীতি। অমর্ষী অসহিষ্ণুঃ, নিত্যসংরব্ধঃ সদা ক্রোধী। প্রতীপানি নির্বাসনাদীনি প্রতিকূলকর্ম্মাণি। বিমানিতো নির্যাতিতঃ ॥২৩॥

নিষ্কর্ণামিতি। নিষ্কর্ণাং সমাবয়বাম্। কাঞ্চনীং স্বর্ণখচিতাম্। শতঘ্নীং যুগপদ্বহুনাশিনীম্, শতনির্হ্রাদাং গুরুতরশব্দাম্ ॥২৪॥

ভারতভাবদীপঃ

॥৭—৯॥ রভসঃ বেগবান্ ॥১০—১৮॥ সংহতে ক্রোধেন গ্রথিতে ভ্রুবৌ যস্য সংহতভ্রূঃ ॥১৯--২০॥ ইতীতি। পুরা পুরাণং নিকটেঽতিদৃঢ়মিতি বার্থঃ। "পুরা পুরাণেঽতিদৃঢ়ে" ইতি মেদিনী "পুরা ভাবিপুরাণয়োঃ। প্রবন্ধে নিকটেঽতীতে" ইতি বিশ্বলোচনঃ ॥২১—২৩॥ নিষ্কর্ণাম্

অস্পষ্টভাষী, মধুর ন্যায় পিঙ্গলনয়ন ও বলবান্ ভীমসেন বেগে অশ্বগণকেও অতিক্রম করে এবং বলে হস্তীদিগকেও পরাভূত করিয়া থাকে ॥২০॥

আমি পূর্ব্বে বেদব্যাসের মুখে যথাযথভাবে উহার বাল্যকালে এইরূপ প্রতিকূল আকৃতি ও বলের কথা শুনিয়াছি ॥২১॥

ক্রুদ্ধ, রৌদ্রমূর্ত্তি ও নিষ্ঠুরবিক্রমশালী ভীম যুদ্ধে লৌহদণ্ডদ্বারা হস্তী, অশ্ব, রথ ও পদাতি সংহার করিবে ॥২২॥

বৎস সঞ্জয়! আমি পূর্ব্বে অনেক প্রতিকূল কার্য্য করিয়া অসহিষ্ণু, সর্বদা ক্রোধী ও যোদ্ধৃশ্রেষ্ঠ ভীমকে নির্যাতিত করিয়াছি ॥২৩॥

আমার পুত্রেরা সমান, স্থূল, সুপার্শ্ব, স্বর্ণখচিত, বহুনাশক, গুরুতরশব্দকারী ও লৌহময় ভীমের গদা কি করিয়া সহ্য করিবে? ॥২৪॥

অপারমপ্লবাগাধং সমুদ্রং শরবেধনম্ ।
ভীমসেনময়ং দুর্গং তাত ! মন্দাস্তিতীর্ষবঃ ॥২৫॥
ক্রোশতো মে ন শৃণ্বন্তি বালাঃ পণ্ডিতমানিনঃ ।
বিষমং নাববুধ্যন্তে প্রপাতং মধুদর্শিনঃ ॥২৬॥
সংযুগে মে সমেষ্যন্তি নররূপেণ মৃত্যুনা ।
নিয়তং চোদিতা ধাত্রা সিংহেনেব মহামৃগাঃ ॥২৭॥
শৈক্যাং তাত ! চতুষ্কিষ্কুং ষড়শ্রিমমিতৌজসম্ ।
প্রহিতাং দুঃখসংস্পর্শাং কথং শক্ষ্যন্তি মে সুতাঃ ॥২৮॥

ভারতকৌমুদী

অপারমিতি। অপ্লব উডুপরহিতশ্চাসাবগাধশ্চেতি তম্, শরৈর্বাণৈস্তৃণবিশেষৈশ্চ বেধনং তাড়নং যস্মাত্তম্। মন্দা মূঢ়া মৎপুত্রাঃ ॥২৫॥

ক্রোশত ইতি। ক্রোশত উচ্চৈর্বদতোঽপি। বালা মূর্খা অপি মৎপুত্রাঃ। প্রপাতমুচ্চদেশং পতনঞ্চ, মধুদর্শিনঃ ক্ষৌদ্রপ্রেক্ষিণো রাজ্যলোভিনশ্চ। মধুজিহীর্ষবো যথা বিষমং গিরিপ্রপাতং নাববুধ্যন্তে, তথা রাজ্যলিপ্সবো মৎপুত্রা আত্মপতনং ন সম্ভাবয়ন্তীতি ভাবঃ ॥২৬॥

সংযুগ ইতি। সংযুগে যুদ্ধে, সমেষ্যন্তি মিলিতা ভবিষ্যন্তি ॥২৭॥

শৈক্যামিতি। শৈক্যাং শিক্যস্থাপনযোগ্যাম্, চতুষ্কিষ্কুং চতুর্হস্তপরিমিতাম্, "কিষ্কুর্হস্তে বিতস্তৌ চ" ইত্যমরঃ। ষড়শ্রিং ষট্কোণাম্। গদাস্তরমেতদিতি ন পূর্বোক্তয়া অষ্টকোণয়া গদয়া বিরোধঃ। প্রহিতাং ভীমেন ক্ষিপ্তাম্ ॥২৮॥

বৎস সঞ্জয়! ভীম একটা দুর্গম অগাধ সমুদ্র; তাহার পার নাই এবং তাহাতে ভেলা নাই, অথ চ শরের তাড়ন আছে। কিন্তু আমার মূর্খ পুত্রেরা সেই সমুদ্রই উত্তীর্ণ হইবার ইচ্ছা করিতেছে ॥২৫॥

আমি উচ্চস্বরে চীৎকার করিলেও, মূর্খ অথ চ পণ্ডিতাভিমানী পুত্রেরা তাহা শ্রবণ করে না এবং মধুই দেখে, কিন্তু পতনের আশঙ্কা করে না ॥২৬॥

মহামৃগ যেমন সিংহের সহিত মিলিত হয়, সেইরূপ যাহারা যুদ্ধে সেই মানুষরূপী যমের সহিত মিলিত হইবে, তাহারা নিশ্চয়ই বিধাতৃকর্তৃকই পরলোকে প্রেরিত হইবে ॥২৭॥

বৎস সঞ্জয়! শিক্যস্থাপনযোগ্যা চতুর্হস্তপরিমিতা, ষট্কোণা, অমিততেজা ও দুঃখজনিকা গদা ভীমকর্তৃক নিক্ষিপ্ত হইলে, আমার পুত্রেরা তাহা কি করিয়া সহ্য করিবে ॥২৮॥

(২৬)…বিষমং নহি মন্যন্তে…বা ব রা নি। (২৭) সংযুগে যে গমিষ্যন্তি…বা ব রা নি।

গদাং ভ্রাময়তস্তস্য ভিন্দতো হস্তিমস্তকম্।
সৃক্কণী লেলিহানস্য বাষ্পমুৎসৃজতো মুহুঃ ॥২৯॥
উদ্দিশ্য নাগান্ পততঃ কুর্বতো ভৈরবান্ রবান্।
প্রতীপং পততো মত্তান্ কুঞ্জরান্ প্রতি গর্জতঃ ॥৩০॥
বিগাহ্য রথমার্গেষু বরানুদ্দিশ্য নিঘ্নতঃ।
অগ্নেঃ প্রজ্বলিতস্যেব অপি মুচ্যেত মে প্রজা ॥৩১॥ (বিশেষকম্)
বীথীং কুর্ব্বন্ মহাবাহুর্দ্রাবয়ন্ মম বাহিনীম্।
নৃত্যন্নিব গদাপাণির্যুগান্তং দর্শয়িষ্যতি ॥৩২॥
প্রভিন্ন ইব মাতঙ্গঃ প্রভঞ্জন্ পুষ্পিতান্ দ্রুমান্।
প্রবেক্ষ্যতি রণে সেনাং পুত্রাণাং মে বৃকোদরঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

গদামিতি। লেলিহানস্য রসনয়া পুনঃ পুনঃ স্পৃশতঃ। পততো ধাবতঃ। প্রতীপং প্রতিকূলম্, পতত আগচ্ছতঃ। বরান্ শ্রেষ্ঠান্ বীরান্। অপিঃ প্রশ্নে, মুচ্যেত নিষ্কৃতিং লভেত, প্রজা পুত্রগণঃ ॥২৯—৩১॥

বীথীমিতি। বীথীম্ আত্মনঃ পন্থানম্ ॥৩২॥

প্রেতি। প্রভিন্নো মদস্রাবী ॥৩৩॥

ভারতভাবদীপঃ

অবক্রাং তির্য্যগ্‌ভাবহীনাম্, শতনির্হ্রাদাং মহাশব্দবতীম্ ॥২৪—২৭॥ শৈক্যাং শিক্যস্থাম্, অধঃপতনেন ভূমিবিদারণশঙ্কয়া শিক্যে স্থাপিতাম্ ॥২৮—৩১॥ বীথীং রথমার্গম্ ॥৩২—৩৪॥

ভীম যখন ক্রোধাশ্রু বিসর্জন ও বার বার ওষ্ঠপ্রান্ত লেহন করতঃ গদা ঘূর্ণিত করিয়া হস্তিমস্তক চূর্ণ করিবে, মত্ত হস্তিগণ গর্জন করতঃ সম্মুখে আসিতে লাগিলে ভীষণ সিংহনাদ করিয়া সেগুলির প্রতি ধাবিত হইবে এবং রথসমূহ-মধ্যে প্রবেশ করিয়া প্রধান প্রধান বীরকে সংহার করিতে থাকিবে, তখন প্রজ্বলিত অগ্নিতুল্য সেই ভীমের হস্ত হইতে আমার পুত্রেরা কি মুক্তি পাইবে? ॥২৯—৩১॥

মহাবাহু ও গদাধারী ভীমসেন নৃত্য করতই যেন আমার সৈন্যদিগকে মথিত করিতে করিতে পথ করিয়া করিয়া প্রলয়কালের অবস্থাই দর্শন করাইবে ॥৩২॥

পুষ্পিতবৃক্ষভঙ্গকারী মদস্রাবী হস্তীর ন্যায় ভীমসেন যুদ্ধে আমার পুত্রগণের সৈন্যমধ্যে প্রবেশ করিবে ॥৩৩॥

(২৯)···হস্তিমস্তকান্···বা ব রা নি।

কুর্বন্ রথান্ বিপুরুষান্ বিসারথিহয়ধ্বজান্ ।
আরুজন্ পুরুষব্যাঘ্রো রথিনঃ সাদিনস্তথা ॥৩৪॥
গঙ্গাবেগ ইবানুপাংস্তীরজান্ বিবিধান্ দ্রুমান্ ।
প্রভঙ্ক্ষ্যতি রণে সেনাং পুত্রাণাং মম সঞ্জয় ! ॥৩৫॥ (যুগ্মকম্)
দিশং নূনং গমিষ্যন্তি ভীমসেনভয়ার্দ্দিতাঃ ।
মম পুত্রাশ্চ ভৃত্যাশ্চ রাজানশ্চৈব সঞ্জয় ! ॥৩৬॥
যেন রাজা মহাবীর্য্যঃ প্রবিশ্যান্তঃপুরং পুরা ।
বাসুদেবসহায়েন জরাসন্ধো নিপাতিতঃ ॥৩৭॥
কৃৎস্নেয়ং পৃথিবী দেবী জরাসন্ধেন ধীমতা ।
মাগধেন্দ্রেণ বলিনা বশে কৃত্বা প্রতাপিতা ॥৩৮॥
ভীষ্মপ্রতাপাৎ কুরবো নয়েনান্ধকবৃষ্ণয়ঃ ।
যন্ন তস্য বশে জগ্মুঃ কেবলং দৈবমেব তৎ ॥৩৯॥

ভারতকৌমুদী

কুর্বন্নিতি। আরুজন্ নাশয়ন্। অনূপান্ জলপ্রায়দেশস্থান্ ॥৩৪—৩৫॥
দিশমিতি। দিশং গমিষ্যন্তি পলায়িষ্যন্ত ইত্যর্থঃ ॥৩৬॥
যেনেতি। যেন ভীমসেনেন। অত্র বাসুদেবপদমর্জ্জুনস্যাপ্যুপলক্ষণম্ ॥৩৭॥
কৃৎস্নেতি। মাগধেন্দ্রেণ মগধদেশাধিপতিনা ॥৩৮॥
ভীষ্মেতি। নয়েন নীতিকৌশলেন। তস্য জরাসন্ধস্য ॥৩৯॥

সঞ্জয়! ভীমসেন রথগুলিকে আরোহী, সারথি, অশ্ব ও ধ্বজশূন্য করিয়া রথী ও সাদীদিগকে সংহার করিতে থাকিয়া গঙ্গার বেগ যেমন জলসন্নিহিত তীরজাত নানাবিধ বৃক্ষ ভগ্ন করে, সেইরূপ যুদ্ধে আমার পুত্রগণের সৈন্য ভগ্ন করিবে ॥৩৪—৩৫॥

সঞ্জয়! আমার পুত্রেরা, ভৃত্যেরা ও রাজারা ভীমের ভয়ে আকুল হইয়া নিশ্চয়ই পলায়ন করিবে ॥৩৬॥

যে ভীম পূর্বে কৃষ্ণ ও অর্জ্জুনকে সহায় লইয়া অন্তঃপুরে প্রবেশ করিয়া মহাবীর রাজা জরাসন্ধকে নিপাতিত করিয়াছে ॥৩৭॥

বুদ্ধিমান্ ও বলবান্ মগধরাজ জরাসন্ধ এই সমগ্র পৃথিবীটাকে বশীভূত করিয়া আপন প্রতাপে রাখিয়াছিলেন ॥৩৮॥

তবে কৌরবেরা ভীষ্মের প্রতাপে এবং অন্ধক ও বৃষ্ণিবংশীয়েরা নীতিকৌশলে জরাসন্ধের যে বশীভূত হন নাই, তাহা কেবল দৈবেরই অনুগ্রহ ॥৩৯॥

(৩৬) বধং নূনং গমিষ্যন্তি···নি।

স গত্বা পাণ্ডুপুত্রেণ তরসা বাহুশালিনা।
অনায়ুধেন বীরেণ নিহতঃ কিং ততোঽধিকম্ ॥৪০॥
দীর্ঘকালসমাসক্তং বিষমাশীবিষো যথা।
স মোক্ষ্যতি রণে তেজঃ পুত্রেষু মম সঞ্জয় ! ॥৪১॥
মহেন্দ্র ইব বজ্রেণ দানবান্ দেবসত্তমঃ।
ভীমসেনো গদাপাণিঃ সূদয়িষ্যতি মে সুতান্ ॥৪২॥
অবিষহ্যমনাবার্য্যং ভীমবেগপরাক্রমম্।
পশ্যামীবাতিতাম্রাক্ষমাপতন্তং বৃকোদরম্ ॥৪৩॥
অগদস্যাপ্যধনুষো বিরথস্য বিবর্ম্মণঃ।
বাহুভ্যাং যুধ্যমানস্য কস্তিষ্ঠেদগ্রতঃ পুমান্ ॥৪৪॥
ভীষ্মো দ্রোণশ্চ বিপ্রোঽয়ং কৃপঃ শারদ্বতস্তথা।
জানন্ত্যেতে যথৈবাহং বীর্য্যজ্ঞস্তস্য ধীমতঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

স ইতি। তরসা বলেন। অধিকং বীর্য্যবত্ত্বম্ ॥৪০॥
দীর্ঘেতি। দীর্ঘকালং সমাসক্তম্ আত্মনি স্থিতম্। তেজস্তেজোজাতং রোষম্ ॥৪১॥
মহেন্দ্র ইতি। সূদয়িষ্যতি মর্দ্দয়িষ্যতি ॥৪২॥
অবিষহ্যমিতি। অনাবার্য্যম্ অবারণীয়ম্। আপতন্তমাগচ্ছন্তম্ ॥৪৩॥
অগদস্যেতি। অগদস্য গদারহিতস্যাপি বৃকোদরস্য ॥৪৪॥
ভীষ্ম ইতি। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ। জানন্তি বীর্য্যম্ ॥৪৫॥

মহাবাহু ও মহাবীর ভীমসেন নিরস্ত্র অবস্থায় যাইয়া কেবল বাহুবলেই সেই জরাসন্ধকে বধ করিয়াছে; তাহা অপেক্ষা আর অধিক বলের পরিচয় কি হইতে পারে? ॥৪০॥

সঞ্জয়! সর্প যেমন বিষ উদ্গার করে, ভীমও তেমনই দীর্ঘকালসঞ্চিত ক্রোধ যুদ্ধে আমার পুত্রগণের উপরে উদ্গার করিবে ॥৪১॥

দেবশ্রেষ্ঠ ইন্দ্র যেমন বজ্রদ্বারা দানবগণকে মর্দ্দিত করিয়াছেন, ভীমও তেমন গদাদ্বারা আমার পুত্রগণকে মর্দ্দিত করিবে ॥৪২॥

অন্যের অসহ্য ও অনিবার্য্য এবং ভয়ঙ্কর বেগ ও পরাক্রমশালী অতিরক্ত-নয়ন ভীমসেনকে আমি যেন আসিতে দেখিতেছি ॥৪৩॥

গদা, ধনু, রথ ও বর্ম্ম না থাকা অবস্থাতে কেবল বাহুদ্বারা যুদ্ধ করিতে থাকিলেও ভীমের সম্মুখে কোন্ পুরুষ থাকিতে পারে? ॥৪৪॥

(৪১) দীর্ঘকালসমাযুক্তম্···পি। (৪৩)···তীব্রবেগপরাক্রমম্···বা ব রা নি।

আর্য্যব্রতন্তু জানন্তঃ সঙ্গরান্তং বিধিৎসবঃ।
সেনামুখেষু স্থাস্যন্তি মামকানাং নরর্ষভাঃ ॥৪৬॥
বলীয়ঃ সর্ব্বতো দিষ্টং পুরুষস্য বিশেষতঃ।
পশ্যন্নপি জয়ং তেষাং ন নিয়চ্ছামি যৎ সুতান্ ॥৪৭॥
তে পুরাণং মহেষ্বাসা মার্গমৈন্দ্রং সমাস্থিতাঃ।
ত্যক্ষ্যন্তি তুমুলে প্রাণান্ রক্ষন্তঃ পার্থিবং যশঃ ॥৪৮॥
যথৈষাং মামকাস্তাত! তথৈষাং পাণ্ডবা অপি।
পৌত্রা ভীষ্মস্য শিষ্যাশ্চ দ্রোণস্য চ কৃপস্য চ ॥৪৯॥
যদস্মদাশ্রয়ং কিঞ্চিদ্দত্তমিষ্টঞ্চ সঞ্জয়!।
তস্যাপচিতিমার্য্যত্বাৎ কর্ত্তারঃ স্থবিরাস্ত্রয়ঃ ॥৫০॥

ভারতকৌমুদী

আর্য্যেতি। আর্য্যব্রতং সজ্জননিয়মম্। সঙ্গরান্তং যুদ্ধশেষম্ ॥৪৬॥
বলীয় ইতি। দিষ্টং দৈবম্। নিয়চ্ছামি যুদ্ধান্নিবারয়ামি ॥৪৭॥
ত ইতি। তে নরর্ষভাঃ। মার্গং পদ্ধতিম্। পার্থিবং ক্ষত্রিয়সম্বন্ধি ॥৪৮॥
যথেতি। মামকা মৎপুত্রাঃ। হে তাত! বৎস! সঞ্জয়! ॥৪৯॥
যদিতি। হে সঞ্জয়! বয়মেবাশ্রয়। যস্মিন্ তৎ, ইষ্টমভিলষিতং যৎ কিঞ্চিদ্বস্তু দত্তম্,

ভারতভাবদীপঃ

অনূপান্ সজলদেশে স্থিতান্ ॥৩৫—৪৩॥ অগদস্য গদাহীনস্য ॥৪৪—৪৫॥ সঙ্গরে অন্তং স্বস্য নাশম্, স্থাস্যন্তি ভীষ্মাদয়ঃ ॥৪৬—৪৭॥ ঐন্দ্রং মার্গং স্বর্গমার্গম্ ॥৪৮—৪৯॥ অপচিতিং নিষ্কৃতিম্

আমি যেমন বুদ্ধিমান্ ভীমের বলের বিষয় জানি, তেমন ভীষ্ম, এই ব্রাহ্মণ দ্রোণ এবং শরদ্বানের পুত্র কৃপও তাহার বলের বিষয় জানেন ॥৪৫॥

আমার পুত্রগণের পক্ষবর্ত্তী নরশ্রেষ্ঠেরা সজ্জনের নিয়ম জানেন বলিয়া যুদ্ধশেষ করিবার ইচ্ছায় সৈন্যসম্মুখে থাকিবেন ॥৪৬॥

আমি পাণ্ডবগণের জয় দেখিতে থাকিয়াও যখন পুত্রগণকে বারণ করিতেছি না, তখন নিশ্চয়ই বলিতে হইবে যে, মানুষের পক্ষে সর্বাপেক্ষাই দৈব বিশেষ বলবান্ ॥৪৭॥

সেই মহাধনুর্দ্ধর নরশ্রেষ্ঠেরা ইন্দ্রপ্রবর্ত্তিত প্রাচীন নিয়মে থাকিয়া ক্ষত্রিয়ের যশ রাখিবার ইচ্ছায় তুমুলযুদ্ধে প্রাণত্যাগ করিবেন ॥৪৮॥

বৎস সঞ্জয়! আমার পুত্রেরা যেমন ভীষ্মের পৌত্র এবং দ্রোণ ও কৃপের শিষ্য, তেমন পাণ্ডবেরাও ভীষ্মের পৌত্র এবং দ্রোণ ও কৃপের শিষ্য ॥৪৯॥

৫০) যে ত্বস্মদাশ্রয়ম্...বা ব রা নি।

আদদানস্য শস্ত্রং হি ক্ষাত্রং ধর্ম্মং পরীপ্সতঃ।
নিধনং ক্ষত্রিয়স্যাজৌ বরমেবাহুরুত্তমম্ ॥৫১॥
স বৈ শোচামি সর্বান্ বৈ যে যুযুৎসন্তি পাণ্ডবৈঃ।
বিক্রুষ্টং বিদুরেণাদৌ তদেতদ্ভয়মাগতম্ ॥৫২॥
ন তু মন্যে বিঘাতায় জ্ঞানং দুঃখস্য সঞ্জয় !।
ভবত্যতিবলং হ্যেতজ্জ্ঞানস্যাপ্যুপঘাতকম্ ॥৫৩॥
ঋষয়ো হ্যপি নির্ম্মুক্তাঃ পশ্যন্তো লোকসংগ্রহান্।
সুখৈর্ভবন্তি সুখিনস্তথা দুঃখেন দুঃখিতাঃ ॥৫৪॥
কিং পুনর্মোহমাসক্তস্তত্র তত্র সহস্রধা।
পুত্রেষু রাজ্যদারেষু পৌত্রেষ্বপি চ বন্ধুষু ॥৫৫॥

ভারতকৌমুদী

ত্রয়ঃ স্থবিরা ভীষ্মদ্রোণকৃপাঃ, আর্য্যত্বাৎ সজ্জনত্বাৎ, তস্য দানস্য, অপচিতিং নিষ্ক্রয়ম্, কর্ত্তারঃ করিষ্যন্ত্যেব, অস্মৎপক্ষে স্থিত্বৈব যোৎস্যন্ত ইত্যর্থঃ ॥৫০॥

আদদানস্যেতি। পরীপ্সতো রক্ষিতুমিচ্ছতঃ। আজৌ যুদ্ধে, বরমধিকম্ ॥৫১॥

স ইতি। বিক্রুষ্টম্ উচ্চৈরুক্তম্, আদৌ দ্যূতক্রীড়াসময় এব ॥৫২॥

নেতি। দুঃখস্য বিঘাতায় সমর্থমিতি শেষঃ। এতৎ দুঃখম্ ॥৫৩॥

উক্তার্থে দৃষ্টান্তমাহ ঋষয় ইতি। নির্ম্মুক্তা জ্ঞানেনৈব জীবন্মুক্তাঃ ॥৫৪॥

কিমিতি। আসক্তঃ প্রাপ্তো মাদৃশ ইতি শেষঃ। সহস্রধা মোহম্ ॥৫৫॥

সঞ্জয়! আমাদের আশ্রয়ে রাখিয়া আমরা যে কিছু অভীষ্ট বস্তু দান করিয়াছি, এই বৃদ্ধেরা তিন জন সজ্জন বলিয়া নিশ্চয়ই তাহার প্রতিদান করিবেন ॥৫০॥

তা'র পর পণ্ডিতেরা বলেন—যিনি অস্ত্র ধারণ করিয়া ক্ষাত্রধর্ম্ম রক্ষা করিবার ইচ্ছা করেন, সেই ক্ষত্রিয়ের পক্ষে যুদ্ধে মৃত্যুই অত্যুত্তম ॥৫১॥

যাঁহারা পাণ্ডবদের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিতেছেন, আমি তাঁহাদের সকলের জন্যই শোক করি। কারণ, বিদুর প্রথমেই উচ্চকণ্ঠে যাহা বলিয়াছিলেন, এই সেই ভয় উপস্থিত হইয়াছে ॥৫২॥

সঞ্জয়! আমি মনে করি—জ্ঞান দুঃখনাশে সমর্থ হয় না; বরং প্রবল দুঃখই জ্ঞানকে নষ্ট করে ॥৫৩॥

দেখ—লোকবৃত্তান্তদর্শী জীবন্মুক্ত ঋষিরাও সুখে সুখী এবং দুঃখে দুঃখী হইয়া থাকেন ॥৫৪॥

(৫১)···ক্ষত্রধর্ম্মম্···বা ব রা নি।

সংশয়ে তু মহত্যস্মিন্ কিং নু মে ক্ষমমুত্তমম্।
বিনাশং হ্যেব পশ্যামি কুরূণামনুচিন্তয়ন্ ॥৫৬॥
দ্যূতপ্রমুখমাভাতি কুরূণাং ব্যসনং মহৎ।
মন্দেনৈশ্বর্য্যকামেণ লোভাৎ পাপমিদং কৃতম্ ॥৫৭॥
মন্যে পর্য্যায়ধর্ম্মোঽয়ং কালস্যাত্যন্তগামিনঃ।
চক্রে প্রধিরিবাসক্তো নাস্য শক্যং পলায়িতুম্ ॥৫৮॥
কিং নু কুর্য্যাং কথং কুর্য্যাং ক্ব নু গচ্ছামি সঞ্জয়!।
এতে নশ্যন্তি কুরবো মন্দাঃ কালবশং গতাঃ ॥৫৯॥

ভারতকৌমুদী

সংশয় ইতি। সংশয়ে লোকক্ষয়সন্দেহে। ক্ষমমুচিতম্ ॥৫৬॥

দ্যূতেতি। ব্যসনং বিপৎ বিপদঃ কারণমিত্যর্থঃ। মন্দেন দুর্য্যোধনেন। কামেণেতি "নিত্যমেকস্বরকবর্গবত্যুত্তরপদস্য" ইতি ণত্বম্ ॥৫৭॥

মন্য ইতি। পর্য্যায়ধর্ম্মঃ ক্রমপ্রাপ্তনিয়মঃ। প্রধির্নেমিঃ। শক্যং ময়া ॥৫৮॥

কিমিতি। কথং কেন প্রকারেণ, কুর্য্যাং প্রতীকারমিতি শেষঃ ॥৫৯॥

ভারতভাবদীপঃ

॥৫০—৫১॥ বিক্রুষ্টম্ উচ্চৈরুক্তম্ ॥৫২॥ এতৎ ভাবি দুঃখম্ অতিবলং জ্ঞানেন অনিবার্য্যম্ ॥৫৩॥ নির্ম্মুক্তা জীবন্মুক্তাঃ ॥৫৪—৫৫॥ ক্ষমং শক্যম্, উত্তরম্ উত্তরকার্য্যং প্রতীকারঃ ॥৫৬—৫৭॥ পর্য্যায়ধর্ম্মঃ বিপরীতধর্ম্মঃ, প্রধির্নেমিঃ, অস্য কালবশস্য তৃতীয়ার্থে ষষ্ঠী ॥৫৮—৬১॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫১॥

তাহাতে পুত্র, কলত্র, পৌত্র, বন্ধু ও রাজ্যপ্রভৃতি সেই সেই বিষয়ে সহস্র-প্রকারে মোহ প্রাপ্ত আমার মত লোকের পক্ষে আর কি বক্তব্য আছে? ॥৫৫॥

এই গুরুতর সন্দিগ্ধ বিষয়ে আমার বিশেষভাবে কি করা উচিত। আমি কিন্তু চিন্তা করিয়া কৌরবগণের ধ্বংসই দেখিতেছি ॥৫৬॥

আমার ধারণা হইয়াছে যে, সেই দ্যূতক্রীড়াপ্রভৃতিই কৌরবগণের এই গুরুতর বিপদের কারণ হইয়াছে এবং ঐশ্বর্য্যকামী মূর্খ দুর্য্যোধনই লোভবশতঃ এই পাপকার্য্য করিয়াছে ॥৫৭॥

আমি মনে করি—অপ্রতিহতগতিশীল কালেরই ইহা ক্রমপ্রাপ্ত নিয়ম। এই কালের চক্রে নেমির (চক্রপ্রান্তভাগের) ন্যায় আমি সংলগ্ন রহিয়াছি; সুতরাং আমার পলাইবার শক্তি নাই ॥৫৮॥

সঞ্জয়! আমি কোথায় যাই, কি করি, কি প্রকারেই বা প্রতীকার করি। এই মূর্খ কৌরবেরা কালের বশীভূত হইয়া বিনাশের পথে চলিয়াছে ॥৫৯॥

(৫৬)…ক্ষমমুত্তরম্…বা ব রা নি।

অবশোঽহং তদা তাত! পুত্রাণাং নিহতে শতে।
শ্রোষ্যামি নিনদং স্ত্রীণাং কথং মাং মরণং স্পৃশেৎ ॥৬০॥
যথা নিদাঘে জ্বলনঃ সমিদ্ধো দহেৎ কক্ষং বায়ুনা চোদ্যমানঃ।
গদাহস্তঃ পাণ্ডবো বৈ তথৈব হন্তা মদীয়ান্ সহিতোঽর্জ্জুনেন ॥৬১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি যানসন্ধৌ ধৃতরাষ্ট্রবাক্যে একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।
যস্য বৈ নানৃতা বাচঃ কদাচিদনুশুশ্রুম।
ত্রৈলোক্যমপি তস্য স্যাদ্‌যোদ্ধা যস্য ধনঞ্জয়ঃ ॥১॥

ভারতকৌমুদী

অবশ ইতি। অবশঃ পরাধীনঃ। নিনদং রোদনধ্বনিম্। মরণং কর্ত্তৃ ॥৬০॥

যথেতি। নিদাঘে গ্রীষ্মকালে, জ্বলনো বহ্নিঃ, সমিদ্ধঃ প্রজ্বলিতঃ। কক্ষং শুষ্কতৃণশ্রেণিম্। পাণ্ডবো ভীমসেনঃ, হন্তা হনিষ্যতি, মদীয়ান্ পুত্রাদীন্ ॥৬১॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি যানসন্ধাবেকপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

যস্যেতি। নানৃতা মিথ্যা। তস্য যুধিষ্ঠিরস্য ॥১॥

বৎস সঞ্জয়! আমার একশত পুত্র নিহত হইলে পর আমি পরাধীন হইয়া কেবলই অবলাগণের রোদনধ্বনি শ্রবণ করিব। হায়! কি প্রকারে আমার মৃত্যু হইতে পারে? ॥৬০॥

হায়! গ্রীষ্মকালে প্রজ্বলিত অগ্নি যেমন বায়ুপ্রেরিত হইয়া শুষ্কতৃণশ্রেণি দগ্ধ করে, সেইরূপই গদাধারী ভীমসেন অর্জ্জুনের সহিত মিলিত হইয়া আমার পুত্রগণকে সংহার করিবে' ॥৬১॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'আমরা কখনও যাঁহার মিথ্যা বাক্য শুনি নাই এবং যাঁহার পক্ষে থাকিয়া অর্জ্জুন যুদ্ধ করিবেন, সে যুধিষ্ঠিরের ত্রিভুবনের রাজত্বও হইতে পারে ॥১॥

তস্যৈব চ ন পশ্যামি যুধি গাণ্ডীবধন্বনঃ।
অনিশং চিন্তয়ানোঽপি যঃ প্রতীয়াদ্রথেন তম্ ॥২॥
অস্যতঃ কর্ণিনালীকান্ মার্গণান্ হৃদয়চ্ছিদঃ।
প্রত্যেতা ন সমঃ কশ্চিদ্‌যুধি গাণ্ডীবধন্বনঃ ॥৩॥
দ্রোণকর্ণৌ প্রতীয়াতাং যদি বীরৌ নরর্ষভৌ।
কৃতাস্ত্রৌ বলিনাং শ্রেষ্ঠৌ সমরেষ্বপরাজিতৌ ॥৪॥
মহান্ স্যাৎ সংশয়ো লোকে ন ত্বস্তি বিজয়ো মম।
ঘৃণী কর্ণঃ প্রমাদী চ আচার্য্যঃ স্থবিরো গুরুঃ ॥৫॥
সমর্থো বলবান্ পার্থো দৃঢ়ধন্বা জিতক্লমঃ।
ভবেৎ সুতুমুলং যুদ্ধং সর্ব্বশোঽপ্যপরাজয়ঃ ॥৬॥

ভারতকৌমুদী

তস্যেতি। যো রথেন যুধি তস্যৈব গাণ্ডীবধন্বনঃ, প্রতীয়াৎ প্রতিপক্ষতাং ব্রজেৎ, অনিশং চিন্তয়ানশ্চিন্তয়মানোঽপ্যহং তং ন পশ্যামি ॥২॥

অস্যত ইতি। অস্যতঃ ক্ষিপতঃ। মার্গণান্ বাণান্। প্রত্যেতা প্রতিগন্তা ॥৩॥

দ্রোণেতি। যদীতি সম্ভাবনায়াম্, দ্রোণকর্ণয়োঃ প্রতিগমনং সম্ভাবয়ামীত্যর্থঃ ॥৪॥

মহানিতি। লোকে অন্যজনস্য জয়পরাজয়য়োর্মহান্ সংশয়ঃ স্যাৎ, কিন্তু মম বিজয়ো নাস্তীতি নিশ্চয় ইত্যর্থঃ। যেন হি কর্ণঃ, ঘৃণী দয়ালুঃ, প্রমাদী অনবধানশ্চ। আচার্য্যো দ্রোণস্তু একতঃ স্থবিরঃ, দ্বিতীয়তশ্চার্জুনস্য গুরুঃ ॥৫॥

সমর্থ ইতি। সমর্থঃ শক্তিমান্। সর্বশোঽপি সর্বথৈবার্জুনস্য অপরাজয়ঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

যস্যেতি। ধনঞ্জয়ঃ যস্য যোদ্ধেতি তচ্ছব্দাধ্যাহারেণ পূরণীয়ম্ ॥১॥ তস্য তং প্রতিযোদ্ধারং ন পশ্যামি য এনং প্রতীয়াদিত্যধ্যাহৃত্য যোজ্যম্ ॥২—৪॥ ঘৃণী কৃপাবান্ ভীমাদিষু প্রমাদী

যিনি রথে আরোহণ করিয়া যুদ্ধে সেই অর্জ্জুনেরই প্রতিপক্ষে গমন করিবেন, আমি সর্ব্বদা চিন্তা করিয়াও সেরূপ বীর দেখিতে পাই না ॥২॥

যিনি মর্ম্মচ্ছেদী কর্ণী ও নালীক বাণ নিক্ষেপ করিয়া থাকেন, সেই অর্জ্জুনের সমকক্ষ হইয়া কোন লোকই যুদ্ধে তাঁহার সম্মুখে যাইতে পারিবে না ॥৩॥

তবে আমি মনে করি—অস্ত্রে সুশিক্ষিত, বলিশ্রেষ্ঠ, যুদ্ধে অপরাজিত ও মানুষপ্রধান বীর দ্রোণ ও কর্ণ অর্জ্জুনের সম্মুখে যাইতে পারেন ॥৪॥

তবে তাহাতে অন্যের জয়-পরাজয়ে গুরুতর সন্দেহ হইবে; কিন্তু আমার জয় হইবে না বলিয়াই ধারণা জন্মিবে। কারণ, কর্ণ দয়ালু এবং অসাবধান; আর দ্রোণ একে বৃদ্ধ, তাহাতে আবার অর্জ্জুনের গুরু ॥৫॥

সর্ব্বে হ্যস্ত্রবিদঃ শূরাঃ সর্ব্বে প্রাপ্তা মহদ্‌যশঃ।
অপি সর্ব্বামরৈশ্বর্য্যং ত্যজেয়ুর্ন পুনর্জ্জয়ম্ ॥৭॥
বধে নূনং ভবেচ্ছান্তিস্তয়োর্ব্বা ফাল্গুনস্য চ।
ন তু হন্তার্জ্জুনস্যাস্তি জেতা বাস্য ন বিদ্যতে।
মন্যুস্তস্য কথং শাম্যেস্মন্দান্ প্রতি য উত্থিতঃ ॥৮॥
অন্যেঽপ্যস্ত্রাণি জানন্তি জীয়ন্তে চ জয়ন্তি চ।
একান্তবিজয়স্ত্বেব শ্রূয়তে ফাল্গুনস্য হ ॥৯॥
ত্রয়স্ত্রিংশৎ সমাহূয় খাণ্ডবেঽগ্নিমতর্পয়ৎ।
জিগায় চ সুরান্ সর্বান্ নাস্য বিদ্মঃ পরাজয়ম্ ॥১০॥

ভারতকৌমুদী

সর্ব্ব ইতি। সর্ব্বে পাণ্ডবাঃ। মহৎ যশঃ প্রাপ্তা রাজসূয়ে দিগ্বিজয়কালে ॥৭॥

বধ ইতি। তয়োর্দ্রোণকর্ণয়োঃ। দ্রোণকর্ণয়োর্বধে অস্মৎপরাজয়াচ্ছান্তিঃ, ফাল্গুনস্য বধে তু পাণ্ডবপরাজয়াচ্ছান্তিরিত্যাশয়ঃ। মন্যুঃ ক্রোধঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৮॥

অন্য ইতি। একান্তবিজয়ঃ সর্বত্রৈব জয়লাভঃ ॥৯॥

একান্তবিজয়ে প্রধানোদাহরণমাহ ত্রয় ইতি। ত্রয়স্ত্রিংশদিতি বিভক্তিলোপ আর্ষঃ। দ্বাদশাদিত্যাঃ, একাদশ রুদ্রাঃ, অষ্টৌ বসবঃ, ধাতা, ইন্দ্রশ্চেতি ত্রয়স্ত্রিংশতং সুরান্ খাণ্ডবে

ভারতভাবদীপঃ

অন্তে বিদ্যাং ন স্মরিষ্যতীতি ভাবঃ ॥৫॥ অপরাজয়স্তেষামিতি শেষঃ ॥৬—৭॥ তয়োঃ কর্ণদ্রোণয়োর্বধে অস্মদীয়ানাং শান্তিঃ ফাল্গুনস্য বধে তু পরেষামিত্যর্থঃ ॥৮—৯॥ ত্রয়স্ত্রিংশৎ সমাঃ

আর অর্জ্জুন বলবান্, দৃঢ়ধন্বা ও পরিশ্রমশূন্য। সুতরাং তিনি দীর্ঘকাল যুদ্ধ করিতে সমর্থও হইবেন, যুদ্ধও অতিতুমুল হইবে, তাহাতে অর্জ্জুনের সর্ব্বপ্রকারে জয়ও হইবে ॥৬॥

পাণ্ডবেরা সকলেই অস্ত্রজ্ঞ ও বীর এবং তাঁহারা সকলেই মহাযশ লাভ করিয়াছেন। সুতরাং তাঁহারা সকল দেবরাজ্যও ত্যাগ করিতে পারেন, কিন্তু জয় ত্যাগ করিতে পারেন না ॥৭॥

দ্রোণ ও কর্ণের কিংবা অর্জ্জুনের বধ হইলে নিশ্চয়ই এই বিবাদের নিবৃত্তি হইতে পারে। কিন্তু অর্জ্জুনের হন্তা কেহ নাই, কিংবা বিজেতাও নাই। তা'র পর মূর্খ দুর্য্যোধনপ্রভৃতির উপরে অর্জ্জুনের যে ক্রোধ জন্মিয়াছে, তাহারই বা নিবৃত্তি হইবে কেন? ॥৮॥

অন্য যোদ্ধারাও অস্ত্র জানেন এবং জিতও হন, জয়ও করেন; কিন্তু অর্জ্জুনের সর্ব্বত্রই জয় শুনিতে পাই ॥৯॥

(৮)…জেতা চাস্য…বা ব রা নি।

যস্য যন্তা হৃষীকেশঃ শীলবৃত্তসমো যুধি।
ধ্রুবস্তস্য জয়স্তাত! যথেন্দ্রস্য জয়স্তথা ॥১১॥
কৃষ্ণাবেকরথে যত্তাবধিজ্যং গাণ্ডিবং ধনুঃ।
যুগপত্ত্রীণি তেজাংসি সমেতান্যনুশুশ্রুম ॥১২॥
নৈবাস্তি নো ধনুস্তাদৃঙ্‌ ন যোদ্ধা ন চ সারথিঃ।
তচ্চ মন্দা ন জানন্তি দুর্য্যোধনবশানুগাঃ ॥১৩॥
শেষয়েদশনির্দীপ্তো নিপতন্‌ মূর্দ্ধ্নি সঞ্জয়!।
ন তু শেষং শরাস্তাত! কুর্য্যুরস্তাঃ কিরীটিনা ॥১৪॥
অপি চাস্যন্নিবাভাতি নিঘ্নন্নিব ধনঞ্জয়ঃ।
উদ্ধরন্নিব কায়েভ্যঃ শিরাংসি শরবৃষ্টিভিঃ ॥১৫॥

ভারতকৌমুদী

সমাহূয়, তান্‌ সর্ব্বান্‌ জিগায়, অগ্নিমতর্পয়চ্চ। অতএবাস্যার্জ্জুনস্য পরাজয়ং ন বিদ্মঃ। অত্র "ত্রয়স্ত্রিংশৎ সমা বর্ষাণি অতীতা ইত্যর্থঃ। সন্ধিরার্ষঃ।" ইতি নীলকণ্ঠব্যাখ্যানং হেয়ম্, আর্ষত্বাঙ্গীকারস্য সমানত্বেঽপি এতৎকালস্য খাণ্ডবদাহাবধিপঞ্চদশবর্ষমাত্রত্বাৎ। তচ্চাস্মাভি-র্বিরাটপর্ব্বণি "পার্থঃ পঞ্চ চ ষষ্টিঞ্চ বর্ষাণি শ্বেতবাহনঃ" ইত্যত্র টীকায়াং বিস্তরেণ প্রদর্শিতম্ ॥১০॥

যস্যেতি। যন্তা সারথিঃ। শীলবৃত্তাভ্যাং স্বভাবব্যবহারাভ্যাং সমঃ সমানঃ ॥১১॥

কৃষ্ণাবিতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। যত্তৌ জয়ে যত্নবন্তৌ ॥১২॥

নেতিঃ। নঃ অস্মাকম্। মন্দা মূর্খাঃ ॥১৩॥

শেষয়েদিতি। শেষয়েদবশিষ্টং রক্ষেৎ। অস্তাঃ ক্ষিপ্তাঃ ॥১৪॥

অর্জ্জুন খাণ্ডবদাহের সময়ে তেত্রিশ জন দেবতাকে আহ্বান করিয়া তাঁহাদের সকলকেই জয় করিয়াছিলেন এবং অগ্নিদেবকে সন্তুষ্ট করিয়াছিলেন। সুতরাং কখনও অর্জ্জুনের পরাজয় শুনি নাই ॥১০॥

বৎস সঞ্জয়! সমানস্বভাব ও সমানচরিত্র কৃষ্ণ যাঁহার সারথি, যুদ্ধে ইন্দ্রের তুল্যই তাঁহার জয় নিশ্চিত ॥১১॥

কৃষ্ণ ও অর্জ্জুন জয়ের জন্য যত্নবান্‌ হইয়া একরথে রহিয়াছেন এবং সেখানে সজ্য গাণ্ডীবধনুও আছে। সুতরাং একদা তিনটা তেজ মিলিত হইয়াছে বলিয়া শুনিতে পাই ॥১২॥

আমাদের সেরূপ ধনু নাই, যোদ্ধা নাই, সারথিও নাই; কিন্তু দুর্য্যোধনের বশবর্ত্তী মূর্খেরা তাহা জানে না ॥১৩॥

বৎস সঞ্জয়! উজ্জ্বল বজ্রও মস্তকে পতিত হইয়া শেষ রাখে, কিন্তু অর্জ্জুন-নিক্ষিপ্ত বাণসমূহ শেষ রাখে না ॥১৪॥

---

(১৪)...বিপতন্‌...বা ব রা নি।

অপি বাণময়ং তেজঃ প্রদীপ্তমিব সর্বতঃ।
গাণ্ডীবোত্থং দহেতাজৌ পুত্রাণাং মম বাহিনীম্ ॥১৬॥
অপি সা রথঘোষেণ ভয়ার্ত্তা সব্যসাচিনঃ।
বিত্রস্তা বহুধা সেনা ভারতী প্রতিভাতি মে ॥১৭॥
যথা কক্ষং মহানগ্নিঃ প্রদহেৎ সর্বতশ্চরন্।
মহার্চ্চিরনিলোদ্ধৃতস্তদ্বদ্ধক্ষ্যতি মামকান্ ॥১৮॥
যদোদ্বমন্ নিশিতান্ বাণসংঘাংস্তানাততায়ী সমরে কিরীটী।
সৃষ্টোঽন্তকঃ সর্বহরো বিধাত্রা যথা ভবেত্তদ্বদপারণীয়ঃ ॥১৯॥
যদা হ্যভীক্ষ্ণং সুবহূন্ প্রকারান্ শ্রোতাস্মি তানাবসথে কুরূণাম্।
তেষাং সমন্তাচ্চ তথা রণাগ্রে ক্ষয়ঃ কিলায়ং ভরতানুপৈতি ॥২০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি
যানসন্ধৌ ধৃতরাষ্ট্রবাক্যে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

অপীতি। অস্যন্ অস্ত্রাণি ক্ষিপন্নিব। উদ্ধরন্ পৃথক্ কুর্ব্বন্নিব ॥১৫॥
অপীতি। প্রদীপ্তং প্রজ্বলিতম্। আজৌ যুদ্ধে ॥১৬॥
অপীতি। বিত্রস্তা বিহ্বলা। ভারতানাং দুর্য্যোধনাদীনামিয়মিতি ভারতী ॥১৭॥
যথেতি। কক্ষং শুষ্কতৃণশ্রেণীম্। অনিলোদ্ধৃতো বায়ুচালিতঃ ॥১৮॥
যদেতি। উদ্বমন্ বিমুঞ্চন্। আততায়ী শস্ত্রপাণিঃ। অপারণীয়ঃ অজয্যঃ ॥১৯॥

আমার যেন প্রত্যক্ষ হইতেছে যে, অর্জ্জুন অস্ত্রক্ষেপ করিতেছেন, বাণবৃষ্টি-দ্বারা সৈন্যসংহার করিতেছেন এবং দেহ হইতে মস্তক সকল বিচ্ছিন্ন করিতে-ছেন ॥১৫॥

এবং অর্জ্জুনের গাণ্ডীব হইতে নির্গত বাণময় তেজ সকল দিকে প্রজ্বলিত হইয়াই যেন যুদ্ধে আমার পুত্রগণের সৈন্যকে দগ্ধ করিতেছে ॥১৬॥

আরও আমার প্রত্যক্ষ হইতেছে, যেন বিপুল কৌরবসৈন্য অর্জ্জুনের রথের শব্দ শুনিয়া ভয়ে কাতর ও আকুল হইয়া পড়িতেছে ॥১৭॥

বায়ুসঞ্চালিত বিশালশিখাশালী বিস্তৃত অগ্নি যেমন সকল দিকে চলিতে থাকিয়া শুষ্কতৃণশ্রেণী দগ্ধ করে, সেইরূপই অর্জ্জুন আমার সৈন্যগণকে দগ্ধ করি-বেন ॥১৮॥

অস্ত্রধারী অর্জ্জুন যখন নিশিত বাণসমূহ নিক্ষেপ করিতে থাকিয়া যুদ্ধে বিচরণ করিবেন, তখন তিনি, বিধাতৃসৃষ্ট সর্ব্বনাশক যমের ন্যায় সকলেরই অজেয় হইবেন ॥১৯॥

ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

যথৈব পাণ্ডবাঃ সর্বে পরাক্রান্তা জিগীষবঃ।
তথৈবাভিসরাস্তেষাং ত্যক্তাত্মানো জয়ে ধৃতাঃ ॥১॥
ত্বমেব হি পরাক্রান্তানাচক্ষীথাঃ পরান্ মম।
পাঞ্চালান্ কেকয়ান্ মৎস্যান্ মাগধান্ বৎসভূমিপান্ ॥২॥

ভারতকৌমুদী

যদেতি। অহং যদা আবসথে অন্ধত্বাদ্‌গৃহ এব তিষ্ঠন্, অভীক্ষ্ণং নিরন্তরম্, রণাগ্রে কুরূণাং তান্ সুবহূন্ প্রকারান্ শিরোবাহুচ্ছেদনাদীরবস্থাঃ, তেষাং কুরূণাম্, সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু চ, তথৈব প্রকারান্, শ্রোতাস্মি শ্রোষ্যামি, তদৈব কিলায়ং সম্ভাব্যমানঃ ক্ষয়ঃ, ভরতান্, উপৈতি উপৈষ্যতি ॥২০॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্বণি যানসন্ধৌ দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

যথেতি। অভিসরাঃ সহচরাঃ, ত্যক্তাত্মানো দেহত্যাগোদ্যতাঃ, ধৃতা উৎসাহিনঃ ॥১॥

ত্বমিতি। আচক্ষীথা উক্তবানিত্যর্থঃ। বৎসভূমিপান্ বৎসদেশীয়ান্ নৃপান্ ॥২॥

ভারতভাবদীপঃ

বর্ষাণি অতীতা ইত্যর্থঃ। সন্ধিরার্থঃ ॥১০—১৪॥ অস্তাঃ ক্ষিপ্তাঃ ॥১৫—১৯॥ কুরূণাং প্রকারান্ ছেদভেদপলায়নাদীনাবসথে গৃহে শ্রোতাস্মি শ্রোষ্যামি ॥২০॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫২॥

আমি যখন গৃহে থাকিয়া অনবরত যুদ্ধমধ্যে কৌরবগণের সেই বহুতর অবস্থার বিষয় এবং তাঁহাদের সকল দিকেই সৈন্যগণের সেইরূপ বিষয় শ্রবণ করিব, তখনই ভরতবংশের ধ্বংস হইবে' ॥২০॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'পাণ্ডবেরা সকলে যেমন পরাক্রমশালী ও জিগীষু, তেমন তাঁহাদের সহচরেরাও দেহত্যাগে উদ্যত ও জয়ের জন্য উৎসাহী ॥১॥

সঞ্জয়! তুমিই আমার নিকটে পরাক্রমশালী পাঞ্চাল, কেকয়, মৎস্য, মগধ ও বৎসদেশীয় বীরগণের কথা বলিয়াছ ॥২॥

যশ্চ সেন্দ্রানিমাল্লোঁকানিচ্ছন্ কুর্য্যাদ্বশে বলী।
স শ্রেষ্ঠো জগতঃ কৃষ্ণঃ পাণ্ডবানাং জয়ে ধৃতঃ ॥৩॥
সমস্তামর্জ্জুনাদ্বিদ্যাং সাত্যকিঃ ক্ষিপ্রমাপ্তবান্।
শৈনেয়ঃ সমরে স্থাতা বীজবৎ প্রবপন্ শরান্ ॥৪॥
ধৃষ্টদ্যুম্নশ্চ পাঞ্চাল্যঃ ক্রূরকর্ম্মা মহারথঃ।
মামকেষু রণং কর্ত্তা বলেষু পরমাস্ত্রবিৎ ॥৫॥
যুধিষ্ঠিরস্য চ ক্রোধাদর্জ্জুনস্য চ বিক্রমাৎ।
যমাভ্যাং ভীমসেনাচ্চ ভয়ং মে তাত! জায়তে ॥৬॥
অমানুষং মনুষ্যেন্দ্রৈর্জালং বিততমন্তরা।
ন মে সৈন্যাস্তরিষ্যন্তি ততঃ ক্রোশামি সঞ্জয়! ॥৭॥

ভারতকৌমুদী

য ইতি। ইচ্ছন্ সেন্দ্রলোকানাং বশীভাবমেব। ধৃত উৎসাহী ॥৩॥

সমস্তামিতি। বীজবৎ কৃষকো বীজানীব, প্রবপন্ বিকিরন্ ॥৪॥

ধৃষ্টেতি। ক্রূরকর্ম্মা নিষ্ঠুরকার্য্যকারী। কর্ত্তা করিষ্যতি ॥৫॥

যুধীতি। যমাভ্যাং নকুলসহদেবাভ্যাম্ ॥৬॥

অমানুষমিতি। মনুষ্যেন্দ্রৈঃ পাণ্ডবৈঃ, জালম্ অস্ত্রজালম্, বিততং বিস্তৃতম্, ভবিষ্যতি, অন্তরা উভয়োঃ সৈন্যয়োর্মধ্যে। ক্রোশামি বিলপামি ॥৭॥

যিনি ইচ্ছা করিলে ইন্দ্রের সহিতই এই ত্রিভুবনকে বশীভূত করিতে পারেন, সেই জগতের শ্রেষ্ঠ মহাবল কৃষ্ণও পাণ্ডবগণের জয়ের জন্য উৎসাহী হইয়াছেন ॥৩॥

যিনি অর্জ্জুনের নিকট সমগ্র অস্ত্রবিদ্যা সত্বর শিক্ষা করিয়াছেন, সেই শিনিবংশীয় সাত্যকিও—কৃষক যেমন ক্ষেত্রে বীজ নিক্ষেপ করে, সেইরূপ বাণ নিক্ষেপ করিতে থাকিয়া যুদ্ধে অবস্থান করিবেন ॥৪॥

পরমাস্ত্রবিৎ, মহারথ ও নিষ্ঠুরকর্ম্মা পাঞ্চালরাজপুত্র ধৃষ্টদ্যুম্নও আমার সৈন্যমধ্যে প্রবেশ করিয়া যুদ্ধ করিবেন ॥৫॥

বৎস সঞ্জয়! যুধিষ্ঠিরের ক্রোধ ও অর্জ্জুনের বিক্রম এবং ভীম, নকুল ও সহদেব হইতে আমার ভয় হইতেছে ॥৬॥

সঞ্জয়! সেই মনুষ্যশ্রেষ্ঠেরা উভয়সৈন্যের মধ্যে অলৌকিক অস্ত্রজাল বিস্তার করিবে; কিন্তু তাহা আমার সৈন্যেরা উত্তীর্ণ হইতে পারিবে না। সেই জন্যই আমি বিলাপ করিতেছি ॥৭॥

(৩)...বশে বশী...পি।.. স স্রষ্টা জগতঃ.. বা ব রা নি।

দর্শনীয়ো মনস্বী চ লক্ষ্মীবান্ ব্রহ্মবর্চ্চসী।
মেধাবী সুকৃতপ্রজ্ঞো ধর্ম্মাত্মা পাণ্ডুনন্দনঃ ॥৮॥
মিত্রামাত্যৈঃ সুসম্পন্নঃ সম্পন্নো যুদ্ধযোজকৈঃ।
ভ্রাতৃভিঃ শ্বশুরৈর্বীরৈরুপপন্নো মহারথৈঃ ॥৯॥
ধৃত্যা চ পুরুষব্যাঘ্রো নৈভৃত্যেন চ পাণ্ডবঃ।
অনৃশংসো বদান্যশ্চ হ্রীমান্ সত্যপরাক্রমঃ ॥১০॥
বহুশ্রুতঃ কৃতাত্মা চ বৃদ্ধসেবী জিতেন্দ্রিয়ঃ।
তং সর্বগুণসম্পন্নং সমিদ্ধমিব পাবকম্ ॥১১॥
তপন্তমভি কো মন্দঃ পতিষ্যতি পতঙ্গবৎ।
পাণ্ডবাগ্নিমনাবার্য্যং মুমূর্ষুর্নষ্টচেতনঃ ॥১২॥ (কুলকম্)
তনুরুচ্চঃ শিখী রাজা মিথ্যোপচরিতো ময়া।
মন্দানাং মম পুত্রাণাং যুদ্ধেনান্তং করিষ্যতি ॥১৩॥

ভারতকৌমুদী

দর্শেতি। দর্শনীয়ঃ সুদৃশ্যাকৃতিঃ, লক্ষ্মীবান্ কান্তিমান্, মোপধত্বাদ্বন্তঃ, ব্রহ্মবর্চ্চসী ব্রাহ্মণবত্তেজস্বী। তেন চাভিশাপাদপি ভয়মিতি ভাবঃ। সুকৃতপ্রজ্ঞঃ সুশিক্ষিতবুদ্ধিঃ। যুদ্ধযোজকৈর্যুদ্ধোদ্যোগিভিঃ। উপপন্নো মিলিতঃ। ধৃত্যা ধৈর্য্যেণ। নৈভৃত্যেন মন্ত্রগুপ্ত্যা। তং যুধিষ্ঠিরম্। অভি লক্ষ্যীকৃত্য ॥৮—১২॥

তনুরিতি। তনুঃ কৃশো রাজ্যাদ্যভাবাদ্দীনোঽপীত্যর্থঃ, উচ্চ উন্নতঃ সহায়সম্পদা প্রবলঃ,

ভারতভাবদীপঃ

যথৈবেতি। অভিসরাঃ পুরোগাঃ ॥১—২॥ জগতঃ স্রষ্টা কৃষ্ণঃ ॥৩—৬॥ জালম্ অস্ত্রম্, অন্তরা সৈন্যমধ্যে ॥৭—৮॥ যুদ্ধযোজকৈঃ যুদ্ধোদ্যোগিভিঃ ॥৯॥ নৈভৃত্যেন মন্ত্রগুপ্ত্যা ॥১০—১১॥ তম্ অভিমুখঃ পতিষ্যতি ॥১২॥ তনুরুচ্চ ইতি পাঠেঽপি তনুঃ রাজ্যাপহারাদল্পঃ স্বতস্তু উচ্চ

যুধিষ্ঠির—সুদৃশ্যমূর্ত্তি, মনস্বী, কান্তিমান্, ব্রাহ্মণের ন্যায় তেজস্বী, মেধাবী, সুশিক্ষিতবুদ্ধি, ধার্ম্মিক, মিত্রগণ ও অমাত্যগণে পরিবেষ্টিত, যুদ্ধোদ্যোগী সৈন্যগণে পরিপূর্ণ, বীর ও মহারথ ভ্রাতৃগণে ও শ্বশুরগণে পরিপুষ্ট, ধৈর্য্যশীল, মন্ত্রগুপ্তিশালী, দয়ালু, দাতা, লজ্জাযুক্ত, যথার্থ পরাক্রমী, বহুশাস্ত্রজ্ঞ, পরিমার্জিতচিত্ত, বৃদ্ধসেবী ও জিতেন্দ্রিয়। সুতরাং পতঙ্গ যেমন প্রজ্বলিত অগ্নির উপরে পতিত হয়, সেইরূপ মূর্খ, চৈতন্যহীন ও মুমূর্ষু কোন লোক সেই সর্বগুণসম্পন্ন, প্রতাপশালী ও অনিবার্য্য পাণ্ডাগ্নির উপরে পতিত হইবে? ॥৮—১২॥

(৯)…যোগ্যযোজকৈঃ…পি। (১২) তপন্তমিব…বা ব রা নি। (১৩) তনুরুচ্চশিখী …পি, তনুরুদ্ধঃ শিখী…বা ব রা।

নৈব যুদ্ধং সাধু মন্যে কুরবস্তন্নিবোধত।
যুদ্ধে বিনাশঃ কৃৎস্নস্য কুলস্য ভবিতা ধ্রুবম্ ॥১৪॥
এষা মে পরমা বুদ্ধির্যয়া শাম্যতি মে মনঃ।
যদি ত্বযুদ্ধমিষ্টং বো বয়ং শান্ত্যৈ যতামহে ॥১৫॥
ন তু নঃ ক্লিশ্যমানানামুপেক্ষেত যুধিষ্ঠিরঃ।
জুগুপ্সতি হ্যধর্ম্মেণ মামেবোদ্দিশ্য কারণম্ ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি
যানসন্ধৌ ধৃতরাষ্ট্রবাক্যে ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

শিখী অগ্নিরিব স্বতস্তেজস্বী, রাজা যুধিষ্ঠিরঃ, মিথ্যোপচরিতঃ কপটব্যবহারেণ প্রতারিতঃ। অতএব ক্রোধোদ্দীপ্ত ইত্যাশয়ঃ। অন্তং নাশম্ ॥১৩॥

নেতি। হে কুরবঃ!। তদ্যুদ্ধস্য অসাধুত্বম্ ॥১৪॥

এষেতি। পরমা যুক্ত্যনুসারিত্বাদুত্তমা। অযুদ্ধং সন্ধিঃ ॥১৫॥

ননু যুষ্মাকং যত্নেঽপি যুধিষ্ঠির এব যদি সন্ধিং নাঙ্গীকুর্য্যাদিত্যাহ নেতি। উপেক্ষেত সন্ধিবচনমিতি শেষঃ। হি যস্মাৎ, অধর্ম্মেণ যুদ্ধস্য কারণং মামেবোদ্দিশ্য মাং জুগুপ্সতি যুধিষ্ঠিরো নিন্দতি। অতোঽসৌ সন্ধিমঙ্গীকুর্য্যাদেবেতি ভাবঃ ॥১৬॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্বণি যানসন্ধৌ ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

এব শিখী বহ্নিরিব বহ্নিঃ ॥১৩—১৫॥ ক্লিশ্যমানানাং কর্ম্মণি ষষ্ঠী, অস্মান্ ন উপেক্ষেত মামেব অধর্ম্মেণ কলহস্য কারণম্ উদ্দিশ্য জুগুপ্সতি নিন্দতি, স কথং প্রার্থিতঃ সন্ কলহং করিষ্যতীতি ভাবঃ ॥১৬॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৩॥

রাজ্যপ্রভৃতি না থাকায় যুধিষ্ঠির দুর্ব্বল হইলেও, সহায়সম্পদে তিনি প্রবল হইয়াছেন; বিশেষতঃ তিনি স্বভাবতই অগ্নির ন্যায় তেজস্বী; অথ চ আমি কপট ব্যবহার করিয়া তাঁহাকে প্রতারিত করিয়াছি। সুতরাং তিনি যুদ্ধ করিয়া আমার মূর্খ পুত্রগণের ধ্বংস করিবেন ॥১৩॥

অতএব কৌরবগণ! আমি যুদ্ধটাকে ভাল মনে করি না; আপনারাও তাহা বিবেচনা করুন। যুদ্ধে নিশ্চয়ই সমগ্র বংশটারই ধ্বংস হইবে ॥১৪॥

ইহাই আমার সম্পূর্ণ ধারণা এবং ইহাতেই আমার মন শান্তি লাভ করিবে। সুতরাং আপনাদেরও যদি যুদ্ধ না করাই অভিপ্রেত হয়, তবে আমি শান্তির জন্য চেষ্টা করি ॥১৫॥

(১৪) নৈবযুদ্ধং সাধু মন্যে…বা ব রা নি।

চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

এবমেতন্মহারাজ! যথা বদসি ভারত!।
যুদ্ধে বিনাশঃ ক্ষত্রস্য গাণ্ডীবেন প্রদৃশ্যতে ॥১॥
ইদন্তু নাভিজানামি তব ধীরস্য নিত্যশঃ।
যৎ পুত্রবশমাগচ্ছেঃ সত্ত্বজ্ঞঃ সব্যসাচিনঃ ॥২॥
নৈষ কালো মহারাজ! তব শশ্বৎ কৃতাগসঃ।
ত্বয়া হ্যেবাদিতঃ পার্থা নিকৃতা ভরতর্ষভ! ॥৩॥
পিতা শ্রেষ্ঠঃ সুহৃদ্‌যশ্চ সম্যক্‌প্রণিহিতাত্মবান্।
আস্থেয়ং হি হিতং তেন ন দ্রোগ্ধা গুরুরুচ্যতে ॥৪॥

ভারতকৌমুদী

এবমিতি। প্রদৃশ্যতে অস্মাভিঃ সম্ভাব্যতে ॥১॥
ইদমিতি। ইদমেতৎকারণম্। সত্ত্বজ্ঞো বলাভিজ্ঞঃ ॥২॥
নেতি। কালো বিলাপস্য। কৃতাগসঃ কৃতাপরাধস্য। নিকৃতা বঞ্চিতাঃ ॥৩॥
পিতেতি। প্রণিহিতাত্মবান্ অবহিতচিত্তঃ। আস্থেয়ং বিধেয়ম্ ॥৪॥

কিন্তু আমি দুঃখিত হইয়া সন্ধির কথা বলিলে, যুধিষ্ঠির তাহাতে উপেক্ষা করিবেন না। কারণ, আমিই অধর্ম্মাচরণ করিয়া যুদ্ধের কারণ হইয়াছি, এই-রূপ লক্ষ্য করিয়াই তিনি আমাকে নিন্দা করিয়া থাকেন' ॥১৬॥

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন মহারাজ! আপনি যাহা বলিতেছেন, তাহা সত্যই বটে। যুদ্ধে গাণ্ডীবদ্বারা ক্ষত্রিয়কুলের ধ্বংস হইবে বলিয়াই মনে হইতেছে ॥১॥

আপনি চিরকালই বুদ্ধিমান্ বলিয়া বিখ্যাত এবং অর্জ্জুনের শক্তিও জানেন; তথাপি আপনি যে পুত্রদের বশীভূত হইতেছেন, ইহার কারণ আমি বুঝিতেছি না ॥২॥

ভরতশ্রেষ্ঠ মহারাজ! আপনি চিরকালই অপরাধ করিয়া আসিতেছেন। কারণ, আপনিই প্রথমে পাণ্ডবগণকে প্রতারিত করিয়াছেন। সুতরাং এটা বিলাপ করিবার সময় নহে ॥৩॥

ইদং জিতমিদং লব্ধমিতি শ্রুত্বা পরাজিতান্।
দ্যূতকালে মহারাজ! স্ময়সে স্ম কুমারবৎ ॥৫॥
পরুষাণ্যুচ্যমানাংশ্চ পুরা পার্থানুপেক্ষসে।
কৃৎস্নং রাজ্যং জয়ন্তীতি প্রপাতং নানুপশ্যসি ॥৬॥
পিত্র্যং রাজ্যং মহারাজ! কুরবস্তে সজাঙ্গলাঃ।
অথ বীরৈর্জিতামুর্বীমখিলাং প্রত্যপদ্যথাঃ ॥৭॥
বাহুবীর্য্যার্জিতা ভূমিস্তব পার্থৈর্নিবেদিতা।
ময়েদং কৃতমিত্যেব মন্যসে রাজসত্তম! ॥৮॥
গ্রস্তান্ গন্ধর্ববরাজেন মজ্জতো হ্যপ্লবেঽম্ভসি।
আনিনায় পুনঃ পার্থঃ পুত্রাংস্তে রাজসত্তম! ॥৯॥

ভারতকৌমুদী

ইদমিতি। স্ময়সে স্ম ঈষদ্ধসিতবান্, কুমারবৎ বালক ইব ॥৫॥

পরুষাণীতি। পরুষাণি নিষ্ঠুরবাক্যানি। প্রপাতং ক্ষত্রকুলস্য নাশম্ ॥৬॥

পিত্র্যমিতি। কুরুবঃ কুরুদেশাঃ, সজাঙ্গলা জাঙ্গলদেশেন সহিতাঃ। বীরৈঃ পাণ্ডবৈ রাজসূয়কালে জিতাম্। প্রত্যপদ্যথাঃ প্রাপ্তবানসি ॥৭॥

বাহ্বিতি। নিবেদিতা দ্যূতে হারণেনার্পিতা ॥৮॥

গ্রস্তানিতি। গ্রস্তান্ ঘোষযাত্রায়ামাবদ্ধান্। অপ্লবেঽম্ভসি নিঃসহায়ে বিপৎসাগরে ॥৯॥

যিনি পিতৃপর্য্যায়, শ্রেষ্ঠ, বন্ধু ও সম্পূর্ণরূপে সাবধান, পুত্রদের হিত করাই তাঁহার উচিত। কিন্তু যিনি হিংসা করেন, তাঁহাকে গুরু বলে না ॥৪॥

মহারাজ! সেই দ্যূতক্রীড়ার সময়ে 'ইহা জয় করা হইয়াছে, ইহা লাভ করা হইয়াছে' এইভাবে পাণ্ডবগণের পরাজয় শুনিয়া আপনি বালকের ন্যায় হাস্য করিয়াছিলেন ॥৫॥

তা'র পর সেই সময়ে পাণ্ডবগণকে যে সকল নিষ্ঠুর বাক্য বলা হইয়াছিল, আপনি সেগুলিকে উপেক্ষা করিয়াছিলেন এবং সমগ্র রাজ্যই জয় করিয়াছে ইহাই কেবল ভাবিয়াছিলেন, কিন্তু ক্ষত্রিয়কুলের ধ্বংস হইবে বলিয়া ভাবেন নাই ॥৬॥

মহারাজ! জাঙ্গলদেশের সহিত কুরুদেশ আপনার পৈতৃক রাজ্য; তা'র পর মহাবীর পাণ্ডবেরা যে সকল রাজ্য জয় করিয়াছিলেন, সেগুলিও আপনি লাভ করিয়াছেন ॥৭॥

রাজশ্রেষ্ঠ! পাণ্ডবেরা বাহুবলে বহুদেশ জয় করিয়া আপনাকে দিয়াছেন; অথ চ আপনি মনে করেন যে, ইহা আমি করিয়াছি ॥৮॥

কুমারবচ্চ স্ময়সে দ্যূতে বিনিকৃতেষু যৎ।
পাণ্ডবেষু বনং রাজন্! প্রব্রজৎসু পুনঃ পুনঃ ॥১০॥
প্রবর্ষতঃ শরব্রাতানর্জ্জুনস্য শিতান্ বহূন্।
অপ্যর্ণবা বিশুষ্যেয়ুঃ কিং পুনর্মাংসযোনয়ঃ ॥১১॥
অস্যতাং ফাল্গুনঃ শ্রেষ্ঠো গাণ্ডীবং ধনুষাং বরম্।
কেশবঃ সর্বভূতানামায়ুধানাং সুদর্শনম্।
বানরো রোচমানশ্চ কেতুঃ কেতুমতাং বরঃ ॥১২॥
এবমেতানি স রথো বহতে সহ যো রণে।
ক্ষপয়িষ্যতি নো রাজন্! কালচক্রমিবোদ্যতম্ ॥১৩॥
তস্যাদ্য বসুধা রাজন্! নিখিলা ভরতর্ষভ!।
যস্য ভীমার্জ্জুনৌ যোধৌ স রাজা রাজসত্তম! ॥১৪॥

ভারতকৌমুদী

কুমারেতি। স্ময়সে হসিতবান্, বিনিকৃতেষু প্রতারিতেষু ॥১০॥

প্রেতি। মাংসযোনয়ঃ শরীরিণঃ ॥১১॥

অস্যতামিতি। অস্যতামস্ত্রাণি ক্ষিপতাম্। রোচমানো দীপ্তিমান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১২॥

এবমিতি। সহ যুগপৎ। নঃ অস্মান্। কালস্য মৃত্যোশ্চক্রম্ ॥১৩॥

তস্যেতি। যোধৌ যোদ্ধারৌ, স এব বস্তুতো রাজেত্যর্থঃ ॥১৪॥

নরনাথ! গন্ধর্বরাজ চিত্রসেন আপনার পুত্রগণকে বন্দী করিয়াছিলেন, তখন তাঁহারা বিপৎসাগরে মগ্ন হইয়াছিলেন; সেই অবস্থায় অর্জ্জুনই আবার তাঁহাদিগকে মুক্ত করিয়া আনিয়াছিলেন ॥৯॥

রাজা! সেই পাণ্ডবেরাই কিন্তু দ্যূতক্রীড়ায় প্রতারিত হইয়া বনে প্রস্থান করিলে, আপনি বালকের ন্যায় বার বার হাস্য করিয়াছিলেন ॥১০॥

অর্জ্জুন বহুতর নিশিত বাণ বর্ষণ করিতে থাকিলে, সমুদ্রগুলিও শুষ্ক হইয়া যায়, তাহাতে আর প্রাণীদের বিষয়ে বক্তব্য আছে কি ॥১১॥

অর্জ্জুন অস্ত্রক্ষেপকারিগণের মধ্যে শ্রেষ্ঠ, গাণ্ডীব ধনুর মধ্যে উত্তম, কৃষ্ণ প্রাণীদের মধ্যে প্রধান, সুদর্শনচক্র অস্ত্রসমূহের মধ্যে উৎকৃষ্ট এবং উজ্জ্বল বানর ধ্বজের মধ্যে মুখ্য ॥১২॥

রাজা! যে রথ এইরূপ এইগুলি একদা বহন করে, সেই রথ উত্তোলিত যমচক্রের ন্যায় যুদ্ধে আমাদিগকে ধ্বংস করিবে ॥১৩॥

(১৩)…বহন্ শ্বেতহয়ো রণে…পি,…বহূন্ শ্বেতহয়ো রণে…বা ব রা।

তথা ভীমহতপ্রায়াং মজ্জন্তীং তব বাহিনীম্।
দুর্য্যোধনমুখা দৃষ্ট্বা ক্ষয়ং যাস্যন্তি কৌরবাঃ ॥১৫॥
ন ভীমার্জ্জুনয়োর্ভীতা লপ্স্যন্তে বিজয়ং বিভো!।
তব পুত্রা মহারাজ! রাজানশ্চানুসারিণঃ ॥১৬॥
মৎস্যাস্ত্বামদ্য নার্চ্চন্তি পাঞ্চালাশ্চ সকেকয়াঃ।
শাল্বেয়াঃ শূরসেনাশ্চ সর্ব্বে ত্বামবজানতে ॥১৭॥
পার্থং হ্যেতে গতাঃ সর্ব্বে বীর্য্যজ্ঞাস্তস্য ধীমতঃ।
ভক্ত্যা হ্যস্য বিরুধ্যন্তে তব পুত্রৈঃ সদৈব তে ॥১৮॥

ভারতকৌমুদী

তথেতি। ভীমেন ভীমসেনেন হতপ্রায়াম্, মজ্জন্তীং বিপৎসাগরে ॥১৫॥

নেতি। অনুসারিণঃ তব পুত্রাণামনুগামিনঃ ॥১৬॥

মৎস্যা ইতি। উভয়ত্রৈব যুধিষ্ঠিরাশ্রয়ণমেব হেতুরিতি ভাবঃ ॥১৭॥

পার্থমিতি। পার্থং যুধিষ্ঠিরম্, এতে মৎস্যাদয়ঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—২॥ এষ কালঃ এষা কালনা বুদ্ধিস্তব নৈব স্থাস্যতি ॥৩॥ প্রণিহিতাত্মবান্ সাবধানচিত্তঃ ॥৪॥ শ্বয়সে তুষ্যসে ॥৫—১১॥ অস্যতাং বাণান্ ক্ষিপতাং মধ্যে ॥১৩—১৪॥ ভীমেন ভীমসেনেন হতপ্রায়াম্ ॥১৫—২২॥

ইতি উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৪॥

ভরতবংশশ্রেষ্ঠ রাজপ্রাধন রাজা! ভীম ও অর্জ্জুন যাঁহার যোদ্ধা, আজ সমগ্র পৃথিবীই তাঁহার এবং তিনিই প্রকৃত রাজা ॥১৪॥

ভীমই আপনার সৈন্য প্রায় সংহার করিবেন, তখন অবশিষ্ট সৈন্য বিপৎ-সাগরে মগ্ন হইবে এবং তাহা দেখিয়াই দুর্য্যোধনপ্রভৃতি কৌরবেরা বিনষ্ট হইবেন ॥১৫॥

প্রভু মহারাজ! আপনার পুত্রেরা এবং তাঁহাদের অনুগামী রাজারা ভীম ও অর্জ্জুনের ভয়ে ভীত হইয়া জয় লাভ করিতে পারিবেন না ॥১৬॥

মৎস্য, পাঞ্চাল, কেকয়, শাল্ব ও শূরসেনদেশীয় লোকেরা এখন আর আপনার আনুগত্য করে না, বরং সকলেই আপনাকে অবজ্ঞা করিতেছে ॥১৭॥

ইহারা সকলেই বুদ্ধিমান্ যুধিষ্ঠিরের শক্তি জানে বলিয়া তাঁহারই অনুগত হইয়াছে এবং তাঁহার প্রতি ভক্তিবশতঃ সর্ব্বদাই আপনার পুত্রদের সহিত বিরোধ করিবার ইচ্ছা করিতেছে ॥১৮॥

---

(১৬)...লপ্স্যন্তি...তব পুত্রা মহাবাহো!...পি।

অনর্হানেব তু বধে ধর্ম্মযুক্তান্ বিকর্ম্মণা।
যোঽক্লেশয়ৎ পাণ্ডুপুত্রান্ যো বিদ্বেষ্ট্যধুনাপি বৈ ॥১৯॥
সর্বোপায়ৈর্নিয়ন্তব্যঃ সানুগঃ পাপপূরুষঃ।
তব পুত্রো মহারাজ! নানুশোচিতুমর্হসি ॥২০॥ (যুগ্মকম্)
অপরোক্ষং মহারাজ! সাক্ষাচ্চৈনং ব্রবীম্যহম্।
দ্যূতকালে ময়া চোক্তং বিদুরেণ চ ধীমতা ॥২১॥
যদিদং তে বিলপিতং পাণ্ডবান্ প্রতি ভারত!।
অনীশেনেব রাজেন্দ্র! সর্ব্বমেতন্নিরর্থকম্ ॥২২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি
যানসন্ধৌ সঞ্জয়বাক্যে চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

———

ভারতকৌমুদী

অনর্হানিতি। বধে অনর্হান্ অযোগ্যান্। বিকর্ম্মণা নির্বাসনাদিনা বিরুদ্ধব্যাপারেণ। নিয়ন্তব্যঃ পাপকর্ম্মণো নিবর্ত্তিতব্যঃ, অনুগৈঃ কর্ণাদিভিঃ সহেতি সানুগঃ ॥১৯—২০॥

অপরোক্ষমিতি। এনমীদৃশং বাক্যং ব্রবীমি, সর্বনাশভয়াদিত্যাশয়ঃ ॥২১॥

যদিতি। তে ত্বয়া। অনীশেনেব অপ্রভুণেব ॥২২॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি যানসন্ধৌ চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

———(:০:)———

মহারাজ! পাণ্ডবেরা ধার্ম্মিক বলিয়া হিংসার যোগ্য নহেন; তথাপি যিনি অন্যায় আচরণ করিয়া তাঁহাদিগকে কষ্ট দিয়াছেন এবং যিনি এখনও তাঁহাদের প্রতি বিদ্বেষ করিতেছেন, আপনার সেই পাপিষ্ঠ পুত্রকে তাঁহার অনুচরবর্গের সহিত সর্বোপায়ে নিবৃত্ত করা উচিত। কিন্তু কৃতকার্য্যের জন্য অনুতাপ করিবেন না ॥১৯—২০॥

মহারাজ! আমি এ কথা পরোক্ষে নহে—প্রত্যক্ষেই বলিতেছি; দ্যূতক্রীড়ার সময়েও আমি এবং বুদ্ধিমান্ বিদুর উভয়েই এ কথা বলিয়াছিলাম ॥২১॥

ভরতনন্দন রাজশ্রেষ্ঠ! আপনি অসমর্থের ন্যায় পাণ্ডবদের বিষয়ে এই যে বিলাপ করিলেন, এ সমস্তই নিরর্থক' ॥২২॥

———০::০———

(২১) প্রথমার্দ্ধং পি বা ব রা নাস্তি। (২২) অনীশেনৈব…নি।

পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

দুর্য্যোধন উবাচ।

ন ভেতব্যং মহারাজ! ন শোচ্যা ভবতা বয়ম্।
সমর্থাঃ স্ম পরান্ জেতুং বলিনঃ সমরে বিভো! ॥১॥
বনে প্রব্রজিতান্ পার্থান্ যদায়াম্মধুসূদনঃ।
মহতা বলচক্রেণ পররাষ্ট্রাবমর্দ্দিনা ॥২॥
কেকয়া ধৃষ্টকেতুশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
রাজানশ্চান্বয়ুঃ পার্থান্ বহবোঽন্যেঽনুযায়িনঃ ॥৩॥
ইন্দ্রপ্রস্থস্য চাদূরাৎ সমাজগ্মুর্মহারথাঃ।
ব্যগর্হয়ংশ্চ সংগম্য ভবন্তং কুরুভিঃ সহ ॥৪॥
তে যুধিষ্ঠিরমাসীনমজিনৈঃ প্রতিবাসিতম্।
কৃষ্ণপ্রধানাঃ সংহত্য পর্য্যুপাসন্ত ভারত! ॥৫॥
প্রত্যাদানঞ্চ রাজ্যস্য কার্য্যমূচুর্নরাধিপাঃ।
ভবতঃ সানুবন্ধস্য সমুচ্ছেদং চিকীর্ষবঃ ॥৬॥

ভারতকৌমুদী

নেতি। ভয়শোকয়োরভাবং প্রতি হেতুমাহ সমর্থা ইতি। পরান্ শত্রূন্ ॥১॥

জয়হেতুং স্বদোষাভাবঞ্চ দর্শয়িতুমাহ ষড়্ভিঃ শ্লোকৈঃ কুলকেন বন ইতি। যদা আয়াৎ আগচ্ছৎ, তদা ময়া ভীষ্মদ্রোণকৃপা উক্তা ইতি সপ্তমশ্লোকে বাক্যসমাপ্তিঃ। বলচক্রেণ সৈন্যসমূহেন। ধৃষ্টকেতুঃ শিশুপালপুত্রঃ। পার্ষতঃ পৃষতপৌত্রঃ। ব্যগর্হয়ন্ পাণ্ডবপ্রতারণয়া

দুর্য্যোধন বলিলেন—'প্রভু মহারাজ! আপনি ভয় করিবেন না, কিংবা আমাদের জন্য শোকও করিবেন না। কারণ, আমরা বলবান্ বলিয়া যুদ্ধে শত্রুগণকে জয় করিতে সমর্থ হইব ॥১॥

পাণ্ডবেরা বনে প্রস্থান করিলে, কৃষ্ণ যখন পররাজ্যমর্দ্দনকারী বিশাল সৈন্য লইয়া আগমন করিয়াছিলেন; কেকয়গণ, ধৃষ্টকেতু, পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন এবং তাঁহাদের অনুগামী অন্যান্য বহুতর রাজাও যখন পাণ্ডবগণের নিকট আসিয়াছিলেন; সেই মহারথেরা ইন্দ্রপ্রস্থনগরের অনতিদূরে আসিয়া সকলে মিলিত হইয়া যখন কৌরবগণের সহিত আপনার বিশেষ নিন্দা করিয়াছিলেন; সেই কৃষ্ণপ্রভৃতি বীরেরা মিলিত হইয়া যখন মৃগচর্ম্মধারী উপবিষ্ট যুধিষ্ঠিরের আনুগত্য প্রকাশ করিতেছিলেন এবং রাজারা অনুচরবর্গের সহিত আপনার উচ্ছেদ

শ্রুত্বা চৈবং ময়োক্তাস্তু ভীষ্মদ্রোণকৃপাস্তদা।
জ্ঞাতিক্ষয়ভয়াদ্রাজন্! ভীতেন ভরতর্ষভ! ॥৭॥ (কুলকম্)
ন নঃ স্থাস্যন্তি সমরে পাণ্ডবা ইতি মে মতিঃ।
সমুচ্ছেদং হি নঃ কৃৎস্নং বাসুদেবশ্চিকীর্ষতি ॥৮॥
ঋতে চ বিদুরাৎ সর্বে যূয়ং বধ্যা মতা মম।
ধৃতরাষ্ট্রস্তু ধর্ম্মজ্ঞো ন বধ্যঃ কুরুসত্তম! ॥৯॥
সমুচ্ছেদঞ্চ কৃৎস্নং নঃ কৃত্বা তাত! জনার্দ্দনঃ।
ঐকরাজ্যং কুরূণাং স্ম চিকীর্ষতি যুধিষ্ঠিরে ॥১০॥
তত্র কিং প্রাপ্তকালং নঃ প্রণিপাতঃ পলায়নম্।
প্রাণান্ বা সংপরিত্যজ্য প্রতিযুধ্যামহে পরান্ ॥১১॥

ভারতকৌমুদী

অনিন্দন্। প্রতিবাসিতং পরিবৃতদেহম্। সংহত্য মিলিত্বা। সানুবন্ধস্য সানুচরস্য। শ্রুত্বা গুপ্তচরমুখাদিতি শেষঃ ॥২—৭॥

কিমুক্তা ইত্যাহ সপ্তভির্নেতি। সময়ে দ্যূতকালীনবনবাসাদিশপথে ॥৮॥

ঋত ইতি। ন বধ্যঃ অন্ধতয়া কৃপাপাত্রত্বাৎ। কুরুসত্তমেতি ভীষ্মসম্বোধনম্ ॥৯॥

সমিতি। তাতেত্যপি ভীষ্মসম্বোধনম্। ঐকরাজ্যমৈকাধিপত্যম্, কুরূণাং কুরুদেশস্য ॥১০॥

তত্রেতি। প্রাপ্তকালমেতৎকালোচিতম্। সংপরিত্যজ্য সংপরিত্যাগায়োদ্যম্য ॥১১॥

করিবার ইচ্ছা করিয়া পুনরায় রাজ্য গ্রহণ করাই উচিত এইরূপ যখন বলিতেছিলেন; ভরতশ্রেষ্ঠ রাজা! তখন আমি গুপ্তচরের মুখে সেই সকল বৃত্তান্ত শুনিয়া জ্ঞাতিক্ষয়ের ভয়ে ভীত হইয়া ভীষ্ম, দ্রোণ ও কৃপাচার্য্যের নিকট বলিয়াছিলাম—॥২—৭॥

'আমার ধারণা হইতেছে যে, পাণ্ডবেরা আমাদের সেই শপথ পালন করিবেন না। কারণ, কৃষ্ণ সর্বপ্রকারেই আমাদের উচ্ছেদ করিবার ইচ্ছা করেন ॥৮॥

অতএব কুরুশ্রেষ্ঠ! আমার এইরূপও মনে হয় যে, একমাত্র বিদুর ব্যতীত আপনারা সকলেই বিনষ্ট হইবেন; কিন্তু ধার্ম্মিক ধৃতরাষ্ট্র বিনষ্ট হইবেন না ॥৯॥

পিতামহ! কৃষ্ণ সর্ব্বপ্রকারেই আমাদের উচ্ছেদ করিয়া কুরুদেশে যুধিষ্ঠিরের একাধিপত্য স্থাপন করিবার ইচ্ছা করেন ॥১০॥

অতএব সে বিষয়ে আমাদের এখন কি করা উচিত? অবনত হওয়া, পলায়ন করা, কিংবা প্রাণপরিত্যাগে উদ্যত হইয়া প্রতিযুদ্ধ করা? ॥১১॥

(৮) ততঃ স্থাস্যন্তি···বা ব রা নি। (৯)···কুরুসত্তমঃ—বা ব রা নি। (১০) এক-রাজ্যম্···বা ব রা নি।

প্রতিযুদ্ধে চ নিয়তঃ স্যাদস্মাকং পরাজয়ঃ।
যুধিষ্ঠিরস্য সর্বে হি পার্থিবা বশবর্ত্তিনঃ ॥১২॥
বিরক্তরাষ্ট্রাশ্চ বয়ং মিত্রাণি কুপিতানি নঃ।
ধিক্কৃতাঃ পার্থিবৈঃ সর্বৈঃ স্বজনেন চ সর্ব্বশঃ ॥১৩॥
প্রণিপাতে ন দোষোঽস্তি সন্ধির্নঃ শাশ্বতীঃ সমাঃ।
পিতরং ত্বেব শোচামি প্রজ্ঞানেত্রং জনাধিপম্।
মৎকৃতে দুঃখমাপন্নং ক্লেশং প্রাপ্তমনন্তকম্ ॥১৪॥
কৃতং হি তব পুত্রৈশ্চ পরেষামবরোধনম্।
মৎপ্রিয়ার্থং পুরৈবৈতদ্বিদিতং তে নরোত্তম ! ॥১৫॥

ভারতকৌমুদী

প্রতীতি। নিয়তো নিশ্চিতঃ, তেষাং শিক্ষাধিক্যাদিনা প্রবলত্বাৎ ॥১২॥

বিরক্তেতি। বিরক্তং রাষ্ট্রং রাষ্ট্রস্থজনো যেষু তে। ধিক্কৃতাঃ পাণ্ডবেষত্যাচারাৎ ॥১৩॥

প্রেতি। দোষো নাস্তি, যুধিষ্ঠিরস্য জ্যেষ্ঠত্বান্নিকৃতত্বাচ্চ। শাশ্বতীঃ সমাশ্চিরকালং যাবচ্চলিতঃ। মৎকৃতে মদপরাধনিমিত্তম্। ক্লেশং স্বনিন্দাশ্রবণাদিজম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

কৃতমিতি। পুত্রৈঃ পুত্রস্থানীয়ধৃতরাষ্ট্রাপত্যৈর্দুঃশাসনাদিভিঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

ন ভেতব্যমিতি ॥১॥ যদায়াৎ আগতস্তদা ভীষ্মদ্রোণকৃপাঃ ময়া উক্তা ইতি ষষ্ঠেনান্বয়ঃ ॥২—৮॥ মম মৎসম্বন্ধিনঃ ॥৯—১০॥ প্রণিপাতো বা সন্ধ্যর্থঃ পলায়নং বা লজ্জয়া ॥১১—১৩॥ প্রণিপাতে দোষো বংশক্ষয়কৃতো নাস্তি কিন্তু সন্ধিরেব ভবতি, তথাপি মম যুদ্ধমেব রোচতে ইত্যাশয়েনাহ—পিতরমিতি ॥১৪॥ হে নরোত্তম! ধৃতরাষ্ট্র! তব পুত্রৈঃ অস্মাভিঃ ॥১৫॥

প্রতিযুদ্ধ করিলে নিশ্চয়ই আমাদের পরাজয় হইবে। কারণ, রাজারা সকলেই যুধিষ্ঠিরের বশবর্ত্তী হইয়াছেন ॥১২॥

এদিকে রাজ্যের প্রজারা আমাদের উপরে বিরক্ত হইয়াছে এবং মিত্রেরাও আমাদের উপরে ক্রুদ্ধ হইয়াছেন; আর রাজারা ও আত্মীয়েরা সকলেই সর্ব্বপ্রকারে আমাদিগকে ধিক্কার দিতেছেন ॥১৩॥

সুতরাং প্রণিপাতপূর্বক সন্ধি করায় কোন দোষ নাই। কারণ, সন্ধি আমাদের চিরকালই চলিয়া আসিয়াছে। তবে পিতৃদেব আমার জন্য দুঃখ ভোগ করিয়াছেন এবং অনন্ত কষ্ট পাইয়াছেন; সুতরাং সেই প্রজ্ঞানেত্র রাজার জন্য আমার দুঃখ হইতেছে ॥১৪॥

নরশ্রেষ্ঠ! আপনি পূর্বেই ইহা জানিয়াছেন যে, আপনার অপর পৌত্রেরা আমার সন্তোষের জন্য শত্রুগণের অবরোধ করিয়াছিল ॥১৫॥

---

(১৫)…পরেষামেব_ রোধনম্। স্বপ্রিয়ার্থম্…পি।

তে রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য সামাত্যস্য মহারথাঃ।
বৈরং প্রতিকরিষ্যন্তি কুলোচ্ছেদেন পাণ্ডবাঃ॥১৬॥
ততো দ্রোণোঽব্রবীদ্ভীষ্মঃ কৃপো দ্রৌণিশ্চ ভারত!।
মত্বা মাং মহতীং চিন্তামাস্থিতং ব্যথিতেন্দ্রিয়ম্॥১৭॥
অভিদ্রুগ্ধাঃ পরে চেদ্বো ন ভেতব্যং পরন্তপ!।
অসমর্থাঃ পরে জেতুমস্মান্ যুধি সমাস্থিতান্॥১৮॥
একৈকশঃ সমর্থাঃ স্মো বিজেতুং সর্বপার্থিবান্।
আগচ্ছন্তু বিনেষ্যামো দর্পমেষাং শিতৈঃ শরৈঃ॥১৯॥
পুরৈকেন হি ভীষ্মেণ বিজিতাঃ সর্বপার্থিবাঃ।
মৃতে পিতর্য্যতিক্রুদ্ধো রথেনৈকেন ভারত!॥২০॥
জঘান সুবহূংস্তেষাং সংরব্ধঃ কুরুসত্তমঃ।
ততস্তে শরণং জগ্মুর্দেবব্রতমিমং ভয়াৎ॥২১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ত ইতি। প্রতিকরিষ্যন্তি নির্যাতয়িষ্যন্তি॥১৬॥

তত ইতি। আস্থিতমাশ্রিতম্, ব্যথিতেন্দ্রিয়ম্ উদ্বিগ্নচিত্তম্॥১৭॥

অভীতি। অভিদ্রুগ্ধা অভিদ্রোহকারিণঃ, বো যুষ্মাকম্॥১৮॥

একেতি। বিনেষ্যামো দূরীকরিষ্যামঃ, এষাং পরেষাম্॥১৯॥

পুরেতি। বিজিতা দিগ্বিজয়প্রসঙ্গেন। পিতরি শান্তনৌ। তেষাং সর্বেষাং পার্থিবানাম্। সংরব্ধ উৎসাহী, কুরুসত্তমো ভীষ্মঃ॥২০—২১॥

সুতরাং মহারথ পাণ্ডবেরা বংশধ্বংস করিয়া অমাত্যবর্গের সহিত রাজা ধৃতরাষ্ট্রের শত্রুতার প্রতিশোধ দিবে'॥১৬॥

ভরতনন্দন! তাহার পর ভীষ্ম, দ্রোণ, কৃপ ও অশ্বত্থামা আমাকে গুরুতর চিন্তান্বিত ও উদ্বিগ্নচিত্ত মনে করিয়া বলিয়াছিলেন—॥১৭॥

'পরন্তপ দুর্য্যোধন! শত্রুরা যদিও তোমাদের বিদ্রোহ করে, তথাপি ভীত হইও না। কারণ, আমরা যুদ্ধে অবস্থান করিলে, শত্রুরা আমাদিগকে জয় করিতে সমর্থ হইবে না॥১৮॥

কিন্তু আমরা এক এক জনই সকল রাজাকে জয় করিতে সমর্থ হইব। অতএব তাহারা আসুক, আমরা নিশিত বাণসমূহদ্বারা তাহাদের দর্প চূর্ণ করিব॥১৯॥

ভরতনন্দন! পূর্বে একমাত্র ভীষ্মই সকল রাজাকে জয় করিয়াছিলেন। পিতা

(১৮)···পরে চেন্নঃ···বা ব রা নি। (২০)···মৃতে পিতর্য্যপি ক্রুদ্ধঃ···পি।

স ভীষ্মঃ সুসমর্থোঽয়মস্মাভিঃ সহিতো রণে।
পরান্ বিজেতুং তস্মাত্তে ব্যেতু ভীর্ভরতর্ষভ ! ॥২২॥
ইত্যেষাং নিশ্চয়ো হ্যাসীত্তৎকালেঽমিততেজসাম্।
পুরা পরেষাং পৃথিবী কৃৎস্নাসীদ্বশবর্ত্তিনী ॥২৩॥
অস্মান্ পুনরমী নাদ্য সমর্থা জেতুমাহবে।
ছিন্নপক্ষাঃ পরে হ্যদ্য বীর্য্যহীনাশ্চ পাণ্ডবাঃ ॥২৪॥
অস্মৎসংস্থা চ পৃথিবী বর্ত্ততে ভরতর্ষভ ! ।
একার্থাঃ সুখদুঃখেষু সমানীতাশ্চ পার্থিবাঃ ॥২৫॥
অপ্যগ্নিং প্রবিশেয়ুস্তে সমুদ্রং বা পরন্তপ ! ।
মদর্থং পার্থিবাঃ সর্বে তদ্বিদ্ধি কুরুসত্তম ! ॥২৬॥

ভারতকৌমুদী

দ্রোণাদিবাক্যমুপসংহরতি স ইতি। ব্যেতু অপগচ্ছতু, ভীর্ভয়ম্ ॥২২॥
ইতীতি। এষাং দ্রোণাদীনাম্। বশবর্ত্তিনী, রাজসূয়ে বিজিতত্বাদিত্যাশয়ঃ ॥২৩॥
অস্মানিতি। আহবে যুদ্ধে। ছিন্নপক্ষা দ্যূতে বিজিতত্বাৎ সহায়শূন্যাঃ ॥২৪॥
অস্মদিতি। অস্মৎসংস্থা দ্যূতজয়েন লব্ধত্বাৎ। একার্থাঃ সমানরূপাঃ ॥২৫॥

ভারতভাবদীপঃ

প্রতিকরিষ্যন্তি প্রতিঘাতয়িষ্যন্তি ॥১৬॥ তত ইতি পূর্ব্ববৃত্তান্তকথনম্ ॥১৭॥ নঃ অস্মাভিঃ, পরে চেৎ যদ্যপি অভিক্রুদ্ধাঃ দ্রোহবিষয়ং নীতাঃ তথাপি ন ভেতব্যম্ ॥১৮—২৪॥ সমানীতাঃ

শান্তনুর মৃত্যু হইলে কৌরবশ্রেষ্ঠ উৎসাহশীল ভীষ্ম অত্যন্ত ক্রুদ্ধ হইয়া একমাত্র রথদ্বারা রাজগণের বহুতর সৈন্য সংহার করিয়াছিলেন। তাহার পর সেই রাজারা ভয়ে এই দেবব্রত ভীষ্মের শরণাগত হইয়াছিলেন ॥২০—২১॥

ভরতশ্রেষ্ঠ! এই সেই ভীষ্ম আমাদের সহিত মিলিত হইয়া যুদ্ধে শত্রুগণকে জয় করিতে সম্পূর্ণ সমর্থ হইবেন। অতএব তোমার ভয় দূর হউক' ॥২২॥

মহারাজ! অমিততেজা দ্রোণপ্রভৃতির তৎকালে এইরূপ নিশ্চয় ছিল। বিশেষতঃ পূর্ব্বে সমগ্র পৃথিবীই শত্রুগণের বশীভূত ছিল ॥২৩॥

কিন্তু বর্ত্তমান সময়ে পাণ্ডবেরা যুদ্ধে আমাদিগকে জয় করিতে পারে না। কারণ, এখনে পাণ্ডবদের সহায় না থাকায় তাহারা বলহীন হইয়া পড়িয়াছে ॥২৪॥

ভরতশ্রেষ্ঠ! বর্ত্তমান সময়ে সমগ্র পৃথিবী আমাদের হাতেই রহিয়াছে; আর আমি যে সকল রাজাকে আনিয়াছি, তাঁহারা আমাদের সুখেই সুখী এবং আমাদের দুঃখেই দুঃখী ॥২৫॥

উন্মত্তমিব চাপি ত্বাং প্রহসন্তীহ দুঃখিতম্ ।
বিলপন্তং বহুবিধং ভীতং পরবিকত্থনে ॥২৭॥
এষাং হ্যেকৈকশো রাজ্ঞাং সমর্থং পাণ্ডবান্ প্রতি ।
আত্মানং মন্যতে সর্ব্বো ব্যেতু তে ভয়মাগতম্ ॥২৮॥
জেতুং সমগ্রাং সেনাং মে বাসবোঽপি ন শক্নুয়াৎ ।
হন্তুমক্ষয্যরূপেয়ং ব্রহ্মণোঽপি স্বয়ম্ভুবঃ ॥২৯॥
যুধিষ্ঠিরঃ পুরং হিত্বা পঞ্চ গ্রামান্ স যাচতে ।
ভীতো হি মামকাৎ সৈন্যাৎ প্রভাবাচ্চৈব মে বিভো ! ॥৩০॥
সমর্থং মন্যসে যচ্চ কুন্তীপুত্রং বৃকোদরম্ ।
তন্মিথ্যা ন হি মে কৃৎস্নং প্রভাবং বেৎসি ভারত ! ॥৩১॥

ভারতকৌমুদী

একার্থত্বমেবাহ অগ্নীতি। বিদ্ধি জানীহি ॥২৬॥
উন্মত্তমিতি। প্রহসন্তি মনসি সভ্যা ইতি শেষঃ। পরবিকত্থনে শক্রপ্রশংসায়াম্ ॥২৭॥
এষামিতি। একৈকশ একৈকঃ। আত্মানং সমর্থং মন্যত ইতি সম্বন্ধঃ ॥২৮॥
জেতুমিতি। হন্তুং ন শক্নুয়াদিতি সম্বন্ধঃ। অক্ষয্যরূপা ক্ষপয়িতুমশক্যরূপা ॥২৯॥
যুধীতি। শক্তিসত্ত্বে কথং পঞ্চগ্রামমাত্রযাচ্ঞেতি ভাবঃ ॥৩০॥
সমর্থমিতি। সমর্থং জয়শক্তম্। তন্মননম্। প্রভাবং বলম্ ॥৩১॥

অতএব পরন্তপ কৌরবশ্রেষ্ঠ! আপনি ইহা জানিয়া রাখুন যে, সেই সকল রাজা আমাদের জন্য অগ্নিতে কিংবা সমুদ্রেও প্রবেশ করিতে পারেন ॥২৬॥

তথাপি আপনি বিপক্ষের প্রশংসা শুনিয়া দুঃখিত ও ভীত হইয়া নানাপ্রকার বিলাপ করিতেছেন দেখিয়া এই সভার সভ্যেরা মনে মনে আপনাকে উন্মত্তের ন্যায় হাস্য করিতেছেন ॥২৭॥

এই রাজাদের মধ্যে প্রত্যেকেই নিজেকে পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিতে সমর্থ বলিয়া মনে করেন। অতএব আপনার উপস্থিত ভয় দূর হউক ॥২৮॥

ইন্দ্রও আমার সমগ্র সৈন্য সংহার করিতে সমর্থ হন না এবং আমার এই সৈন্য সংহার করা স্বয়ম্ভু ব্রহ্মার পক্ষেও অসম্ভব ॥২৯॥

মহারাজ! যুধিষ্ঠির আমার সৈন্যে ও আমার প্রভাবে ভীত হইয়াছেন; সেই জন্যই তিনি রাজধানী ত্যাগ করিয়া পাঁচখানি গ্রামমাত্র চাহিয়াছেন ॥৩০॥

তা'র পর ভরতনন্দন! আপনি যে কুন্তীপুত্র ভীমকে জয়সমর্থ বলিয়া মনে করেন, তাহা মিথ্যা। কারণ, আপনি আমার বলের বিষয় সম্পূর্ণ জানেন না ॥৩১॥

মৎসমো হি গদাযুদ্ধে পৃথিব্যাং নাস্তি কশ্চন।
নাসীৎ কশ্চিদতিক্রান্তো ভবিতা ন চ কশ্চন ॥৩২॥
যুক্তো দুঃখোচিতশ্চাহং বিদ্যাপারগতস্তথা।
তস্মান্ন ভীমান্নান্যেভ্যো ভয়ং মে বিদ্যতে ক্বচিৎ ॥৩৩॥
দুর্য্যোধনসমো নাস্তি গদায়ামিতি নিশ্চয়ঃ।
সঙ্কর্ষণস্য ভবনে যত্তদৈনমুপাবসম্ ॥৩৪॥
যুদ্ধে সঙ্কর্ষণসমো বলেনাভ্যধিকো ভুবি।
গদাপ্রহারং ভীমো মে ন জাতু বিষহেদ্যুধি ॥৩৫॥
একং প্রহারং যং দদ্যাং ভীমায় রুষিতো নৃপ !।
স এবৈনং নয়েদ্‌ঘোরঃ ক্ষিপ্রং বৈবস্বতক্ষয়ম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

মদিতি। অতিক্রান্তঃ অতীতঃ, ভবিতা ভবিষ্যতি ॥৩২॥

নন্থ ভীমো যুদ্ধে অভিনিবিষ্টঃ শ্রমসহিষ্ণুশ্চ, ত্বন্তু রাজকার্য্যব্যগ্রতয়া যুদ্ধে অনভিনিবিষ্টঃ সুখলালিততয়া শ্রমাসহিষ্ণুশ্চেত্যাহ যুক্ত ইতি। যুক্তো যুদ্ধে অভিনিবিষ্টঃ, তস্যৈব মুখ্যত্বাৎ; দুঃখোচিতো নিত্যব্যায়ামিতয়া শ্রমসহিষ্ণুশ্চ ॥৩৩॥

দুর্য্যোধনেতি। এনং সঙ্কর্ষণম্, উপ লক্ষ্যীকৃত্য, অবসং গদাযুদ্ধশিক্ষার্থমতিষ্ঠম্ ॥৩৪॥

যুদ্ধ ইতি। সঙ্কর্ষণসমো রামতুল্যঃ। জাতু কদাচিৎ ॥৩৫॥

একমিতি। রুষিতঃ ক্রুদ্ধঃ। বৈবস্বতক্ষয়ং যমালয়ম্ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

ময়েতি শেষঃ ॥২৫—২৬॥ পরবিকত্থনে পরেষাং গুণাখ্যানে ॥২৭—২৮॥ ব্রহ্মণোঽপি অক্ষয্য-রূপা হন্তুমশক্যা ॥২৯—৩২॥ যুক্তোঽভিযোগবান্, দুঃখোষিতঃ গুরুকুলে ॥৩৩॥ উপাবসং

গদাযুদ্ধে পৃথিবীতে আমার তুল্য কেহ নাই, পূর্ব্বে কেহ ছিল না এবং ভবিষ্যতেও কেহ হইবে না ॥৩২॥

আমি যুদ্ধে অভিনিবিষ্ট, পরিশ্রমসহিষ্ণু এবং যুদ্ধবিদ্যায় পারদর্শী। সুতরাং ভীম বা অন্য হইতে কখনও আমার ভয় নাই ॥৩৩॥

আমি যখন বলরামের গৃহে তাঁহার নিকট গদাযুদ্ধ শিক্ষা করিবার জন্য অবস্থান করিতেছিলাম, তখন এইরূপ একটা স্থির হইয়াছিল যে, গদাযুদ্ধে দুর্য্যোধনের তুল্য কেহ নাই ॥৩৪॥

সুতরাং আমি গদাযুদ্ধে বলরামের তুল্য এবং বলে পৃথিবীর মধ্যে প্রধান। অতএব ভীম যুদ্ধে কখনও আমার গদাপ্রহার সহ্য করিতে পারিবে না ॥৩৫॥

(৩৩) যুক্তো দুঃখোষিতশ্চাহম্…বা ব রা নি। (৩৪)…সঙ্কর্ষণস্য ভদ্রং তে…পি বা ব রা।

ইচ্ছেয়ঞ্চ গদাহস্তং রাজন্! দ্রষ্টুং বৃকোদরম্।
সুচিরং প্রার্থিতো হ্যেষ মম নিত্যং মনোরথঃ ॥৩৭॥
গদয়া নিহতো হ্যাজৌ ময়া পার্থো বৃকোদরঃ।
বিশীর্ণগাত্রঃ পৃথিবীং পরাসুঃ প্রপতিষ্যতি ॥৩৮॥
গদাপ্রহারাভিহতো হিমবানপি পর্ব্বতঃ।
সকৃন্ময়া বিদীর্য্যেত গিরিঃ শতসহস্রধা ॥৩৯॥
স চাপ্যেতদ্বিজানাতি বাসুদেবার্জ্জুনৌ তথা।
দুর্য্যোধনসমো নাস্তি গদায়ামিতি নিশ্চয়ঃ ॥৪০॥
তত্তে বৃকোদরময়ং ভয়ং ব্যেতু মহাহবে।
ব্যপনেষ্যাম্যহং হ্যেনং মা রাজন্! বিমনা ভব ॥৪১॥
তস্মিন্ ময়া হতে ক্ষিপ্রমর্জ্জুনং বহবো রথাঃ।
তুল্যরূপা বিশিষ্টাশ্চ ক্ষেপ্স্যন্তি ভরতর্ষভ! ॥৪২॥

ভারতকৌমুদী

ইচ্ছেয়মিতি। প্রার্থিতঃ কৃতঃ। মনোরথঃ অভিলাষঃ ॥৩৭॥
গদয়েতি। আজৌ যুদ্ধে। পরাসুর্নির্গতপ্রাণঃ ॥৩৮॥
গদেতি। সকৃদ্‌গদাপ্রহারাভিহত ইতি সম্বন্ধঃ। গিরিঃ অপরোঽপি পর্ব্বতঃ ॥৩৯॥
স ইতি। স ভীমঃ। তথা বিজানীতঃ ॥৪০॥
তদিতি। বৃকোদরময়ং ভীমাজ্জাতম্। ব্যপনেষ্যামি হনিষ্যামি ॥৪১॥

রাজা! আমি ক্রুদ্ধ হইয়া ভীমকে যে একটা আঘাত করিব, সেই ভয়ঙ্কর এক আঘাতই উহাকে সত্বর যমালয়ে প্রেরণ করিবে ॥৩৬॥

রাজা! আমি গদাধারী ভীমকে দেখিতে ইচ্ছা করি; ইহাই আমার চিরকালের প্রার্থিত অভিলাষ ॥৩৭॥

আমি যুদ্ধে গদাদ্বারা পৃথানন্দন ভীমকে আহত করিব, তখন সে ভগ্নগাত্র ও প্রাণহীন হইয়া ভূতলে পতিত হইবে ॥৩৮॥

আমি একবারমাত্র গদা প্রহার করিলেই, হিমালয়পর্ব্বত কিংবা অন্য পর্ব্বতও শত-সহস্রভাগে বিদীর্ণ হইয়া যায় ॥৩৯॥

এ বিষয় ভীমও জানে, কৃষ্ণার্জ্জুনও জানেন। সুতরাং গদাযুদ্ধে দুর্য্যোধনের তুল্য কেহ নাই, ইহা নিশ্চয় ॥৪০॥

অতএব রাজা! মহাযুদ্ধে ভীম হইতে আপনার যে ভয় জন্মিয়াছে, তাহা দূর হউক। আমিই উহাকে যমালয়ে প্রেরণ করিব, আপনি বিষণ্ণ হইবেন না ॥৪১॥

ভীষ্মো দ্রোণঃ কৃপো দ্রৌণিঃ কর্ণো ভূরিশ্রবাস্তথা।
প্রাগ্‌জ্যোতিষাধিপঃ শল্যঃ সিন্ধুরাজো জয়দ্রথঃ ॥৪৩॥
একৈক এষাং শক্তস্তু হন্তুং ভারত! পাণ্ডবান্।
সমেতাস্তু ক্ষণেনৈতান্ নেষ্যন্তি যমসাদনম্ ॥৪৪॥ (যুগ্মকম্)
সমর্থা পার্থিবী সেনা পার্থমেকং ধনঞ্জয়ম্।
কস্মাদশক্তা নির্জেতুমিতি হেতুর্ন বিদ্যতে ॥৪৫॥
শরব্রাতৈস্তু ভীষ্মেণ শতশো নিচিতোঽবশঃ।
দ্রোণদ্রৌণিকৃপৈশ্চৈব গন্তা পার্থো যমক্ষয়ম্ ॥৪৬॥
পিতামহোঽপি গাঙ্গেয়ঃ শান্তনোরধি ভারত!।
ব্রহ্মর্ষিসদৃশো জজ্ঞে দেবৈরপি সুদুঃসহঃ ॥৪৭॥
ন হন্তা বিদ্যতে চাপি রাজন্! ভীষ্মস্য কশ্চন।
পিত্রা হ্যুক্তঃ প্রসন্নেন নাকামস্ত্বং মরিষ্যসি ॥৪৮॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। তস্মিন্ বৃকোদরে। ক্ষেপ্স্যন্তি যমালয়ে প্রেরয়িষ্যন্তি ॥৪২॥
ভীষ্ম ইতি। প্রাগ্‌জ্যোতিষাধিপো ভগদত্তঃ। সমেতা মিলিতাঃ ॥৪৩—৪৪॥
সমর্থেতি। সমর্থা শক্তিশালিনী, পার্থিবানামিয়মিতি পার্থিবী ॥৪৫॥
শরেতি। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ। নিচিতো ব্যাপ্তদেহঃ ॥৪৬॥
পিতেতি। অধি অধিকঃ। ব্রহ্মর্ষিসদৃশত্বাদ্‌যুধিষ্ঠিরশাপভয়মপি নাস্তীতি ভাবঃ ॥৪৭॥

ভরতশ্রেষ্ঠ! আমি ভীমকে নিহত করিলে, সমকক্ষ ও প্রধান প্রধান বহুতর রথী মিলিত হইয়া সত্বরই অর্জ্জুনকেও যমালয়ে প্রেরণ করিবেন ॥৪২॥

ভরতনন্দন! ভীষ্ম, দ্রোণ, কৃপ, অশ্বত্থামা, কর্ণ, ভূরিশ্রবা, প্রাগ্‌জ্যোতিষাধিপতি ভগদত্ত, শল্য এবং সিন্ধুরাজ জয়দ্রথ, ইঁহাদের এক এক জনই পাণ্ডবগণকে বধ করিতে সমর্থ; ইঁহারা মিলিত হইলে ত ক্ষণকালমধ্যেই পাণ্ডবগণকে যমালয়ে প্রেরণ করিবেন ॥৪৩—৪৪॥

শক্তিশালী সকল রাজসৈন্য একমাত্র পৃথানন্দন অর্জ্জুনকে জয় করিতে কেন সমর্থ হইবে না; এ বিষয়ে কোন কারণ নাই ॥৪৫॥

ভীষ্ম, দ্রোণ, কৃপ ও অশ্বত্থামা শত শত বাণসমূহদ্বারা অর্জ্জুনকে ব্যাপ্ত করিবেন; তখন সে অবশ হইয়া যমালয়ে গমন করিবে ॥৪৬॥

ভরতনন্দন! গঙ্গাপুত্র ভীষ্ম ত শান্তনু অপেক্ষাও প্রধান যোদ্ধা, বিশেষতঃ ইনি ব্রহ্মর্ষিতুল্য। অতএব দেবগণের পক্ষেও ইনি অতিদুঃসহ ॥৪৭॥

(৪৬)···শতশোঽথ সহস্রশঃ···পি।

ব্রহ্মর্ষেশ্চ ভরদ্বাজাদ্‌দ্রোণো দ্রোণ্যামজায়ত।
দ্রোণাজ্জজ্ঞে মহারাজ! দ্রৌণিশ্চ পরমাস্ত্রবিৎ ॥৪৯॥
কৃপশ্চাচার্য্যমুখ্যোঽয়ং মহর্ষের্গৌতমাদপি।
শরস্তম্বোদ্ভবঃ শ্রীমানবধ্য ইতি মে মতিঃ ॥৫০॥
অযোনিজাস্ত্রয়ো হ্যেতে পিতা মাতা চ মাতুলঃ।
অশ্বত্থাম্নো মহারাজ! স চ শূরঃ স্থিতো মম ॥৫১॥
সর্ব এতে মহারাজ! দেবকল্পা মহারথাঃ।
শক্রস্যাপি ব্যথাং কুর্য্যুঃ সংযুগে ভরতর্ষভ! ॥৫২॥
নৈতেষামর্জ্জুনঃ শক্ত একৈকং প্রতি বীক্ষিতুম্।
সহিতাস্তু নরব্যাঘ্রা হনিষ্যন্তি ধনঞ্জয়ম্ ॥৫৩॥

ভারতকৌমুদী

নেতি। পিত্রা শান্তনুনা। অকামো মর্ত্তুমনিচ্ছুর্ন মরিষ্যসি ॥৪৮॥
ব্রহ্মেতি। দ্রৌণিরশ্বত্থামা ॥৪৯॥
কৃপ ইতি। শ্রীমান্ বীরশ্রীযুক্তঃ ॥৫০॥
অযোনিজা ইতি। সঃ অশ্বত্থামা চ মম পক্ষে স্থিতঃ ॥৫১॥
সর্ব ইতি। এতে ভীষ্মাদয়ঃ। সংযুগে যুদ্ধে ॥৫২॥
নেতি। সহিতা মিলিতাঃ, নরব্যাঘ্রা ভীষ্মাদয়ঃ ॥৫৩॥

রাজা! ভীষ্মের নিহন্তা কেহ নাই। কারণ, উঁহার পিতা প্রসন্ন হইয়া উঁহাকে বলিয়াছিলেন যে, 'তুমি ইচ্ছা না করিলে মরিবে না' ॥৪৮॥

মহারাজ! তা'র পর দ্রোণ ব্রহ্মর্ষি ভরদ্বাজ হইতে দ্রোণীতে জন্মিয়াছিলেন এবং পরমাস্ত্রবিৎ অশ্বত্থামাও দ্রোণ হইতে জন্মিয়াছেন ॥৪৯॥

আচার্য্যশ্রেষ্ঠ ও বীরশ্রীসম্পন্ন এই কৃপও মহর্ষি গৌতম হইতে শরস্তম্বে উৎপন্ন হইয়াছিলেন। সুতরাং ইনিও অবধ্য বলিয়াই আমার ধারণা ॥৫০॥

মহারাজ! অশ্বত্থামার পিতা, মাতা ও মাতুল এই তিন জনই অযোনিজাত। সেই বীর অশ্বত্থামাও আমার পক্ষে রহিয়াছেন ॥৫১॥

ভরতশ্রেষ্ঠ মহারাজ! দেবতুল্য এই সকল মহারথেরা যুদ্ধে ইন্দ্রকেও উৎপীড়িত করিতে পারেন ॥৫২॥

অতএব অর্জ্জুন ইঁহাদের এক এক জনের প্রতিও দৃষ্টিপাত করিতে সমর্থ নহে। সুতরাং এই নরশ্রেষ্ঠেরা মিলিত হইয়া অর্জ্জুনকে বধই করিতে পারিবেন ॥৫৩॥

ভীষ্মদ্রোণকৃপাণাঞ্চ তুল্যঃ কর্ণো মতো মম।
অনুজ্ঞাতশ্চ রামেণ মৎসমোঽসীতি ভারত! ॥৫৪॥
কুণ্ডলে রুচিরে চাস্তাং কর্ণস্থ সহজে শুভে।
তে শচ্যর্থং মহেন্দ্রেণ যাচিতঃ স পরন্তপঃ ॥৫৫॥
অমোঘয়া মহারাজ! শক্ত্যা পরমভীময়া।
তস্য শক্ত্যুপগূঢ়স্য কস্মাজ্জীবেদ্ধনঞ্জয়ঃ ॥৫৬॥ (যুগ্মকম্)
বিজয়ো মে ধ্রুবং রাজন্! ফলং পাণাবিবাহিতম্।
অভিব্যক্তঃ পরেষাঞ্চ কৃৎস্নো ভুবি পরাজয়ঃ ॥৫৭॥
অহ্না হ্যেকেন ভীষ্মোঽয়ং প্রযুতং হন্তি ভারত!।
তৎসমাশ্চ মহেষ্বাসা দ্রোণদ্রৌণিকৃপা অপি ॥৫৮॥

ভারতকৌমুদী

ভীষ্মেতি। রামেণ কর্ণাচার্য্যেণ জামদগ্ন্যেন ॥৫৪॥

কুণ্ডলে ইতি। শচ্যর্থং শচ্যৈ দানার্থম্। শক্ত্যা শক্তিদানাঙ্গীকারেণ যাচিত ইতি সম্বন্ধঃ। তস্য কর্ণস্য, শক্ত্যা উপগূঢ়স্য রক্ষিতস্য সমীপে ॥৫৫—৫৬॥

বিজয় ইতি। আহিতং স্থাপিতম্। ধ্রুবমভিব্যক্তঃ স্পষ্টঃ ॥৫৭॥

অহ্নেতি। প্রযুতমযুতম্। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ ॥৫৮॥

ভারতভাবদীপঃ

শিষ্যত্বেন পর্য্যচরম্ ॥৩৪—৪৪॥ পার্থিবী পৃথিবীসম্বন্ধিনী পার্থিবানাং রাজ্ঞাং বা ॥৪৫—৫৫॥ শক্ত্যা মূল্যভূতয়া তে কুণ্ডলে যাচিতঃ ॥৫৬॥ তস্য ধ্রুবত ইতি শেষঃ ॥৫৭—৫৯॥ তম্

ভরতনন্দন! তা'র পর আমার ধারণা এই যে, ভীষ্ম, দ্রোণ ও কৃপের তুল্যই কর্ণ। পরশুরাম এই কর্ণকে বলিয়াছিলেন যে, 'তুমি আমার সমান হইয়াছ' ॥৫৪॥

সুন্দর ও মঙ্গলজনক দুইটী কুণ্ডল কর্ণের সহজাত ছিল। মহারাজ! ইন্দ্র স্বকীয় অমোঘ ও মহাভয়ঙ্কর শক্তির (অস্ত্রবিশেষের) বিনিময়ে শচীদেবীর জন্য সেই কুণ্ডল দুইটী প্রার্থনা করিয়া লইয়াছিলেন। সুতরাং সেই শক্তিযুক্ত কর্ণের নিকটে অর্জ্জুন কি প্রকারে জীবিত থাকিবে? ॥৫৫—৫৬॥

অতএব হস্তস্থাপিত ফলের ন্যায় আমার জয় এবং শত্রুগণের সর্ব্বপ্রকারে পরাজয় সুস্পষ্টই বুঝা যাইতেছে ॥৫৭॥

ভরতনন্দন! এই ভীষ্ম এক এক দিনেই দশ হাজার করিয়া সৈন্য বধ করিয়া থাকেন; আবার দ্রোণ, কৃপ এবং অশ্বত্থামাও ভীষ্মেরই তুল্য মহাধনুর্দ্ধর ॥৫৮॥

সংশপ্তকানাং বৃন্দানি ক্ষত্রিয়াণাং পরন্তপ ! ।
অর্জ্জুনং বয়মস্মান্ বা নিহন্যাৎ কপিকেতনঃ ॥৫৯॥
তাংশ্চালমিতি মন্যন্তে সব্যসাচিবধে ধৃতাঃ ।
পার্থিবাঃ স ভবাংস্তেভ্যো হ্যকস্মাদ্ব্যথতে কথম্ ॥৬০॥
ভীমসেনে চ নিহতে কোঽন্যো যুধ্যেত ভারত ! ।
পরেষাং তন্মমাচক্ষ্ব যদি বেত্থ পরন্তপ ! ॥৬১॥
পঞ্চ তে ভ্রাতরঃ সর্বে ধৃষ্টদ্যুম্নোঽথ সাত্যকিঃ ।
পরেষাং সপ্ত যে রাজন্ ! যোধাঃ সারং বলং মতম্ ॥৬২॥
অস্মাকন্তু বিশিষ্টা যে ভীষ্মদ্রোণকৃপাদয়ঃ ।
দ্রৌণির্বিকর্ত্তনঃ কর্ণঃ সোমদত্তোঽথ বাহ্লিকঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

সমিতি। হে পরন্তপ! ক্ষত্রিয়াণাং যুদ্ধব্যবসায়িতয়া ক্ষত্রিয়বৃত্তীনামিত্যর্থঃ, অতএব "মৎসংহননতুল্যানাং গোপানামর্বুদং মহৎ। নারায়ণা ইতি খ্যাতাঃ সর্বে সংগ্রামযোধিনঃ ॥" ইত্যেতৎসপ্তমাধ্যায়গতকৃষ্ণোক্তৌ গোপানামিত্যনেন সহ ন বিরোধঃ। সংশপ্তকানাং তদাখ্যানাং সৈন্যানাং বৃন্দানি, বয়মর্জুনং নিহন্যাম, কপিকেতনঃ অর্জুনো বা অস্মান্ নিহন্যাদিত্যাহুরিতি শেষঃ ॥৫৯॥

তানিতি। সব্যসাচিবধে অলং সমর্থান্। ধৃতা অস্মৎপক্ষে বৃতাঃ ॥৬০॥

ভীমেতি। চকারাদর্জুনে চ। পরেষাং মধ্যে অন্যঃ কো যুধ্যেতেতি সম্বন্ধঃ ॥৬১॥

পঞ্চেতি। যে যোধাঃ পরেষাং সারং শ্রেষ্ঠং বলং মতম্, তে সপ্ত ॥৬২॥

অস্মাকমিতি। যে বিশিষ্টাঃ শ্রেষ্ঠাঃ, তান্ শৃণ্বিতি শেষঃ। বিকর্ত্তনো নাম। প্রাগ্-

পরন্তপ! তা'র পর আমাদের পক্ষভুক্ত যুদ্ধব্যবসায়ী সংশপ্তকসৈন্যেরা বলিয়াছে যে, 'হয় আমরা অর্জ্জুনকে বধ করিব, না হয় অর্জ্জুন আমাদিগকে বধ করিবেন' ॥৫৯॥

আমাদের পক্ষবর্ত্তী রাজারা মনে করেন যে, সেই সংশপ্তকেরাই অর্জ্জুনবধে সমর্থ হইবে। সুতরাং আপনি বিনা কারণে কেন তাহাদের ভয় করেন ॥৬০॥

পরন্তপ ভরতনন্দন! ভীম ও অর্জ্জুন নিহত হইলে, শত্রুদের মধ্যে অন্য কোন্ লোক যুদ্ধ করিবে, তাহা যদি আপনার জানা থাকে, তবে আমার নিকট বলুন ॥৬১॥

রাজা! যে সকল যোদ্ধা শত্রুপক্ষের প্রধান বল, তাহারা মোটে সাত জন; পাণ্ডবেরা পাঁচ ভাই এবং ধৃষ্টদ্যুম্ন ও সাত্যকি ॥৬২॥

কিন্তু আমাদের পক্ষে যাঁহারা প্রধান, তাঁহাদের নাম শুনুন—ভীষ্ম, দ্রোণ,

প্রাগ্জ্যোতিষাধিপঃ শল্য আবন্ত্যৌ চ জয়দ্রথঃ।
দুঃশাসনো দুর্ম্মুখশ্চ দুঃসহশ্চ বিশাংপতে! ॥৬৪॥
শ্রুতায়ুশ্চিত্রসেনশ্চ পুরুমিত্রো বিবিংশতিঃ।
শলো ভূরিশ্রবাশ্চৈব বিকর্ণশ্চ তবাত্মজঃ ॥৬৫॥ (বিশেষকম্)
অক্ষৌহিণ্যো হি মে রাজন্! দশৈকা চ সমাহৃতাঃ।
ন্যূনাঃ পরেষাং সপ্তৈব কস্মান্মে স্যাৎ পরাজয়ঃ ॥৬৬॥
বলং ত্রিগুণতো হেয়ং যোধ্যং প্রাহ বৃহস্পতিঃ।
পরেভ্যস্ত্রিগুণা চেয়ং মম রাজন্নীকিনী ॥৬৭॥
গুণহীনং পরেষাঞ্চ বহু পশ্যামি ভারত!।
গুণোদয়ং বহুগুণমাত্মনশ্চ বিশাংপতে! ॥৬৮॥
এতৎ সর্বং সমাজ্ঞায় বলাগ্র্যং মম ভারত!।
ন্যূনতাং পাণ্ডবানাঞ্চ ন মোহং গন্তুমর্হসি ॥৬৯॥

ভারতকৌমুদী

জ্যোতিষাধিপো ভগদত্তঃ। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ বিন্দানুবিন্দৌ। আত্মজপদং বিকর্ণে-নৈবান্বিতম্ ॥৬৩—৬৫॥

অক্ষৌহিণ্য ইতি। সপ্তৈবাক্ষৌহিণ্যঃ, অতএব পরেষাং ন্যূনাঃ ॥৬৬॥

বলমিতি। ত্রিগুণতস্তৃতীয়ভাগেন, হেয়ং হীনম্। ত্রিগুণা তৃতীয়ভাগেনাধিকা ॥৬৭॥

গুণেতি। গুণহীনম্ উৎকর্ষাভাবম্। গুণোদয়ম্ উৎকর্ষসম্পদম্ ॥৬৮॥

এতদিতি। বলাগ্র্যং বলাধিক্যম্। ন্যূনতাং বলস্য ॥৬৯॥

কৃপ, অশ্বত্থামা, কর্ণ, সোমদত্ত, বাহ্লিক, প্রাগ্জ্যোতিষাধিপতি ভগদত্ত, শল্য, অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ, জয়দ্রথ, দুঃশাসন, দুর্ম্মুখ, দুঃসহ, শ্রুতায়ু, চিত্র-সেন, পুরুমিত্র, বিবিংশতি, শল, ভূরিশ্রবা এবং আপনার পুত্র বিকর্ণ ॥৬৩—৬৫॥

রাজা! আমি এগার অক্ষৌহিণী সৈন্য সংগ্রহ করিয়াছি; আর পাণ্ডবদের পক্ষে মাত্র সাত অক্ষৌহিণী সৈন্য সংগৃহীত হইয়াছে। সুতরাং তাহাদের সৈন্য আমাদের সৈন্য অপেক্ষা অত্যন্ত ন্যূন। অতএব আমার পরাজয় হইবে কেন? ॥৬৬॥

বৃহস্পতি বলিয়াছেন—বিপক্ষের বল, তিন ভাগের এক ভাগ ন্যূন হইলেই যুদ্ধ করিবে। সুতরাং রাজা! আমার সৈন্য, শত্রুসৈন্য অপেক্ষা তিন ভাগের এক ভাগ হইতেও অধিক ॥৬৭॥

ভরতনন্দন নরনাথ! আর বিপক্ষের বল বহুভাবে ন্যূন এবং নিজের বল বহুভাবে অধিক দেখিতেছি ॥৬৮॥

ইত্যুক্ত্বা সঞ্জয়ং ভূয়ঃ পর্য্যপৃচ্ছত ভারত ! ।
বিধিৎসুঃ প্রাপ্তকালানি জ্ঞাত্বা পরপুরঞ্জয়ঃ ॥৭০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি
যানসন্ধৌ দুর্য্যোধনবাক্যে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

——ঃঃ——

ষট্‌পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ।

দুর্য্যোধন উবাচ ।
অক্ষৌহিণীঃ সপ্ত লব্ধ্বা রাজভিঃ সহ সঞ্জয় ! ।
কিংস্বিদিচ্ছতি কৌন্তেয়ো যুদ্ধপ্রেপ্সুর্যুধিষ্ঠিরঃ ॥১॥

ভারতকৌমুদী

ইতীতি। বিধিৎসুর্বিধাতুমিচ্ছুঃ, প্রাপ্তকালানি কালোচিতানি কার্য্যাণি ॥৭০॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্বণি যানসন্ধৌ পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

——(ঃ০ঃ)——

অক্ষৌহিণীরিতি। যুদ্ধপ্রেপ্সুর্যুদ্ধং চিকীর্ষুঃ, কিং স্বিদিচ্ছতি কং ভাবমবলম্বতে ॥১॥

ভারতভাবদীপঃ

অর্জ্জুনম্ ॥৫৯॥ তেভ্যঃ পাণ্ডবেভ্যঃ ॥৬০—৬৬॥ ত্রিগুণতস্ত্র্যংশেন হীনং ত্রিগুণা ত্র্যংশেনাধিকা ॥৬৭—৬৯॥ বিবিৎসুঃ বিজ্ঞাতুমিচ্ছুঃ, প্রাপ্তকালানি কর্ম্মাণি ॥৭০॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৫॥

ভরতনন্দন ! আমার বলের এই সকল উৎকর্ষ এবং পাণ্ডবদের বলের সেই সকল অপকর্ষ জানিয়াও আপনি উদ্বিগ্ন হইতে পারেন না' ॥৬৯॥

ভরতনন্দন জনমেজয় ! শত্রুনগরবিজয়ী দুর্য্যোধন এইরূপ বলিয়া বিপক্ষের অবস্থা জানিয়া তৎকালোচিত কার্য্য করিবার ইচ্ছায় পুনরায় সঞ্জয়ের নিকট জিজ্ঞাসা করিলেন ॥৭০॥

——ঃ০ঃ——

দুর্য্যোধন বলিলেন—'সঞ্জয় ! কুন্তীনন্দন যুধিষ্ঠির যুদ্ধার্থী হইয়া রাজাদের সহিত সাত অক্ষৌহিণী সৈন্য লাভ করিয়া কি ভাব অবলম্বন করিয়াছেন ?' ॥১॥

(৭০)…বিবিৎসুঃ…বা ব রা মি।

সঞ্জয় উবাচ।

অতীব মুদিতো রাজন্! যুদ্ধপ্রেপ্সুর্যুধিষ্ঠিরঃ।
ভীমসেনার্জ্জুনৌ চোভৌ যমাবপি ন বিভ্যতঃ ॥২॥
রথন্তু দিব্যং কৌন্তেয়ঃ সর্বা বিভ্রাজয়ন্ দিশঃ।
মন্ত্রং জিজ্ঞাসমানঃ সন্ বীভৎসুঃ সমযোজয়ৎ ॥৩॥
তমপশ্যাম সন্নদ্ধং মেঘং বিদ্যুদ্যুতং যথা।
সমন্তাৎ সমভিধ্যায় হৃষ্যমাণোঽভ্যভাষত ॥৪॥
পূর্ব্বরূপমিদং পশ্য বয়ং জেষ্যাম সঞ্জয়!।
বীভৎসুর্মাং যথোবাচ তথাঽবৈম্যহমচ্যুত! ॥৫॥

দুর্য্যোধন উবাচ।

প্রশংসস্যভিনন্দংস্তান্ পার্থানক্ষপরাজিতান্।
অর্জ্জুনস্য রথে ব্রূহি কথমশ্বাঃ কথং ধ্বজাঃ ॥৬॥

ভারতকৌমুদী

অতীবেতি। যমৌ নকুলসহদেবাবপি, ন বিভ্যতঃ ন বিভীতঃ ॥২॥

রথমিতি। মন্ত্রম্ অস্ত্রপ্রয়োগমন্ত্রম্, জিজ্ঞাসমানঃ পরীক্ষিতুমিচ্ছন্ ॥৩॥

তমিতি। সন্নদ্ধং যুদ্ধায় সজ্জিতম্। সমন্তাৎ সর্বতঃ, সমভিধ্যায় বিচিন্ত্য ॥৪॥

পূর্বেতি। পূর্বরূপং পূর্ব্বলক্ষণম্। অবৈমি জানামি, হে অচ্যুত! অধ্যবসায়াদভ্রষ্ট! ॥৫॥

প্রেতি। প্রশংসসি ব্রবীমি, অভিনন্দন্ স্তবন্। কথং কীদৃশাঃ ॥৬॥

সঞ্জয় কহিলেন—'রাজা! যুধিষ্ঠির, ভীম ও অর্জ্জুন যুদ্ধার্থী হইয়া অত্যন্ত আনন্দিতই হইয়াছেন; নকুল-সহদেবও ভীত নহেন ॥২॥

কিন্তু কুন্তীনন্দন অর্জ্জুন অস্ত্রপ্রয়োগের মন্ত্র পরীক্ষা করিবার ইচ্ছায় সকল দিক্ আলোকিত করিয়া দিব্য রথ যোজনা করিয়াছেন ॥৩॥

আমি যুদ্ধসজ্জিত অর্জ্জুনকে বিদ্যুৎসমন্বিত মেঘের ন্যায় দর্শন করিলাম। তিনি সকল দিক্ চিন্তা করিয়া আনন্দিত হইয়া বলিলেন—॥৪॥

'সঞ্জয়! আমরা যে জয় করিব, তাহার এই পূর্ব্বলক্ষণ দেখ। বস্তুতও অর্জ্জুন আমাকে যেরূপ বলিলেন, আমিও সেইরূপই বুঝিলাম' ॥৫॥

দুর্য্যোধন বলিলেন—'সঞ্জয়! তুমি ত দ্যূতপরাজিত পাণ্ডবদের প্রশংসায় প্রবৃত্ত হইয়াই বলিয়া আসিতেছ। সে যাহা হউক, এখন বল দেখি—অর্জ্জুনের রথে কি প্রকার অশ্ব ও কি প্রকার ধ্বজ?' ॥৬॥

সঞ্জয় উবাচ।

ভৌমনঃ সহ শক্রেণ বহুচিত্রং বিশাংপতে!।
রূপাণি কল্পয়ামাস ত্বষ্টা ধাতা সদা বিভো! ॥৭॥
ধ্বজে হি তস্মিন্ রূপাণি চক্রুস্তে দেবমায়য়া।
মহাধনানি দিব্যানি মহান্তি চ লঘূনি চ ॥৮॥
ভীমসেনানুরোধায় হনূমান্ মারুতাত্মজঃ।
আত্মপ্রতিকৃতিং তস্মিন্ ধ্বজ আরোপয়িষ্যতি ॥৯॥
সর্বা দিশো যোজনমাত্রমন্তরং সতির্য্যগূর্দ্ধঞ্চ রুরোধ বৈ ধ্বজঃ।
সজত্যসৌ তরুভির্নাবৃতোঽপি তথা হি মায়া বিহিতা ভৌমনেন ॥১০॥

ভারতকৌমুদী

ভৌমন ইতি। ভৌমনো বিশ্বকর্ম্মা। বহূনি চিত্রাণি আশ্চর্য্যাণি যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা। রূপাণি প্রকারান্। ত্বষ্টা প্রজাপতিঃ, ধাতা ব্রহ্মা ॥৭॥

ধ্বজ ইতি। মহাধনানি প্রচুরধনব্যয়সাধ্যানি, মহান্তি বিশালানি, লঘূনি ক্ষুদ্রাণি ॥৮॥

ভীমেতি। ভীমসেনস্য অনুরোধায় অনুরোধরক্ষণায়। অয়ং বৃত্তান্তস্তু বনপর্ব্বণি পঞ্চ-বিংশত্যধিকশততমাধ্যায়ে দ্রষ্টব্যঃ। আরোপয়িষ্যতি যুদ্ধকালে ইতি শেষঃ ॥৯॥

সর্ব্বা ইতি। অন্তরং মধ্যম্। রুরোধ ব্যাপ, ধ্বজো ধ্বজকিরণঃ। আবৃতোঽপি পতাকয়া আচ্ছাদিতোঽপি উত্তোলিতঃ স্থিতোঽপীত্যর্থঃ, অসৌ ধ্বজঃ, তরুভিঃ উপরিস্থতরু-শাখাভিঃ সহ ন সজতি গমনকালে ন লগতে। মায়া কৌশলম্ ॥১০॥

সঞ্জয় বলিলেন—'নরনাথ! প্রভু! বিশ্বকর্ম্মা, প্রজাপতি ও বিধাতা ইন্দ্রের সহিত মিলিত হইয়া অর্জ্জুনের রথধ্বজের রূপগুলির কল্পনা করিয়াছিলেন; তাহাতেই তাহার নানাবিধ বৈচিত্র্য হইয়াছে ॥৭॥

তাঁহারা প্রচুরধনব্যয় করিয়া দেবলোকীয় কৌশলে সেই ধ্বজে অলৌকিক, বিশাল ও ক্ষুদ্র বহুতর রূপ নির্ম্মাণ করিয়াছেন ॥৮॥

পবননন্দন হনূমান্ ভীমসেনের অনুরোধ রক্ষার জন্য যুদ্ধের সময়ে সেই ধ্বজে নিজের প্রতিকৃতি স্থাপন করিবেন ॥৯॥

(আমি যখন দেখিয়াছিলাম, সেই সময়ে) সেই ধ্বজের কিরণ সকল দিকে তির্য্যক্ ও ঊর্দ্ধে একযোজনস্থান আলোকিত করিয়াছিল। সেই ধ্বজ উত্তোলিত থাকিলেও বৃক্ষের শাখায় সংলগ্ন হয় না। বিশ্বকর্ম্মা সেইরূপ কৌশলই করিয়া-ছেন ॥১০॥

(১০)…ন সংসজ্জেত্তরুভিঃ সংবৃতোঽপি…বা ব রা নি।

যথাকাশে শক্রধনুঃ প্রকাশতে ন চৈকবর্ণং ন চ বেদ্মি কিং নু তৎ।
তথা ধ্বজো বিহিতো ভৌমনেন বহ্বাকারং দৃশ্যতে রূপমস্য ॥১১॥
যথাগ্নিধূমো দিবমেতি রুদ্ধ্বা বর্ণান্ বিভ্রৎস্তৈজসাংশ্চিত্ররূপান্।
তথা ধ্বজো বিহিতো ভৌমনেন ন চেদ্ভারো ভবিতা নোত রোধঃ ॥১২॥
শ্বেতাস্তস্মিন্ বাতবেগাঃ সদশ্বা দিব্যা যুক্তাশ্চিত্ররথেন দত্তাঃ।
শতং যত্তৎ পূর্য্যতে নিত্যকালং হতং হতং দত্তবরং পুরস্তাৎ ॥১৩॥

ভারতকৌমুদী

যথেতি। বহব আকারা যস্য তৎ। অস্য ধ্বজস্য ॥১১॥

যথেতি। অগ্নিনা যুক্তো ধূমঃ অগ্নিধূমঃ, মধ্যপদলোপী সমাসঃ, তৈজসান্ তেজোময়ান্, চিত্ররূপান্ বিচিত্রাকারান্ বর্ণান্, বিভ্রৎ ধারয়ন্, রুদ্ধ্বা ব্যাপ্য, যথা দিবমাকাশম্, এতি গচ্ছতি, তথা তদগ্নিধূমবদেব, ভৌমনেন বিশ্বকর্ম্মণা, ধ্বজো বিহিতঃ। তত্র ধ্বজে ভারো গুরুত্বং ন ভবিতা, উত অথবা, রোধঃ কুত্রাপি গতিব্যাঘাতো ন ভবিতা চ, ইতি চেৎ যদি অহং সম্ভাবয়ামীত্যর্থঃ ॥১২॥

শ্বেতা ইতি। চিত্ররথেন তদাখ্যেন গন্ধর্ব্বেণ। পুরস্তাৎ পূর্ব্বম্, দত্তো বরো যস্মিন্ তৎ, শতং শতসংখ্যকাশ্বসমানবলম্, যত্তৎ অশ্বচতুষ্টয়ম্, বিপক্ষেণ হতং হতং সদপি, নিত্যকালং পূর্য্যতে চতসৃভিঃ সংখ্যাভিরিতি শেষঃ, তদ্‌গন্ধর্ব্ববরাদেবেতি ভাবঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

অক্ষৌহিণীরিতি ॥১—২॥ মন্ত্রম্ অস্ত্রপ্রয়োজকম্, জিজ্ঞাসমানঃ পরীক্ষিতুমিচ্ছন্ ॥৩—৪॥ তথা অবৈমীতি চ্ছেদঃ ॥৫—৬॥ ভৌমনো বিশ্বকর্ম্মা, ধাতা প্রজাপতিঃ ॥৭॥ তে ত্বষ্টৃশক্রধাতারঃ রূপাণি চক্রুঃ ॥৮—৯॥ রুরোধ স্বতেজসেতি শেষঃ ॥১০—১১॥ ভারো রথে, রোধঃ দ্বারাদৌ দ্বয়মপি ন ভবেৎ ॥১২॥ যত্তৎ অশ্বানাং শতং হতং পুনঃ পুনঃ কতিপয়াশ্বহননেঽপি

ইন্দ্রধনু যেমন আকাশে প্রকাশ পায়,—তাহা একবর্ণ নহে এবং তাহা যে কি, তাহা আমি জানি না; বিশ্বকর্ম্মাও সেই ভাবেই সেই ধ্বজটা নির্ম্মাণ করিয়াছেন; সুতরাং উহার রূপ নানাপ্রকার দেখা যায় ॥১১॥

মিলিত অগ্নি ও ধূম যেমন তেজোময় বিচিত্র আকার ধারণ করিয়া বিস্তৃত হইয়া আকাশে গমন করে, বিশ্বকর্ম্মা অর্জ্জুনের ধ্বজটাকে সেইরূপ করিয়া নির্ম্মাণ করিয়াছেন। উহাতে বিশেষ ভারও হইবে না, কিংবা কোথাও ধাক্কাও লাগিবে না; ইহাই আমি ধারণা করি ॥১২॥

গন্ধর্ব্বরাজ-চিত্ররথ-প্রদত্ত, শ্বেতবর্ণ, বায়ুর ন্যায় বেগবান্ ও সুন্দর চারিটা উৎকৃষ্ট অশ্ব অর্জ্জুনের সেই রথে সংযুক্ত হইয়াছে। পূর্ব্বে গন্ধর্ব্বরাজ চিত্রসেন

(১৩) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'ভুব্যন্তরিক্ষে দিবি বা নরেন্দ্র! যেষাং গতির্হীয়তে নাত্র সর্ব্বা' ইতি পাদদ্বয়মধিকং বা ব রা নি।

তথা রাজ্ঞো দন্তবর্ণা বৃহন্তো রথে যুক্তা ভান্তি তদ্বীর্য্যতুল্যাঃ।
ঋক্ষপ্রখ্যা ভীমসেনস্য বাহা রথে বায়োস্তুল্যরূপা বভূবুঃ ॥১৪॥
কল্মাষাঙ্গাস্তিত্তিরিচিত্রপৃষ্ঠা ভ্রাত্রা দত্তাঃ প্রীয়তা ফাল্গুনেন।
ভ্রাতুর্বীরস্য স্বৈস্তুরঙ্গৈর্বিশিষ্টা মুদা যুক্তাঃ সহদেবং বহন্তি ॥১৫॥
মাদ্রীপুত্রং নকুলং ত্বাজমীঢ়ং মহেন্দ্রদত্তা হরয়ো বাজিমুখ্যাঃ।
সমা বায়োর্বলবন্তস্তরস্বিনো বহন্তি বীরং বৃত্রশত্রুং যথেন্দ্রম্ ॥১৬॥
তুল্যাশ্চৈভির্বয়সা বিক্রমেণ মহাজবাশ্চিত্ররূপাঃ সদশ্বাঃ।
সৌভদ্রাদীন্ দ্রৌপদেয়ান্ কুমারান্ বহন্ত্যশ্বা দেবদত্তা বৃহন্তঃ ॥১৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি
যানসন্ধৌ সঞ্জয়বাক্যে ষট্‌পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

তথেতি। রাজ্ঞো যুধিষ্ঠিরস্য, দন্তবর্ণা দন্তবৎ শুভ্রকান্তয়ঃ। তদ্বীর্য্যতুল্যাঃ অর্জ্জুনাশ্বসমানবলা অশ্বাঃ। ঋক্ষপ্রখ্যা ভল্লুকসমানকৃষ্ণবর্ণাঃ, বাহা অশ্বাঃ ॥১৪॥

কল্মাষেতি। কল্মাষাঙ্গা নানাবর্ণগাত্রাঃ, তিত্তিরিপক্ষিবৎ চিত্রাণি পৃষ্ঠানি যেষাং তে। ফাল্গুনেন অর্জ্জুনেন। বিশিষ্টাঃ প্রধানীকৃতাঃ ॥১৫॥

মাদ্রীতি। আজমীঢ়ম্ অজমীঢ়বংশজাতম্। হরয়ঃ অশ্বাঃ, বাজিমুখ্যা অশ্বপ্রধানাঃ। বায়োঃ সমাঃ সমানাঃ, তরস্বিনো বেগবন্তো বলবন্তশ্চ ॥১৬॥

ভারতভাবদীপঃ

দিব্যপ্রভাবাৎ শতং পূর্য্যতে যতঃ পুরস্তাদ্দত্তবরম্ ॥১৩॥ তথা অমরাঃ রাজ্ঞো দন্তবর্ণাঃ শ্বেতাঃ রথে যুক্তা অশ্বাঃ ভান্তি, ঋক্ষপ্রখ্যাঃ সপ্তর্ষিতুল্যতেজসঃ। ঋক্ষা ইতি হ স্ম বৈ পুরা সপ্ত

এইরূপ বর দিয়াছিলেন যে, ঐ অশ্বগুলি শত অশ্বের বল ধারণ করিবে এবং যখন যখন শত্রুপক্ষ উহার কোন কোনটাকে বধ করিবে, তখন তখনই সেই সেইটা পূর্ণ হইবে ॥১৩॥

আর রাজা যুধিষ্ঠিরের রথে দন্তের ন্যায় শুভ্রবর্ণ, বিশালাকৃতি এবং অর্জ্জুনের অশ্বের ন্যায় বলবান্ চারিটা অশ্ব সংযুক্ত হইয়া শোভা পাইতেছে। তা'র পর ভীমসেনের রথে ভল্লুকের ন্যায় কৃষ্ণবর্ণ এবং বায়ুর ন্যায় বেগবান্ চারিটা অশ্ব সংযুক্ত হইয়াছে ॥১৪॥

অর্জ্জুন সন্তুষ্ট হইয়া যেগুলি দিয়াছেন, যেগুলির অঙ্গ সকল বিচিত্র এবং পৃষ্ঠ তিত্তিরিপক্ষীর ন্যায় নানাবর্ণ, আর যেগুলি বীরভ্রাতা অর্জ্জুনের নিজের অশ্ব অপেক্ষাও উৎকৃষ্ট, সেই আনন্দিত অশ্বগুলি সহদেবকে বহন করিতেছে ॥১৫॥

বায়ুর ন্যায় বলবান্ ও বেগবান্ ইন্দ্রপ্রদত্ত উৎকৃষ্ট অশ্বগণ বৃত্রহন্তা ইন্দ্রেরই তুল্য বীর অজমীঢ়বংশজাত মাদ্রীপুত্র নকুলকে বহন করিতেছে ॥১৬॥

সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

কাংস্তত্র সঞ্জয়াপশ্যঃ প্রীত্যর্থেন সমাগতান্।
যে যোৎস্যন্তে পাণ্ডবার্থে পুত্রস্য মম বাহিনীম্ ॥১॥

সঞ্জয় উবাচ।

মুখ্যমন্ধকবৃষ্ণীনামপশ্যং কৃষ্ণমাগতম্।
চেকিতানঞ্চ তত্রৈব যুযুধানঞ্চ সাত্যকিম্ ॥২॥

ভারতকৌমুদী

তুল্যা ইতি। বয়সা বিক্রমেণ চ এভিরর্জুনাশ্বৈস্তুল্যাঃ, মহাজবা মহাবেগাঃ, চিত্ররূপাশ্চ সদশ্বাঃ, সৌভদ্রাদীন্ অভিমন্যুপ্রভৃতীন্ কুমারান্, অপরে চ দেবৈর্দত্তা দেবদত্তাঃ, বৃহন্তো বিশালাঃ অশ্বাঃ, দ্রৌপদেয়ান্ কুমারান্ বহন্তি ॥১৭॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্বণি যানসন্ধৌ ষট্‌পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

কানিতি। অপশ্যস্ত্বম্। পাণ্ডবানাং প্রীত্যর্থেন প্রীতিজননার্থেন হেতুনা ॥১॥

মুখ্যমিতি: চেকিতানং নাম কঞ্চিদ্বীরম্, যুযুধানং নাম, সাত্যকিং সত্যকপুত্রম্ ॥২॥

ভারতভাবদীপঃ

ঋষীনাচক্ষত" ইতি শতপথশ্রুতেঃ। পাঠান্তরে ঋশ্যো মৃগভেদঃ ॥১৪—১৬॥ দেবদত্তাঃ চিত্ররথেন দত্তাঃ ॥১৭॥

ইতি উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৬॥

আর বয়সে ও বিক্রমে এই অশ্বগুলিরই তুল্য এবং মহাবেগশালী ও বিচিত্র-বর্ণ উৎকৃষ্ট অশ্বগণ অভিমন্যুপ্রভৃতি কুমারগণকে এবং দেবতাপ্রদত্ত বৃহৎ অশ্ব সকল দ্রৌপদীর পুত্রগণকে বহন করিতেছে' ॥১৭॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! যাহারা পাণ্ডবদের জন্য আমার পুত্রের সৈন্যের সহিত যুদ্ধ করিবে, সেরূপ পাণ্ডবপ্রীত্যর্থে আগত কাহাদিগকে সেখানে দেখিলে? ॥১॥

সঞ্জয় বলিলেন—'বৃষ্ণি ও অন্ধকবংশশ্রেষ্ঠ কৃষ্ণ, চেকিতান এবং সত্যকনন্দন যুযুধান সেখানে আসিয়াছেন দেখিয়াছি ॥২॥

পৃথগক্ষৌহিণীভ্যাং তৌ পাণ্ডবানভিসংশ্রিতৌ।
মহারথৌ সমাখ্যাতাবুভৌ পুরুষমানিনৌ ॥৩॥
অক্ষৌহিণ্যাথ পাঞ্চাল্যো দশভিস্তনয়ৈর্বৃতঃ।
সত্যজিৎপ্রমুখৈর্বীরৈর্ধৃষ্টদ্যুম্নপুরোগমৈঃ ॥৪॥
দ্রুপদো বর্দ্ধয়ন্ মানং শিখণ্ডিপরিপালিতঃ।
উপায়াৎ সর্ব্বসৈন্যানাং প্রতিচ্ছাদ্য তদা বপুঃ ॥৫॥ (যুগ্মকম্)
বিরাটঃ সহ পুত্রাভ্যাং শঙ্খেনৈবোত্তরেণ চ।
সূর্য্যদত্তাদিভির্বীরৈর্মদিরাক্ষপুরোগমৈঃ ॥৬॥
সহিতঃ পৃথিবীপালো ভ্রাতৃভিস্তনয়ৈস্তথা।
অক্ষৌহিণ্যৈব সৈন্যানাং বৃতঃ পার্থং সমাশ্রিতঃ ॥৭॥ (যুগ্মকম্)
জারাসন্ধির্মাগধশ্চ ধৃষ্টকেতুশ্চ চেদিরাট্।
পৃথক্ পৃথগনুপ্রাপ্তৌ পৃথগক্ষৌহিণীবৃতৌ ॥৮॥

ভারতকৌমুদী

পৃথগিতি। তৌ চেকিতানযুযুধানৌ। পুরুষমানিনৌ মহাপুরুষম্মন্যৌ ॥৩॥

অক্ষৌহিণ্যেতি। পাঞ্চাল্যঃ পাঞ্চালরাজঃ। মানং যুধিষ্ঠিরস্য গৌরবম্, শিখণ্ডিনা তদাখ্যেন পুত্রেণ পরিপালিতঃ। প্রতিচ্ছাদ্য বর্ম্মণা আবার্য্য ॥৪—৫॥

বিরাট ইতি। সূর্য্যদত্তমদিরাক্ষৌ বিরাটভ্রাতরৌ। পার্থং যুধিষ্ঠিরম্ ॥৬—৭॥

জারেতি। জারাসন্ধির্জরাসন্ধপুত্রঃ সহদেবঃ। অনুপ্রাপ্তৌ আগতৌ ॥৮॥

মহারথ বলিয়া বিখ্যাত ও মহাবীরাভিমানী সেই চেকিতান ও যুযুধান এক এক অক্ষৌহিণী সৈন্যের সহিত আসিয়া পাণ্ডবগণকে আশ্রয় করিয়াছেন ॥৩॥

পাঞ্চালাধিপতি দ্রুপদরাজা ধৃষ্টদ্যুম্ন ও সত্যজিৎপ্রভৃতি দশ জন পুত্রে পরিবেষ্টিত এবং শিখণ্ডিকর্ত্তৃক রক্ষিত হইয়া, বর্ম্মদ্বারা সকল সৈন্যের শরীর আবৃত করাইয়া তাহাদের এক অক্ষৌহিণী লইয়া, যুধিষ্ঠিরের গৌরব বৃদ্ধি করিবার জন্য উপস্থিত হইয়াছেন ॥৪—৫॥

বিরাটরাজা শঙ্খ উত্তরনামক দুই পুত্র এবং বীর সূর্য্যদত্ত ও মদিরাক্ষপ্রভৃতি ভ্রাতৃগণের সহিত এক অক্ষৌহিণী সৈন্যে পরিবেষ্টিত হইয়া আসিয়া যুধিষ্ঠিরকে আশ্রয় করিয়াছেন ॥৬—৭॥

জরাসন্ধের পুত্র সহদেব এবং চেদিরাজ ধৃষ্টকেতু ইঁহারা দুই জন এক এক অক্ষৌহিণীসৈন্যে পরিবেষ্টিত হইয়া পৃথক্ পৃথক্ আগমন করিয়াছেন ॥৮॥

(৩) পৃথগক্ষৌহিণীভ্যাস্ত...বা ব রা নি।

কেকয়া ভ্রাতরঃ পঞ্চ সর্বে লোহিতকধ্বজাঃ।
অক্ষৌহিণীপরিবৃতাঃ পাণ্ডবানভিসংশ্রিতাঃ ॥৯॥
এতানেতাবতস্তত্র তানপশ্যং সমাগতান্।
যে পাণ্ডবার্থে যোৎস্যন্তি ধার্ত্তরাষ্ট্রস্য বাহিনীম্ ॥১০॥
যো বেদ মানুষং ব্যূহং দৈবং গান্ধর্বমাসুরম্।
স তত্র সেনাপ্রমুখে ধৃষ্টদ্যুম্নো মহারথঃ ॥১১॥
ভীষ্মঃ শান্তনবো রাজন্! ভাগঃ কৢপ্তঃ শিখণ্ডিনঃ।
তং বিরাটোঽনুসংযাতা সার্দ্ধং মৎস্যৈঃ প্রহারিভিঃ ॥১২॥
জ্যেষ্ঠস্য পাণ্ডুপুত্রস্য ভাগো মদ্রাধিপো বলী।
তৌ তু তত্রাব্রুবন্ কেচিদ্বিষমৌ নো মতাবিতি ॥১৩॥
দুর্য্যোধনঃ সহসুতঃ সার্দ্ধং ভ্রাতৃশতেন চ।
প্রাচ্যাশ্চ দাক্ষিণাত্যাশ্চ ভীমসেনস্য ভাগতঃ ॥১৪॥

ভারতকৌমুদী

কেকয়া ইতি। লোহিতকাঃ প্রবালমণয়ো ধ্বজেষু যেষাং তে ॥৯॥
এতানিতি। এতাবত এতাবৎসংখ্যকান্ ॥১০॥
য ইতি। বেদ জানাতি। সেনায়াঃ প্রমুখে সম্মুখে ॥১১॥
ভীষ্ম ইতি। ভাগো যোদ্ধব্যাংশঃ। অনুসংযাতা যুদ্ধে অনুগমিষ্যতি ॥১২॥
জ্যেষ্ঠস্যেতি। বিষমৌ অসমানৌ যোদ্ধারৌ, মদ্রাধিপস্য প্রাধান্যাদিত্যাশয়ঃ ॥১৩॥
দুর্য্যোধন ইতি। ভাগতো ভাগে, কৢপ্তা ইতি শেষঃ ॥১৪॥

আর প্রবালমণ্ডিতধ্বজ কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা এক অক্ষৌহিণীসৈন্যে পরিবৃত হইয়া আসিয়া পাণ্ডবগণকে আশ্রয় করিয়াছেন ॥৯॥

যাঁহারা পাণ্ডবগণের জন্য দুর্য্যোধনের সৈন্যের সহিত যুদ্ধ করিবেন, এই সেই এতগুলি যোদ্ধাকে সেখানে সমাগত দেখিলাম ॥১০॥

যিনি দৈব, গান্ধর্ব্ব, আসুর ও মানুষ ব্যূহ রচনা করিতে জানেন, সেই মহারথ ধৃষ্টদ্যুম্ন সৈন্যগণের সম্মুখে থাকিবেন ॥১১॥

রাজা! শান্তনুনন্দন ভীষ্ম শিখণ্ডীর ভাগে কল্পিত হইয়াছেন এবং বিরাটরাজা মৎস্যদেশীয় সৈন্যগণের সহিত সেই শিখণ্ডীর অনুগমন করিবেন ॥১২॥

বলবান্ শল্যরাজা যুধিষ্ঠিরের ভাগে নির্দ্দিষ্ট হইয়াছেন। কিন্তু 'ইঁহারা পরস্পর সমান নহেন; সুতরাং এই নির্দ্দেশ আমাদের অভিমত নহে' এই কথা সে বিষয়ে কতকগুলি লোক বলিয়াছে ॥১৩॥

অর্জ্জুনস্য তু ভাগেন কর্ণো বৈকর্ত্তনো মতঃ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ সৈন্ধবশ্চ জয়দ্রথঃ ॥১৫॥
অশক্যাশ্চৈব যে কেচিৎ পৃথিব্যাং শূরমানিনঃ।
সর্ব্বাংস্তানর্জ্জুনঃ পার্থঃ কল্পয়ামাস ভাগতঃ ॥১৬॥
মহেষ্বাসা রাজপুত্রা ভ্রাতরঃ পঞ্চ কেকয়াঃ।
কেকয়ানেব ভাগেন কৃত্বা যোৎস্যন্তি সংযুগে ॥১৭॥
তেষামেব কৃতো ভাগো মালবাঃ শাল্বকাস্তথা।
ত্রিগর্ত্তানাঞ্চ বৈ মুখ্যৌ যৌ তৌ সংশপ্তকাবিতি ॥১৮॥
দুর্য্যোধনসুতাঃ সর্বে তথা দুঃশাসনস্য চ।
সৌভদ্রেণ কৃতো ভাগো রাজা চৈব বৃহদ্বলঃ ॥১৯॥

ভারতকৌমুদী

অর্জুনস্যেতি। বিকর্ত্তনেন ছেদনেন বর্ম্মদানাদ্বৈকর্ত্তনো নাম। সৈন্ধবঃ সিন্ধুরাজঃ ॥১৫॥
অশক্যা ইতি। জেতুমিতি শেষঃ। ভাগতো নিজাংশে ॥১৬॥
মহেষ্বাসা ইতি। কেকয়ানেব স্ববিরোধিনঃ কেকয়দেশীয়ানেব যোধান্ ॥১৭॥
তেষামিতি। তেষাং পঞ্চানাং ভ্রাতৃণামেব। মালবাঃ শাল্বকাশ্চ তত্তদ্দেশীয়াঃ ॥১৮॥
দুর্য্যোধনেতি। দুর্য্যোধনসুতানাস্তু কিয়ন্তো ভীমভাগে কিয়ন্তশ্চাভিমন্যুভাগে ইতি "দুর্য্যোধনঃ সহসুতঃ" ইত্যাদিনা প্রাগুক্তেন সহ ন বিরোধঃ। সৌভদ্রেণাভিমন্যুনা ॥১৯॥

পুত্র ও একশত ভ্রাতার সহিত দুর্য্যোধন এবং পূর্ব্বদেশীয় ও দক্ষিণদেশীয় যোদ্ধারা ভীমসেনের ভাগে কল্পিত হইয়াছেন ॥১৪॥

বিকর্ত্তন কর্ণ, অশ্বত্থামা, বিকর্ণ ও সিন্ধুরাজ জয়দ্রথ ইহারা অর্জ্জুনের ভাগে নির্দ্দিষ্ট হইয়াছেন ॥১৫॥

আর পৃথিবীর মধ্যে যে কেহ বীরাভিমানী ও যুদ্ধদুর্দ্ধর্ষ, তাঁহাদের সকলকেই পৃথানন্দন অর্জ্জুন আপন ভাগে কল্পনা করিয়া নিয়াছেন ॥১৬॥

কেকয়দেশীয় রাজপুত্র মহাধনুর্দ্ধর পঞ্চ ভ্রাতা বিরোধী কেকয়দেশীয় যোদ্ধাদিগকেই নিজভাগে নির্দ্দিষ্ট করিয়া সমরাঙ্গনে যুদ্ধ করিবেন ॥১৭॥

আর মালবদেশীয় ও শাল্বদেশীয় যোদ্ধারা এবং ত্রিগর্ত্তদেশীয় যোদ্ধাদের মধ্যে সংশপ্তকনামে সেই যে দুই জন প্রধান আছেন তাঁহারা, কেকয় পঞ্চ ভ্রাতার অংশেই নির্দ্দিষ্ট হইয়াছেন ॥১৮॥

দুর্য্যোধন ও দুঃশাসনের পুত্রেরা সকলে এবং বৃহদ্বলরাজা অভিমন্যুর অংশে কল্পিত হইয়াছেন ॥১৯॥

দ্রৌপদেয়া মহেষ্বাসাঃ সুবর্ণবিকৃতধ্বজাঃ।
ধৃষ্টদ্যুম্নমুখা দ্রোণমভিযাস্যন্তি ভারত ! ॥২০॥
চেকিতানঃ সোমদত্তং দ্বৈরথে যোদ্ধুমিচ্ছতি।
ভোজস্তু কৃতবর্ম্মাণং যুযুধানো যুযুৎসতি ॥২১॥
সহদেবস্তু মাদ্রেয়ঃ শূরঃ সংক্রন্দনো যুধি।
স্বমংশং কল্পয়ামাস শ্যালং তে সুবলাত্মজম্ ॥২২॥
উলকঞ্চৈব কৈতব্যং যে চ সারস্বতা গণাঃ।
নকুলঃ কল্পয়ামাস ভাগং মাদ্রবতীসুতঃ ॥২৩॥
যে চান্যে পার্থিবা রাজন্ ! প্রত্যুদ্যাস্যন্তি সঙ্গরে।
সমাহ্বানেন তাংশ্চাপি পাণ্ডুপুত্রা অকল্পয়ন্ ॥২৪॥
এবমেষামনীকানি প্রবিভক্তানি ভাগশঃ।
যত্তে কার্য্যং সপুত্রস্য ক্রিয়তাং তদকালিকম্ ॥২৫॥

ভারতকৌমুদী

দ্রৌপদেয়া ইতি। সুবর্ণবিকৃতধ্বজাঃ স্বর্ণখচিতকেতবঃ ॥২০॥
চেকিতান ইতি। যুযুধানঃ সাত্যকিঃ, যুযুৎসতি যোদ্ধুমিচ্ছতি ॥২১॥
সহেতি। সংক্রন্দন ইন্দ্র ইব শূরঃ। সুবলাত্মজং শকুনিম্ ॥২২॥
উলূকমিতি। উলূকং নাম, কৈতব্যং ধূর্ত্তশকুনিপুত্রম্, সারস্বতাঃ সারস্বতদেশীয়াঃ ॥২৩॥
য ইতি। সঙ্গরে যুদ্ধে। সমাহ্বানেন নামগ্রহণেন ॥২৪॥
এবমিতি। কার্য্যং কর্ত্তব্যম্। অকালিকম্ অকালক্ষেপং সত্বরমিত্যর্থঃ ॥২৫॥

ভরতনন্দন! স্বর্ণমণ্ডিতধ্বজ ও মহাধনুর্দ্ধর দ্রৌপদীর পুত্রগণ ধৃষ্টদ্যুম্নকে সম্মুখে রাখিয়া দ্রোণের অভিমুখে ধাবিত হইবেন ॥২০॥

চেকিতান সোমদত্তের সহিত দ্বৈরথযুদ্ধ করিবার ইচ্ছা করিয়াছেন এবং সাত্যকি ভোজবংশীয় কৃতবর্ম্মার সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করেন ॥২১॥

যুদ্ধে ইন্দ্রের ন্যায় বীর মাদ্রীপুত্র সহদেব আপনার শ্যালক শকুনিকে নিজের অংশে কল্পনা করিয়াছেন ॥২২॥

সেই ধূর্ত্তের পুত্র উলূককে, আর সারস্বতদেশীয় যে সকল যোদ্ধা আছেন তাঁহাদিগকে মাদ্রীনন্দন নকুল আপন ভাগে নির্দ্দিষ্ট করিয়াছেন ॥২৩॥

রাজা! অন্য যে সকল রাজা যুদ্ধে আগমন করিবেন, নাম করিয়া করিয়া তাঁহাদিগকেও পাণ্ডবেরা আপন আপন ভাগে কল্পনা করিয়াছেন ॥২৪॥

এইভাবে আপনার সৈন্য পাণ্ডবদের ভাগে ভাগে কল্পিত হইয়াছে। এখন পুত্রদের সহিত আপনার যাহা কর্ত্তব্য, তাহা সত্বর করুন' ॥২৫॥

ধৃতরাষ্ট্র উবাচ।

ন সন্তি সর্ব্বে পুত্রা মে মূঢ়া দুর্দ্যূতদেবিনঃ।
যেষাং যুদ্ধং বলবতা ভীমেন রণমূর্দ্ধনি ॥২৬॥
রাজানঃ পার্থিবাঃ সর্ব্বে প্রোক্ষিতাঃ কালধর্ম্মণা।
গাণ্ডীবাগ্নিং প্রবেক্ষ্যন্তি পতঙ্গা ইব পাবকম্ ॥২৭॥
বিদ্রুতাং বাহিনীং মন্যে কৃতবৈরৈর্মহাত্মভিঃ।
তাং রণে কেঽনুযাস্যন্তি প্রভগ্নাং পাণ্ডবৈর্যুধি ॥২৮॥
সর্ব্বে হ্যতিরথাঃ শূরাঃ কীর্ত্তিমন্তঃ প্রতাপিনঃ।
সূর্য্যপাবকয়োস্তুল্যাস্তেজসা সমিতিঞ্জয়াঃ ॥২৯॥
যেষাং যুধিষ্ঠিরো নেতা গোপ্তা চ মধুসূদনঃ।
যোধৌ চ পাণ্ডবৌ বীরৌ সব্যসাচিবৃকোদরৌ ॥৩০॥

ভারতকৌমুদী

নেতি। ন সন্তি ন জীবন্তীতি সম্ভাবনয়োক্তিঃ ॥২৬॥

রাজান ইতি। পার্থিবাঃ পৃথিবীস্থাঃ। প্রোক্ষিতাশ্ছেদনায় পশুবৎ প্রোক্ষণাস্পদীকৃতাঃ, কালধর্ম্মণা মৃত্যুনা ॥২৭॥

বিদ্রুতামিতি। বিদ্রুতাং মথিতাম্। কেঽনুযাস্যন্তি অপি তু কেঽপি নেত্যর্থঃ ॥২৮॥

সর্ব্ব ইতি। সমিতিঞ্জয়া যুদ্ধবিজয়িনঃ, সংজ্ঞাবিবক্ষয়া "নাম্নি তৃ" ইত্যাদিনা খঃ ॥২৯॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সমরাঙ্গনে বলবান্ ভীমসেনের সহিত যাহাদের যুদ্ধ হইবে, সেই দুষ্টপাশক্রীড়াকারী মদীয় মূর্খ পুত্রেরা নাই বলিয়াই মনে করি ॥২৬॥

পৃথিবীর রাজারা সকলে মৃত্যুকর্তৃক প্রোক্ষিত হইয়াছেন। সুতরাং পতঙ্গ যেমন অগ্নিতে প্রবেশ করে, সেইরূপ তাঁহারা গাণ্ডীবরূপ অগ্নিতে প্রবেশ করিবেন ॥২৭॥

আমি মনে করি—কৃতবৈর মহাত্মা পাণ্ডবেরা যুদ্ধে আমার সৈন্য মথিত ও ছত্রভগ্ন করিবেন। সুতরাং সেই অবস্থায় যুদ্ধে কাহারা তাহাদের অনুসরণ করিবে ॥২৮॥

পাণ্ডবেরা সকলেই অতিরথ, বীর, কীর্ত্তিমান্, প্রতাপশালী, তেজে সূর্য্য ও অগ্নির তুল্য এবং যুদ্ধবিজয়ী ॥২৯॥

সঞ্জয়! যুধিষ্ঠির যাহাদের পরিচালক, কৃষ্ণ যাহাদের রক্ষক, মহাবীর ভীম ও অর্জ্জুন যাহাদের যোদ্ধা এবং নকুল, সহদেব, পৃষতপৌত্র ধৃষ্টদ্যুম্ন, সাত্যকি,

(২৬)···মূঢ়া দুর্ম্মন্ত্রবেদিনঃ···পি।

নকুলঃ সহদেবশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
সাত্যকির্দ্রুপদশ্চৈব ধৃষ্টকেতুশ্চ সানুজঃ ॥৩১॥
উত্তমৌজাশ্চ পাঞ্চাল্যো যুধামন্যুশ্চ দুর্জ্জয়ঃ।
শিখণ্ডী ক্ষত্রদেবশ্চ তথা বৈরাটিরুত্তরঃ ॥৩২॥
কাশয়শ্চেদয়শ্চৈব মৎস্যাঃ সর্বে চ সৃঞ্জয়াঃ।
বিরাটপুত্রো বভ্রুশ্চ পাঞ্চালাশ্চ প্রভদ্রকাঃ ॥৩৩॥
যেষামিন্দ্রোপ্যকামানাং ন হরেৎ পৃথিবীমিমাম্।
বীরাণাং রণধীরাণাং যে ভিন্দ্যুঃ পর্ব্বতানপি ॥৩৪॥
তান্ সর্বগুণসম্পন্নানমনুষ্যপ্রতাপিনঃ।
ক্রোশতো মম দুষ্পুত্রো যোদ্ধুমিচ্ছতি সঞ্জয়! ॥৩৫॥ (কুলকম্)

দুর্য্যোধন উবাচ।

উভৌ স্ব একজাতীয়ৌ তথোভৌ ভূমিগোচরৌ।
অথ কস্মাৎ পাণ্ডবানামেকতো মন্যসে জয়ম্ ॥৩৬॥
পিতামহঞ্চ দ্রোণঞ্চ কৃপং কর্ণঞ্চ দুর্জ্জয়ম্।
জয়দ্রথং সোমদত্তমশ্বত্থামানমেব চ ॥৩৭॥

ভারতকৌমুদী

যেষামিতি। নেতা পরিচালয়িতা, গোপ্তা রক্ষিতা। পার্ষতঃ পৃষতপৌত্রঃ। বৈরাটি-বিরাটপুত্রঃ। কাশয়ঃ কাশিদেশীয়াঃ। অকামানাং ত্যক্তুমনিচ্ছতাম্। রণধীরাণাং যুদ্ধ-বিশারদানাম্। অমনুষ্যান্ দেবাদীনপি প্রতপন্তীতি তে। ক্রোশতো বিলপতঃ ॥৩০—৩৫॥

উভাবিতি। ভূমিরেব গোচরো ব্যবসায়বিষয়ো যয়োস্তৌ ॥৩৬॥

দ্রুপদ, অনুজগণের সহিত ধৃষ্টকেতু, পাঞ্চালদেশীয় উত্তমৌজা, দুর্জ্জয় যুধামন্যু, শিখণ্ডী, ক্ষত্রদেব, বিরাটপুত্র উত্তর, কাশী, চেদি ও মৎস্যদেশীয় বীরগণ, সৃঞ্জয়গণ, বিরাটপুত্র বভ্রু এবং পাঞ্চালদেশীয় প্রভদ্রকেরা যাঁহাদের পক্ষে রহিয়াছেন, আর বীর ও যুদ্ধবিশারদ যে পক্ষ ইচ্ছা না করিলে ইন্দ্রও এই পৃথিবী হরণ করিতে পারেন না এবং যাঁহারা পর্ব্বতপর্য্যন্ত বিদারণ করিতে পারেন, সর্ব্বগুণ-সম্পন্ন ও দেবতাপ্রতাপী সেই পাণ্ডবদের সহিত আমার কুপুত্র যুদ্ধ করিবার ইচ্ছা করিতেছে। এদিকে আমি বিলাপ করিতেছি ॥৩০—৩৫॥

দুর্য্যোধন বলিলেন—'আমরা উভয়েই একজাতীয় এবং একভূমিব্যবসায়ী। অতএব আপনি একমাত্র পাণ্ডবদের জয় ধারণা করেন কেন? ॥৩৬॥

দুর্জ্জয় ভীষ্ম, দ্রোণ, কৃপ, কর্ণ, জয়দ্রথ, সোমদত্ত এবং অশ্বত্থামা, ইঁহারা

সুতেজসো মহেষ্বাসানিন্দ্রোঽপি সহিতোঽমরৈঃ।
অশক্তঃ সমরে জেতুং কিং পুনস্তাত! পাণ্ডবাঃ ॥৩৮॥ (যুগ্মকম্)
সর্ব্বে চ পৃথিবীপালা মদর্থে তাত! পাণ্ডবান্।
আর্য্যাঃ শস্ত্রভৃতঃ শূরাঃ সমর্থাঃ প্রতিবাধিতুম্ ॥৩৯॥
ন মামকান্ পাণ্ডবাস্তে সমর্থাঃ প্রতিবীক্ষিতুম্।
পরাক্রান্তো হ্যহং পাণ্ডূন্ সপুত্রান্ যোদ্ধুমাহবে ॥৪০॥
মৎপ্রিয়ং পার্থিবাঃ সর্বে যে চিকীর্ষন্তি ভারত!।
তে তানাবারয়িষ্যন্তি ঐণেয়ানিব তন্তুনা ॥৪১॥
মহতা রথবংশেন শরজালৈশ্চ মামকৈঃ।
অভিদ্রুতা ভবিষ্যন্তি পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ ॥৪২॥

ভারতকৌমুদী

পিতেতি। দুর্জয়মিতি সর্বত্রান্বেতি। মহেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্ ॥৩৭—৩৮॥
সর্ব্ব ইতি। আর্য্যাঃ সজ্জনাঃ। অতএব বিশ্বাসঘাতকতাপি তেষু ন সম্ভবতীতি ভাবঃ ॥৩৯॥
নেতি। পাণ্ডূন্ পাণ্ডবান্। যোদ্ধুং সমর্থ ইতি শেষঃ ॥৪০॥
মদিতি। ঐণেয়ান্ হরিণশাবকান্, তন্তুনা তন্তুনির্ম্মিতজালেন ॥৪১॥
মহতেতি। রথানাং বংশেন সমূহেন। অভিদ্রুতাশ্ছিন্নভিন্নাঃ ॥৪২॥

ভারতভাবদীপঃ

কাংস্তত্রেতি ॥১—২৩॥ সমাহ্বানেন তত্তন্নামাখ্যানেন ॥২৪॥ অকালিকং কালবিলম্বং বিনা ॥২৫—২৬॥ মোক্ষিতাঃ পশুবৎ বধার্থং সংস্কৃতাঃ কালধর্ম্মণা যজমানেন বা ॥২৭—৪০॥ ঐণেয়ান্

সকলেই মহাতেজা ও মহাধনুর্দ্ধর। সুতরাং দেবগণের সহিত ইন্দ্রও ইহাদিগকে যুদ্ধে জয় করিতে সমর্থ হন না। অতএব পাণ্ডবদের কথা আর কি বলিব ॥৩৭—৩৮॥

পিতা! বীর, অস্ত্রধারী ও সজ্জন সকল রাজাই আমার জন্য পাণ্ডবগণকে, নিবারণ করিতে সমর্থ ॥৩৯॥

সুতরাং সেই পাণ্ডবেরা আমার পক্ষের দিকে দৃষ্টিপাত করিতেও সমর্থ হইবে না। তা'র পর আমিও পরাক্রমশালী বলিয়া পুত্রগণের সহিতই পাণ্ডবগণের সঙ্গে যুদ্ধ করিতে সমর্থ হইব ॥৪০॥

ভরতনন্দন! যে সকল রাজা আমার প্রিয়কার্য্য করিবার ইচ্ছা করেন, তাঁহারা জালদ্বারা হরিণশাবকদিগের ন্যায় পাণ্ডবদিগকে বারণ করিবেন ॥৪১॥

আমার পক্ষের বিশাল রথসমূহ ও শরজালদ্বারা পাণ্ডবগণের সহিত পাঞ্চালেরা ছিন্ন-ভিন্ন হইবে ॥৪২॥

ধৃতরাষ্ট্র উবাচ।

উন্মত্ত ইব মে পুত্ত্রো বিলপত্যেষ সঞ্জয় !।
ন হি শক্তো রণে জেতুং ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্ ॥৪৩॥
জানাতি হি যথা ভীষ্মঃ পাণ্ডবানাং যশস্বিনাম্।
বলবত্তাং সপুত্ত্রাণাং ধর্ম্মজ্ঞানাং মহাত্মনাম্ ॥৪৪॥
যতো নারোচয়দয়ং বিগ্রহং তৈর্মহাত্মভিঃ।
কিন্তু সঞ্জয় ! মে ব্রূহি পুনস্তেষাং বিচেষ্টিতম্ ॥৪৫॥
কস্তাংস্তরস্বিনো ভূয়ঃ সন্দীপয়তি পাণ্ডবান্।
অর্চ্চিষ্মতো মহেষ্বাসান্ হবিষা পাবকানিব ॥৪৬॥

সঞ্জয় উবাচ।

ধৃষ্টদ্যুম্নঃ সদৈবৈতান্ সন্দীপয়তি ভারত !।
যুধ্যধ্বমিতি মা ভৈষ্ট যুদ্ধাদ্ভরতসত্তমাঃ ! ॥৪৭॥

ভারতকৌমুদী

উন্মত্ত ইতি। বিলপতি প্রলপতি। শক্তো ন ভবিষ্যতি এষ ইত্যনুবৃত্তিঃ ॥৪৩॥
জানাতীতি। যথা যথার্থম্। বলবত্তাং বলম্ ॥৪৪॥
যত ইতি। নারোচয়ৎ নাভিলষিতবান্, কর্ণস্য তিরস্কারাদিত্যাশয়ঃ ॥৪৫॥
ক ইতি। তরস্বিনো বলবতঃ। সন্দীপয়তি সমুত্তেজয়তি। অর্চ্চিষ্মতস্তেজস্বিনঃ ॥৪৬॥
ধৃষ্টেতি। সন্দীপনপ্রকারমাহ যুধ্যধ্বমিত্যাদিভিঃ সার্দ্ধৈস্ত্রিভিঃ শ্লোকৈঃ ॥৪৭॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! আমার এই পুত্র উন্মত্তের ন্যায় বলিতেছে। কারণ, এ যুদ্ধে ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে জয় করিতে সমর্থ হইবে না ॥৪৩॥

যশস্বী, ধর্ম্মজ্ঞ ও মহাত্মা পাণ্ডবগণের এবং তাঁহাদের পুত্রদিগের বল ভীষ্মই যথার্থরূপে জানেন ॥৪৪॥

যে হেতু সেই মহাত্মাদের সহিত যুদ্ধ করিতে ইঁহার অভিরুচি নাই। সে যাহা হউক, সঞ্জয়! তুমি পুনরায় আমার নিকট তাঁহাদের ব্যবহারের কথা বল ॥৪৫॥

ঘৃতদ্বারা অগ্নিকে যেমন সমুত্তেজিত করে, সেইরূপ কোন্ ব্যক্তি—বলবান্, তেজস্বী ও মহাধনুর্দ্ধর পাণ্ডবগণকে অধিক সমুত্তেজিত করিতেছে ?' ॥৪৬॥

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন! ধৃষ্টদ্যুম্নই পাণ্ডবগণকে সর্বদা সমুত্তেজিত করিতেছেন। (তিনি বলেন—) 'ভরতশ্রেষ্ঠগণ! আপনারা ভয় করিবেন না, যুদ্ধ করুন ॥৪৭॥

যে কেচিৎ পার্থিবাস্তত্র ধার্ত্তরাষ্ট্রেণ সংবৃতাঃ।
যুদ্ধে সমাগমিষ্যন্তি তুমুলে শস্ত্রসঙ্কুলে ॥৪৮॥
তান্ সর্বানাহবে ক্রুদ্ধান্ সানুবন্ধান্ সমাগতান্।
অহমেকঃ সমাদাস্যে তিমির্মৎস্যানিবোদকাৎ ॥৪৯॥ (যুগ্মকম্)
ভীষ্মং দ্রোণং কৃপং কর্ণং দ্রৌণিং শল্যং সুযোধনম্।
এতাংশ্চাপি নিরোৎস্যাপি বেলেব মকরালয়ম্ ॥৫০॥
তথা ব্রুবন্তং ধর্ম্মাত্মা প্রাহ রাজা যুধিষ্ঠিরঃ।
তব ধৈর্য্যঞ্চ বীর্য্যঞ্চ পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ ॥৫১॥
সর্বে সমধিরূঢ়াঃ স্মঃ সংগ্রামান্নঃ সমুদ্ধর।
জানামি ত্বাং মহাবাহো! ক্ষত্রধর্ম্মে ব্যবস্থিতম্ ॥৫২॥
সমর্থমেকং পর্য্যাপ্তং কৌরবাণাং বিনিগ্রহে।
পুরস্তাদুপযাতানাং কৌরবাণাং যুযুৎসতাম্ ॥৫৩॥
ভবতা যদ্বিধাতব্যং তন্নঃ শ্রেয়ঃ পরন্তপ!।
সংগ্রামাদপযাতানাং ভগ্নানাং শরণৈষিণাম্ ॥৫৪॥
পৌরুষং দর্শয়ন্ শূরো যস্তিষ্ঠেদগ্রতঃ পুমান্।
ক্রীণীয়াত্তং সহস্রেণ ইতি নীতিমতাং মতম্ ॥৫৫॥ (কুলকম্)

ভারতকৌমুদী

য ইতি। সংবৃতাঃ সম্যগ্ ব্যাপারিতাঃ। সানুবন্ধান্ সানুচরান্ ॥৪৮—৪৯॥

ভীষ্মমিতি। বেলেব তীরমিব, মকরালয়ং সমুদ্রম্ ॥৫০॥

তথেতি। সমধিরূঢ়া আশ্রিতাঃ। পর্য্যাপ্তং যথেষ্টং সমর্থম্। ভগ্নানাং পরাজিতানাম্, অগ্রত ইতি সম্বন্ধঃ। ক্রীণীয়াদাযত্তীকুর্য্যাৎ, সহস্রেণ বহুধনেন ॥৫১—৫৫॥

দুর্য্যোধনকর্তৃক যুদ্ধে বৃত হইয়া যে কোন রাজা তুমুল ও অস্ত্রসঙ্কুল যুদ্ধে আগমন করিবেন, তিমি (বৃহৎ জলজন্তু) যেমন জল হইতে মৎস্যসমূহকে গ্রহণ করে, আমি একাকীই সেইরূপ যুদ্ধে সমাগত ক্রুদ্ধ সেই সকল রাজাকে তাঁহাদের অনুচরবর্গের সহিত গ্রহণ করিব ॥৪৮—৪৯॥

এবং তীর যেমন সমুদ্রকে নিবারণ করে, আমিও সেইরূপ ভীষ্ম, দ্রোণ, কৃপ, কর্ণ, অশ্বত্থামা, শল্য ও দুর্য্যোধনকে নিবারণ করিব' ॥৫০॥

ধৃষ্টদ্যুম্ন এইরূপ বলিতে লাগিলে, ধর্ম্মাত্মা রাজা যুধিষ্ঠির বলিয়াছেন—'মহাবাহু! পাণ্ডবদের সহিত পাঞ্চালেরা সকলেই আপনার ধৈর্য্য ও বীর্য্য আশ্রয়

(৫২) সর্বে সমধিরূঢ়াঃ স্ম···বা ব রা নি।

স ত্বং শূরশ্চ বীরশ্চ বিক্রান্তশ্চ নরর্ষভ ! ।
ভয়ার্ত্তানাং পরিত্রাতা সংযুগেষু ন সংশয়ঃ ॥৫৬॥
এবং ব্রুবতি কৌন্তেয়ে ধর্ম্মাত্মনি যুধিষ্ঠিরে ।
ধৃষ্টদ্যুম্ন উবাচেদং মাং বচো গতসাধ্বসম্ ॥৫৭॥
সর্বান্ জনপদান্ সূত ! যোধা দুর্য্যোধনস্য যে ।
সবাহ্লিকান্ কুরূন্ ব্রূয়াঃ প্রাতিপেয়ান্ শরদ্বতঃ ॥৫৮॥
সূতপুত্রং তথা দ্রোণং সহপুত্রং জয়দ্রথম্ ।
দুঃশাসনং বিকর্ণঞ্চ তথা দুর্য্যোধনং নৃপম্ ।
ভীষ্মঞ্চ ব্রূহি গত্বা ত্বমাশু গচ্ছ চ মা চিরম্ ॥৫৯॥

ভারতকৌমুদী

স ইতি। শূরো বলবান্, বীর উৎসাহী, বিক্রান্তস্তেজস্বী ॥৫৬॥

এবমিতি। গতসাধ্বসো নির্ভয়ঃ ॥৫৭॥

সর্বানিতি। জনপদান্ জনপদবাসিনো জনান্, যোধা যোদ্ধারঃ। প্রাতিপেয়ান্ প্রতিপবংশোদ্ভবান্, শরদ্বতঃ পুত্রং কৃপমিতি শেষঃ ॥৫৮॥

সূতেতি। মা চিরং বিলম্বং ন কুরু। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৯॥

করিয়া রহিয়াছেন। সুতরাং আপনি আমাদিগকে যুদ্ধ হইতে উদ্ধার করুন। পরন্তপ! কৌরবেরা যুদ্ধার্থী হইয়া সম্মুখবর্ত্তী হইলে, আপনি একাকীই তাহাদিগকে নিগ্রহ করিতে সর্ব্বপ্রকারে সমর্থ। সুতরাং আপনি ক্ষত্রিয়ধর্ম্মে অবস্থান করেন, ইহা আমি জানি। অতএব আপনি যাহা করিবেন, তাহাই আমাদের মঙ্গলজনক হইবে। যে বীরপুরুষ পুরুষকার দেখাইয়া যুদ্ধ হইতে পলায়মান, পরাজিত ও শরণার্থী লোকদিগের সম্মুখে থাকিতে পারেন, সহস্র ধন ব্যয় করিয়াও তাঁহাকে আয়ত্ত করিবে, ইহাই নীতিজ্ঞদিগের মত ॥৫১—৫৫॥

নরশ্রেষ্ঠ! আপনি বলবান্, বীর ও বিক্রমশালী বলিয়া যুদ্ধে ভয়ার্ত্তদিগের রক্ষক হইবেন ; এ বিষয়ে কোন সন্দেহ নাই' ॥৫৬॥

কুন্তীনন্দন ধর্ম্মাত্মা যুধিষ্ঠির এইরূপ বলিতে লাগিলে, ধৃষ্টদ্যুম্ন নির্ভয়চিত্তে আমাকে এই কথা বলিলেন—॥৫৭॥

'সঞ্জয়! সেখানে দুর্য্যোধনের যে সকল যোদ্ধা আছেন তাঁহাদিগকে, দেশবাসী সকল লোককে, বাহ্লিকপ্রভৃতি কৌরবগণকে, প্রতিপবংশীয়দিগকে এবং কৃপাচার্য্যকে তুমি যাইয়া বল ॥৫৮॥

আর কর্ণ, দ্রোণ, পুত্রগণের সহিত জয়দ্রথ, দুঃশাসন, বিকর্ণ, রাজা দুর্য্যোধন এবং ভীষ্মকেও যাইয়া বল ; তুমি সত্বর যাও, বিলম্ব করিও না ॥৫৯॥

যুধিষ্ঠিরঃ সাধুনৈবাভ্যুপেয়ো মা বো বধীদর্জ্জুনো দেবগুপ্তঃ।
রাজ্যং দত্তং ধর্ম্মরাজস্য তূর্ণং যাচধ্বং বৈ পাণ্ডবং লোকবীরম্ ॥৬০॥
নৈতাদৃশো হি যোধোঽস্তি পৃথিব্যামিহ কশ্চন।
যথাবিধঃ সব্যসাচী পাণ্ডবঃ সত্যবিক্রমঃ ॥৬১॥
দেবৈর্হি সংভৃতো দিব্যো রথো গাণ্ডীবধন্বনঃ।
ন স জেয়ো মনুষ্যেণ মাস্ম কৃধ্বং মনো যুধি ॥৬২॥

ধৃতরাষ্ট্র উবাচ।

ক্ষত্রতেজা ব্রহ্মচারী কৌমারাদপি পাণ্ডবঃ।
তেন সংযুগমেষ্যন্তি মন্দা বিলপতো মম ॥৬৩॥
দুর্য্যোধন! নিবর্ত্তস্ব যুদ্ধাদ্ভরতসত্তম!।
ন হি যুদ্ধং প্রশংসন্তি সর্বাবস্থমরিন্দম! ॥৬৪॥

ভারতকৌমুদী

কিং ব্রবীমীত্যাহ যুধীতি। সাধুনা অনুনয়াদিসদ্ব্যবহারেণৈব, যুধিষ্ঠিরঃ, অভ্যুপেয়ঃ প্রাপ্যো যুষ্মাভির্বশীকর্ত্তব্যঃ। দেবৈর্গুপ্তো রক্ষিতঃ অর্জ্জুনঃ, বো যুষ্মান্, মা বধীৎ ন হন্তু। ধর্ম্মরাজস্য রাজ্যম্, দত্তং তস্মৈ দত্ত। তথা লোকবীরং পাণ্ডবং যুধিষ্ঠিরম্, তূর্ণং যাচধ্বং ক্ষমামিতি শেষঃ ॥৬০॥

ঈদৃক্করণে কো হেতুরিত্যাহ নেতি। যোধো যোদ্ধা। সব্যসাচী অর্জ্জুনঃ ॥৬১॥

দেবৈরিতি। সংভৃতো রক্ষিতঃ। মাস্ম কৃধ্বং ন কুরুত ॥৬২॥

ক্ষত্রেতি। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ। তেন পাণ্ডবেন সহ। মন্দা মৎপুত্রাঃ ॥৬৩॥

দুর্য্যোধনেতি। হি যস্মাৎ। সর্বা অবস্থা যস্মিন্ তৎ ॥৬৪॥

'আপনারা সদ্ব্যবহার করিয়াই যুধিষ্ঠিরকে বশীভূত করুন, দেবগণরক্ষিত অর্জ্জুন যেন আপনাদিগকে বিনাশ করেন না। অতএব যুধিষ্ঠিরের রাজ্য যুধিষ্ঠিরকে সমর্পণ করুন এবং জগদ্বীর যুধিষ্ঠিরের নিকট ক্ষমা প্রার্থনা করুন ॥৬০॥

সত্যবিক্রম পাণ্ডুনন্দন অর্জ্জুন যেরূপ যোদ্ধা, এরূপ যোদ্ধা এখন পৃথিবীতে অপর কেহ নাই ॥৬১॥

তা'র পর অর্জ্জুনের অলৌকিক রথখানা দেবগণের রক্ষিত। সুতরাং তাহা মানুষের পক্ষে অজেয়। অতএব আপনারা যুদ্ধের দিকে মন দিবেন না' ॥৬২॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'যুধিষ্ঠির বাল্যকাল হইতেই ক্ষাত্রতেজে তেজীয়ান্ এবং ব্রহ্মচারী। এ দিকে আমি বিলাপ করিতেছি, আমাকে অগ্রাহ্য করিয়া আমার মূর্খ পুত্রেরা সেই যুধিষ্ঠিরের সঙ্গেই যুদ্ধ করিবে ॥৬৩॥

---

(৬২) ইতঃ পরম্ '...সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

অলমর্দ্ধং পৃথিব্যাস্তে সহামাত্যস্য জীবিতুম্।
প্রয়চ্ছ পাণ্ডুপুত্রাণাং যথোচিতমরিন্দম! ॥৬৫॥
এতদ্ধি কুরবঃ সর্ব্বে মন্যন্তে ধর্ম্মসংহিতম্।
যত্ত্বং প্রশান্তিং মন্যেথাঃ পাণ্ডুপুত্রৈর্ম্মহাত্মভিঃ ॥৬৬॥
অঙ্গেমাং সমবেক্ষস্ব পুত্র! স্বামেব বাহিনীম্।
জাত এষ তবাভাবস্ত্বন্তু মোহান্ন বুধ্যসে ॥৬৭॥
ন ত্বহং যুদ্ধমিচ্ছামি নৈতদিচ্ছতি বাহ্লিকঃ।
ন চ ভীষ্মো ন চ দ্রোণো নাশ্বত্থামা ন সঞ্জয়ঃ ॥৬৮॥
ন সোমদত্তো ন শল্যো ন কৃপো যুদ্ধমিচ্ছতি।
সত্যব্রতঃ পুরুমিত্রো জয়ো ভূরিশ্রবাস্তথা ॥৬৯॥

ভারতকৌমুদী

অলমিতি। অলং সমর্থম্। যথোচিতং রাজ্যার্দ্ধম্ ॥৬৫॥
এতদিতি। ধর্ম্মসংহিতং ধর্ম্মসঙ্গতম্। প্রশান্তিং সন্ধিনিষ্পাদ্যাম্ ॥৬৬॥
অঙ্গেতি। অঙ্গশব্দঃ সম্বোধনে। অভাবো যুদ্ধনিবন্ধনো ধ্বংসঃ ॥৬৭॥
যুদ্ধে সর্ব্বেষামেবাসম্মতিমাহ নেতি। বাহ্লিকো নাম কশ্চিদ্বীরঃ ॥৬৮॥

ভারতভাবদীপঃ

হরিণশাবান্, তন্তুনা পাশেন ॥৪৯—৫৭॥ শরদ্বতঃ আয়ুষ্মতঃ বিরুদ্ধলক্ষণয়া গতায়ুষ ইত্যর্থঃ ॥৫৮—৫৯॥ দদ্ধং দদত ॥৬০—৬১॥ কৃধ্বং কুরুধ্বম্ ॥৬২—৬৬॥ জাত এষ তবাভাব ইত্যত্র শম এব মহচ্ছ্রেয় ইত্যাধুনিকঃ পাঠঃ। তরাভ্যাব ইতি পাঠে তরাণামশ্বাদীনাং বেগবতাং বাহনানামভ্যাবঃ সর্ব্বতঃ স্বাদনং কণ্ডুরোগাদ্যুপদ্রব ইতি যাবৎ। অবক্ষরণগতিকান্তীত্যাদেঃ স্বাদনার্থাৎ ঘঞ্। আস্রাব ইতি পাঠে আস্রাবঃ ক্ষতং যানেষূপদ্রবঃ পরাজয়লক্ষণমিতি

ভরতশ্রেষ্ঠ অরিন্দম দুর্য্যোধন! যুদ্ধ হইতে নিবৃত্ত হও। কারণ, বিচক্ষণ লোকেরা সকল অবস্থাতেই যুদ্ধের প্রশংসা করেন না ॥৬৪॥

অমাত্যবর্গের সহিত তোমার জীবিকানির্বাহের পক্ষে রাজ্যের অর্দ্ধই সমর্থ হইবে। অতএব অরিন্দম! পাণ্ডবগণকে যথোচিত রাজ্যার্দ্ধ প্রত্যর্পণ কর ॥৬৫॥

তুমি, মহাত্মা পাণ্ডবগণের সঙ্গে সন্ধি করিয়া শান্তি লাভ কর, ইহাই কৌরবেরা সকলে ধর্ম্মসঙ্গত বলিয়া মনে করেন ॥৬৬॥

পুত্র! তুমি এই আপন সৈন্যের প্রতি দৃষ্টিপাত কর, ইহা তোমার ধ্বংসই উপস্থিত হইয়াছে; কিন্তু মোহবশতঃ তুমি তাহা বুঝিতেছ না ॥৬৭॥

আমি যুদ্ধ ইচ্ছা করি না, কিংবা বাহ্লিক, ভীষ্ম, দ্রোণ, অশ্বত্থামা ও সঞ্জয় ইঁহারাও যুদ্ধ ইচ্ছা করেন না ॥৬৮॥

যেষু সংপ্রতিতিষ্ঠেয়ুঃ কুরবঃ পীড়িতাঃ পরৈঃ।
তে যুদ্ধং নাভিনন্দন্তি তত্তুভ্যং তাত ! রোচতাম্ ॥৭০॥
ন ত্বং করোষি কামেন কর্ণঃ কারয়িতা তব।
দুঃশাসনশ্চ পাপাত্মা শকুনিশ্চাপি সৌবলঃ ॥৭১॥
দুর্য্যোধন উবাচ।
নাহং ভবতি ন দ্রোণে নাশ্বত্থাম্নি ন সঞ্জয়ে।
ন ভীষ্মে ন চ কাম্বোজে ন কৃপে ন চ বাহ্লিকে ॥৭২॥
সত্যব্রতে পুরুমিত্রে ভূরিশ্রবসি বা পুনঃ।
অন্যেষু বা তাবকেষু ভারং কৃত্বা সমাহ্বয়ম্ ॥৭৩॥ (যুগ্মকম্)
অহঞ্চ তাত ! কর্ণশ্চ রণযজ্ঞং বিতত্য বৈ।
যুধিষ্ঠিরং পশুং কৃত্বা দীক্ষিতৌ ভরতর্ষভ ! ॥৭৪॥
রথো বেদী স্রুবঃ খড়্গো গদা স্রুক্ কবচোঽজিনম্।
চাতুর্হোত্রঞ্চ ধুর্য্যা মে শরা দর্ভা হবির্যশঃ ॥৭৫॥

ভারতকৌমুদী

নেতি। সোমদত্তাদয়ো দুর্য্যোধনপক্ষগতা বীরাঃ ॥৬৯॥
যেম্বিতি। যেষু ভীষ্মাদিষু। নাভিনন্দন্তি আনন্দেন নানুমোদন্তে ॥৭০॥
নেতি। করোষি কার্য্যমাত্রমিতি শেষঃ, কামেন স্বেচ্ছয়া ॥৭১॥
নেতি। ভবতি ত্বয়ি। ভারং নির্ভরম্। সমাহ্বয়ং যোধানিতি শেষঃ ॥৭২—৭৩॥
অহমিতি। বিতত্য বিস্তারেণ প্রবর্ত্ত্য। দীক্ষিতৌ ভবিষ্যাবঃ ॥৭৪॥

তা'র পর সোমদত্ত, শল, কৃপ, সত্যব্রত, পুরুমিত্র, জয় ও ভূরিশ্রবা ইঁহারাও যুদ্ধ ইচ্ছা করেন না ॥৬৯॥

অতএব পরপীড়িত কৌরবেরা যাঁহাদের উপরে নির্ভর করিয়া প্রতিষ্ঠিত থাকিবেন, তাঁহারাই যুদ্ধের অনুমোদন করেন না। সুতরাং বৎস ! তোমারও তাহাতেই অভিরুচি হউক ॥৭০॥

তুমি ত নিজের ইচ্ছায় কার্য্য কর না ; কর্ণ, পাপাত্মা দুঃশাসন এবং সুবল-নন্দন শকুনি ইহারাই তোমাকে দিয়া করায়' ॥৭১॥

দুর্য্যোধন বলিলেন—'আপনি, দ্রোণ, অশ্বত্থামা, সঞ্জয়, ভীষ্ম, কাম্বোজ, কৃপ, বাহ্লিক, সত্যব্রত, পুরুমিত্র, ভূরিশ্রবা, কিংবা আপনার সম্পর্কিত অন্যান্য লোকদের উপরে নির্ভর করিয়া আমি যোদ্ধৃবর্গকে আহ্বান করি নাই ॥৭২—৭৩॥

ভরতশ্রেষ্ঠ পিতা ! আমি এবং কর্ণ আমরা যুধিষ্ঠিরকে পশু কল্পনা করিয়া বিস্তৃত যুদ্ধযজ্ঞে দীক্ষিত হইব ॥৭৪॥

আত্মযজ্ঞেন নৃপতে! ইষ্ট্বা বৈবস্বতং রণে।
বিজিত্য চ সমেষ্যাবো হতামিত্রৌ শ্রিয়া বৃতৌ ॥৭৬॥
অহঞ্চ তাত! কর্ণশ্চ ভ্রাতা দুঃশাসনশ্চ মে।
এতে বয়ং হনিষ্যামো পাণ্ডবান্ সমরে ত্রয়ঃ ॥৭৭॥
অহং হি পাণ্ডবান্ হত্বা প্রশাস্তা পৃথিবীমিমাম্।
মাং বা হত্বা পাণ্ডুপুত্রা ভোক্তারঃ পৃথিবীমিমাম্ ॥৭৮॥
ত্যক্তং মে জীবিতং রাজ্যং ধনং সর্বঞ্চ পার্থিব!।
ন জাতু পাণ্ডবৈঃ সার্দ্ধং বসেয়মহমচ্যুত! ॥৭৯॥
যাবদ্ধি সূচ্যাস্তীক্ষ্ণায়া বিধ্যেদগ্রেণ মারিষ!।
তাবদপ্যপরিত্যাজ্যং ভূমের্নঃ পাণ্ডবান্ প্রতি ॥৮০॥

ভারতকৌমুদী

রথ ইতি। বেদী পরিষ্কৃতা ভূমিঃ, স্রুব একহস্তপরিমিতো যজ্ঞপাত্রবিশেষঃ, স্রুক্ বাহু-পরিমিতং যজ্ঞপাত্রম্। "স্রুবঃ পুমানেকহস্তো বাহুমাত্রা স্রুগীরিতা" ইতি শব্দরত্নাবলী। অজিনম্ উপবেশনার্থং চর্ম্ম। ধুর্য্যাশ্চত্বারোঽশ্বাঃ, চতুর্ণাং হোতৄণাম্ ঋত্বিজাং হোতৃতদ্ধ্বর্য্যু-ব্রহ্মসদস্যানাং সমাহার ইতি চাতুর্হোত্রম্ ॥৭৫॥

আত্মেতি। ইষ্ট্বা পূজয়িত্বা, বৈবস্বতং যমম্। শ্রিয়া জয়লক্ষ্ম্যা ॥৭৬॥

দুঃশাসনং পক্ষীকুর্ব্বন্নাহ অহমিতি। এতে ত্রয়ো বয়মিতি সম্বন্ধঃ ॥৭৭॥

অহমিতি। প্রশাস্তা প্রশাসিষ্যামি। ভোক্তারো ভোক্ষ্যন্তি ॥৭৮॥

ত্যক্তমিতি। জাতু কদাচিৎ। হে অচ্যুত! ধর্ম্মাদভ্রষ্ট! ॥৭৯॥

রথ তাহার বেদী, তরবারি তাহার স্রুব, গদা তাহার স্রুক্, কবচ তাহার চর্ম্ম, অশ্বচতুষ্টয় তাহার ঋত্বিক্, বাণ তাহার কুশ এবং যশ তাহার হবি হইবে ॥৭৫॥

রাজা! আমরা এইরূপ স্বকীয় যজ্ঞদ্বারা যুদ্ধে যমের পূজা করিয়া বিজয়ী হইয়া শত্রুগণকে সংহার করিয়া বিজয়লক্ষ্মীতে ভূষিত হইয়া ফিরিয়া আসিব ॥৭৬॥

পিতা! আমি, কর্ণ এবং আমার ভ্রাতা দুঃশাসন, আমরা এই তিন জনই যুদ্ধে পাণ্ডবগণকে বধ করিব ॥৭৭॥

আমি পাণ্ডবগণকে সংহার করিয়া এই পৃথিবী শাসন করিব; কিংবা পাণ্ডবেরা আমাকে বধ করিয়া এই পৃথিবী ভোগ করিবে ॥৭৮॥

ধার্ম্মিক রাজা! আমি আমার জীবন, সমগ্র রাজ্য ও সমস্ত ধন ত্যাগ করিব; কিন্তু পাণ্ডবগণের সহিত কখনও একত্র বাস করিব না ॥৭৯॥

ধৃতরাষ্ট্র উবাচ।

সর্ব্বান্ বস্তাত ! শোচামি ত্যক্তো দুর্য্যোধনো ময়া।
যে মন্দমনুযাস্যধ্বং যান্তং বৈবস্বতক্ষয়ম্ ॥৮১॥
রুরূণামিব যূথেষু ব্যাঘ্রাঃ প্রহরতাং বরাঃ।
বরান্ বরান্ হনিষ্যন্তি সমেতা যুধি পাণ্ডবাঃ ॥৮২॥
প্রতীপমিব মে ভাতি যুযুধানেন ভারতী।
ব্যস্তা সীমন্তিনী গ্রস্তা প্রমৃষ্টা দীর্ঘবাহুনা ॥৮৩॥
সম্পূর্ণং পূরয়ন্ ভূয়ো ধনং পার্থস্য মাধবঃ।
শৈনেয়ঃ সমরে স্থাতা বীজবৎ প্রবপন্ শরান্ ॥৮৪॥

ভারতকৌমুদী

যাবদিতি। হে মারিষ! আর্য্য! "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ। তাবৎ স্থানম্ ॥৮০॥

অন্যান্ নিবারয়িতুং ভীতিং প্রদর্শয়তি দশভিঃ শ্লোকৈঃ। সর্ব্বানিতি। হে তাত! বৎস! যোদ্ধৃগণ! বৈবস্বতক্ষয়ং যমালয়ম্ ॥৮১॥

রুরূণামিতি। রুরূণাং মৃগাণাম্। সমেতা মিলিতাঃ ॥৮২॥

প্রতীপমিতি। দীর্ঘবাহুনা যুযুধানেন সাত্যকিনা, সীমন্তিনী সীমন্তবৎ শ্রেণীবদ্ধা নারীব চ, ভারতী ভারতবংশসম্বন্ধিনী অস্মদীয়া সেনা, আদৌ গ্রস্তা গৃহীতা, পরং প্রমৃষ্টা মর্দ্দিতা ধর্ষিতা চ, পরঞ্চ প্রতীপং প্রতিকূলং ব্যস্তা বিক্ষিপ্তা, ইতি মে ভাতীব ॥৮৩॥

সম্পূর্ণমিতি। মাধবো মধুবংশীয়ঃ, শৈনেয়ঃ সাত্যকিঃ। কৃষকবদিতি ভাবঃ ॥৮৪॥

ভারতভাবদীপঃ

॥৬৭—৭৪॥ চাতুর্হোত্রং চতুর্ণাং হোতৄণাম্ ঋত্বিজাং কর্ম্ম ॥৭৭—৮১॥ রুরূণামিবেত্যত্র কুরূণাং লাটভাষয়া অজানামিতি পাঠো যুক্তঃ। পক্ষে কুরূণাং মধ্যে বরান্ ব্যাঘ্রা ইবেতি

অতএব আর্য্য! তীক্ষ্ণ সূচীর অগ্রদ্বারা যতটুকু স্থান বিদ্ধ করা যায়, ভূমির ততটুকু স্থানও আমি পাণ্ডবগণকে সমর্পণ করিব না' ॥৮০॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'বৎস! যোদ্ধৃগণ! আমি ত দুর্য্যোধনকে ত্যাগ করিলাম, সেও ত যমালয়েই চলিল; কিন্তু তোমরা যাহারা এই মূর্খের অনুগমন করিবে, আমি এখন তাহাদের সকলের জন্যই শোক করি ॥৮১॥

ব্যাঘ্রগণ যেমন হরিণগণের মধ্যে পতিত হইয়া প্রধান প্রধান হরিণ বধ করে, যোদ্ধৃশ্রেষ্ঠ সমবেত পাণ্ডবেরাও তেমন যুদ্ধে প্রধান প্রধান যোদ্ধাকে বধ করিবে ॥৮২॥

দীর্ঘবাহু সাত্যকি শ্রেণীবদ্ধ কৌরবসেনাকে প্রথমে গ্রহণ ও মর্দ্দন করিয়া পরে প্রতিকূলে বিক্ষিপ্ত করিয়াছে বলিয়াই যেন আমার ধারণা হইতেছে ॥৮৩॥

মধুবংশীয় সাত্যকি যুধিষ্ঠিরের প্রচুর ধন আরও বর্দ্ধিত করতঃ, কৃষক যেমন

সেনামুখে প্রযুদ্ধানাং ভীমসেনো ভবিষ্যতি।
তং সর্ব্বে সংশ্রয়িষ্যন্তি প্রাকারমকুতোভয়ম্ ॥৮৫॥
যদা দ্রক্ষ্যসি ভীমেন কুঞ্জরান্ বিনিপাতিতান্।
বিশীর্ণদন্তান্ গির্য্যাভান্ ভিন্নকুম্ভান্ সশোণিতান্ ॥৮৬॥
তানভিপ্রেক্ষ্য সংগ্রামে বিশীর্ণানিব পর্বতান্।
ভীতো ভীমস্য সংস্পর্শাৎ স্মর্ত্তাসি বচনং মম ॥৮৭॥ (যুগ্মকম্)
নির্দগ্ধং ভীমসেনেন সৈন্যং হতরথদ্বিপম্।
গতিমগ্নেরিব প্রেক্ষ্য স্মর্ত্তাসি বচনং মম ॥৮৮॥
মহদ্বো ভয়মাগামি ন চেচ্ছাম্যথ পাণ্ডবৈঃ।
গদয়া ভীমসেনেন হতাঃ শমমুপৈষ্যথ ॥৮৯॥

ভারতকৌমুদী

সেনেতি। প্রযুদ্ধানাং প্রযুধ্যমানানাম্। ভবিষ্যতি স্থাস্যতি। প্রাকারমিব ॥৮৫॥

যদেতি। গির্য্যাভান্ পর্ব্বতপ্রমাণান্। বচনং মমেদং নিষেধবাক্যম্ ॥৮৬—৮৭॥

নিরিতি। হতা রথদ্বিপা যস্য তৎ। গতিং ভীমসেনস্য ॥৮৮॥

মহদিতি। বো যুষ্মাকম্। পাণ্ডবৈঃ সহ যুদ্ধমিতি শেষঃ ॥৮৯॥

ভারতভাবদীপঃ

যোজনা ॥৮২॥ ভারতী সেনা স্ত্রীরূপকেণ নির্দ্দিষ্টা ॥৮৩॥ ধনং বলম্ ॥৮৪॥ প্রাকারমিব ভীমং সংশ্রয়িষ্যন্তি ॥৮৫—৮৯॥

ইতি উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৭॥

বীজ নিক্ষেপ করে, সেইরূপ শর নিক্ষেপ করিতে থাকিয়া যুদ্ধে অবস্থান করিবে ॥৮৪॥

ভীমসেন যোদ্ধাদের সম্মুখে থাকিবে, আর সকল যোদ্ধাই অকুতোভয়ে প্রাচীরের ন্যায় তাহাকে আশ্রয় করিবে ॥৮৫॥

যোদ্ধৃগণ! তোমরা যখন দেখিবে—ভীমসেন পর্ব্বতপ্রমাণ হস্তিগণের দন্ত ভগ্ন ও কুম্ভ বিদীর্ণ করিয়া রক্তাক্ত অবস্থায় ভগ্ন পর্ব্বতসমূহের ন্যায় সেগুলিকে ভূতলে পাতিত করিয়াছে এবং সেগুলিকে দেখিয়া তোমরা ভীমের সংস্পর্শ হইতে ভীত হইবে, তখন আমার নিষেধবাক্য স্মরণ করিবে ॥৮৬—৮৭॥

ভীম যখন রথ ও হস্তী সংহার করিয়া সৈন্য দগ্ধ করিতে থাকিবে, তখন অগ্নির ন্যায় তাহার গতি দেখিয়া আমার বাক্য স্মরণ করিবে ॥৮৮॥

(৮৭)...স্মর্ত্তাসি বচনস্য মে—বা ব রা নি। (৮৮)...সৈন্যং রথহয়দ্বিপম্...স্মর্ত্তাসি বচনস্য মে—বা ব রা নি।

মহাবনমিব চ্ছিন্নং যদা দ্রক্ষ্যসি পাতিতম্ ।
বলং কুরূণাং ভীমেন তদা স্মর্ত্তাসি মে বচঃ ॥৯০॥
বৈশম্পায়ন উবাচ ।
এতাবদুক্ত্বা রাজা তু সর্বাংস্তান্ পৃথিবীপতীন্ ।
অনুভাষ্য মহারাজ ! পুনঃ পপ্রচ্ছ সঞ্জয়ম্ ॥৯১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি যানসন্ধৌ ধৃতরাষ্ট্রবাক্যে সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

——ঃঃ——

অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ।

——ঃ*ঃ——

ধৃতরাষ্ট্র উবাচ ।
যদব্রূতাং মহাত্মানৌ বাসুদেবধনঞ্জয়ৌ ।
তন্মে ব্রূহি মহাপ্রাজ্ঞ ! শুশ্রূষে বচনং তব ॥১॥

ভারতকৌমুদী

মহেতি । বচো যুদ্ধনিষেধবাক্যম্ ॥৯০॥

এতাবদিতি । রাজা ধৃতরাষ্ট্রঃ । অনুভাষ্য সম্বোধ্য ॥৯১॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্বণি যানসন্ধৌ সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

——(ঃ০ঃ)——

যদিতি । শুশ্রূষে শ্রোতুমিচ্ছামি ॥১॥

যোদ্ধৃগণ ! তোমাদের গুরুতর ভয় আসিতেছে ; আমি কিন্তু পাণ্ডবদের সহিত তোমাদের যুদ্ধই ইচ্ছা করি না ; তোমরাও গদাদ্বারা ভীমকর্ত্তৃক নিহত হইয়া শান্তি লাভ করিবে ॥৮৯॥

তোমরা যখন দেখিবে—ভীমসেন ছিন্ন মহাবনের ন্যায় কৌরবসৈন্য পাতিত করিয়াছে, তখন আমার বাক্য স্মরণ করিবে' ॥৯০॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ জনমেজয় ! ধৃতরাষ্ট্র এই পর্য্যন্ত বলিয়া সেই সকল রাজাকে সম্বোধন করিয়া পুনরায় সঞ্জয়ের নিকট জিজ্ঞাসা করিলেন ॥৯১॥

(৯১) শ্লোকাৎ পরম্ '...অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বা ব রা নি । * '...অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বা ব রা নি । (১) অত্র বিভিন্নরূপমধ্যায়ান্তরম্—নি ।

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্! যথা দৃষ্টৌ ময়া কৃষ্ণধনঞ্জয়ৌ।
ঊচতুশ্চাপি যদ্বীরৌ তত্তে বক্ষ্যামি ভারত! ॥২॥
পাদাঙ্গুলীরভিপ্রেক্ষন্ প্রয়তোঽহং কৃতাঞ্জলিঃ।
শুদ্ধান্তং প্রাবিশং রাজন্নাখ্যাতুং নরদেবয়োঃ ॥৩॥
নৈবাভিমন্যুর্ন যমৌ তং দেশমভিযান্তি বৈ।
যত্র কৃষ্ণৌ চ কৃষ্ণা চ সত্যভামা চ ভাবিনী ॥৪॥
উভৌ মধ্বাসবক্ষীবাবুভৌ চন্দনরূষিতৌ।
স্রগ্বিনৌ বরবস্ত্রৌ তৌ দিব্যাভরণভূষিতৌ ॥৫॥
নৈকরত্নবিচিত্রঞ্চ কাঞ্চনং মহদাসনম্।
বিবিধাস্তরণাস্তীর্ণং যত্রাসাতামরিন্দমৌ ॥৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শৃণ্বিতি। বীরৌ কৃষ্ণধনঞ্জয়ৌ ॥২॥

পাদেতি। আত্মন এব পাদাঙ্গুলীরভিপ্রেক্ষন্ পশ্যন্, অন্তঃপুরে ইতস্ততো দৃষ্টিপাতস্যা-ন্যায্যত্বাদিত্যাশয়ঃ। প্রয়তঃ সংযতচিত্তঃ। শুদ্ধান্তমন্তঃপুরম্ ॥৩॥

নেতি। যমৌ নকুলসহদেবৌ। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, কৃষ্ণা দ্রৌপদী ॥৪॥

উভাবিতি। উভৌ কৃষ্ণার্জ্জুনৌ, মধ্বাসবক্ষীবৌ পুষ্পরসমদ্যপানমত্তৌ, চন্দনেন রূষিতৌ রঞ্জিতগাত্রৌ। স্রগ্বিনৌ মাল্যধারিণৌ। আসাতামবস্থিতৌ ॥৫—৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'মহাপ্রাজ্ঞ সঞ্জয়! মহাত্মা কৃষ্ণ ও অর্জ্জুন যাহা বলিয়াছেন, তাহা তুমি বল; আমি তোমার সেই বাক্য শুনিতে ইচ্ছা করি' ॥১॥

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন রাজা! আমি যেরূপ কৃষ্ণ ও অর্জ্জুনকে দেখিয়াছি এবং তাঁহারা যাহা বলিয়াছেন, তাহা আমি বলিব, আপনি শ্রবণ করুন ॥২॥

রাজা! আমি সংযতচিত্ত ও কৃতাঞ্জলি হইয়া নিজের চরণাঙ্গুলীর প্রতি দৃষ্টি নিক্ষেপ করিতে করিতে কৃষ্ণার্জ্জুনের নিকট বলিবার জন্য অন্তঃপুরে প্রবেশ করিয়াছিলাম ॥৩॥

যেখানে কৃষ্ণ ও অর্জ্জুন এবং পতিব্রতা সত্যভামা ও দ্রৌপদী ছিলেন, সেখানে নকুল, সহদেব, কিংবা অভিমন্যুও গমন করেন না ॥৪॥

যেখানে অরিন্দম কৃষ্ণ ও অর্জ্জুন উভয়েই মধুমদ্যপানে মত্ত, চন্দনরঞ্জিতদেহ,

(৩) পাদাঙ্গুলীরভিপ্রেক্ষ্য…পি।

অর্জ্জুনোৎসঙ্গগৌ পাদৌ কেশবস্যোপলক্ষয়ে।
অর্জ্জুনস্য চ কৃষ্ণায়াং সত্যায়াঞ্চ মহাত্মনঃ ॥৭॥
কাঞ্চনং পাদপীঠন্তু পার্থো মে প্রাদিশৎ পদা।
তদহং পাণিনা স্পৃষ্ট্বা ততো ভূমাবুপাবিশম্ ॥৮॥
ঊর্দ্ধরেখাতলৌ পাদৌ পার্থস্য শুভলক্ষণৌ।
পাদপীঠাদপহৃতৌ তত্রাপশ্যমহং শুভৌ ॥৯॥
শ্যামৌ বৃহন্তৌ তরুণৌ শালস্কন্ধাবিবোদ্গতৌ।
একাসনগতৌ দৃষ্ট্বা ভয়ং মাং মহদাবিশৎ ॥১০॥
ইন্দ্রবিষ্ণুসমাবেতৌ মন্দাত্মা নাববুধ্যতে।
সংশ্রয়াদ্দ্রোণভীষ্মাভ্যাং কর্ণস্য চ বিকত্থনাৎ ॥১১॥

ভারতকৌমুদী

অর্জ্জুনেতি। অর্জ্জুনস্য উৎসঙ্গগৌ ক্রোড়স্থিতৌ। অর্জ্জুনস্য চ পাদৌ। কৃষ্ণঃ পর্য্যঙ্কে-হর্দ্ধশয়িতঃ, অর্জ্জুনস্তু তস্য পাদাবঙ্কে নিধায় স্বপাদয়োরেকং ভূতলোপবিষ্টায়া দ্রৌপদ্যা অঙ্কে অপরঞ্চ তত্রোপবিষ্টায়া এব সত্যভামায়া অঙ্কে বিন্যস্য তস্মিন্নেব পর্য্যঙ্কে আসীন আসীদেবং সতি সর্ব্বং সঙ্গচ্ছতে ॥৭॥

কাঞ্চনমিতি। প্রাদিশৎ উপবেশনায় নিরদিশৎ। সঞ্জয়স্য প্রাচীনভৃত্যত্বাচ্চরণেন নির্দ্দেশেঽপি ন দোষ ইতি ভাবঃ। পাণিনা স্পর্শনং তদ্দানসম্মানপ্রদর্শনার্থম্ ॥৮॥

ঊর্দ্ধেতি। ঊর্দ্ধরেখে তলয়োর্যয়োস্তৌ শুভৌ সুন্দরৌ ॥৯॥

শ্যামাবিতি। শালস্কন্ধৌ শালবৃক্ষপ্রকাণ্ডদেশপর্য্যন্তৌ, উদ্গতাবুন্নতৌ ॥১০॥

মাল্যধারী, উত্তমবস্ত্রপরিধায়ী ও দিব্যাভরণে ভূষিত হইয়া নানারত্নবিচিত্র ও বিবিধাস্তরণে আবৃত স্বর্ণময় বিশাল পর্য্যঙ্কে অবস্থান করিতেছিলেন ॥৫—৬॥

আমি দেখিলাম—কৃষ্ণের চরণযুগল অর্জ্জুনের ক্রোড়ে রহিয়াছে, আর মহাত্মা অর্জ্জুনের একখানি চরণ দ্রৌপদীর ক্রোড়ে এবং অপরখানি সত্যভামার ক্রোড়ে বিন্যস্ত আছে ॥৭॥

অর্জ্জুন চরণদ্বারা আমার বসিবার জন্য স্বর্ণময় পাদপীঠ নির্দ্দেশ করিলেন; আমি হস্তদ্বারা তাহা স্পর্শ করিয়া ভূতলেই উপবেশন করিলাম ॥৮॥

অর্জ্জুন যখন পাদপীঠ হইতে চরণযুগল তুলিয়া লইলেন, তখন আমি দেখিলাম—সেই সুন্দর চরণযুগলতলে শুভসূচক দুইটী ঊর্দ্ধরেখা রহিয়াছে ॥৯॥

শ্যামবর্ণ, বৃহদাকৃতি ও শালবৃক্ষের স্কন্ধের ন্যায় উন্নত দুই জন যুবাকে একাসনে উপবিষ্ট দেখিয়া আমার গুরুতর ভয় উপস্থিত হইল ॥১০॥

(৮)…পার্থো মে প্রাদিশত্তদা…রা।

নিদেশস্থাবিমৌ যস্য মানসস্তস্য সেৎস্যতে।
সঙ্কল্পো ধর্ম্মরাজস্য নিশ্চয়ো মে তদাভবৎ ॥১২॥
সৎকৃতশ্চান্নপানাভ্যামাসীনো লব্ধসৎক্রিয়ঃ।
অঞ্জলিং মূর্দ্ধ্নি সন্ধায় তৌ সন্দেশমচোদয়ম্ ॥১৩॥
ধনুর্গুণকিণাঙ্কেন পাণিনা শুভলক্ষণম্।
পাদমানময়ন্ পার্থঃ কেশবং সমচোদয়ৎ ॥১৪॥
ইন্দ্রকেতুরিবোত্থায় সর্ব্বাভরণভূষিতঃ।
ইন্দ্রবীর্য্যোপমঃ কৃষ্ণঃ সন্দিষ্টো মাভ্যভাষত ॥১৫॥
বাচং স বদতাং শ্রেষ্ঠো হ্লাদিনীং বচনক্ষমাম্।
ত্রাসিনীং ধার্ত্তরাষ্ট্রাণাং মৃদুপূর্ব্বাং সুদারুণাম্ ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ইন্দ্রেতি। মন্দাত্মা অল্পবুদ্ধির্দুর্য্যোধনঃ। বিকত্থনাদাত্মশ্লাঘাকরণাৎ ॥১১॥

নিদেশেতি। নিদেশস্থৌ আজ্ঞাবহৌ। মানসঃ সঙ্কল্পঃ, সেৎস্যতে সিদ্ধিং প্রাপ্স্যতি ॥১২॥

সন্দিতি। সন্ধায় বিধায়। সন্দেশং বাচিকম্, অচোদয়ং বক্তুং প্রৈরয়ম্ ॥১৩॥

ধনুরিতি। পার্থোঽর্জুনঃ, ধনুষো গুণেন গুণঘর্ষণেন যঃ কিণো দৃঢ়ীভূতং মাংসং তেন অঙ্কশ্চিহ্নং যত্র তেন পাণিনা, কৃষ্ণস্য পাদম্, আনময়ন্ অঙ্কাদবতারয়ন্, শুভলক্ষণং কেশবম্, সমচোদয়ৎ ইঙ্গিতেন বক্তুং প্রৈরয়ৎ ॥১৪॥

ইন্দ্রেতি। ইন্দ্রকেতুঃ দীর্ঘত্বাদিন্দ্রধ্বজঃ। ইন্দ্রবীর্য্যম্ উপমা বীর্য্যতুলনাস্থানং যস্য সঃ। সন্দিষ্টঃ অর্জুনেন সঙ্কেতিতঃ, মা মাম্। বচনক্ষমামন্যত্রাপ্যুক্তিযোগ্যাম্ ॥১৫—১৬॥

(আমি ভাবিলাম—) ভীষ্ম ও দ্রোণ আশ্রয় করিয়া রহিয়াছেন এবং কর্ণ আত্মশ্লাঘা করিয়া থাকেন; এই জন্যই অল্পবুদ্ধি দুর্য্যোধন ইন্দ্র ও বিষ্ণুর তুল্য এই কৃষ্ণ ও অর্জ্জুনকে চিনিতে পারেন না ॥১১॥

ইঁহারা দুই জন যাঁহার আজ্ঞাবহ, সেই ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের মনের সঙ্কল্প অবশ্যই সিদ্ধ হইবে; এইরূপ নিশ্চয় আমার তখন হইয়া গেল ॥১২॥

ক্রমে আমি খাদ্য ও পেয়দ্বারা আদর পাইয়া, উপবিষ্ট হইয়া, মস্তকে অঞ্জলি বন্ধন করিয়া, বক্তব্য বিষয় বলিবার জন্য তাঁহাদের নিকট প্রার্থনা করিলাম ॥১৩॥

ধনুর গুণবর্ষণে যে হস্তে কিণ (কড়, মাড়ুয়া) জন্মিয়াছিল, অর্জ্জুন সেই হস্তদ্বারা আপন ক্রোড় হইতে কৃষ্ণের চরণযুগল নামাইয়া রাখিয়া শুভলক্ষণশালী কৃষ্ণকে বলিবার জন্য ইঙ্গিত করিলেন ॥১৪॥

ইন্দ্রের ন্যায় বলবান্, বাগ্মিশ্রেষ্ঠ ও সর্বাভরণভূষিত কৃষ্ণ ইন্দ্রধ্বজের ন্যায়

(১৬)···ত্রাসনীম্···পি।

বাচং তাং বচনার্হস্য শিক্ষাক্ষরসমন্বিতাম্ ।
অশ্রৌষমহমিষ্টার্থাং পশ্চাদ্ধৃদয়শোষণীম্ ॥১৭॥
বাসুদেব উবাচ ।
সঞ্জয়েদং বচো ব্রূয়া ধৃতরাষ্ট্রং মনীষিণম্ ।
কুরুমুখ্যস্য ভীষ্মস্য দ্রোণস্যাপি চ শৃণ্বতঃ ॥১৮॥
আবয়োর্বচনাৎ সূত ! জ্যেষ্ঠানপ্যভিবাদয়ন্ ।
যবীয়সশ্চ কুশলং পশ্চাৎ পৃষ্ট্বেদমুত্তরম্ ॥১৯॥ (যুগ্মকম্)
যজধ্বং বিবিধৈর্যজ্ঞৈর্বিপ্রেভ্যো দত্ত দক্ষিণাঃ ।
পুত্রৈর্দারৈশ্চ মোদধ্বং মহদ্বো ভয়মাগতম্ ॥২০॥
অর্থাংস্ত্যজত পাত্রেভ্যঃ সুতান্ প্রাপ্নুত কামজান্ ।
প্রিয়ং প্রিয়েভ্যশ্চরত রাজা হি ত্বরতে জয়ে ॥২১॥

ভারতকৌমুদী

বাচমিতি। অহম্, শিক্ষাক্ষরৈঃ শিক্ষাযোগ্যবর্ণৈঃ সমন্বিতাম্, ইষ্টার্থাং প্রথমে অভীষ্টাভিধেয়াম্, পশ্চাচ্চ হৃদয়শোষণীম্, বচনার্হস্য বাগ্মিনস্তাং বাচমশ্রৌষম্ ॥১৭॥

সঞ্জয়েতি। ভীষ্মদ্রোণয়োঃ সমীপ ইত্যর্থঃ। অভিবাদয়ন্ অভিবাদং জ্ঞাপয়ন্। যবীয়সঃ কনিষ্ঠান্। উত্তরং পরমিদং ব্রূয়া ইতি সম্বন্ধঃ ॥১৮—১৯॥

যজধ্বমিতি। অচিরমেব যুষ্মাকং মৃত্যুর্ভবিষ্যতীতি ভাবঃ ॥২০॥

গাত্রোত্থান করিয়া অর্জ্জুনের ইঙ্গিতক্রমে আমাকে বলিতে লাগিলেন। উক্তিযোগ্য সেই কথাগুলি প্রথমে কোমল হইয়া ছিল বলিয়া আনন্দ জন্মাইয়াছিল এবং পরে অতিদারুণ হইয়াছিল বলিয়া ধার্ত্তরাষ্ট্রগণের পক্ষে ভয় উৎপাদন করিয়াছিল' ॥১৫—১৬॥

আমি, বাক্পটু কৃষ্ণের সেই শিক্ষণীয় কথাগুলি শুনিলাম; তাহার প্রথম অংশ অভীষ্ট এবং শেষ অংশ হৃদয়শোষক হইয়াছিল' ॥১৭॥

কৃষ্ণ বলিলেন—'সূত। সঞ্জয়। তুমি যাইয়া আমাদের কথানুসারে জ্যেষ্ঠদিগকে অভিবাদন জানাইয়া এবং কনিষ্ঠদিগকে মঙ্গল জিজ্ঞাসা করিয়া পরে কৌরবশ্রেষ্ঠ ভীষ্ম ও দ্রোণের সমক্ষে বুদ্ধিমান্ ধৃতরাষ্ট্রের নিকটে এই কথাগুলি বলিও ॥১৮—১৯॥

তোমরা নানাবিধ যজ্ঞ কর, ব্রাহ্মণদিগকে দক্ষিণা দাও এবং পুত্র-কলত্রদের সহিত আমোদ করিয়া লও। কারণ, তোমাদের গুরুতর ভয় উপস্থিত হইয়াছে ॥২০॥

(১৭)···হৃদয়হারিণীম্—বা ব রা। (১৯)···পৃষ্টে বমুত্তরম্—বা ব রা।

ঋণমেতৎ প্রবৃদ্ধং মে হৃদয়ান্নাপসর্পতি।
যদ্গোবিন্দেতি চুক্রোশ কৃষ্ণা মাং দূরবাসিনম্ ॥২২॥
তেজোময়ং দুরাধর্ষং গাণ্ডীবং যস্য কার্ম্মুকম্।
মদ্দ্বিতীয়েন তেনেহ বৈরং বঃ সব্যসাচিনা ॥২৩॥
মদ্দ্বিতীয়ংপুনঃ পার্থং কঃ প্রার্থয়িতুমিচ্ছতি।
যো ন কালপরীতো বাঽপ্যপি সাক্ষাৎ পুরন্দরঃ ॥২৪॥
বাহুভ্যামুদ্বহেদ্ভূমিং দহেৎ ক্রুদ্ধ ইমাঃ প্রজাঃ।
পাতয়েত্রিদিবাদ্দেবান্ যোঽর্জ্জুনং সমরে জয়েৎ ॥২৫॥

ভারতকৌমুদী

অর্থানিতি। অর্থান্ ধনানি, ত্যজত দত্ত। প্রাপ্নুত জনয়ত। রাজা যুধিষ্ঠিরঃ ॥২১॥
ঋণমিতি। চুক্রোশ বস্ত্রহরণকালে আহূতবতী, কৃষ্ণা দ্রৌপদী ॥২২॥
তেজ ইতি। অহং দ্বিতীয়ো যস্য তেন। সব্যসাচিনা অর্জুনেন সহ ॥২৩॥
মদিতি। প্রার্থয়িতুমিচ্ছতি যুদ্ধ ইতি শেষঃ। কালেন পরীতো গৃহীতঃ ॥২৪॥
বাহুভ্যামিতি। অনীদৃশঃ অর্জুনং জেতুং ন শক্নুয়াদিত্যাশয়ঃ ॥২৫॥

ভারতভাবদীপঃ

যদক্রতামিতি ॥১—৫॥ আসাতামুপবিষ্টৌ ॥৬—১০॥ দ্রোণভীষ্মাভ্যাং দ্রোণভীষ্ময়োঃ ॥১১॥ মানসঃ সঙ্কল্পঃ সেৎস্যতে ॥১২—২১॥ ঋণমিতি বস্ত্রাপহরণকালে গোবিন্দেতি চুক্রোশ তদ্বস্ত্রপ্রদানমাত্রেণ তস্যাক্রোশস্য ঋণং ন পরিহৃতং কিন্তু কৌরবাণামুচ্ছেদং বিনা তৎ হৃদয়ান্নাপ-

---

সৎপাত্রে ধন দান কর, কামজাত পুত্র লাভ কর এবং প্রিয়জনের উদ্দেশে প্রিয়াচরণ কর। কারণ, রাজা যুধিষ্ঠির জয়ের জন্য ত্বরান্বিত হইয়াছেন ॥২১॥

আমি দূরে ছিলাম, তথাপি দ্রৌপদী আমাকে যে 'গোবিন্দ! গোবিন্দ!' বলিয়া ডাকিয়াছিলেন, সেই গুরুতর ঋণ আমার হৃদয় হইতে যাইতেছে না ॥২২॥

তেজোময় ও দুর্দ্ধর্ষ গাণ্ডীব যাঁহার ধনু এবং আমি যাঁহার সহায়, সেই অর্জ্জুনের সহিত তোমাদের শত্রুতা উপস্থিত হইয়াছে ॥২৩॥

যে লোক কালগৃহীত নহে, তাদৃশ কোন্ লোক যুদ্ধে আমার সহিত অর্জ্জুনকে যুদ্ধে প্রার্থনা করিতে ইচ্ছা করে? সাক্ষাৎ ইন্দ্রও প্রার্থনা করিতে ইচ্ছা করেন না ॥২৪॥

যে লোক যুদ্ধে অর্জ্জুনকে জয় করিতে পারে, সে লোক বাহুযুগলদ্বারা পৃথিবী বহন করিতে পারে, ক্রুদ্ধ হইয়া সকল লোককে দগ্ধ করিতে সমর্থ হয় এবং স্বর্গ হইতে দেবগণকে নিপাতিত করিতে পারে ॥২৫॥

দেবাসুরমনুষ্যেষু যক্ষগন্ধর্বভোগিষু।
ন তং পশ্যাম্যহং যুদ্ধে পাণ্ডবং যোঽভ্যয়াদ্রণে ॥২৬॥
যত্তদ্বিরাটনগরে শ্রূয়তে মহদদ্ভুতম্।
একস্য চ বহূনাঞ্চ পর্য্যাপ্তং তন্নিদর্শনম্ ॥২৭॥
একেন পাণ্ডুপুত্রেণ বিরাটনগরে যদা।
ভগ্নাঃ পলায়ত দিশঃ পর্য্যাপ্তং তন্নিদর্শনম্ ॥২৮॥
বলং বীর্য্যঞ্চ তেজশ্চ শীঘ্রতা লঘুহস্ততা।
অবিষাদশ্চ ধৈর্য্যঞ্চ পার্থান্নান্যত্র বিদ্যতে ॥২৯॥
ইত্যব্রবীদ্ধৃষীকেশঃ পার্থমুদ্ধর্ষয়ন্ গিরা।
গর্জন্ সময়বর্ষীব গগনে পাকশাসনঃ ॥৩০॥

ভারতকৌমুদী

দেবেতি। ভোগিনো নাগাঃ। অভ্যয়াৎ অভিগচ্ছেৎ ॥২৬॥

যদিতি। একস্য চ বহূনাঞ্চ যুদ্ধমিতি শেষঃ, পর্য্যাপ্তং যথেষ্টম্ ॥২৭॥

একেনেতি। যদা যৎ। ভগ্নাঃ পরাজিতাঃ কৌরবা ইতি শেষঃ ॥২৮॥

বলমিতি। বলং দৈহিকী শক্তিঃ, বীর্য্যং মানসিকং সামর্থ্যম্, তেজ উৎসাহঃ, শীঘ্রতা ত্বরয়া কর্ত্তব্যজ্ঞানম্, লঘুহস্ততা অস্ত্রক্ষেপে শীঘ্রতা ॥২৯॥

ইতীতি। উদ্ধর্ষয়ন্ অতীবানন্দয়ন্। পাকশাসনস্তৎপ্রেরিতো মেঘঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

সর্পতীত্যর্থঃ ॥২২—২৮॥ বলং শারীরম্, বীর্য্যং মানসোৎসাহঃ। তেজঃ শৌর্য্যম্। শীঘ্রতা শীঘ্রং কার্য্যাববোধঃ। লঘুহস্ততা বেগেন বাণপ্রক্ষেপ্তৃতা ॥২৯—৩১॥

ইতি উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৮॥

যে লোক যুদ্ধে অর্জ্জুনের অভিমুখে যাইতে পারে, তাদৃশ লোক—দেবতা, অসুর, মনুষ্য, যক্ষ, গন্ধর্ব ও নাগদিগের মধ্যে আমি দেখিতে পাই না ॥২৬॥

বিরাটরাজ্যে একের ও বহুতরের সেই যে গুরুতর আশ্চর্য্য যুদ্ধের কথা শুনা যায়, তাহাই এ বিষয়ে যথেষ্ট নিদর্শন ॥২৭॥

বিরাটরাজ্যে এক অর্জ্জুনকর্ত্তৃক পরাজিত হইয়া কৌরবেরা যে নানাদিকে পলায়ন করিয়াছিল, তাহাই আমার কথার যথেষ্ট উদাহরণ ॥২৮॥

দেহের বল, মনে বল, উৎসাহ, সত্বর কর্ত্তব্যজ্ঞান, অস্ত্রক্ষেপে লঘুহস্ততা, বিষণ্ণ না হওয়া ও ধৈর্য্য, এই সকল গুণ এক অর্জ্জুনভিন্ন অন্য কোন ব্যক্তিতে নাই' ॥২৯॥

আকাশে গর্জনকারী ও যথাকালবর্ষী মেঘের ন্যায় কৃষ্ণ আপন বাক্যদ্বারা অর্জ্জুনকে আনন্দিত করিতে থাকিয়া এইরূপ বলিলেন ॥৩০॥

কেশবস্য বচঃ শ্রুত্বা কিরীটী শ্বেতবাহনঃ।
অর্জ্জুনস্তন্মহদ্বাক্যমব্রবীদ্রোমহর্ষণম্ ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি যানসন্ধৌ সঞ্জয়েন শ্রীকৃষ্ণবাক্যকথনে অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

——::——

উনষষ্টিতমোঽধ্যায়ঃ

——:*:——

বৈশম্পায়ন উবাচ।
সঞ্জয়স্য বচঃ শ্রুত্বা প্রজ্ঞাচক্ষুর্নরাধিপঃ।
ততঃ সংখ্যাতুমারেভে তদ্বচো গুণদোষতঃ ॥১॥
প্রসংখ্যায় চ সৌক্ষ্ম্যেণ গুণদোষান্ বিচক্ষণঃ।
যথাবন্মতিতত্ত্বেন জয়কামঃ সুতান্ প্রতি ॥২॥
বলাবলং বিনিশ্চিত্য যাথাতথ্যেন বুদ্ধিমান্।
শক্তিং সংখ্যাতুমারেভে তদা বৈ মনুজাধিপঃ ॥৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কেশবস্যেতি। অব্রবীৎ অন্ববদৎ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্বণি যানসন্ধৌ অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

——(:০:)——

সঞ্জয়স্যেতি। সংখ্যাতুং বিবেক্তুম্। গুণদোষতো গুণদোষাভ্যাম্ ॥১॥

প্রেতি। প্রসংখ্যায় বিবিচ্য, সৌক্ষ্ম্যেণ সূক্ষ্মভাবেন। মতিতত্ত্বেন বুদ্ধিনৈপুণ্যেন। শক্তিং প্রভাবোৎসাহমন্ত্রসামর্থ্যম্, সংখ্যাতুং বিবেক্তুম্ ॥২—৩॥

কিরীটী ও শ্বেতবাহন অর্জ্জুন কৃষ্ণের বাক্য শুনিয়া সেই রোমহর্ষণ মহাবাক্যেরই অনুবাদ করিলেন' ॥৩১॥

——:০:——

বৈশম্পায়ন বলিলেন—অন্ধরাজ ধৃতরাষ্ট্র সঞ্জয়ের কথা শুনিয়া গুণ ও দোষের দিক্ দিয়া সেই কথার বিবেচনা করিতে আরম্ভ করিলেন ॥১॥

বুদ্ধিমান্ ও বিচক্ষণ রাজা ধৃতরাষ্ট্র পুত্রগণের জয়াভিলাষী হইয়া, বুদ্ধির প্রভাবে সূক্ষ্মরূপে ও যথাযথভাবে গুণ ও দোষের বিবেচনা করিয়া এবং যথার্থ

* '…সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বা ব রা নি। (১)…প্রজ্ঞাচক্ষুর্জনেশ্বরঃ…বা ব রা নি।

দেবমানুষয়োঃ শক্ত্যা তেজসা চৈব পাণ্ডবান্ ।
কুরূন্ শক্ত্যাল্পতরয়া দুর্য্যোধনমথাব্রবীৎ ॥৪॥
দুর্য্যোধনেয়ং চিন্তা মে শশ্বন্ন ব্যুপশাম্যতি ।
সত্যং হ্যেতদহং মন্যে প্রত্যক্ষং নানুমানতঃ ॥৫॥
আত্মজেষু পরং স্নেহং সর্বভূতানি কুর্বতে ।
প্রিয়াণি চৈষাং কুর্ব্বন্তি যথাশক্তি হিতানি চ ॥৬॥
এবমেবোপকর্ত্তৄণাং প্রায়শো লক্ষয়ামহে ।
ইচ্ছন্তি বহুলং সন্তঃ প্রতিকর্ত্তুং মহৎ প্রিয়ম্ ॥৭॥
অগ্নিঃ সাচিব্যকর্ত্তা স্যাৎ খাণ্ডবে তৎকৃতং স্মরন্ ।
অর্জ্জুনস্যাপি ভীমেঽস্মিন্ কুরুপাণ্ডুসমাগমে ॥৮॥

ভারতকৌমুদী

দেবেতি। দেবশক্তিরর্জ্জুনস্য দেবাস্ত্রলাভাৎ, মানুষশক্তিঃ অপরেষাং দ্রোণাদিভ্যঃ অস্ত্রশিক্ষাতঃ। তেজসা বিশিষ্টান্। অল্পতরয়া কেবলমানুষাস্ত্রলাভাৎ ॥৪॥

দুর্য্যোধনেতি। শশ্বৎ সর্ব্বদা, ন ব্যুপশাম্যতি ন নিবর্ত্ততে ॥৫॥

আত্মেতি। আত্মজেষু স্বপুত্রাদিষেব, ন পুনস্তৎপর্য্যায়েষ্বিতি ভাবঃ ॥৬॥

এবমিতি। সন্তঃ সজ্জনাঃ, উপকর্ত্তৄণাম্, বহুলং মহচ্চ প্রিয়ম্, প্রতিকর্ত্তুং প্রত্যুপকারভাবেন বিধাতুমিচ্ছন্তি ; এবমেব প্রায়শো লক্ষয়ামহে ॥৭॥

ভারতভাবদীপঃ

